৫. সবচেয়ে কম বসতি কোন জেলায়? [সমাজসেবা পরিদপ্তরে উপজেলাসমাজসেবক : ০৫/ ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০২-০৩]
ক রাঙামাটি খ খাগড়াছড়ি
গ বান্দরবান ঘ ময়মনসিংহ উত্তর: গ

৬. জনসংখ্যার দিক থেকে ঢাকার পরেই যে বিভাগের স্থান- [পরিবার পরিকল্পনা মেডিকেল অফিসার : ৯৪]
ক রাজশাহী খ চট্টগ্রাম
গ খুলনা ঘ বরিশাল উত্তর: খ

৭. ২০১১ সালে আদমশুমারি অনুযায়ী বাংলাদেশে Household প্রতি জনসংখ্যা - [৩৭তম বিসিএস]
অথবা,
পঞ্চম আদমশুমারির প্রাথমিক রিপোর্ট অনুযায়ী দেশে পরিবারের গড় সদস্য সংখ্যা কত? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১২- ১৩]
ক ২.৪ জন খ ৪.৪ জন
গ ৬.৪ জন ঘ কোনোটিই নয় উত্তর: খ

৮. What is the current population growth rate in Bangladesh? [Pubali Bank Ltd. Officer: 09/ Uttara Bank Ltd Asst. Officer (Cash): 08/ Dutch Bangla Bank Ltd. Officer: 04]
Or,
বাংলাদেশে বর্তমানে জনসংখ্যা বৃদ্ধির হার হচ্ছে- [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৪- ১৫ / সোনালী ব্যাংক লি. অফিসার (ক্যাশ) : ১৪/ জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১১-১২]
ⓐ 1.47% ⓑ 1.37%
ⓒ 1.27% ⓓ 1.35%

৯. বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা অনুযায়ী জনগণের প্রত্যাশিত গড় আয়ুষ্কাল কত? (According to the Economic survey of Bangladesh what is the average expected lifespan of its citizens?) [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৫-১৬]
ক ৬০.৫ (60.5) খ ৭০.৫ (70.5)
গ ৭০.৭ (70.7) ঘ ৮০ (80) উত্তর: গ

১০. সরকারী হিসেব মতে বাংলাদেশীদের গড় আয়ু- [৩৭তম বিসিএস]
ক ৬৫.৪ বছর খ ৬৭.৫ বছর
গ ৭০. ৮ বছর ঘ ৭৩.৭ বছর উত্তর: গ

১১. ২০১১ সালে আদমশুমারি অনুযায়ী বাংলাদেশের নারী-পুরুষের অনুপাত- [৩৭তম বিসিএস]
ক ১০০ : ১০৬ খ ১০০ : ১০০.৬
গ ১০০ : ১০০.৩ ঘ ১০০ : ১০০ উত্তর: গ

১২. বাংলাদেশের জনসংখ্যায় নারী ও পুরুষের অনুপাত- [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৫-০৬/ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা : ১০/ Bangladesh Krishi Bank Senior Officer : 12]
ক ১০০ : ১০২ খ ১০০ : ১০৩
গ ১০০ : ১০৪ ঘ ১০০ : ১০৫
ব্যাখ্যা : বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা- ২০১৬ এর তথ্য মোতাবেক, বর্তমানে বাংলাদেশে নারী ও পুরুষের অনুপাত ১০০: ১০০.৫।

Scanned by CamScanner

পরিবেশ ও দুর্যোগ

নৌযান নিমজ্জন

২০১৭ (১৩ জানুয়ারি) সুন্দরবন সংলগ্ন বঙ্গোপসাগরে কয়লাবাহী কোস্টার জাহাজ 'এমভি আইজগাঁতি' ডুবে গেছে। মংলা বন্দরের প্রায় ১৩০ নটিক্যাল মাইল দূরে বঙ্গোপসাগরের সাত নাম্বার ফেয়ারওয়ে বয়া এলাকায় ডুবোচরে ধাক্কায় কোস্টারটি ডুবে যায়।

২০১৪ (৪ আগস্ট) মুন্সিগঞ্জের মাওয়া- কাওড়াকান্দি নৌপথে পিনাক- ৬ লঞ্চটি মাওয়া ঘাটে পদ্মা নদীতে ডুবে যায়।

ঘূর্ণিঝড়

২০১৬ (২১ মে) বাংলাদেশের উপকূলে আঘাত হানে ঘূর্ণিঝড় 'রোয়ানু' (Roanu)। 'রোয়ানু' মালদ্বীপের দিবেহি ভাষার একটি শব্দ; যার অর্থ 'নারকেলের ছোবড়ার আঁশের দড়ি'। ইংরেজিতে শব্দটির অর্থ `Coir Rope'।

ভূমিকম্প

২০১৬ (১৩ এপ্রিল) উৎপত্তিস্থল - মাওলাইক, মিয়ানমার; মাত্রা - ৭.২।
(৪ জানুয়ারি) উৎপত্তিস্থল - ঢাকা থেকে ৩৫১ কিলোমিটার দূরে, উত্তর-পূর্ব ভারতের মণিপুর রাজ্যের রাজধানী ইম্ফল থেকে ৩০ কিলোমিটার পশ্চিমে, ভূ-পৃষ্ঠের ৫৫ কিলোমিটার গভীরে; মাত্রা - ৬.৭।

২০১৫ (২৫ এপ্রিল) শক্তিশালী ভূমিকম্প আঘাত হানে নেপালে। এ ভূমিকম্প বাংলাদেশ, উত্তর ভারত, চীনের তিব্বত অঞ্চল এবং পাকিস্তানের বিস্তীর্ণ এলাকায় অনুভূত হয়। ভূমিকম্পটির উৎপত্তিস্থল ছিল কাঠমান্ডু থেকে ৮১ কি.মি. উত্তর-পশ্চিম এবং পর্যটন নগরী পোখারা হতে ৮০ কি.মি. পূর্বে অবস্থিত গান্ধাকি জোনের 'লামজুং' জেলায়। রিখটার স্কেলে যার মাত্রা ছিল ৭.৮। ৮১ বছরের মধ্যে সর্বোচ্চ মাত্রার ভয়াবহ এ ভূমিকম্পে ধ্বংস হয়ে যায় ইউনেস্কো ঘোষিত বিশ্ব ঐতিহ্যের মর্যাদা পাওয়া নেপালের কাঠমান্ডুর দরবার স্কয়ার এবং ধারাহারা বা ভীমসেন টাওয়ার। এ ভূমিকম্পটি পোখরা ভূমিকম্প নামে পরিচিত।

ভবন ধস

২০১৩ (২৪ এপ্রিল) সাভারের রানা প্লাজা ধসে পড়ে। এটি বাংলাদেশের সবচেয়ে বড় এবং বিশ্বের ইতিহাসে তৃতীয় বৃহত্তম শিল্প দুর্ঘটনা।

খাদ্যে ফরমালিন

- বাংলাদেশী বিজ্ঞানী শফিকুজ্জামান সিদ্দিকী মাত্র পাঁচ সেকেন্ডে খাদ্যে ফরমালিন এবং তিরিশ সেকেন্ডে মেলামাইন শনাক্ত করার পদ্ধতি আবিষ্কার করেন।

MCQ Solution

১. পিনাক- ৬ লঞ্চটি কবে ডুবেছে? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৪-১৫]

ক ২ আগস্ট, ২০১৪ খ ৪ আগস্ট, ২০১৪
গ ৬ আগস্ট, ২০১৪ ঘ ৮ আগস্ট, ২০১৪

উত্তর: খ

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

২. রানা প্লাজা এ বছর (২০১৩ সালের) কত তারিখে ধসে পড়ে? [ঢাকা বিশ্ববিদ্যালয় (বাইলিঙ্গুয়াল) : ১৩-১৪]

ক ২৩ এপ্রিল খ ২৪ এপ্রিল
গ ২৫ এপ্রিল ঘ ২৬ এপ্রিল উত্তরঃ খ

৩. ঢাকায় কোন বাজারটি প্রথম ফরমালিনমুক্ত বাজার হিসেবে ঘোষিত হয়? [গণযোগাযোগ অধিদপ্তরের সহকারী তথ্য অফিসার : ১৩]

ক নিউমার্কেট খ কাওরান বাজার
গ মালিবাগ বাজার ঘ শান্তিনগর বাজার উত্তরঃ গ

বিবিধ

হারানো মুখ

সময়কাল	নাম এবং পরিচয়
২৭.০৯.২০১৬	কবি সৈয়দ শামসুল হক
২৮.০৮.২০১৬	সাহিত্যিক শহীদ কাদরী
১১.০৫.২০১৬	সমাজকল্যাণ প্রতিমন্ত্রী প্রমোদ মানকিন
২০.০৩.২০১৬	অভিনেত্রী পারভিন সুলতানা দিতি
১২.০৩.২০১৬	ষাটের দশকের খ্যাতিমান কবি ও বীর মুক্তিযোদ্ধা রফিক আজাদ
১৩.০১.২০১৬	মুক্তিযুদ্ধকালীন ভারতীয় সেনাবাহিনীর পূর্বাঞ্চলীয় চিফ অব স্টাফ জেনারেল জে আর জ্যাকব

গণমাধ্যম

- বাংলাদেশে মোট টিভি চ্যানেলের সংখ্যা ৪১টি। এর মধ্যে সরকারি টিভি চ্যানেলের সংখ্যা ৩। বেসরকারি টিভি চ্যানেলের সংখ্যা ৩৮টি। তবে ২৩টির সম্প্রচার চালু রয়েছে।
- বাংলাদেশের রেডিও স্টেশনের সংখ্যা ১৫।
- আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব সর্বশেষ আয়োজন ১৫তম (১২-২০ জানুয়ারি, ২০১৭)।
- বাংলাদেশে ডাকঘরের সংখ্যা ৯৮৮৬ টি।

যোগাযোগ ব্যবস্থা

- বাংলাদেশের মোট স্থলবন্দর (Land port) ২৩টি। সর্বশেষ স্থলবন্দর বাল্লা (Balla) (চুনারুঘাট, হবিগঞ্জ)।
- বাংলাদেশের নতুন দুটি নদীবন্দর ঘোড়াশাল ও ফরিদপুর।
- ৬ জুন, ২০১৫ ঢাকা- শিলং - গুয়াহাটি এবং কলকাতা- ঢাকা- আগরতলা বাস সার্ভিসের উদ্বোধন করা হয়।

প্রত্নতাত্ত্বিক নিদর্শন

- ২০১৪ সালের এপ্রিল মাসে গাজীপুরের কালিয়াকৈর উপজেলার বোয়ালী ইউনিয়নের ঢোলসমুদ্র মুটেরচালা এলাকায় মুঘল আমলের স্থাপত্যের সন্ধান পাওয়া যায়।

BCS Spotlight

Scanned by CamScanner

- গাজীপুরের কালিয়াকৈর উপজেলায় বড়ইবাড়ি মঠেরচালা এলাকায় প্রত্নতাত্ত্বিক খনন ও গবেষণায় আবিষ্কৃত নিদর্শন ও তথ্য উপাত্তের ভিত্তিতে ১০ এপ্রিল, ২০১৫ পাল আমলের প্রাচীন স্থাপনার ধ্বংসাবশেষ আবিষ্কারের আনুষ্ঠানিক ঘোষণা দেয়া হয়।

অপারেশন থান্ডারবোল্ট

বাংলাদেশ সশস্ত্র বাহিনী কর্তৃক ২০১৬ সালের ১ জুলাই তারিখে গুলসানের হলি আর্টিসান বেকারিতে আইএস যোদ্ধাদের নিকট জিম্মিদের উদ্ধারে পরিচালিত অভিযানটির নাম অপারেশন থান্ডারবোল্ট।

বঙ্গবন্ধুর দ্বিতীয় বই

বঙ্গবন্ধুর লেখা প্রকাশিত দ্বিতীয় বই 'কারাগারের রোজনামচা'। বইটির প্রকাশক প্রতিষ্ঠান বাংলা একাডেমি। 'কারাগারের রোজনামচা' নামটির প্রস্তাবক শেখ রেহানা। বইটি ইংরেজিতে অনুবাদ করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. ফকরুল আলম।

বাংলাদেশের স্বাস্থ্য ও সামাজিক সেবা

স্থূল জন্মহার (প্রতি হাজারে), ২০১৪	১৮.৯
স্থূল মৃত্যু হার (প্রতি হাজারে), ২০১৪	৫.২
শিশু মৃত্যুর হার (প্রতি হাজারে), ২০১৪ (নবজাতক এবং একবছরের কম কম বয়সী) Infant Mortality Rate	৩০
মাতৃমৃত্যুর হার (প্রতিহাজারে), (২০১৩-১৪)	১.৯৩
সরকারী হাসপাতালে শয্যাপ্রতি জনসংখ্যা (২০১৩-১৪)	১৬৫২ জন
রেজিস্টার্ড ডাক্তার প্রতি জনসংখ্যা, (২০১৪)	২,৬২৮ জন
রেজিস্টার্ড ডাক্তার (২০১৪-১৫)	৭৪০৯৯ জন
রেজিস্টার্ড নার্স (২০১৪-১৫)	৩৯০৪১ জন
ইপিআই- এ সবগুলো টিকা প্রাপ্তির কভারেজ	৮১.৬% (১বছরেরনিচে) ৯২% (২বছরেরনিচে)
সুপেয় পানি গ্রহণকারী, ২০১৪ (টিউবয়েলের পানি)	৯৭.৮%
স্বাস্থ্যসম্মত পায়খানা ব্যবহারকারী, ২০১৪	৬৩.৫%

MCQ Solution

১. বাংলাদেশে বেসরকারি টিভি চ্যানেলের সংখ্যা – [৩৫তম বিসিএস/ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সাংবাদিকতা এবং গণমাধ্যম) : ১৩-১৪]

ক ৩৮ গ ২৭
খ ২৬ ঘ ২৮ উত্তর: ক

২. বাংলাদেশের রেডিও স্টেশনের সংখ্যা- [পরিসংখ্যান ব্যুরোর কম্পিউটার কর্মকর্তা : ৯৫]

ক ৭ টি খ ৯ টি
গ ১২ টি ঘ ১৫ টি উত্তর: ঘ

Collected by Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

৩. **Which is the last International Film Festival held in Dhaka?** [Bangladesh Bank Asst. Director : 08]

ⓐ 9th ⓑ 14th
ⓒ 11th ⓓ 12th ⓔ 13th **Ans. b**

৪. **Which one is the 23rd land port of Bangladesh?** [Khulna University (Social Science School) : 16-17]

ⓐ Akhaura ⓑ Balla
ⓒ Bianibazar ⓓ Sheola **Ans. b**

৫. সম্প্রতি বাংলাদেশে মুঘল আমলের স্থাপত্যের সন্ধান পাওয়া গেছে যে স্থানে- [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৪-১৫]

ⓚ পাংশা, রাজবাড়ি ⓛ শিবগঞ্জ, মুন্সিগঞ্জ
ⓜ কালিয়াকৈর, গাজীপুর ⓝ কাহালু, বগুড়া উত্তর: গ

৬. সাম্প্রতিক কালে পাল আমলের প্রাচীন স্থাপনার ধ্বংসাবশেষ আবিষ্কৃত হয় কোন এলাকায়? [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৫-১৬]

ⓚ চুয়াডাঙ্গা ⓛ গাজীপুর
ⓜ কাশিপুর ⓝ মঠেরচালা উত্তর: ঘ

৭. **Pure drinking water in Bangladesh is available to-** [IFIC Bank Ltd. Proationary Officer: 96]

ⓐ 80% of the people ⓑ 60% of the people
ⓒ 40% of the people ⓓ 20% of the people **Ans. a**

৮. বাংলাদেশে **Infant mortality rate-** [পরিবার পরিকল্পনা অধিদপ্তর মেডিক্যাল অফিসার : ৮৪]

উত্তর : ৩০।

৯. বাংলাদেশের চিকিৎসক (ডিগ্রি প্রাপ্ত) প্রতি জনসংখ্যা কত? [১৩তম বিসিএস]

উত্তর : ২,৬২৮ জন।

BCS Spotlight


Scanned by CamScanner

Books by same author

MP3 Publications














Easy Publications














মেধা-প্রজ্ঞা-সততা-সৃজনশীলতার সমন্বিত বলিষ্ঠ পদক্ষেপ

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

প্রাচীন যুগ

বাঙালি জাতির উৎপত্তি (Origin of Bengali Race)

সমগ্র বাঙালি জনগোষ্ঠীকে দুইভাগে ভাগ করা যায়। যথা- প্রাক-আর্য (অনার্য) জনগোষ্ঠী এবং আর্য জনগোষ্ঠী। আর্যপূর্ব জনগোষ্ঠী মূলত নেগ্রিটো, অস্ট্রিক, দ্রাবিড় ও ভোটচীনীয় এই চারটি শাখায় বিভক্ত ছিল। নিগ্রোদের মত দেহযুক্ত এক আদিম জাতি এদেশে বসবাস করত। এরাই ভীল, সাওতাল, মুণ্ডা প্রভৃতি উপজাতির পূর্বপুরুষ। অস্ট্রিক জাতি থেকে বাঙালি জাতির প্রধান অংশ গড়ে উঠেছে বলে মনে করা হয়। কেউ কেউ তাদের 'নিষাদ জাতি' বলে থাকেন। প্রায় পাঁচ হাজার বছর পূর্বে ইন্দোচীন থেকে আসাম হয়ে বাংলায় প্রবেশ করে অস্ট্রিক জাতি নেগ্রিটোদের উৎখাত করে। অস্ট্রিক জাতির সমকালে বা কিছু পরে প্রায় পাঁচ হাজার বছর পূর্বে দ্রাবিড় জাতি এদেশে আসে এবং সভ্যতায় উন্নতর বলে তাঁরা অস্ট্রিক জাতিকে গ্রাস করে। অস্ট্রিক-দ্রাবিড় জাতির সাথে মঙ্গোলীয় বা ভোটচীনীয় জাতির সংমিশ্রণ ঘটে। বাংলাদেশে আর্যকরণের পরেই এদের আগমন ঘটে বলে বাঙালির রক্তে এদের মিশ্রণ উল্লেখযোগ্য নয়। গারো, কোচ, ত্রিপুরা, চাকমা ইত্যাদি এই গোষ্ঠীভুক্ত। অস্ট্রিক-দ্রাবিড় জনগোষ্ঠীর মিশ্রণে যে জাতির প্রবাহ চলছিল, তার সাথে আর্য জাতি এসে সংযুক্ত হয়ে গড়ে তুলেছে বাঙালি জাতি।



আর্যদের আদিনিবাস ছিল ইউরাল পর্বতের দক্ষিণে বর্তমান মধ্য এশিয়া- ইরানে। ভারতবর্ষে আর্যদের আগমন ঘটেছিল খ্রিস্টপূর্ব ২০০ অব্দে। সম্ভবত খ্রিস্টীয় প্রথম শতকে বা তার কিছু আগে আর্যরা বাংলায় আসতে শুরু করে। আর্যরা সনাতনী ধর্মালম্বী ছিল। তাদের ধর্মগ্রন্থের নাম ছিল বেদ।

খ্রিস্টীয় অষ্টম শতাব্দীর দিকে সেমীয় গোত্রের আরবীয়রা ইসলাম ধর্ম প্রচার এবং ব্যবসা বাণিজ্যের মাধ্যমে বাঙালি জাতির সঙ্গে সংমিশ্রিত হয়। তাদের অনুকরণে নেগ্রিটো রক্তবাহী হাবশিরাও এদেশে আসে। এমনিভাবে অন্তত দেড় হাজার বছরের অনুশীলন, গ্রহণ, বর্জন এবং রূপান্তিকরণের মাধ্যমে বাঙালি জাতি গড়ে উঠে। নৃতাত্ত্বিকভাবে বাংলাদেশের মানুষ প্রধানত আদি-অস্ট্রেলীয় (Proto-Australian) নরগোষ্ঠীভুক্ত।

BCS Solution

Scanned by CamScanner

MCQ Solution

১. কোন গোষ্ঠী থেকে বাঙালি জাতির প্রধান অংশ গড়ে উঠেছে? [৩৬তম বিসিএস / ২৮তম বিসিএস]
ক নেগ্রিটো খ ভোটচীন
গ দ্রাবিড় ঘ অস্ট্রিক
উত্তর: ঘ

২. বাংলাদেশের প্রাচীন জাতি কোনটি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ০১)/ পাবলিক সার্ভিস কমিশনে সহকারী পরিচালক: ১৪]
ক আর্য খ মোঙ্গল
গ পুণ্ড্র ঘ দ্রাবিড়
উত্তর: ঘ

৩. বাংলার আদি জনপদের অধিবাসীরা কোন জাতির অন্তর্ভুক্ত? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ০৩-০৪]
ক বাঙালি খ আর্য
গ নিষাদ ঘ আলপাইন
উত্তর: গ

৪. আর্য জাতি কোন দেশ থেকে এসেছিল? [শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীনে মেডিকেল অফিসার : ০৩]
ক বাহরাইন খ ইরাক
গ মেক্সিকো ঘ ইরান
উত্তর: ঘ

৫. আর্যদের আদি বাসস্থান কোথায় ছিল? [শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীনে মেডিকেল অফিসার : ০৩]
ক ইউরাল পর্বতের দক্ষিণে তৃণভূমি অঞ্চলে
খ হিমালয়ের পাদদেশে নেপালের দক্ষিণে
গ ভাগীরথী নদীর পশ্চিম তীরে
ঘ আফগানিস্তানের দক্ষিণ–পূর্ব পাহাড়ি এলাকায়
উত্তর: ক

৬. আর্যদের ধর্মগ্রন্থের নাম কী? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ-ইউনিট) : ০৮-০৯]
ক ত্রিপিটক খ উপনিষদ
গ বেদ ঘ ভগবৎ গীতা
উত্তর: গ

৭. বাংলা আদি অধিবাসীগণ কোন ভাষাভাষী ছিল? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১১-১২ / চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০২-০৩ / বাংলাদেশ রেলওয়ে সহকারী কমান্ডেন্ট : ০৩]
ক সংস্কৃত খ বাংলা
গ অস্ট্রিক ঘ হিন্দি
উত্তর: গ

৮. নৃতাত্ত্বিকভাবে বাংলাদেশের মানুষ প্রধানত কোন নরগোষ্ঠীর অন্তর্ভুক্ত? [সাব- রেজিস্ট্রার : ০৩]
ক অ্যালপাইন খ আদি-অস্ট্রেলীয়
গ নার্ডিড ঘ মঙ্গোলীয়
উত্তর: খ

৯. বাংলাদেশে বসবাসকারী উপজাতীয়দের বড় অংশ- [শাহজালাল বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৩-০৪]
ক মঙ্গোলয়েড খ সেমাটিড
গ অস্ট্রালয়েড ঘ ককেশীয়
উত্তর: ক

বাংলার প্রাচীন জনপদ (The ancient Janapadasof Bangla)

বাংলা নামে একটি অখণ্ড দেশের জন্ম একবারে হয়নি। এর যাত্রা শুরু হয় জনপদগুলোর মধ্য দিয়ে। গৌড়, বঙ্গ, পুণ্ড্র, হরিকেল, সমতট, বরেন্দ্র এরকম প্রায় ১৬ টি জনপদের কথা জানা যায়। জনপদগুলোর মধ্য প্রাচীনতম হল পুণ্ড্র।

BCS Spotlight

Collected by : [redacted]mmad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

প্রাচীন জনপদ	বর্তমান অবস্থান
পুণ্ড্র (Pundra)	বৃহত্তর বগুড়া (মহাস্থানগড়), রাজশাহী, রংপুর, দিনাজপুর
বরেন্দ্র (Barendra)	রাজশাহী বিভাগের উত্তর-পশ্চিমাংশ (রাজশাহী জেলার উত্তরাংশ, বগুড়ার পশ্চিমাংশ, রংপুর ও দিনাজপুরের কিছু অংশ)
বঙ্গ (Banga)	বৃহত্তর ঢাকা, ময়মনসিংহ, কুমিল্লা, ফরিদপুর, বরিশাল, পটুয়াখালী
সমতট (Samatata)	পূর্ব এবং দক্ষিণ-পূর্ব বাংলা (বৃহত্তর কুমিল্লা ও নোয়াখালী)
চন্দ্রদ্বীপ (Chandradeep)	বরিশাল, পিরোজপুর, পটুয়াখালী, মাদারীপুর, গোপালগঞ্জ, খুলনা, বাগেরহাট
গৌড় (Gaur)	মালদহ, মুর্শিদাবাদ, বীরভূম, বর্ধমান ও চাঁপাইনবাবগঞ্জ
রাঢ় (Rarh)	পশ্চিম বাংলার দক্ষিণাংশ (বর্ধমান জেলা)
হরিকেল (Harikela)	সিলেট, চট্টগ্রাম

* 'ঐতরেয় আরণ্যক' গ্রন্থে সর্বপ্রথম 'বঙ্গ' শব্দের উল্লেখ পাওয়া যায়।
* মোগল সম্রাট আকবরের সভাসদ আবুল ফজল তাঁর 'আইন-ই-আকবরী' গ্রন্থে দেশবাচক বাংলা শব্দ ব্যবহার করেন। তিনি 'বাংলা' নামের উৎপত্তি সম্পর্কে দেখিয়েছেন যে, এদেশের প্রাচীন নাম 'বঙ্গ' এর সাথে বাধ বা জমির সীমানাসূচক 'আল' (-আলি, আইল) প্রত্যয়যোগে 'বাংলা' শব্দ গঠিত হয়।
* প্রাচীন ভারতীয় ইতিহাস গ্রন্থের মধ্যে অন্যতম কলহনের লেখা 'রাজতরঙ্গিনী'। মৌর্য আমল থেকে শুরু করে পরবর্তী অনেক ঘটনা বিশেষ করে কাশ্মীরের রাজাদের কাহিনী বিস্তারিত বর্ণনা লেখক উক্ত গ্রন্থে দিয়েছেন।

MCQ Solution

১. বাংলার সর্ব প্রাচীন জনপদের নাম কি? [৩৬তম বিসিএস/ জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৪ - ১৫]
ক পুণ্ড্র খ তাম্রলিপ্ত
গ গৌড় ঘ হরিকেল
উত্তর: ক

২. বগুড়া প্রাচীন বাংলার কোন জনপদের অন্তর্ভুক্ত? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ১২-১৩]
ক পুণ্ড্র খ বরেন্দ্রী
গ হরিকেল ঘ গৌড়
উত্তর: ক

৩. পিরোজপুর জেলা কোন প্রাচীন জনপদের অন্তর্ভুক্ত ছিল? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (প্রত্নতত্ত্ব) : ১২-১৩]
ক চন্দ্রদ্বীপ খ হরিকেল
গ বঙ্গ ঘ সমতট
উত্তর: ক

৪. বর্তমান বৃহত্তর ঢাকা জেলা প্রাচীন কালে কোন জনপদের অন্তর্ভুক্ত ছিল? [বাতিলকৃত ২৪ তম বিসিএস/ বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড সহকারী সচিব : ১৫/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ) : ০৮-০৯]
ক সমতট খ পুণ্ড্র
গ বঙ্গ ঘ হরিকেল
উত্তর: গ

৫. প্রাচীনকালে 'সমতট' বলতে বাংলাদেশের কোন অংশকে বুঝানো হতো? [বরিশাল বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৪-১৫/ জাতীয় রাজস্ব বোর্ডের ইন্সপেক্টর : ১০/ নির্বাচন কমিশন সচিবালয়ে উপজেলা বা থানা নির্বাচন অফিসার : ০৮]
ক বগুড়া ও দিনাজপুর অঞ্চল খ কুমিল্লা ও নোয়াখালী অঞ্চল
গ ঢাকা ও ময়মনসিংহ অঞ্চল ঘ বৃহত্তম সিলেট অঞ্চল
উত্তর: খ

Scanned by CamScanner

৬. প্রাচীন বাংলার নিম্নের কোন অঞ্চল বাংলাদেশের পূর্বাংশে অবস্থিত ছিল? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১১ - ১২]
ক হরিকেল খ সমতট
গ বরেন্দ্র ঘ রাঢ়
উত্তর: খ

৭. বর্তমান বৃহৎ বরিশাল ও ফরিদপুর এলাকা প্রাচীনকালে কোন জনপদের অন্তর্ভুক্ত ছিল? [খাদ্য অধিদপ্তরের উপ-খাদ্য পরিদর্শক : ১২/ ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১১-১২]
ক সমতট খ পুন্ড্রবর্ধন
গ বঙ্গ ঘ রাঢ়
উত্তর: গ

৮. বরেন্দ্র বলতে কোন এলাকাকে বুঝায়? [মহা হিসাবরক্ষক ও নিরীক্ষক এর অধীনে 'অধীক্ষক' : ৯৮]
ক উত্তরবঙ্গ খ পশ্চিমবঙ্গ
গ উত্তর-পশ্চিমবঙ্গ ঘ দক্ষিণ-পূর্ববঙ্গ
উত্তর: গ

৯. রাজশাহীর উত্তরাংশ, বগুড়ার পশ্চিমাংশ, রংপুর ও দিনাজপুরের কিছু অংশ নিয়ে গঠিত- [১৯তম বিসিএস]
ক পলল গঠিত সমভূমি খ বরেন্দ্রভূমি
গ উত্তরবঙ্গ ঘ মহাস্থানগড়
উত্তর: খ

১০. বরেন্দ্রভূমি নামে পরিচিত- [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (যমুনা) : ১২/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (আইন বিভাগ) : ০৪-০৫/ প্রাথমিক ও গণশিক্ষা বিভাগে সহকারী পরিচালক : ০১]
ক ময়নামতি ও লালমাই পাহাড় খ মধুপুর ও ভাওয়াল গড়
গ সুন্দরবন ঘ রাজশাহী বিভাগের উত্তর-পশ্চিমাংশ
উত্তর: ঘ

১১. বাংলাদেশের কোন বিভাগে 'বরেন্দ্রভূমি' অবস্থিত? [বিআরডিবি'র উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা : ১২/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৬-০৭/ ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৩-০৪]
ক সিলেট খ রাজশাহী
গ খুলনা ঘ বরিশাল
উত্তর: খ

১২. 'বরেন্দ্র' বলতে বর্তমান কোন অঞ্চলকে বোঝায়? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১২-১৩]
ক দিনাজপুর খ পাবনা
গ রাজশাহী ঘ খুলনা
উত্তর: গ

১৩. চট্টগ্রাম অঞ্চলের প্রাচীন নাম- [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৫-০৬]
ক রাঢ় খ বঙ্গ গ হরিকেল
ঘ পুণ্ড্র ঙ গৌড়
উত্তর: গ

১৪. সিলেট - প্রাচীন জনপদের অন্তর্গত- [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (প্রত্নতত্ত্ব বিভাগ) : ০৯-১০]
ক বঙ্গ খ পুণ্ড্র
গ সমতট ঘ হরিকেল
উত্তর: ঘ

১৫. হরিকেল জনপদ - [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ১৩-১৪]
ক ঢাকার সমার্থক খ বগুড়ার সমার্থক
গ কুমিল্লার সমার্থক ঘ সিলেটের সমার্থক
উত্তর: ঘ

১৬. বাংলাদেশের একটি প্রাচীন জনপদের নাম- [ইসলামী বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ০৩-০৪]
ক রাঢ় খ চট্টলা
গ শ্রীহট্ট ঘ কোনোটিই নয়
উত্তর: ক

১৭. প্রাচীন রাঢ় জনপদ অবস্থিত - [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (প্রত্নতত্ত্ব বিভাগ) : ০৯-১০]
ক বগুড়া খ কুমিল্লা
গ বর্ধমান ঘ বরিশাল
উত্তর: গ

BCS Spotlight

Scanned by CamScanner

১৮. প্রাচীন গৌড় নগরীর অংশবিশেষ বাংলাদেশের কোন জেলায় অবস্থিত? [১৩তম বিসিএস / ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৩ -১৪ / প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (সাধারণ) : ১২ / প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (মেহেরপুর) : ১২]

ক কুষ্টিয়া খ বগুড়া
গ কুমিল্লা ঘ চাঁপাইনবাবগঞ্জ

উত্তর: ঘ

১৯. সর্বপ্রথম 'বঙ্গ'র উল্লেখ পাওয়া যায় - [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (প্রত্নতত্ত্ব) : ১২-১৩]

ক রামচরিত খ চণ্ডীমঙ্গল
গ ঐতেরেয় আরণ্যক ঘ করতোয়া মাহাত্ম্য

উত্তর: গ

২০. বাংলা (দেশ ও ভাষা) নামের উৎপত্তির বিষয়টি কোন গ্রন্থে সর্বাধিক উল্লেখিত হয়েছে? [৩৬তম বিসিএস/ শ্রম অধিদপ্তরে শ্রম অফিসার : ৯৬ / মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ে হিসাবরক্ষণ কর্মকর্তা : ৯৬]

ক আলমগীর নামা খ আইন-ই-আকবরী
গ আকবর নামা ঘ তুজুক-ই-আকবরী

উত্তর: খ

২১. 'রাজতরঙ্গিনী' ইতিহাস গ্রন্থের রচয়িতা কে? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ১২-১৩]

ক হিরোডোটাস খ কলহন
গ আবুল ফজল ঘ জিয়াউদ্দিন

উত্তর: খ



আলেকজান্ডারের ভারতীয় উপমহাদেশে আক্রমণ

আলেকজান্ডার জাতিতে ছিলেন আর্য গ্রিক। তিনি ছিলেন ম্যাডিসনের রাজা ফিলিপসের পুত্র। বাল্যকালে তিনি প্রখ্যাত গ্রিক দার্শনিক এরিস্টটলের নিকট গৃহশিক্ষা লাভ করেন। খ্রিস্টপূর্ব ৩৩৫ অব্দে ফিলিপসের মৃত্যু হলে আলেকজান্ডার ম্যাডিসনের সিংহাসনে আরোহণ করেন। আলেকজান্ডার খ্রিস্টপূর্ব ৩২৭ অব্দে ভারতবর্ষ আক্রমণ করেন। খ্রিস্টপূর্ব ৩২৫ অব্দে ব্যাবিলনে তাঁর মৃত্যু হয়। আলেকজান্ডারের মৃত্যুর পর চন্দ্রগুপ্ত মৌর্য উপমহাদেশে গ্রিক প্রাধান্যের অবসান ঘটান।

সক্রেটিস —ছাত্র→ প্লেটো —ছাত্র→ এরিস্টটল —ছাত্র→ আলেকজান্ডার

BCS Spotlight

MCQ Solution

১. মহাবীর আলেকজান্ডার কোন শহরে মৃত্যুবরণ করেন? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ-ইউনিট) : ০৮-০৯]

ক ব্যাবিলন খ থেসালোনিকি
গ আঙ্কারা ঘ এথেন্স

উত্তর: ক

২. বীর আলেকজান্ডারের শিক্ষক কে ছিলেন? [ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৪-১৫ / রাজশাহী বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৩-১৪/ কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স- এর কার্যালয়ের অধীন অডিটর : ১৪ / তুলা উন্নয়ন বোর্ডের কর্মকর্তা : ০৬]

ক সফোক্লিস খ সক্রেটিস
গ এরিস্টটল ঘ প্লেটো

উত্তর: গ

Scanned by CamScanner

বাংলায় মৌর্য যুগ (The Maurya Age of Bengal)

চন্দ্রগুপ্ত মৌর্য (খ্রিস্টপূর্ব ৩২৮ - ৩০০ অব্দ)

ভারতীয় উপমহাদেশের প্রথম সাম্রাজ্যের নাম মৌর্য সাম্রাজ্য। চন্দ্রগুপ্ত মৌর্য খ্রিস্টপূর্ব ৩২১ অব্দে মগধের সিংহাসনে আরোহণের মাধ্যমে ভারতে মৌর্য সাম্রাজ্য প্রতিষ্ঠা করেন। তিনি ভারতের প্রথম সম্রাট। পাটলিপুত্র ছিল তাঁর রাজধানী। চাণক্য ছিলেন তাঁর প্রধানমন্ত্রী। চাণক্যের বিখ্যাত ছদ্মনাম কৌটিল্য, যা তিনি তাঁর বিখ্যাত সংস্কৃত গ্রন্থ 'অর্থশাস্ত্র' এ গ্রহণ করেছেন। রাষ্ট্রশাসন ও কূটনীতিকৌশলের সার সংক্ষেপ এই অর্থশাস্ত্র। তিনি আলেকজান্ডারের সেনাপতি সেলিউকসকে পরাজিত করে উপমহাদেশ হতে গ্রিকদের তাড়িয়ে দেন।



চাণক্য



সম্রাট অশোক

সম্রাট অশোক (খ্রিস্টপূর্ব ২৭৩- ২৩২ অব্দ)

মৌর্য বংশের তৃতীয় সম্রাট ছিলেন অশোক। উত্তর বাংলায় মৌর্য শাসন প্রতিষ্ঠিত হয় সম্রাট অশোকের রাজত্বকালে। অঞ্চলটি মৌর্যদের একটি প্রদেশে পরিণত হয়েছিল। প্রাচীন পুণ্ড্রনগর ছিল এ প্রদেশের রাজধানী। মহাস্থনগড়ে সম্রাট অশোকের একটি শিলালিপি পাওয়া গেছে। 'কলিঙ্গের যুদ্ধ' সম্রাট অশোকের জীবনে ছিল এক মাইলস্টোন। যুদ্ধে কলিঙ্গ রাজ সম্পূর্ণ পরাজিত হন এবং এক লক্ষ লোক নিহত হয়। কলিঙ্গ যুদ্ধের রক্তস্রোত অশোকের মনে গভীর বেদনার রেখাপাত করে। তখন কৃতকর্মের অনুশোচনায় মূহ্যমান অশোক বৌদ্ধ ধর্মে দীক্ষা গ্রহণ করেন। তাঁর শাসনামলে বৌদ্ধধর্ম রাজধর্ম হিসাবে স্বীকৃতি পায়। তাঁর চেষ্টায় বৌদ্ধধর্ম বিশ্বধর্মের মর্যাদা পায়। এজন্য তাঁকে 'বৌদ্ধধর্মের কনস্ট্যানটাইন' বলা হয়।

MCQ Solution

১. **পাটালিপুত্র রাজধানী ছিল–** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৩ -১৪]

ক) গুপ্তদের খ) সেনদের
গ) পালদের ঘ) মৌর্যদের

উত্তর: ঘ

২. **কৌটিল্য কার নাম?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (নৃবিজ্ঞান বিভাগ) : ০৯-১০]

ক) প্রাচীন রাজনীতিবিদ খ) প্রাচীন অর্থশাস্ত্রবিদ
গ) পণ্ডিত ঘ) রাজ কবি

উত্তর: খ

৩. **Who is the author of the Book 'Arthasastra'?** [Jahangirnagar University (Public Adminstration) : 13-14]

Or,

'অর্থশাস্ত্র' এর রচয়িতা কে? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (সমাজবিজ্ঞান) : ০৫-০৬]

ⓐ Kautilya ⓑ Confucious
ⓒ Max Weber ⓓ Talcott Parsons

Ans. a

৪. **অশোক কোন বংশের সম্রাট ছিলেন?** [জাতীয় বিশ্ববিদ্যালয় (মানবিক) : ০৪-০৫]

ক) মৌর্য খ) গুপ্ত
গ) পুষ্যভূতি ঘ) কুশান

উত্তর: ক

BCS Spotlight

Scanned by CamScanner

৫. কোন যুদ্ধের ভয়াবহ পরিণাম প্রত্যক্ষ করে মহারাজ অশোক বৌদ্ধ ধর্ম গ্রহণ করেছিলেন? [জাতীয় বিশ্ববিদ্যালয় : ০৭-০৮ / প্রাথমিক ও গণশিক্ষা বিভাগে সহকারী পরিচালক : ০১]

ক হিদাস্পিসের যুদ্ধ খ কলিঙ্গের যুদ্ধ
গ মেবারের যুদ্ধ ঘ পানিপথের যুদ্ধ

উত্তর: খ

৬. বৌদ্ধ ধর্মের কনস্ট্যানটাইন কাকে বলা হয়? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৯-১০]

ক অশোক খ চন্দ্রগুপ্ত
গ মহাবীর ঘ গৌতম বুদ্ধ

উত্তর: ক

বাংলায় গুপ্ত যুগ (The Gupta Age of Bengal)

গুপ্ত যুগকে প্রাচীন ভারতীয় উপমহাদেশের স্বর্ণযুগ বলা হয়। এ যুগে সাহিত্য, বিজ্ঞান ও শিল্পের খুবই উন্নতি হয়।

প্রথম চন্দ্রগুপ্ত (৩২০-৩৪০ খ্রি.)

ভারতে গুপ্তবংশের প্রকৃত প্রতিষ্ঠাতা ছিলেন প্রথম চন্দ্রগুপ্ত । তিনি ৩২০ সালে পাটলিপুত্রের সিংহাসনে আরোহণ করেন।

সমুদ্রগুপ্ত (৩৪০-৩৮০ খ্রি.)

চন্দ্রগুপ্তের মৃত্যুর পর সমুদ্রগুপ্ত পাটলিপুত্রের (পাটনা) সিংহাসনে বসেন। তিনি ছিলেন গুপ্ত বংশের শ্রেষ্ঠ রাজা। তাঁকে 'প্রাচীন ভারতের নেপোলিয়ন' বলা হয়। তাঁর আমলে সমতট ছাড়া বাংলার অন্যান্য জনপদ গুপ্ত সাম্রাজ্যের অধীনে ছিল। গুপ্ত অধিকৃত বাংলার রাজধানীও ছিল পুণ্ড্রনগর।

দ্বিতীয় চন্দ্রগুপ্ত (৩৮০-৪১৫ খ্রি.)

সমুদ্রগুপ্তের মৃত্যুর পর দ্বিতীয় চন্দ্রগুপ্ত পাটলিপুত্রের সিংহাসনে বসেন। তিনি মালবের উজ্জয়িনীতে সাম্রাজ্যের দ্বিতীয় রাজধানী স্থাপন করেন। 'বিক্রমাদিত্যে' ছিল তাঁর উপাধি। অনেক প্রতিভাবান ও গুণী ব্যক্তি তাঁর দরবারে সমবেত হয়েছিলেন। এঁদের মধ্যে প্রধান নয়জনকে 'নবরত্ন' বলা হয়। তাঁর সভায় কালিদাস, বিশাখ দত্ত, নাগার্জুন, আর্যদেব, সিদ্ধসেন, দিবাকর প্রমুখ কবি সাহিত্যিকের সমাবেশ ঘটে। আর্যভট্ট এবং বরাহমিহির ছিলেন বিখ্যাত বিজ্ঞানী। আর্যভট্ট অন্য সবার আগে পৃথিবীর আহ্নিক ও বার্ষিক গতি নির্ণয় করেন। আর্যভট্টের গ্রন্থের নাম 'আর্য সিদ্ধান্ত'। বরাহ মিহির ছিলেন একজন জ্যোতির্বিদ। তাঁর বিখ্যাত গ্রন্থের নাম 'বৃহৎ সংহিতা'। ৬ষ্ঠ শতকের প্রথমার্ধে ভারতে বিশাল গুপ্ত সাম্রাজ্যের পতন ঘটে। মধ্য এশিয়ার দুর্ধর্ষ যাযাবর জাতি হুনদের আক্রমণে টুকরো টুকরো হয়ে যায় গুপ্ত সাম্রাজ্য।



আর্যভট্ট

MCQ Solution

১. কোন যুগ প্রাচীন ভারতের স্বর্ণযুগ হিসেবে পরিচিত? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ০৭-০৮]

ক মৌর্যযুগ খ শুঙ্গযুগ
গ কুষাণযুগ ঘ গুপ্তযুগ

উত্তর: ঘ

Scanned by CamScanner

২. কোনটি প্রাচীন নগরী নয়? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ভূবিজ্ঞান বিভাগ) : ০৯-১০]

ক কর্ণসুবর্ণ খ উজ্জয়নী
গ বিশাখাপট্টম ঘ পাটলিপুত্র

উত্তর: গ

গুপ্ত পরবর্তী যুগ (Post Gupta Period)

গুপ্তবংশের পতনের পর বাংলায় দুটি স্বাধীন রাজ্যের উদ্ভব হয়। এর একটি ছিল প্রাচীন 'বঙ্গ রাজ্য'। রাজ্যটির অবস্থান ছিল দক্ষিণপূর্ব বাংলা এবং পশ্চিম বাংলার দক্ষিণাঞ্চল। দ্বিতীয় স্বাধীন রাজ্যের নাম গৌড়। এর অবস্থান ছিল বাংলার পশ্চিম এবং উত্তরাঞ্চল জুড়ে।

স্বাধীন বঙ্গ রাজ্য (Independent Kingdom of Banga)

প্রাচীনকালে রাজারা তামার পাতে খোদাই করে বিভিন্ন ঘোষণা বা নির্দেশ দিতেন। এগুলোকে তাম্রশাসন বলা হত। স্বাধীন বঙ্গ রাজ্য আমলের এ রকম ৭টি তাম্র লিপি পাওয়া গেছে।

স্বাধীন গৌড় রাজ্য (Independent Kingdom of Gaur)

গুপ্ত রাজাদের অধীনে বড় কোন অঞ্চলের শাসনকর্তাকে বলা হত 'মহাসামন্ত'। শশাংক ছিলেন গুপ্ত রাজা মহাসেন গুপ্তের একজন মহাসামন্ত। শশাংক গৌড়ের রাজা হয়েছিলেন ৬০৬ সালের কিছু আগে। তিনি প্রাচীন বাংলার জনপদগুলোকে গৌড় নামে একত্রিত করেন। শশাংকের উপাধি ছিল রাজাধিরাজ। তিনি ছিলেন বাংলার প্রথম স্বাধীন ও সার্বভৌম রাজা। শশাংক রাজধানী স্থাপন করেন কর্ণসুবর্ণে। এটি ছিল বর্তমান মুর্শিদাবাদ জেলায়।

হর্ষবর্ধন (৬০৬ - ৬৪৭ খ্রি.)

হর্ষবর্ধন পুষ্যভূতি বংশের শ্রেষ্ঠ রাজা। এ সময় কনৌজ ছিল এদেশের রাজধানী। এটি ছিল অত্যন্ত সুন্দর। তাঁর সময়ের বিখ্যাত সাহিত্যিক ছিলেন বানভট্ট। বানভট্টের বিখ্যাত গ্রন্থ 'হর্ষচরিত'।

MCQ Solution

১. প্রাচীন বাংলায় কতটি রাজ্য ছিল? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ১১]

ক ২টি খ ৩টি
গ ৪টি ঘ ৫টি

উত্তর: ক

২. প্রাচীনকালে এদেশের নাম ছিল - [সাব-রেজিস্ট্রার : ০১]

ক বাংলাদেশ খ বঙ্গ
গ বাংলা ঘ বাঙ্গালা

উত্তর: খ

৩. প্রাচীন বাংলার জনপদগুলোকে গৌড় নামে একত্রিত করেন- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (সমাজকর্ম বিভাগ) : ০৩-০৪]

ক রাজা কণিষ্ক খ বিক্রমাদিত্য
গ চন্দ্রগুপ্ত মৌর্য ঘ রাজা শশাংক

উত্তর: ঘ

৪. বঙ্গ ও গৌড় দুটি স্বাধীন রাষ্ট্রের উদ্ভব ঘটে কত শতকে? [সাব-রেজিস্ট্রার : ০১ / ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ৯৫ -৯৬]

ক ষষ্ঠ খ অষ্টম
গ দশম ঘ একাদশ

উত্তর: ক

BCS Spotlight

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

৫. ধারণা করা হয়, প্রাচীন গৌড় জনপদের অন্তর্ভুক্ত ছিল-[জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (প্রত্নতত্ত্ব) : ১৩-১৪]
ক মুর্শিদাবাদ খ যশোর
গ ময়মনসিংহ ঘ চট্টগ্রাম উত্তর: ক

৬. প্রাচীন বাংলার প্রথম গুরুত্বপূর্ণ নরপতি কে? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৮-০৯]
ক হর্ষবর্ধন খ শশাংক
গ গোপাল ঘ লক্ষ্মণ সেন উত্তর: খ

৭. কে গৌড়ের স্বাধীন নরপতি ছিলেন? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ৯২]
ক শশাংক খ বর্মন
গ ভাস্কর ঘ দেবগুপ্ত উত্তর : ক

৮. বাংলার প্রথম স্বাধীন ও সার্বভৌম রাজা হলেন- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাষ্ট্রবিজ্ঞান) : ০৪-০৫]
ক ধর্মপাল খ গোপাল
গ শশাংক ঘ দ্বিতীয় চন্দ্র গুপ্ত উত্তর: গ

৯. একসময়ে বাংলা, বিহার ও উড়িষ্যার রাজধানী মুর্শিদাবাদের প্রাক্তন নাম ছিল- [শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় : ০৭-০৮]
ক সিনহাবাদ খ চন্দ্রদ্বীপ
গ গৌড় ঘ মাকসুদাবাদ উত্তর: গ

১০. শশাংকের রাজধানী ছিল- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ০৭-০৮]
ক কর্ণসুবর্ণ খ গৌড়
গ নদীয়া ঘ ঢাকা উত্তর: ক

১১. প্রাচীন বাংলার কোন এলাকা কর্ণসুবর্ণ নামে কথিত হতো? [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৫-০৬]
ক মুর্শিদাবাদ খ রাজশাহী
গ চট্টগ্রাম ঘ মেদিনীপুর উত্তর: ক

১২. শশাংক প্রথম জীবনে ছিলেন - [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ১৩-১৪]
ক কৃষক খ সামন্ত
গ রাজা ঘ সম্রাট উত্তর: খ

BCS Spotlight

পাল বংশ (Pala Dynasty)

মাৎস্যন্যায় (Matsyanayam)

শশাংকের পর দীর্ঘদিন বাংলায় কোন যোগ্য শাসক ছিলনা। ফলে রাজ্যে বিশৃঙ্খলা ও অরাজকতা দেখা দেয়। কেন্দ্রীয় শাসন শক্তভাবে ধরার মত কেউ ছিলনা। সামন্ত রাজারা প্রত্যেকেই বাংলার রাজা হওয়ার কল্পনায় অস্ত্র নিয়ে ঝাপিয়ে পড়তে থাকেন। এ অরাজকতাপূর্ণ সময় (৭ম-৮ম শতক) কে পাল তাম্র শাসনে আখ্যায়িত করা হয়েছে 'মাৎস্যন্যায়' বলে। পুকুরে বড় মাছগুলো শক্তির দাপটে ছোট মাছ ধরে ধরে খেয়ে ফেলার বিশৃঙ্খল পরিস্থিতিকে বলে 'মাৎস্যন্যায়'। বাংলার সবল অধিপতিরা এমনি করে ছোট ছোট অঞ্চলগুলোকে গ্রাস করেছিল।

Scanned by CamScanner

গোপাল (৭৫৬-৭৮১ খ্রি.)

৭৫৬ খ্রিস্টাব্দে বাংলার অরাজক পরিস্থিতির অবসান ঘটে পাল রাজত্বের উত্থানের মধ্য দিয়ে। পাল বংশের প্রথম রাজা ছিলেন গোপাল। বাংলায় প্রথম বংশানুক্রমিক শাসন শুরু হয় পাল বংশের রাজত্বকালে। পাল বংশের রাজারা একটানা চারশত বছর এদেশ শাসন করেছিলেন। এত দীর্ঘ সময় আর কোন রাজবংশ এদেশ শাসন করেনি। পাল বংশের রাজারা ছিলেন বৌদ্ধ ধর্মাবলম্বী।



ধর্মপাল (৭৮১-৮২১ খ্রি.)

পাল রাজাদের মধ্যে সর্বশ্রেষ্ঠ ছিলেন গোপালের পুত্র ধর্মপাল। তার যুগে তিনটি রাজবংশ প্রতিযোগিতায় নেমেছিল উত্তর ভারতে আধিপত্য বিস্তার করতে। একটি বাংলার পাল বংশ, অন্যটির রাজপুতানার গুর্জর প্রতীহার বংশ এবং তৃতীয়টি দাক্ষিণাত্যের রাষ্ট্রকুট বংশ। ইতিহাসে এ যুদ্ধ পরিচিত হয়েছে 'ত্রিশক্তির সংঘর্ষ' (Tripartite War) নামে।

প্রথম মহীপাল (৯৯৫-১০৪৩ খ্রি.)

বাংলার প্রাচীনতম চিত্রকলার নিদর্শন পাল-আমলে রাজা মহীপাল দেব এর সময়ে তালপাতায় অঙ্কিত নালন্দা মহাবিহারের 'বৌদ্ধ-অনুচিত্র'।


বুদ্ধের জন্ম (৯৮৩ খ্রি.)

দ্বিতীয় মহীপাল (১০৭৫-১০৮০ খ্রি.)

সাধারণ মানুষের অংশগ্রহণের মাধ্যমে বাংলায় প্রথম সফল বিদ্রোহ হয় পাল আমলে। রাজা দ্বিতীয় মহীপালের শাসনামলে কৈবর্ত বিদ্রোহ হয়। অনেকে শুধু জেলে সম্প্রদায়কে কৈবর্ত বললেও প্রকৃতপক্ষে জেলে, কৃষক এবং শ্রমজীবী মানুষকে সাধারণত কৈবর্ত বলা হতো। পাল রাজাদের এক সামন্ত দিব্যর নেতৃত্বে কৈবর্তরা রাজ্যের বরেন্দ্রীয় অংশ দখল করে নেয়। কৈবর্ত্য বিদ্রোহকে অনেক সময় বরেন্দ্র বিদ্রোহ বা সামন্ত বিদ্রোহও বলা হয়ে থাকে। রাজা দ্বিতীয় মহীপাল কৈবর্তবাহিনীকে আক্রমণ করতে গিয়ে নিজে নিহত হন।

রামপাল (১০৮২-১১২৪ খ্রি.)

পাল বংশের সর্বশেষ রাজা ছিলেন রামপাল। সন্ধ্যাকর নন্দীর 'রামচরিতম' গ্রন্থ থেকে রামপালের রাজত্ব সম্পর্কে জানা যায়। বরেন্দ্র এলাকায় পানিকষ্ট দূর করার জন্য তিনি অনেক দীঘি খনন করেন। দিনাজপুর শহরের নিকট যে 'রামসাগর' রয়েছে তা রামপালের কীর্তি।

MCQ Solution

১. 'মাৎস্যন্যায়' বাংলার কোন সময়কাল নির্দেশ করে? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (প্রত্নতত্ত্ব) : ১৩-১৪ / জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১০ - ১১ / ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৮-০৯]

ক ৫ম-৬ষ্ঠ শতক
খ ৬ষ্ঠ-৭ম শতক
গ ৭ম-৮ম শতক
ঘ ৮ম-৯ম শতক

উত্তর: গ

Collected by Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

২. 'মাৎস্যন্যায়' ধারণাটি কিসের সাথে সম্পর্কিত? [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৭-০৮]
ক মাছবাজার খ ন্যায় বিচার প্রতিষ্ঠা
গ মাছ ধরার নৌকা ঘ আইন-শৃঙ্খলাহীন অরাজক অবস্থা
উত্তর: ঘ

৩. বাংলায় প্রথম বংশানুক্রমিক শাসন শুরু করেন- [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৬-০৭]
ক শশাংক খ বখতিয়ার খলজি
গ বিজয় সেন ঘ গোপাল
উত্তর: ঘ

৪. বাংলার প্রথম দীর্ঘস্থায়ী রাজবংশের নাম কি? [বাংলাদেশ রেলওয়ে সহকারী কমান্ডেন্ট : ০৭]
ক পাল বংশ খ সেন বংশ
গ ভুইয়া বংশ ঘ গুপ্ত বংশ
উত্তর: ক

৫. নিম্নের কোন বংশ প্রায় চারশো বছরের মতো বাংলা শাসন করেছে? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১১ - ১২]
ক মৌর্য বংশ খ গুপ্ত বংশ
গ পাল বংশ ঘ সেন বংশ
উত্তর: গ

৬. পাল বংশের প্রথম রাজা কে? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৯-১০]
ক গোপাল খ দেবপাল
গ মহীপাল ঘ রামপাল
উত্তর: ক

৭. বঙ্গে পাল বংশের প্রতিষ্ঠাতা কে ছিলেন? [বরিশাল বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৪-১৫/ কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স- এর কার্যালয়ের অধীন জুনিয়র অডিটর : ১৪]
ক ধর্মপাল খ দেবপাল
গ গোপাল ঘ মহীপাল
উত্তর: গ

৮. পাল বংশের শ্রেষ্ঠ রাজা কে ছিলেন? [পরিবারকল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণার্থী : ১০/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ০৭-০৮]
ক গোপাল খ ধর্মপাল
গ রামপাল ঘ দেবপাল
উত্তর: খ

৯. পালযুগের পুঁথিচিত্র কোন বস্তুর উপর আঁকা হয়েছিল? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৪ - ১৫]
ক কাগজের উপর খ টিনের উপর
গ পাথরের উপর ঘ তালপাতার উপর
উত্তর: ঘ

১০. রামসাগর দীঘি কোন জেলায় অবস্থিত? [তুলা উন্নয়ন বোর্ডের কর্মকর্তা : ৯৭]
ক রংপুর খ দিনাজপুর
গ নবাবগঞ্জ ঘ কুড়িগ্রাম
উত্তর: খ

১১. পাল শাসনমলে রচিত একটি কাব্য হলো – [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (প্রত্নতত্ত্ব) : ১৩-১৪]
ক গীতগোবিন্দ খ মনসামঙ্গল
গ চণ্ডীমঙ্গল ঘ রামচরিতম
উত্তর: ঘ

BCS Spotlight

Scanned by CamScanner

সেন রাজাদের ইতিহাস (The History of the Sena Kings)

হেমন্ত সেন

বাংলার ব্যাপক অংশ জুড়ে একাদশ শতাব্দীর মাঝপর্বে প্রতিষ্ঠিত হয় শক্তিশালী সেন বংশের শাসন। বাংলায় সেন বংশের প্রতিষ্ঠাতা ছিলেন সামন্ত সেন। তিনি কর্ণাট থেকে বৃদ্ধ বয়সে বাংলায় আসেন। তিনি প্রথমে বসতি স্থাপন করেন রাঢ় অঞ্চলে গঙ্গা নদীর তীরে। তিনি রাজ্য প্রতিষ্ঠা না করায় সেন বংশের প্রথম রাজার মর্যাদা দেওয়া হয় সামন্ত সেনের পুত্র হেমন্ত সেনকে।

বিজয়সেন (১০৯৮-১১৬০ খ্রি.)

সেন বংশের সর্বশ্রেষ্ঠ রাজা ছিলেন বিজয়সেন।

বল্লাল সেন (১১৬০-১১৭৮ খ্রি.)

বল্লাল সেন বাংলায় সামাজিক সংস্কার বিশেষ করে কৌলিন্য প্রথার প্রবর্তনকারী হিসাবে পরিচিত।

লক্ষ্মণ সেন (১১৭৮-১২০৬ খ্রি.)

১২০৪ সালে মুসলিম সেনাপতি ইখতিয়ার উদ্দিন মুহম্মদ বখতিয়ার খলজী লক্ষ্মণ সেনকে পরাজিত করে নদীয়া দখল করেন। লক্ষ্মণ সেনের পরাজয়ের মধ্য দিয়ে বাংলায় সেন শাসনের অবসান হয়। সেন বংশের রাজারা ছিলেন হিন্দু ধর্মাবলম্বী। সেনযুগের অবসানের মধ্য দিয়ে বাংলায় হিন্দু রাজাদের শাসনের অবসান ঘটে।

MCQ Solution

১. বাংলার শেষ হিন্দু রাজা কে ছিলেন? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (চট্টগ্রাম বিভাগ) : ০৭/আবহাওয়া অধিদপ্তরের অধীন সহকারী আবহাওয়াবিদ : ০০ / পাবলিক সার্ভিস কমিশনে সহকারী পরিচালক : ৯৪]

ক বিজয় সেন　খ লক্ষ্মণ সেন
গ হেমন্ত সেন　ঘ বল্লাল সেন　**উত্তর: খ**

২. সেন রাজাদের ধর্ম ছিল -[জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ১২-১৩]

ক ব্রাহ্ম　খ বৌদ্ধ
গ জৈন　ঘ হিন্দু　**উত্তর: ঘ**

৩. প্রাচীন বাংলার শাসক পাল ও সেনরা যথাক্রমে কোন ধর্মানুসারী ছিলেন? [ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৪ -১৫]

ক বৌদ্ধ ও হিন্দু　খ জৈন ও হিন্দু
গ হিন্দু ও মহাযান বৌদ্ধ　ঘ বৌদ্ধ ও জৈন　**উত্তর: ক**

BCS Spotlight
Collected by : Mohammad Ruhul Kabir Reza　Edited by : Ajgar Ali　Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

উপমহাদেশে ইসলামের আবির্ভাব

সিন্ধু বিজয়


যুদ্ধক্ষেত্রে মুহাম্মদ বিন কাসিম

উমাইয়া খলিফা ওয়ালিদ বিন আব্দুল মালিকের রাজত্বকালে মুসলমানদের বিজয়াভিযান শুরু হয়। তাঁর সেনাপতি মুসা বিন নুসাইর সমগ্র উত্তর আফ্রিকা এবং তারিক স্পেন জয় করে। খলিফা ওয়ালিদের রাজত্বকালে হাজ্জাজ বিন ইউসুফ পূর্বাঞ্চলীয় প্রদেশ সমূহের শাসনকর্তা নিযুক্ত হন। তিনি ৭১২ খ্রিস্টাব্দে তাঁর জামাতা মুহম্মদ বিন কাসিমকে সিন্ধু রাজা দাহিরের বিরুদ্ধে অভিযানে প্রেরণ করেন। মুহম্মদ বিন কাসিম সর্বপ্রথম সিন্ধুর দেবল শহর অবরোধ করেন। অতঃপর তিনি সিন্ধু নদী পার হয়ে ব্রাহ্মণাবাদে রাজা দাহিরকে আক্রমণ করেন। যুদ্ধে দাহির শোচনীয়ভাবে পরাজিত এবং নিহত হয়। মুহম্মদ বিন কাসিমের সিন্ধু বিজয়ের ফলে উপমহাদেশে ইসলামের আবির্ভাব ঘটে। কিন্তু মুহম্মদ বিন কাসিমের অকালমৃত্যুর কারণে উপমহাদেশে ইসলাম একটি রাজনৈতিক শক্তি হিসাবে প্রতিষ্ঠিত হয়নি।

সুলতান মাহমুদের ভারত অভিযান

মুহম্মদ বিন কাসিমের সিন্ধু বিজয়ের প্রায় ৩০০ বছর পর গজনীর সুলতান মাহমুদ ১০০০ সাল থেকে ১০২৭ সাল পর্যন্ত সময়ের মধ্যে উপমহাদেশের পশ্চিমাঞ্চলে ১৭ বার অভিযান পরিচালনা করেন।


সুলতান মাহমুদ

BCS Spotlight

MCQ Solution

১. কোন মুসলিম সেনাপতি স্পেন জয় করেন? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৮-০৯]
ক মুসা বিন নুসায়ের খ খালিদ বিন ওয়ালিদ
গ মুহম্মদ বিন কাসিম ঘ তারিক **উত্তর: ঘ**

২. সিন্ধু বিজয়ের মাধ্যমে কে ভারতীয় উপমহাদেশে ইসলাম প্রতিষ্ঠার পথ সুগম করেন? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক : ৯৩]
ক হাজ্জাজ-বিন-ইউসুফ খ মুহম্মদ-বিন-কাসিম
গ মুহম্মদ ঘুরী ঘ ইখতিয়ারউদ্দিন-মুহম্মদ-বিন বখতিয়ার খিলজি **উত্তর: খ**

৩. প্রথম মুসলিম সিন্ধু বিজেতা ছিলেন- [খাদ্য অধিদপ্তরের পরিদর্শক : ৯৬]
ক বাবর খ সুলতান মাহম্মদ
গ মুহম্মদ-বিন-কাসিম ঘ মোহাম্মদ ঘোরী **উত্তর: গ**

৪. কোন মুসলিম সেনাপতি সিন্ধু জয় করেন? [ইসলামী বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৩-০৪]
ক মুসা বিন নুসাইর খ তারেক বিন জিয়াদ
গ মুহাম্মদ বিন কাসিম ঘ খালেদ বিন ওয়ালিদ **উত্তর: গ**

Scanned by CamScanner

৫. মুহম্মদ বিন কাসিম সর্বপ্রথম সিন্ধুর কোন শহরে উপস্থিত হন? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (প্রত্নতত্ত্ব) : ১২-১৩]
ক মুলতান খ রাওয়ার
গ দেবল ঘ অমৃতসর
উত্তর: গ

৬. আরবদের আক্রমণের সময় সিন্ধু দেশের রাজা ছিলেন- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ০৭-০৮]
ক মানসিংহ খ জয়পাল
গ দাহির ঘ দাউদ
উত্তর: গ

৭. সুলতান মাহমুদ কত বার ভারতবর্ষ আক্রমণ করেন? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (বাগানবিলাস) : ১২ / জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৯-১০]
ক ১৫ বার খ ১৭ বার
গ ১৮ বার ঘ ২০ বার
উত্তর: খ

ভারতে মুসলমান শাসন

মইজউদ্দিন মুহম্মদ বিন সাম ইতিহাসে শিহাবউদ্দিন মুহম্মদ ঘুরী নামে পরিচিত। কোনো কোনো ঐতিহাসিক ঘুরীদের পারসিক জাতি বলে অভিহিত করলেও ঐতিহাসিক লেনপুল তাদের আফগান জাতির বংশধর বলে অভিহিত করেছেন। গজনীতে ঘুর সাম্রাজ্য প্রতিষ্ঠিত হলে মুহম্মদ ঘুরী উপমহাদেশে তাঁর সাম্রাজ্য বিস্তারে মনোনিবেশ করেন।

তরাইনের যুদ্ধ

যুদ্ধের নাম	তরাইনের প্রথম যুদ্ধ	তরাইনের দ্বিতীয় যুদ্ধ
প্রতিপক্ষ	মুহম্মদ ঘুরী ও পৃথ্বিরাজ চৌহান	
সময়কাল	১১৯১ খ্রি.	১১৯২ খ্রি.
ফলাফল	মুহম্মদ ঘুরী শোচনীয়ভাবে পরাজিত ও আহত হয়ে স্বদেশ প্রত্যাবর্তন করেন।	পৃথ্বিরাজ চৌহান পরাজিত ও নিহত হন এবং মুসলিম সাম্রাজ্য প্রতিষ্ঠিত হয়।

তরাইনের দ্বিতীয় যুদ্ধের পর মুহম্মদ ঘুরী উত্তর উপমহাদেশের শাসনভার তার সুযোগ্য সেনাপতি কুতুবুদ্দিনের উপর ন্যস্ত করে গজনী প্রত্যাবর্তন করেন। কুতুবউদ্দিন উত্তর ভারতে রাজ্যবিস্তার করে দিল্লিতে তার রাজধানী স্থাপন করেন।

MCQ Solution

১. তরাইনের দ্বিতীয় যুদ্ধে কে পরাজিত হন? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ০৭-০৮]
ক মুহম্মদ ঘুরী খ লক্ষ্মণ সেন
গ পৃথ্বিরাজ ঘ জয়চন্দ্র
উত্তর: গ

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

মধ্যযুগ

দিল্লি সালতানাত (Delhi Sultanate)

দাস বংশ (১২০৬-১২৯০ খ্রি.)

সুলতান কুতুবউদ্দিন আইবেক (১২০৬-১২১০ খ্রি.)

কুতুবউদ্দিন আইবেক মুহম্মদ ঘুরীর একজন ক্রীতদাস হিসাবে জীবন শুরু করেন। তিনি মুহম্মদ ঘুরীর অনুমতিক্রমে ভারত বিজয়ের পর দিল্লীতে মুসলিম শাসনের গোড়াপত্তন করেন। উপমহাদেশে স্থায়ী মুসলিম শাসনের প্রতিষ্ঠাতা কুতুবউদ্দিন আইবেক। কুতুবউদ্দিন আইবেক ছিলেন তুর্কিস্তানের অধিবাসী। এজন্য কুতুবউদ্দিন আইবেক ও তাঁর উত্তরাধিকারদের শাসনামলকে প্রাথমিক যুগের তুর্কী শাসন বলেও চিহ্নিত করা হয়। দানশীলতার জন্য তাঁকে 'লাখবক্স' বলা হত। দিল্লির কুতুবমিনার নামক সুউচ্চ মিনারটির নির্মাণকাজ শুরু হয় তার শাসনামলে। তিনি মিনারটির নির্মাণকাজ শেষ করতে পারেননি। দিল্লীর বিখ্যাত সাধক কুতুবউদ্দিন বখতিয়ার কাকির নামানুসারে এর নাম রাখা হয় কুতুবমিনার।



সুলতান শামসউদ্দিন ইলতুতমিশ (১২১১-১২৩৬ খ্রি.)

কুতুবউদ্দিন আইবেকের জামাতা ছিলেন ইলতুতমিশ। তিনি ছিলেন প্রাথমিক যুগে তুর্কী সুলতানদের মধ্যে শ্রেষ্ঠ। তাঁকে দিল্লীর সালতানাতের প্রকৃত প্রতিষ্ঠাতা বলা হয়। ভারতে মুসলমান শাসকদের মধ্যে তিনি প্রথম মুদ্রা প্রচলন করেন। তিনি কুতুবমিনারের নির্মাণকাজ সমাপ্ত করেন।



সুলতানা রাজিয়া

ইলতুতমিশের কন্যা সুলতানা রাজিয়া ১২৩৬ খ্রিস্টাব্দে দিল্লীর সিংহাসনে আরোহণ করেন। তিনি ছিলেন দিল্লীর সিংহাসনে আরোহণকারী প্রথম মুসলমান নারী।

সুলতান নাসিরউদ্দিন মাহমুদ (১২৪৬-১২৬৬ খ্রি.)

সুলতান নাসিরউদ্দিন অত্যন্ত ধর্মভীরু লোক ছিলেন। সরল ও অনাড়ম্বর জীবনযাপনের জন্য তিনি ফকির বাদশাহ নামে পরিচিত। তিনি কুরআন নকল ও টুপি সেলাই করে জীবিকা নির্বাহ করতেন।

সুলতান গিয়াসউদ্দিন বলবন (১২৬৬-১২৮৭ খ্রি.)

সুলতান গিয়াসউদ্দিন বিদ্যোৎসাহী ও গুণীজনের পৃষ্ঠপোষক ছিলেন। 'ভারতের তোতা পাখি' নামে পরিচিত আমীর খসরু বলবনের দরবার অলংকৃত করেন।

MCQ Solution

১. ভারতবর্ষে সর্বপ্রথম মুসলিম শাসন প্রতিষ্ঠা করেন- [দুর্নীতি দমন ব্যুরোর সহকারী পরিদর্শক : ০৪]

ক মুহম্মদ বিন কাসিম খ সুলতান মাহমুদ

গ মুহম্মদ ঘুরি ঘ গিয়াস উদ্দিন আজম শাহ

উত্তরঃ গ

Scanned by CamScanner

২. দিল্লি সালতানাতের প্রকৃত প্রতিষ্ঠাতা- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ০৭-০৮ / জাতীয় বিশ্ববিদ্যালয় : ০৭-০৮]
ক কুতুবউদ্দীন আইবেক খ শামসউদ্দিন ইলতুতমিশ
গ গিয়াসউদ্দিন বলবন ঘ আলাউদ্দিন খলজি উত্তর: খ

৩. 'কুতুব মিনার' কোথায় অবস্থিত? [১২তম বেসরকারি প্রভাষক নিবন্ধন : ১৫]
ক চীন খ ভারত
গ বাংলাদেশ ঘ বার্মা উত্তর: খ

৪. দিল্লির সিংহাসনে অধিষ্ঠিত প্রথম মুসলিম নারী কে? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ১৩-১৪ / চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ০৩-০৪]
ক সম্রাজ্ঞী নূরজাহান খ সুলতানা রাজিয়া
গ মমতাজ ঘ যোধা বাঈ উত্তর: খ

খলজী বংশ (১২৯০ - ১৩২০ খ্রি.)



আলাউদ্দিন খলজী (১২৯৬-১৩১৬ খ্রি.)

পর্যটক ইবনে বতুতা আলাউদ্দিন খলজীকে দিল্লীর শ্রেষ্ঠ সুলতান বলে অভিহিত করেছেন। আলাউদ্দিন খলজী জণগণের সার্বিক কল্যাণের জন্য দ্রব্যের মূল্য নিয়ন্ত্রণের উপর হস্তক্ষেপ করেন এবং প্রতিটি দ্রব্যের মূল্য নির্দিষ্ট হারে বেধে দেন। তিনি শিল্পানুরাগী ছিলেন। বিখ্যাত আলাই দরওয়াজা তাঁরই কীর্তি। ঐতিহাসিক জিয়াউদ্দিন বারনী, কবি হোসেন দেহলবী, কবি আমির খসরু প্রমুখ গুণীজন তাঁর পৃষ্ঠপোষকতা লাভ করেন। তিনি প্রথম মুসলমান শাসক হিসাবে দক্ষিণ ভারত জয় করেন। তিনি ১৩০৬ খ্রিস্টাব্দে মালিক কাফুর নেতৃত্বে দক্ষিণাত্যের দেবগিরির রাজা রামচন্দ্রের বিরুদ্ধে সামরিক অভিযান প্রেরণ করেন। যুদ্ধে পরাজিত হয়ে দেবগিরির রাজা দিল্লীর আনুগত্য স্বীকার করে।

BCS Spotlight

MCQ Solution

১. কোন মুসলমান প্রশাসক প্রথম দক্ষিণ ভারত জয় করেন? [শ্রম অধিদপ্তরে অফিসার : ৯৪]
ক আলাউদ্দিন খলজী খ শের শাহ
গ আকবর ঘ আওরঙ্গজেব উত্তর: ক

২. কোন মুসলিম সেনাপতি সর্বপ্রথম দাক্ষিণাত্য জয় করেন? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ০৭-০৮]
ক মালিক কাফুর খ বৈরাম খাঁন
গ শায়েস্তা খাঁন ঘ মীর জুমলা উত্তর: ক


৩. মূল্য ও বাজার নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রবর্তন করেন - [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ০৭-০৮]
ক ইলতুতমিশ খ বলবন
গ আলাউদ্দিন খলজী ঘ মুহম্মদ বিন তুঘলক উত্তর: গ

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

তুঘলক বংশ (১৩২০ - ১৪১৩ খ্রি.)

মোহাম্মদ বিন তুঘলক (১৩২৫-১৩৫১ খ্রি.)

মুহম্মদ বিন তুঘলক অত্যন্ত প্রতিভাশালী শাসক ছিলেন। রাজ্য শাসনের প্রত্যক্ষ অসুবিধা দূর করার জন্য ১৩২৬-২৭ খ্রিস্টাব্দে সাম্রাজ্যের কেন্দ্রীয় রাজধানী দিল্লি থেকে দেবগিরিতে স্থানান্তর করেন। কিন্তু নানাকারণে কর্মচারীদের দেবগিরি পছন্দ না হওয়ায় এবং উত্তর ভারতে মঙ্গলদের আক্রমণ বেড়ে যাওয়ায় তিনি রাজধানী দিল্লিতে ফেরত আনেন। সুলতান সোনা ও রূপার মুদ্রার পরিবর্তে প্রতীক তামার মুদ্রা প্রচলন করে মুদ্রামান নির্ধারণ করে দেন। প্রতীক মুদ্রা জাল না হওয়ার জন্য যে ব্যবস্থা নেওয়া প্রয়োজন তা সে যুগে ছিল না। ফলে ব্যাপকভাবে মুদ্রা জাল হতে থাকে। এজন্য সুলতানকে এ পরিকল্পনা ত্যাগ করতে হয়।



মোহাম্মদ বিন তুঘলকের রৌপ্য মুদ্রা

মাহমুদ শাহ

তুঘলক বংশের শেষ সুলতান ছিলেন মাহমুদ শাহ। বিখ্যাত তুর্কি বীর তৈমুর ছিলেন মধ্য এশিয়ার সমরকন্দের অধিপতি। শৈশবে তাঁর একটি পা খোড়া হয়ে যায় বলে তিনি তৈমুর লঙ নামে অভিহিত। মধ্য এশিয়ায় বিশাল সাম্রাজ্য স্থাপনের লক্ষ্যে ১৩৯৮ সালে তৈমুর ভারত আক্রমণ করেন। তৈমুরকে বাধা দেওয়ার ক্ষমতা মাহমুদ শাহের ছিলনা। তিনি বিনা বাধায় দিল্লিতে প্রবেশ করেন। প্রায় তিনমাস ধরে অবাধ হত্যা ও লুণ্ঠনের পর তিনি বিপুল সম্পদ নিয়ে স্বদেশে ফিরে যান।

খান জাহান আলী

খানজাহান আলী ছিলেন একজন মুসলিম ধর্মপ্রচারক এবং বাংলাদেশের বাগেরহাটের একজন স্থানীয় শাসক। তিনি ১৩৬৯ খ্রিস্টাব্দে দিল্লির এক সম্ভ্রান্ত পরিবারে জন্মগ্রহণ করেন। খান জাহান আলী ১৩৮৯ সালে তুঘলক সেনাবাহিনীতে সেনাপতির পদে যোগদান করেন। তিনি রাজা গণেশকে পরাজিত করে বাংলার দক্ষিণ পশ্চিমাঞ্চলে ইসলামের পতাকা উড্ডীন করেন। তিনি বাগেরহাট জেলায় বিখ্যাত **ষাটগম্বুজ** মসজিদ নির্মাণ করেন। তিনি পঞ্চদশ শতাব্দীতে (১৪৩৫-১৪৫৯ খ্রি:) এটি নির্মাণ করেন। মসজিদের নাম ষাট গম্বুজ হলেও মসজিদে গম্বুজ মোটেও ষাটটি নয়, গম্বুজ মোট ৮১টি। মসজিদের ভিতরে ষাটটি স্তম্ভ বা পিলার আছে। মসজিদের চারকোণায় চারটি মিনার আছে। এটি বাংলাদেশের মধ্যযুগের সবচেয়ে বড় মসজিদ। ১৯৮৩ সালে ইউনেস্কো একে বিশ্ব ঐতিহ্য ঘোষণা করে।



ষাট গম্বুজ মসজিদ

লোদী বংশ (১৪৫১ - ১৫২৬ খ্রি.)

ইব্রাহীম লোদী

১৫২৬ সালে পানিপথের প্রথম যুদ্ধে বাবরের নিকট দিল্লির লোদী বংশের সর্বশেষ সুলতান ইব্রাহীম লোদীর পরাজয়ের মাধ্যমে দিল্লীর সালতানাতের পতন ঘটে।

Scanned by CamScanner

MCQ Solution

১. ভারতে প্রথম প্রতীক মুদ্রা প্রবর্তন করেন - [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ০৭-০৮]
ক শেরশাহ খ মুহম্মদ বিন তুঘলক
গ ইলতুতমিশ ঘ লর্ড কর্নওয়ালিস
উত্তর: খ

২. দিল্লি থেকে রাজধানী দেবগিরিতে স্থানান্তর করেন কে? [জাতীয় বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা : ০৭-০৮ / স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন কারা তত্ত্বাবধায়ক : ০৫]
ক সম্রাট আকবর খ মুহাম্মদ বিন তুঘলক
গ সম্রাট জাহাঙ্গীর ঘ সুলতান ইলিয়াস শাহ
উত্তর: খ

৩. মুহম্মদ বিন তুঘলক রাজধানী স্থানান্তর করেন- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৮-০৯]
ক কারাচিতে খ দেবগিরিতে
গ নগর কোটে ঘ ঘোড়াশালে
উত্তর: খ

৪. তৈমুর লঙ ভারত আক্রমণ করেন- [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (ডালিয়া) : ১২]
ক ১৬৯৮ সালে খ ১৫৯৮ সালে
গ ১৩৯৮ সালে ঘ ১২৯৮ সালে
উত্তর: গ

৫. বাংলাদেশের সবচেয়ে বড় মধ্যযুগীয় মসজিদ কোনটি? [বাতিলকৃত ২৪ তম বিসিএস]
ক কুসুম্বা মসজিদ খ বড় সোনা মসজিদ
গ ষাট গম্বুজ মসজিদ ঘ সাত গম্বুজ মসজিদ
উত্তর: গ

৬. কে 'ষাট গম্বুজ' মসজিদটি নির্মাণ করেন? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (করভোয়া, মিসিসিপি) : ১৩/ রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (শাপলা) : ১১ / রাজশাহী বিশ্ববিদ্যালয় (ব্যবস্থাপনা বিভাগ) : ০৮-০৯]
ক হযরত আমানত শাহ খ বায়েজীদ বোস্তামী
গ পীর খান জাহান আলী ঘ সুফী শাহ মখদুম
উত্তর: গ

৭. ষাট গম্বুজ মসজিদ কোথায় অবস্থিত? [বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক : ১৪/ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ১২-১৩ / খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক : ১২ / চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৮-০৯]
ক বাগেরহাট খ সিলেট
গ খুলনা ঘ চুয়াডাঙ্গা
উত্তর: ক

BCS Spotlight

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

মুঘল সাম্রাজ্য (১৫২৬ - ১৮৫৭ খ্রি.)

জহিরুদ্দিন মুহম্মদ বাবর ১৫২৬ সালে ইব্রাহীম লোদীকে প্রথম পানিপথের যুদ্ধে পরাজিত করে মুঘল সাম্রাজ্য প্রতিষ্ঠা করেন।

পানিপথের যুদ্ধ

পানিপথ উত্তর-পশ্চিম ভারতের হরিয়ানা রাজ্যের একটি শহর। এটি দিল্লি থেকে ৯০ কিমি. উত্তরে যমুনা নদীর তীরে অবস্থিত। এখানে ভারতীয় উপমহাদেশের ইতিহাসে পানিপথের যুদ্ধ হিসেবে খ্যাত তিনটি গুরুত্বপূর্ণ যুদ্ধ সংঘটিত হয়।

যুদ্ধ	পানিপথের প্রথম যুদ্ধ	পানিপথের দ্বিতীয় যুদ্ধ	পানিপথের তৃতীয় যুদ্ধ
প্রতিপক্ষ	বাবর	আকবরের সেনাপতি বৈরাম খান	আহমদ শাহ আবদালি
	ইব্রাহিম লোদী	আফগান নেতা হিমু	মারাঠা*
সময়কাল	১২ এপ্রিল, ১৫২৬	১৫৫৬ সাল	১৭৬১ সাল
ফলাফল	ইব্রাহীম লোদী পরাজিত ও নিহত হন। বাবর এই যুদ্ধে ভারতের ইতিহাসে প্রথম কামান ব্যবহার করেন।	হিমু পরাজিত ও নিহত হন। আকবর দিল্লি অধিকার করেন।	মারাঠা শাসকদের পেশোয়া বলে। আহমদ শাহ আবদালি মারাঠাদিগকে পরাজিত করেন।

MCQ Solution

১. কোন যুদ্ধের মাধ্যমে ভারতের মুঘল সাম্রাজ্যের পত্তন ঘটেছিল? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৯-১০]
ক পানিপথের প্রথম যুদ্ধ খ পানিপথের দ্বিতীয় যুদ্ধ
গ দ্বিতীয় তরাইনের যুদ্ধ ঘ পানিপথের তৃতীয় যুদ্ধ
উত্তর: ক

২. প্রথম পানি পথের যুদ্ধ কখন হয়? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ০৭-০৮/ শ্রম অধিদরের রেজিস্ট্রার : ০০]
ক ১৫৫৬ খ্রিস্টাব্দে খ ১৬২১ খ্রিস্টাব্দে
গ ১৫২৬ খ্রিস্টাব্দে ঘ ১৫৩৬ খ্রিস্টাব্দে
উত্তর: গ

৩. বাবর উপমহাদেশে মুঘল সাম্রাজ্যের প্রতিষ্ঠা করেন- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৮-০৯]
ক ১৫১৬ সালে খ ১৫২২ সালে
গ ১৫২৬ সালে ঘ ১৫২৮ সালে
উত্তর: গ

৪. বাবর দিল্লির সিংহাসন অধিকার করেন - [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ১২-১৩]
ক ১৫২২ সালে খ ১৫২৪ সালে
গ ১৫২৮ সালে ঘ ১৫২৬ সালে
উত্তর: ঘ

৫. ১৫২৬ খ্রিস্টাব্দে পানি পথের প্রথম যুদ্ধে বাবর কাকে পরাজিত করেন? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (নাগলিঙ্গম) : ১২/ ডাক ও টেলিফোন মন্ত্রণালয়ের টেলিফোন বোর্ডের সহকারী পরিচালক : ৯৫]
ক রানা প্রতাপ সিংহ খ ইব্রাহিম লোদী
গ শিবাজি ঘ বৈরাম খাঁ
উত্তর: খ

BCS Spotlight

Scanned by CamScanner

৬. কোন যুদ্ধে ইব্রাহিম লোদী বাবরের কাছে পরাজিত হয়? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ১৩-১৪]
ক খানুয়ার যুদ্ধে খ পানি পথের প্রথম যুদ্ধে
গ তরাইনের যুদ্ধে ঘ পানি পথের দ্বিতীয় যুদ্ধে
উত্তর: খ

৭. ভারতের কোন যুদ্ধে প্রথম কামানের ব্যবহার হয়? [জাতীয় বিশ্ববিদ্যালয় (মানবিক) : ০৩-০৪]
ক পলাশীর যুদ্ধে খ চৌসারের যুদ্ধে
গ পানিপথের প্রথম যুদ্ধে ঘ পানিপথের দ্বিতীয় যুদ্ধে
উত্তর: গ

৮. পানিপথ অবস্থিত- [সাব-রেজিস্ট্রার : ০১]
ক মুলতানের অদূরে খ পেশোয়ারের অদূরে
গ দিল্লির অদূরে ঘ কাবুলের অদূরে
উত্তর: গ

৯. পানিপথের যুদ্ধ হয়েছিল কোন নদীর তীরে? [কর্মসংস্থান ব্যাংকের সহকারী অফিসার : ০১]
ক মেঘনা খ গঙ্গা
গ যমুনা ঘ সিন্ধু
উত্তর: গ

১০. পানি পথের দ্বিতীয় যুদ্ধ কোন সালে সংঘটিত হয়? [জাতীয় বিশ্ববিদ্যালয় (মানবিক) : ০৪-০৫]
ক ১৫২৬ খ ১৫২৫
গ ১৫৫৬ ঘ ১৭৬৩
উত্তর: গ

১১. কোন যুদ্ধে আকবর দিল্লি জয় করেন? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ০৭-০৮]
ক পানিপথের প্রথম যুদ্ধ খ পানিপথের দ্বিতীয় যুদ্ধ
গ খনুয়ার যুদ্ধ ঘ হলদিঘাটের যুদ্ধ
উত্তর: খ

১২. তৃতীয় পানি পথের যুদ্ধে কে কাকে পরাজিত করে? [শ্রম অধিদরের রেজিস্ট্রার : ০০]
ক বাবর ইব্রাহিম লোদিকে খ আকবর হিমুকে
গ আকবর রানা প্রতাপকে ঘ আহমদ শাহ আবদালি মারাঠাদিগকে
উত্তর: ঘ


১৩. পানি পথের তৃতীয় যুদ্ধ হয় - [পল্লী উন্নয়ন বোর্ডের মাঠ সংগঠক : ১৪/ ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৫-০৬/ প্রধানমন্ত্রীর কার্যালয়ে পার্সোনাল অফিসার : ০৪ / চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৩-০৪]
ক ১৫২৬ সালে খ ১৫৫৬ সালে
গ ১৭৬১ সালে ঘ ১৭৬৫ সালে
উত্তর: গ

১৪. মারাঠা শাসকের উপাধি ছিল- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৮-০৯]
ক রাজা খ পেশোয়া
গ সম্রাট ঘ বাদশাহ
উত্তর: খ

BCS Spotlight

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

এক নজরে মুঘলদের বংশ তালিকা



BCS Spotlight

MCQ Solution

১. **Who was the founder of Mughal emperor?** [Trust Bank Ltd. Trainee Asst. Cash Officer : 12]

Or,

ভারতবর্ষে মুঘল সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা কে? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৩-১৪/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (করতোয়া) : ১২/ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীনে মেডিকেল অফিসার : ০৩/ ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০০-০১]

ⓐ Jahangir ⓑ Akbar
ⓒ Babar ⓓ Humayun **Ans.** c

২. **মুঘল শাসনামলের কোন ক্রমটি ঠিক আছে?** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৩ - ১৪]

ⓚ বাবর-হুমায়ুন-জাহাঙ্গীর-আকবর ⓛ বাবর-জাহাঙ্গীর-হুমায়ুন-শাহজাহান
ⓜ বাবর-হুমায়ুন-আকবর-জাহাঙ্গীর ⓝ বাবর-আকবর-জাহাঙ্গীর-শাহজাহান **উত্তরঃ** গ

Scanned by CamScanner

৩. সম্রাট শাহজাহান মুঘল বংশের কততম শাসক? [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৫-০৬]
ক তৃতীয় খ চতুর্থ
গ পঞ্চম ঘ ষষ্ঠ উত্তর: গ

৪. মুঘল সম্রাট আকবরের পিতামহ কে ছিলেন? [মাধ্যমিক বিদ্যালয় সহকারী প্রধান শিক্ষক : ০৩]
ক বাবর খ হুমায়ুন
গ বৈরাম খাঁ ঘ জাহাঙ্গীর উত্তর: ক

৫. শাহজাহানের কনিষ্ঠ পুত্র- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ০৭-০৮]
ক দারা খ মুরাদ
গ সুজা ঘ আওরঙ্গজেব উত্তর: খ

৬. কে বাদশাহ আলমগীরের ভাই ছিলেন না? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৩-০৪]
ক সুজা খ মুরাদ
গ শেরশাহ ঘ দারা উত্তর: গ

৭. **Who was the last Mughal Emperor?** [SIBL Probationary Officer: 13/ RAKUB Senior Officer : 11/ Grameen Bank Senior Officer : 10/ Rupali Bank Ltd. Senior Officer : 10]

Or,

Who was the last emperor of Mughal Reign? [PKSF Assistant Manager : 14]

Or,

শেষ মুঘল সম্রাটের নাম কি? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ১২-১৩ / রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৮-০৯ / চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৫-০৬]
ক আওরঙ্গজেব খ দ্বিতীয় শাহ আলম
গ দ্বিতীয় আকবর ঘ দ্বিতীয় বাহাদুর শাহ উত্তর: ঘ

৮. **Which of the following was not a Mughal Emperor?/ নিচের কোন ব্যক্তি মুঘল সম্রাট ছিলেন না?** [Standard Bank Ltd. Officer : 06]
ⓐ Akbar ⓑ Bahadur Shah ⓒ Isha Khan
ⓓ Babar ⓔ Humayun **Ans. c**

জহির উদ্দিন মুহম্মদ বাবর (১৫২৬-১৫৩০ খ্রি.)



জহির উদ্দিন মুহম্মদ সাহসিকতা ও নির্ভীকতার জন্য ইতিহাসে 'বাবর' নামে প্রসিদ্ধি লাভ করেছেন। বর্তমান রুশ-তুর্কিস্তানের অন্তর্গত ফারগানায় বাবরের জন্ম। তিনি পিতার দিক হতে তৈমুর লঙ এবং মায়ের দিক থেকে চেঙ্গিস খানের বংশধর ছিলেন। বাবর মুঘল সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা। 'তুযক-ই-বাবুর' বা বাবুরের আত্মজীবনী নামক গ্রন্থে বাবুর তাঁর জীবনের জয়পরাজয়ের ইতিহাস অতি সুন্দরভাবে লিপিবদ্ধ করেছেন।

নাসির উদ্দিন মুহম্মদ হুমায়ুন (১৫৩০-১৫৪০ খ্রি.)

বাবরের মৃত্যুর পর তাঁর জ্যেষ্ঠ পুত্র হুমায়ুন দিল্লীর সিংহাসনে আরোহণ করেন। ১৫৩৮ খ্রিষ্টাব্দে সম্রাট হুমায়ুন বাংলায় প্রবেশ করেন এবং গৌড় অধিকার করেন। তিনি গৌড় নগরের অপরূপ সৌন্দর্য এবং এর অপরূপ জলবায়ুর উৎকর্ষ দেখে মুগ্ধ হন। তিনি গৌড় নগরীর নাম পরিবর্তন করে 'জান্নাতাবাদ' রাখেন। তিনি বাংলায় আটমাস অবস্থান করে দিল্লির দিকে যাত্রা করেন।

BCS Spotlight

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

কিন্তু পথিমধ্য বক্সারের নিকটবর্তী চৌসা নামক স্থানে শেরশাহ হুমায়ুনকে অতর্কিত আক্রমণ করেন। চৌসারের যুদ্ধে (১৫৩৯ সাল) পরাজিত হয়ে হুমায়ুন কোনোক্রেমে প্রাণ নিয়ে দিল্লি পৌছেন। পরের বছর (১৫৪০ সাল) শেরশাহের বিরুদ্ধে আবার অভিযান পরিচালনা করেন। কিন্তু কনৌজের নিকট বিলগ্রামের যুদ্ধে তিনি আবার পরাজিত হন। বিজয়ী শেরশাহ দিল্লির সিংহাসনে আরোহণ করেন। শেরশাহ ভারতে পাঠান শাসন প্রতিষ্ঠা করেন। পারস্য সম্রাটের সহায়তায় হুমায়ুন ১৫৫৫ সালে পুনরায় দিল্লি দখল করেন। ১৫৫৬ সালে দিল্লির অদূরে তাঁর নির্মিত দীন পানাহ দূর্গের পাঠাগারের সিড়ি থেকে পড়ে গিয়ে তাঁর মৃত্যু হয়।



সম্রাট হুমায়ুন

সম্রাট জালাল উদ্দিন আকবর (১৫৫৬-১৬০৫ খ্রি.)

১৫৫৬ সালের ১৪ ফেব্রুয়ারি মাত্র ১৩ বছর বয়সে আকবর দিল্লির সিংহাসনে আরোহণ করেন। হুমায়ুনের মৃত্যুর পর বৈরাম খান আকবরের রাজপ্রতিনিধি নিযুক্ত হন। এজন্য আকবর অনুরাগবশত তাকে খান ই বাবা (Lord Father) বলে ডাকতেন। হুমায়ুনের মৃত্যুর পর হিমু দিল্লির মুঘল শাসনকর্তাকে পরাজিত করে দিল্লি ও আগ্রা অধিকার করেন এবং স্বাধীনভাবে রাজত্ব শুরু করেন। ১৫৫৬ সালে পানিপথের দ্বিতীয় যুদ্ধে আকবর হিমুকে পরাজিত করেন। এ যুদ্ধের ফলে আকবর দিল্লি অধিকার করেন। সম্রাট আকবরের রাজত্বকালে মুঘল সাম্রাজ্য সর্বাধিক বিস্তার লাভ করে। আকবর ১৫৭৬ সালে বাংলা জয় করেন। অমুসলমানদের উপর ধার্য সামরিক করকে জিজিয়া কর বলে। সম্রাট আকবর রাজপুত ও হিন্দুদের বন্ধুত্ব অর্জন করার জন্য তীর্থ ও জিজিয়া কর রহিত করেন। তিনি রাজপুত কন্যা যোধাবাঈকে বিবাহ করেন। তিনি রাজপুতদের বিভিন্ন উচ্চপদে অধিষ্ঠিত করেন। ১৫৮২ খ্রিস্টাব্দে সকল ধর্মের সার সম্বলিত 'দীন-ই-ইলাহী' নামক নতুন একেশ্বরবাদী ধর্মমত প্রবর্তন করেন।



সম্রাট আকবর

ভারতে ইসলামী শাসনামলে হিজরী পঞ্জিকা অনুসারে সকল কাজকর্ম হতো। মোঘল সম্রাট আকবর প্রচলিত হিজরী চান্দ্র পঞ্জিকাকে সৌরপঞ্জিকায় রূপান্তরিত করার সিদ্ধান্ত নেন। সম্রাট আকবর ইরান থেকে আগত বিশিষ্ট বিজ্ঞানী এবং জ্যোতির্বিদ ওমর ফতুল্লাহ শিরাজীকে হিজরী চান্দ্র বর্ষপঞ্জীকে সৌর বর্ষপঞ্জীতে রূপান্তরিত করার দায়িত্ব প্রদান করেন। ওমর ফতুল্লাহ শিরাজীর সুপারিশে সম্রাট আকবর ৯৯২ হিজরী (১৫৮৪ খ্রিস্টাব্দ) - এ বাংলা সৌর বর্ষপঞ্জীর প্রবর্তন করেন। তবে তিনি ২৯ বছর পূর্বে তাঁর সিংহাসনে আরোহণের দিন থেকে এ পঞ্জিকা প্রচলনের নির্দেশ দেন। এজন্য ৯৬৩ হিজরী সাল থেকে বঙ্গাব্দ গণনা শুরু হয়। সম্রাট আকবর মনসবদারী প্রথা চালু করেন। সম্রাটের রাজসভার সদস্যদের মধ্য আবুল ফজল, ফৈজী, টোডরমল, বীরবল, মানসিংহ প্রভৃতি ব্যক্তিবর্গের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। রাজস্ব মন্ত্রী টোডরমল রাজস্ব ক্ষেত্রে সংস্কারের জন্য ইতিহাসে অমর হয়ে আছেন। আবুল ফজল রচিত বিখ্যাত গ্রন্থ 'আইন-ই-আকবরী'। আকবরের রাজসভার গায়ক ছিলেন তানসেন। তানসেনকে 'বুলবুল-ই-হিন্দ' বলা হয়। আকবরের রাজসভার বিখ্যাত কৌতুককার ছিলেন বীরবল। ১৬০৫ খ্রি. সম্রাট আকবর মৃত্যুবরণ করেন। আগ্রার সেকেন্দ্রায় তাঁকে সমাহিত করা হয়।

Scanned by CamScanner

আবওয়াব : আবওয়াব আরবি ও ফারসি 'বাব' শব্দের বহুবচন। এর আভিধানিক অর্থ দরজা, বিভাগ, অধ্যায়, সম্মানী, নির্ধারিত করের অতিরিক্ত দেয় কর ইত্যাদি। মুঘল আমলে ভারতে নিয়মিত করের অতিরিক্ত সরকার কর্তৃক আরোপিত সকল সাময়িক ও আবস্থিককর এবং অন্যান্য ধার্যকৃত অর্থকে বলা হতো আবওয়াব।

সেলিম নূর উদ্দিন মুহম্মদ জাহাঙ্গীর (১৬০৫-১৬২৭ খ্রি.)



সম্রাট আকবর বাংলা জয় করলেও সারা বাংলায় মুঘল শাসন সুপ্রতিষ্ঠিত হয়নি। সম্রাট জাহাঙ্গীর বাংলায় মুঘল শাসন সুপ্রতিষ্ঠিত করেন। তিনি এদেশের সরকারি কাজে ফারসি ভাষা চালু করেন। সম্রাট জাহাঙ্গীরের সাথে নূরজাহানের বিবাহ মুঘল সম্রাজ্যের ইতিহাসে একটি গুরুত্বপূর্ণ ঘটনা। নূরজাহান অপূর্ব রূপবতী ও গুণবতী মহিলা ছিলেন। নূরজাহানের বাল্য নাম ছিল মেহেরুন নেছা। ১৬২৭ খ্রিষ্টাব্দে সম্রাট জাহাঙ্গীর মৃত্যুবরণ করেন। তার সমাধি লাহোরে অবস্থিত। সম্রাট জাহাঙ্গীরের আত্মজীবনীমূলক গ্রন্থ 'তুজুক-ই-জাহাঙ্গীর'।

শাহজাহান ওরফে খুররম (১৬২৮-১৬৫৮ খ্রি.)

মমতাজ ছিলেন সম্রাট শাহজাহানের স্ত্রী। শাহজাহান তার স্ত্রীকে প্রাণাধিক ভালবাসতেন। সম্রাজ্ঞী ১৬৩১ সালে শেষ নিঃশেষ ত্যাগ করেন। সম্রাট তার প্রিয়তমার মৃত্যুতে গভীর আঘাত পান। তিনি আগ্রার যমুনা নদীর তীরে পত্নীপ্রেমের অক্ষয়কীর্তি তাজমহল নির্মাণ করেন। মণি মুক্তা খচিত স্বর্ণমন্ডিত ময়ুর সিংহাসন সম্রাট শাহজাহানের অমর সৃষ্টি। সম্রাট শাজাহানের মুকুটে বিশ্ববিশ্রুত অপূর্ব 'কোহিনুর' হীরা শোভা বর্ধন করত। সম্রাট শাহজাহান দিল্লিতে লাল কেল্লা, জাম-ই-মসজিদ, দিওয়ান-ই-আম, দিওয়ান-ই-খাস, আগ্রায় মতি মসজিদ এবং লাহোরে সালিমার উদ্যান নির্মাণ করেন। এজন্য তাঁকে Prince of Builders বলা হয়।



আওরঙ্গজেব (১৬৫৮-১৭০৭ খ্রি.)

উত্তরাধিকার সংক্রান্ত যুদ্ধ : শাহজাহানের স্ত্রী মমতাজ মহলের গর্ভে চারপুত্র ও দুইকন্যা জন্মগ্রহণ করেছিলেন। পুত্রদের নাম দারা, সুজা, আওরঙ্গজেব ও মুরাদ। কন্যাদের নাম ছিল জাহান আরা ও রওশন আরা। ভ্রাতৃযুদ্ধে জাহান আরা দারার পক্ষ এবং রওশন আরা আওরঙ্গজেবের পক্ষ সমর্থন করে। যুদ্ধে অপর ভাইদের পরাজিত করে আওরঙ্গজেব ক্ষমতা দখল করেন। সম্রাট আওরঙ্গজেব অতিশয় ধর্মপ্রাণ মুসলমান ছিলেন। এজন্য তাঁকে 'জিন্দাপীর' বলা হয়। তিনি জিজিয়া কর পুনঃস্থাপন করেন। সম্রাট আওরঙ্গজেব এর ভ্রাতা শাহ সুজা বাংলার সুবাদার ছিলেন।



সম্রাট শাজাহান তাঁর পুত্র আওরঙ্গজেবকে যোগ্যতার স্বীকৃতিস্বরূপ 'আলমগীর' নামক তরবারী প্রদান করেন। বাংলার সুবাদার মীর জুমলা ১৬৬১ খ্রি. বিনাযুদ্ধে কুচবিহার মুঘল সাম্রাজ্যের অন্তর্ভুক্ত করেন। এসময় কুচবিহারের নাম রাখা হয়েছিল 'আলমগীরনগর'।

BCS Spotlight

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

মুহম্মদ শাহ

দুর্বল ও অকর্মণ্য মুঘল সম্রাট মুহম্মদ শাহ এর আমলে (১৭৩৯ খ্রিস্টাব্দে) পারস্যের নাদির শাহ ভারত আক্রমণ করেন। নাদিরশাহ ভারত হতে মহামূল্যবান কোহিনুর হীরা, ময়ূর সিংহাসন এবং প্রচুর ধনরত্ন পারস্যে নিয়ে যান।



দ্বিতীয় বাহাদুর শাহ (১৮৩৭-১৮৫৭ খ্রি.)

শেষ মুঘল সম্রাট ছিলেন দ্বিতীয় বাহাদুর শাহ। সিপাহি বিদ্রোহের পর ১৮৫৮ খ্রিষ্টাব্দে তাঁকে রেঙ্গুনে (বর্তমান ইয়াঙ্গুনে) নির্বাসন দেওয়া হয়। ১৮৬২ সালে তিনি রেঙ্গুনে নির্বাসিত অবস্থায় মৃত্যুবরণ করেন। রেঙ্গুনেই তাঁকে সমাহিত করা হয়।

MCQ Solution

১. মোগল সম্রাট বাবরের পুরো নাম কি? [বহির্গমন ও পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক : ১১]

ক তৈমুর লং খ জহিরউদ্দীন
গ জালালউদ্দীন ঘ সামসুদ্দীন **উত্তর: খ**

২. মুঘল সম্রাটদের মধ্যে আত্মজীবনী রচনা করেছিলেন- [জাতীয় বিশ্ববিদ্যালয় (মানবিক) : ০৮-০৯]

ক বাবুর খ আকবর
গ শাহজাহান ঘ আওরঙ্গজেব **উত্তর: ক**

৩. কোন মুঘল সম্রাট বাংলার নাম দেন 'জান্নাতাবাদ'? [১০তম বিসিএস/ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (দাজলা, রাইন) : ১৩ / চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০২-০৩]

ক বাবর খ হুমায়ুন
গ আকবর ঘ জাহাঙ্গীর **উত্তর: খ**

৪. কোন মোঘল সম্রাট বাংলাকে 'জান্নাতুল সুবাহ' (বা স্বর্গীয় প্রদেশ) বলে আখ্যায়িত করেছিলেন? [শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা : ০৭-০৮]

ক বাবর খ হুমায়ুন
গ আকবর ঘ জাহাঙ্গীর **উত্তর: খ**

৫. **Which Mughal Emperor visited Dhaka?/ কোন মুঘল সম্রাট ঢাকায় আসেন?** [Mercantile Bank Ltd. Officer : 09]

ⓐ Babar ⓑ Akbar ⓒ Jahangir
ⓓ Shajahan ⓔ None of these **Ans.** e

ব্যাখ্যা: সম্রাট হুমায়ুন বাংলায় আসলেও ঢাকায় আসেন নি।

৬. আকবর দিল্লির সিংহাসনে বসার সময় তার বয়স ছিল- [গণযোগাযোগ অধিদপ্তরে সহকারী তথ্য অফিসার : ০৫ / শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীনে মেডিকেল অফিসার : ০৩]

ক ১৭ বছর খ ১৬ বছর
গ ১৩ বছর ঘ ১৪ বছর **উত্তর: গ**

৭. কোন মোঘল সম্রাটের সময় সাম্রাজ্যের সর্বাপেক্ষা বেশি বিস্তার ঘটে? [জাতীয় বিশ্ববিদ্যালয় (মানবিক) : ০৩- ০৪]

ক বাবর খ আকবর
গ আওরঙ্গজেব ঘ শাজাহান **উত্তর: খ**

BCS Spotlight

Scanned by CamScanner

৮. কোন মুঘল সম্রাট প্রথম বাংলা জয় করেন? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৩-১৪]
ক বাবর খ হুমায়ুন
গ আকবর ঘ জাহাঙ্গীর উত্তর: গ

৯. কোন সনে সম্রাট আকবর বাংলার শাসনভার গ্রহণ করেন? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৭-০৮]
ক ১৫৭৫ খ ১৫৭২
গ ১৫৫৬ ঘ ১৫৭৬ উত্তর: ঘ

১০. বাংলা নববর্ষ পহেলা বৈশাখ কে চালু করেন? [২৬তম বিসিএস / পরিবার কল্যাণ পরিদর্শিকা : ১৫ / বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান অ্যাসিসটেন্ট অফিসার : ১৪/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৩-১৪]

Or,

Which Mughal Emperor initiated the celebration of Bengali new year? [Southeast Bank Ltd. Officer : 11/ Sonali, Janata, Agrani Bank Ltd. Senior Officer: 08]

Or,

Who introduced Bengali New year (Beginning of 1st Baishakh)? [IFIC Bank Ltd. Officer (Cash) : 13/ Bangladesh Bank Officer : 01]

ক আকবর খ বিজয় সেন
গ লক্ষ্মণ সেন ঘ ইলিয়াস শাহ উত্তর: ক

১১. বাংলা সনের প্রবর্তক কে? [৩১তম বিসিএস / অগ্রণী ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১৫ / বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা : ১৩/ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী : ১৩]

Or,

Who introduced the Bangla calendar? [Bank Asia Ltd. MTO : 11]

ক জাহাঙ্গির খ আকবর
গ শেরশাহ ঘ আওরঙ্গজেব উত্তর: খ

১২. বাংলা সনের প্রবর্তক কে? [শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীনে সহকারী শ্রম অফিসার : ০৩]
ক টোডরমল খ ফতেহুল্লাহ সিরাজী
গ আবুল ফজল ঘ ফৈজী উত্তর: খ

১৩. **'*Din-i-Ilahi*' was the name of a- / 'দীন-ই-ইলাহী' কিসের নাম?** [Al-Arafah Islami Bank Ltd. MTO : 11]

ⓐ Mosque (মসজিদ) ⓑ Cottage (কুটির)
ⓒ Saint (দরবেশ) ⓓ Religion (ধর্ম) **Ans. d**

১৪. 'দীন-ই-ইলাহী' প্রবর্তন করেন- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ০৭-০৮/ সাব-রেজিস্ট্রার : ০১]
ক সম্রাট জাহাঙ্গীর খ সম্রাট শাহজাহান
গ সম্রাট আকবর ঘ সম্রাট আওরঙ্গজেব উত্তর: গ

১৫. টোডরমেলের নাম কোন সংস্কারের সঙ্গে জড়িত? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৮-০৯]
ক ধর্মীয় খ সামরিক
গ রাজস্ব ঘ সামাজিক উত্তর: গ

১৬. টোডরমল কে? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (নৃবিজ্ঞান বিভাগ) : ০৯-১০]
ক আকবরের ধর্মমন্ত্রী খ আকবরের অর্থমন্ত্রী
গ আকবরের পরিকল্পনা মন্ত্রী ঘ আকবরের সমরমন্ত্রী উত্তর: খ

BCS Spotlight

Scanned by CamScanner

১৭. **Ain-i-Akbori is written by -** [Shahjalal Islami Bank Trainee Ass. Officer : 04]

Or,

ঐতিহাসিক গ্রন্থ 'আইন-ই-আকবরী' -এর রচয়িতা কে? [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স- এর কার্যালয়ের অধীন জুনিয়র অডিটর : ১৪/ টেলিফোন বোর্ডের সহকারী পরিচালক : ০৪]

ⓐ Firdausi ⓑ Abul Fazal
ⓒ Ghalib ⓓ None of the above **Ans. b**

১৮. 'জিজিয়া' ছিল- [জাতীয় বিশ্ববিদ্যালয় (মানবিক) : ০৮-০৯]

ক বাণিজ্য কর খ অমুসলমানদের উপর ধার্য ভূমি কর
গ উৎসব কর ঘ অমুসলমানদের উপর ধার্য সামরিক কর **উত্তর: ঘ**

১৯. কোন মোঘল সম্রাট 'জিজিয়া কর' রহিত করেন? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (সুরমা) : ১২]

ক হুমায়ুন খ আকবর
গ শাহজাহান ঘ আওরঙ্গজেব **উত্তর: খ**

২০. 'বুলবুল-ই-হিন্দ' কাকে বলা হয়? [জাতীয় সংসদ সচিবালয়ের সহকারী পরিচালক : ০৬/ ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৪-০৫]

ক তানসেনকে খ আমীর খসরুকে
গ আবুল ফজলকে ঘ গালিবকে **উত্তর: ক**

২১. সম্রাট আকবরের সমাধি কোথায়? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৪-১৫/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (ঙ ইউনিট) : ১৩-১৪]

ক সেকান্দ্রা খ আগ্রা
গ অমরকোট ঘ ফতেহপুর সিকরী **উত্তর: ক**

২২. বাংলার মুসলিম শাসনামলে 'আবওয়াব' শব্দটি কোন ক্ষেত্রে ব্যবহৃত হতো? [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১২- ১৩]

ক নদী খ পানি
গ খাজনা ঘ জমি **উত্তর: গ**

২৩. এ দেশের সরকারি কাজে 'ফারসি' ভাষা চালু করেন কে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (করতোয়া) : ১২]

ক হুসেন শাহ খ সম্রাট জাহাঙ্গীর
গ রাজা টোডরমল ঘ ইংরেজরা **উত্তর: খ**

২৪. মোগল সম্রাট জাহাঙ্গীরের সমাধি কোথায়? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (প্রত্নতত্ত্ব) : ১৩-১৪]

ক দিল্লিতে খ আগ্রায়
গ লাহোরে ঘ পাঞ্জাবে **উত্তর: গ**

২৫. 'তাজমহল'-কে প্রতিষ্ঠা করেছেন? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ক্ষুদ্র ও মানবিক অনুষদ) : ১২-১৩]

ক আকবর খ জাহাঙ্গীর
গ শাহজাহান ঘ আওরঙ্গজেব **উত্তর: গ**

২৬. 'ময়ূর সিংহাসন' এর নির্মাতা - [কারা অধিদপ্তরের কারা তত্ত্বাবধায়ক : ১৩/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ০৭-০৮]

ক আকবর খ শাহজাহান
গ হুমায়ুন ঘ আওরঙ্গজেব **উত্তর: খ**

২৭. আগ্রার দুর্গের নির্মাতা কে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (হেমন্ত) : ১০]

ক সম্রাট শাহজাহান খ সম্রাট হুমায়ুন
গ সম্রাট আওরঙ্গজেব ঘ সম্রাট জাহাঙ্গীর **উত্তর: ক**

BCS Spotlight

Scanned by CamScanner

২৮. ভারতের যে সম্রাটকে 'আলমগীর' বলা হতো- [পাসপোর্ট এন্ড ইমিগ্রেশন অধিদপ্তরের সহকারী পরিচালক : ০০]
ক শাহজাহান খ বাবর
গ বাহাদুর শাহ ঘ আওরঙ্গজেব
উত্তর: ঘ

২৯. চারপুত্রের পিতা চিংকিং রোয়াজার মৃত্যুর পর গোত্র প্রধান হওয়ার লড়াইয়ে বিজয়ী হন তৃতীয় পুত্র মংশিং রোয়াজা। এর সাথে যে ভারত সম্রাটের সিংহাসনে আসীন হওয়ার ঘটনার মিল আছে, তিনি হলেন – [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ১৩-১৪]
ক আকবর খ আওরঙ্গজেব
গ শাহজাহান ঘ বাবর
উত্তর: খ

৩০. শাহজাহানের কন্যা জাহান আরা কোন ভ্রাতাকে সমর্থন করেছিলেন? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৮-০৯]
ক মুরাদ খ সুজা
গ দারা ঘ আওরঙ্গজেব
উত্তর: গ

৩১. সম্রাট শাহজাহানের কোন পুত্র বাংলার শাসনকর্তা ছিলেন? [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স- এর কার্যলয়ের অধীন জুনিয়র অডিটর : ১৪]
ক দারা খ শাহ সুজা
গ মুরাদ ঘ আওরঙ্গজেব
উত্তর: খ

৩২. আলমগীরনগর কোথায় প্রতিষ্ঠিত হয়েছিল? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (প্রত্নতত্ত্ব) : ১২-১৩]
ক পাণ্ডুয়া খ বিহার
গ লক্ষণাবতী ঘ কুচবিহার
উত্তর: ঘ

৩৩. নাদির শাহ ভারত আক্রমণ করেছিলেন কোন সালে? [বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালক : ৯০]
ক ১৭৬১ খ ১৭৯৩
গ ১৭৩৯ ঘ ১৭৬০
উত্তর: গ

৩৪. যে বিদেশি রাজা ভারতের কোহিনুর মণি ও ময়ুর সিংহাসন লুট করেন- [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন সহকারী পরিচালক : ০৬/ পরিবেশ ও বন মন্ত্রণালয়ের অধীন রিসার্চ অফিসার : ০৬/ ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৪-০৫]
ক আহমদ শাহ আবদালি খ নাদির শাহ
গ দ্বিতীয় শাহ আব্বাস ঘ সুলতান মাহমুদ
উত্তর: খ

৩৫. দ্বিতীয় বাহাদুর শাহকে নির্বাসিত করা হয়- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ০৭-০৮]
ক গোয়ায় খ আন্দামানে
গ থাইল্যান্ডে ঘ রেঙ্গুনে
উত্তর: ঘ

৩৬. **Which Mughal emperor is laid in rest in Yangon?/ কোন মুঘল সম্রাটকে ইয়াঙ্গুনে সমাহিত করা হয়?** [EXIM Bank Ltd. Officer : 09]
ⓐ Bahadur Shah ⓑ Sher Shah
ⓒ Elias Shah ⓓ Jafar Shah
ⓔ None of them
Ans. a

৩৭. শেষ মোঘল সম্রাট বাহাদুর শাহের কবর কোথায়? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক : ১৫ / চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি ১ ইউনিট) : ১৩-১৪/ শ্রম অধিদপ্তরে জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো উপসহকারী পরিচালক : ০১]
ক দিল্লি খ আগ্রা
গ ইয়াঙ্গুন ঘ লাহোর
উত্তর: গ

BCS Spotlight

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

শূর শাসন (১৫৪০ - ১৫৫৫ খ্রি.)

শেরশাহ (১৫৪০-১৫৪৫ খ্রি.)



১৫৩৯ সালে চৌসারের যুদ্ধে হুমায়ুনকে পরাজিত করে শেরখান 'শেরশাহ' উপাধি নেন। তিনি নিজেকে বিহারের স্বাধীন সুলতান হিসাবে ঘোষণা করেন। ১৫৪০ সালে তিনি বাংলা দখল করেন। একই বছর তিনি হুমায়ুনকে পরাজিত করে দিল্লি অধিকার করে উপমহাদেশে আফগান সাম্রাজ্য প্রতিষ্ঠা করেন। তিনি বাংলাদেশের সোনারগাঁও থেকে লাহোর পর্যন্ত ৪৮৩০ কিমি. দীর্ঘ একটি মহাসড়ক 'সড়ক ই আজম' নির্মাণ করেন। পরবর্তীতে ইংরেজগণ এ রাস্তা সংস্কার করে নাম দেয় 'গ্রান্ড ট্রাঙ্ক রোড'। শেরশাহ কবুলিয়ত ও পাট্টার প্রচলন করেন। কৃষকগণ তাদের অধিকার ও দায়িত্ব বর্ণনা করে সরকারকে কবুলিয়ত নামে দলিল সম্পাদন করে দিত আর সরকারের পক্ষ থেকে জমির উপর জনগণের স্বত্ব স্বীকার করে নিয়ে পাট্টা দেওয়া হতো। ডাক ব্যবস্থার উন্নতির জন্য তিনি ঘোড়ার মাধ্যমে ডাক আনা নেওয়ার ব্যবস্থা করেন। শেরশাহ মুদ্রা ব্যবস্থার সংস্কার করেন। তিনি 'দাম' নামক রূপার মুদ্রার প্রচলন করেন।

MCQ Solution

১. **ভারতীয় উপমহাদেশে প্রথম কখন ও কার আমলে ডাক সার্ভিস চালু হয়?** [ইসলামী বিশ্ববিদ্যালয় : ০৫-০৬]
ক শেরশাহ খ শায়েস্তা খাঁ
গ নুসরত শাহ ঘ সিরাজউদ্দৌলা **উত্তর: ক**

২. **ভারতবর্ষে 'ঘোড়ার ডাক' এর প্রচলন করেন-** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (কর্মফুলী) : ১২ / প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (বরিশাল বিভাগ) : ০৭ / জাতীয় বিশ্ববিদ্যালয় (মানবিক) : ০৬-০৭ / চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৬-০৭]
ক আকবর খ শেরশাহ
গ মুহম্মদ বিন তোঘলক ঘ আওরঙ্গজেব **উত্তর: খ**

৩. **বাংলাদেশে ঘোড়ার ডাকের প্রচলন করেন কে?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (মেহেরপুর) : ১২]
ক অশোক খ শেরশাহ
গ আকবর ঘ মুহম্মদ বিন তুঘলক **উত্তর: খ**

৪. **'গ্রান্ড ট্রাঙ্ক রোড' এর নির্মাতা-** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (কপোতাক্ষ) : ১০ / জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৫-০৬/ ইসলামী ব্যাংক সহকারী অফিসার (গ্রেড-৩) : ০৫ / প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ৯২]
ক বাবর খ আকবর
গ শাহজাহান ঘ শেরশাহ **উত্তর: ঘ**

৫. **বিখ্যাত 'গ্রান্ড ট্রাঙ্ক' রোডটি বাংলাদেশের কোন অঞ্চল থেকে শুরু হয়েছে?** [আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সহকারী সচিব (ট্রাফটিং) : ০৫]
ক কুমিল্লা জেলার দাউদকান্দি খ ঢাকা জেলার বারিধারা
গ যশোর জেলার ঝিকরগাছ ঘ নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁও **উত্তর: ঘ**

৬. **কবুলিয়ত ও পাট্টা প্রথার প্রবর্তক-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ০৭-০৮]
ক বাবর খ হুমায়ুন
গ শেরশাহ ঘ আকবর **উত্তর: গ**

Scanned by CamScanner

বাংলায় মুসলিম শাসন প্রতিষ্ঠা


বখতিয়ার খলজী

বখতিয়ার খলজীর বাংলা জয়

মুহম্মদ ঘুরীর সেনাপতি কুতুবউদ্দিন আইবেকের অনুমতিক্রমে তুর্কী বীর ইখতিয়ার উদ্দিন মুহম্মদ বখতিয়ার খলজী ১২০৪ সালে (ত্রয়োদশ শতাব্দীতে) বাংলার শেষ স্বাধীন রাজা লক্ষ্মণ সেনকে পরাজিত করে বাংলা দখল করেন। বখতিয়ার খলজীর বাংলা অধিকারের মাধ্যমে বাংলায় মুসলিম শাসনের সূচনা হয়। তিনি দিনাজপুরের দেবকোটে বাংলার রাজধানী স্থাপন করেন।

বাংলায় তুর্কী শাসন

বাংলায় মুসলিম শাসনের প্রাথমিক পর্যায় ছিল ১২০৪ সাল থেকে ১৩৩৮ সাল পর্যন্ত । এ যুগের শাসনকর্তারা সকলেই দিল্লির সুলতানের অধীনে বাংলার শাসনকর্তা হয়ে এসেছিলেন। অনেক শাসনকর্তাই দিল্লির বিরুদ্ধে বিদ্রোহ করে স্বাধীন হতে চেয়েছিলেন। তবে এদের বিদ্রোহ শেষ পর্যন্ত সফল হয়নি। দিল্লির আক্রমণের মুখে তা ব্যর্থতায় পর্যবসিত হয়েছে। ঘন ঘন বিদ্রোহ সংঘটিত হওয়ার জন্য দিল্লির ঐতিহাসিক জিয়াউদ্দিন বারাণী বাংলার নাম দিয়েছিলেন 'বুলগাকপুর' বা বিদ্রোহের নগরী।

MCQ Solution

১. **বাংলার প্রথম মুসলিম বিজেতা কে?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ১২-১৩ / প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (রংপুর অঞ্চল) : ১০ / রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৮-০৯]

ক বখতিয়ার খলজী খ ইলিয়াস শাহ
গ হুসাইন শাহ ঘ শিরান খলজী **উত্তর: ক**

২. **বাংলায় মুসলিম শাসন (আধিপত্য বিস্তারের) সূচনা করেন-** [বাতিলকৃত ২৪ তম বিসিএস / ইসলামী ব্যাংকের সহকারী অফিসার (গ্রেড-৩) : ০৮/ মহা হিসাবরক্ষক ও নিরীক্ষক এর অধীনে 'অধীক্ষক' : ৯৮]

ক মুহম্মদ বখতিয়ার খলজী খ মুহম্মদ বিন কাসিম
গ মুহম্মদ ঘুরী ঘ সুলতান মাহমুদ **উত্তর: ক**

৩. **ইখতিয়ার উদ্দিন মোহাম্মদ বখতিয়ার খলজী বাংলা জয় করেন কোন সালে?** [৩০তম বিসিএস/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (ক্রিশ্চানখিমাম) : ১২/ ইসলামী বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৭-০৮/ শ্রম অধিদপ্তরের রেজিস্ট্রার : ০০]

ক ১২১২ খ ১২০০
গ ১২০৪ ঘ ১২১১ **উত্তর: গ**

৪. **বাংলায় মুসলিম শাসন কোন শতাব্দীতে প্রতিষ্ঠিত হয়?** [মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অডিটর : ১১ / জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১০ - ১১ / পাসপোর্ট ও ইমিগ্রেশন অধিদপ্তরের সহকারী পরিচালক : ০৭]

ক অষ্টম শতাব্দী খ দশম শতাব্দী
গ দ্বাদশ শতাব্দী ঘ ত্রয়োদশ শতাব্দী **উত্তর: ঘ**

৫. **মুহম্মদ বখতিয়ার খলজী কোন শতাব্দীতে বাংলাদেশে আসেন?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (কুলনা বিভাগ) : ০৫ / বন ও পরিবেশ মন্ত্রণালয়ে সহকারী পরিচালক : ৯৫]

ক একাদশ খ দশম
গ ত্রয়োদশ ঘ পঞ্চদশ **উত্তর: গ**

৬. **ইতিহাস বিখ্যাত সেনানায়ক ইখতিয়ার উদ্দিন মুহম্মদ বিন বখতিয়ার খলজী কোন দেশের নাগরিক ছিলেন?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (বাংলা) : ১৩-১৪]

ক পাকিস্তান খ তুরস্ক
গ আফগানিস্তান ঘ ভারত **উত্তর: খ**

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

৭. দিল্লির ঐতিহাসিক জিয়াউদ্দিন বারাণী বাংলার নাম দিয়েছিলেন 'বুলগাকপুর', যার অর্থ – [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ১২-১৩]

ক বিদ্রোহের নগর খ শান্তির নগর
গ সমৃদ্ধ নগর ঘ শ্যামল নগর
উত্তর: ক

৮. 'রিয়াজ আস সালাতিন' এটা কি ধরনের গ্রন্থ? [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স-এর কার্যালয়ের অধীন জুনিয়র অডিটর : ১৪]

ক উপন্যাস খ মহাকাব্য
গ ঐতিহাসিক ঘ প্রবন্ধ
উত্তর: গ

ব্যাখ্যা: এই গ্রন্থটি ফারসি ভাষায় লিখিত বাংলায় মুসলিম শাসনের প্রথম পূর্ণাঙ্গ ইতিহাস গ্রন্থ। এর রচয়িতা গোলাম হোসেন সলিম। গ্রন্থটি ১২টি খণ্ডে বিভক্ত।

হযরত শাহজালালের বাংলায় আগমন

হযরত শাহজালাল ছিলেন প্রখ্যাত দরবেশ ও ইসলাম প্রচারক। তিনি ১২৭১ খ্রিস্টাব্দে ইয়েমেনে (মতান্তরে তুরস্কে) জন্মগ্রহণ করেন। বিখ্যাত সুফী শাহপরান ছিলেন তাঁর ভাগ্নে এবং শিষ্য। সুলতান শামসুদ্দিন ফিরোজের শাসনামলে তিনি ৩৬০ জন শিষ্যসহ বাংলাদেশে আসেন। এ সময় সিলেটের রাজা ছিলেন গৌর গোবিন্দ। সুলতান শামসুদ্দিন ফিরোজের সৈন্যদল দু'বার সিলেট জয়ের চেষ্টা করে ব্যর্থ হন। হযরত শাহজালাল শামসুদ্দিন ফিরোজ শাহের সৈন্যদের সঙ্গে গৌর গোবিন্দের বিরুদ্ধে যুদ্ধে যোগদান করেন। গৌর গোবিন্দ পরাজিত হয়ে সিলেট ত্যাগ করে জঙ্গলে আশ্রয় নেন। ঐ অঞ্চল মুসলমানদের অধিকারে আসে। শাহজালাল মৃত্যু অবধি সিলেটে অবস্থান করেন এবং তিনিই ঐ অঞ্চলে ইসলাম বিস্তারের অগ্রনায়ক। এখানে উল্লেখ্য যে, হযরত শাহজালাল এবং হযরত শাহপরানের মাযার সিলেটে অবস্থিত। হযরত শাহজালাল (রহ.) এর ব্যবহৃত কতগুলো মূল্যবান পবিত্র দ্রব্যও মাজারের সন্নিকটে অতীব যত্নের সঙ্গে সংরক্ষিত আছে। যেমন: এক জোড়া কাঠের খড়ম, হরিণের চামড়ার তৈরি জায়নামাজ, একখানি তরবারী ইত্যাদি।



হযরত শাহজালালের তরবারী

MCQ Solution

১. গৌর গোবিন্দ যে অঞ্চলের রাজা ছিল– [জাতীয় বিশ্ববিদ্যালয় (মানবিক) : ০৯-১০]

ক চট্টগ্রাম খ সিলেট
গ গৌড় ঘ পাণ্ডুয়া
উত্তর: খ

২. হযরত শাহজালাল (র) কোন শাসককে পরাজিত করে সিলেটে আযান ধ্বনি দিয়েছিলেন? [সমাজসেবা অধিদপ্তরের উপজেলা সমাজসেবা অফিসার : ০৬/ জেলা সহকারী শিক্ষা অফিসার : ০৩]

ক বিক্রমাদিত্য খ কৃষ্ণচন্দ্র
গ গৌর গোবিন্দ ঘ লক্ষ্মণ সেন
উত্তর: গ

৩. হযরত শাহজালাল কোন দেশের অধিবাসী ছিলেন? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৫-০৬]

ক আফগানিস্তান খ তুরস্ক গ ইরান
ঘ বাংলাদেশ ঙ ভারত
উত্তর: খ

৪. ইয়েমেন থেকে আসা কোন দীনের মুজাহিদের তরবারী বাংলাদেশে সংরক্ষণ করা আছে? [পাবলিক সার্ভিস কমিশনে সহকারী পরিচালক : ০৪]

ক খান জাহান আলী (রা:) খ বায়জীদ বোস্তামী (রা:)
গ শাহ মখদুম (রা:) ঘ শাহজালাল (রা:)
উত্তর: ঘ

Scanned by CamScanner

বাংলায় স্বাধীন সুলতানী শাসন

দিল্লির সুলতানগণ ১৩৩৮-১৫৩৮ এ দুইশত বছর বাংলাকে তাদের অধিকারে রাখতে পারেনি। এ সময় বাংলার সুলতানরা স্বাধীনভাবে বাংলা শাসন করেন।

ফখরউদ্দিন মুবারক শাহী শাসন (১৩৩৮-১৩৪৯ খ্রি.)

ফখরউদ্দিন মুবারক শাহ

ফখরউদ্দিন মুবারক শাহের পূর্বনাম ফখরা। ১৩৩৮ সালে তিনি সোনারগাঁয়ের শাসন ক্ষমতা দখল ও স্বাধীনতা ঘোষণা করেন। স্বাধীন সুলতান হিসাবে তিনি উপাধি গ্রহণ করেন ফখরউদ্দিন মুবারক শাহ। তিনি ছিলেন বাংলার প্রথম স্বাধীন সুলতান। তবে তিনি পুরো বাংলা জয় করতে পারেননি।

ইলিয়াস শাহী শাসন (১৩৪২ -১৪১২ খ্রি.)

সুলতান শামসউদ্দিন ইলিয়াস শাহ (১৩৪২ - ১৩৫৮ খ্রি.)

১৩৫২ সালে ইলিয়াস শাহ পুরো বাংলার অধিকার করেন। এজন্য দিল্লির ঐতিহাসিক শামস-ই-সিরাজ আফীফ ইলিয়াস শাহকে 'শাহ-ই-বাঙ্গালাহ' বা 'শাহ-ই-বাঙ্গালিয়ান' বলে উল্লেখ করেছেন। 'বাঙ্গালাহ' নামটি তাঁর সময় থেকেই শুরু হয়। ইলিয়াস শাহ বাংলার রাজধানী গৌড় থেকে পাণ্ডুয়া নগরীতে স্থানান্তর করেন। তাঁর রাজত্বকালে বিখ্যাত সুফী সাধক শেখ সিরাজ উদ্দিন ও শেখ বিয়াবানী বাংলায় এসেছিলেন।

সুলতান সিকান্দার শাহ (১৩৫৮ - ১৩৯০ খ্রি.)


পাণ্ডুয়ার আদিনা মসজিদ সিকান্দার শাহের অমর কীর্তি।

সুলতান গিয়াসউদ্দিন আজম শাহ (১৩৯৩ - ১৪১১ খ্রি.)

এ যুগের সবচেয়ে জনপ্রিয় সুলতান ছিলেন গিয়াসউদ্দিন-আজম-শাহ। আজম শাহ বাংলা ভাষার পরম পৃষ্ঠপোষক ছিলেন। তাঁর সময়ে প্রথম বাঙালি কবি শাহ মুহম্মদ সগীর তাঁর কাব্য 'ইউসুফ জোলেখা' রচনা করেন। এ সময় কৃত্তিবাসের 'রামায়ণ' বাংলা অনুবাদ করা হয়। তিনি অত্যন্ত সাহিত্যানুরাগী ছিলেন। পারস্যের কবি হাফিজের সাথে তাঁর পত্রালাপ হতো। একবার তিনি কবি হাফিজকে বাংলাদেশে আসার দাওয়াত জানালে প্রত্যুত্তরে কবি হাফিজ একটি সুন্দর কবিতা লিখে পাঠিয়ে দেন।

হুসাইন শাহী শাসন (১৪৯৩ - ১৫৩৮ খ্রি.)

আলাউদ্দিন হুসাইন শাহ (১৪৯৩ - ১৫১৯ খ্রি.)



গৌড়ের ছোট সোনা মসজিদ

বাংলার স্বাধীন সুলতানদের মধ্য সর্বশ্রেষ্ঠ ছিলেন আলাউদ্দিন হুসাইন শাহ। হুসাইন শাহের আমলে বাংলার রাজধানী ছিল গৌড়। হুসাইন শাহের রাজত্বকালে শ্রীচৈতন্য হিন্দু সমাজে প্রচলিত সামাজিক কুসংস্কারের বিরুদ্ধে নদীয়ায় বৈষ্ণব আন্দোলন গড়ে তোলেন এবং বৈষ্ণব ধর্ম প্রচার করেন। বৃন্দাবন এই আন্দোলনের অন্যতম কেন্দ্র ছিল। তাঁর শাসনামলে বাংলা সাহিত্যের চরম উন্নতি হয়। তাঁর পৃষ্ঠপোষকতায় কবীন্দ্র পরমেশ্বর ও শ্রীকর নন্দী বাংলা ভাষায় 'মহাভারত' রচনা করেছিলেন।

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

বিপ্রদাস, বিজয়গুপ্ত, যশোরাজ খান প্রমুখ সাহিত্যিকগণ তাঁর পৃষ্ঠপোষকতা লাভ করেছিলেন। হুসেন শাহী আমলে বাংলা গজল ও সুফী সাহিত্যের সৃষ্টি হয়। হুসাইন শাহের সময় স্থাপত্য শিল্পেরও খুব উন্নতি হয়। তাঁর শাসনামলে গৌড়ের ছোট সোনা মসজিদ ও গুমতিদ্বার নির্মিত হয়।

আলাউদ্দিন নাসিরউদ্দিন নুসরাত শাহ (১৫১৯ - ১৫৩২ খ্রি.)

গৌড়ের বিখ্যাত বড় সোনা মসজিদ (বারদুয়ারি মসজিদ) এবং কদম রসুল ভবন সুলতান নাসির উদ্দিন নুসরাত শাহের অমরকীর্তি।

গিয়াসউদ্দিন মাহমুদ শাহ

বাংলার শেষ স্বাধীন সুলতান ছিলেন গিয়াসউদ্দিন মাহমুদ শাহ। ১৫৩৮ সালে শেরশাহ গৌড় দখল করেন এবং বাংলায় স্বাধীন সুলতানী যুগের অবসান হয়।

MCQ Solution

১. বাংলার প্রথম মুসলমান সুলতান কে ছিলেন? [আবহাওয়া অধিদপ্তরের অধীন সহকারী আবহাওয়াবিদ : ০০]
ক বখতিয়ার খলজী খ হোসেন শাহ
গ ইলিয়াস শাহ ঘ সরফরাজ খান
উত্তর: ক

২. বাংলার প্রথম স্বাধীন সুলতান কে ছিলেন? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৮-০৯ / ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৩-০৪]
ক ফখরউদ্দিন ইলিয়াস শাহ খ ফখরউদ্দিন মোবারক শাহ
গ ফখরুদ্দিন জহির শাহ ঘ মুহম্মদ ঘুরী
উত্তর: খ

৩. বাংলায় স্বাধীন সুলতানি শাসন প্রতিষ্ঠা করেন কে? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১২-১৩ / চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৩-০৪]
ক নবাব সিরাজউদ্দৌলা খ নবাব আলীবর্দী খাঁ
গ ফখরউদ্দিন মোবারক শাহ ঘ ইখতিয়ার উদ্দিন মুহম্মদ বিন বখতিয়ার খলজী
উত্তর: গ

৪. কোন শাসকের সময় থেকে সমগ্র বাংলা ভাষাভাষী অঞ্চল পরিচিত হয়ে উঠে বাঙ্গালাহ নামে? [১২তম বিসিএস/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৩-০৪]
ক ফখরউদ্দিন মুবারক শাহ খ শামসউদ্দিন ইলিয়াস শাহ
গ আকবর ঘ ঈসা খান
উত্তর: খ

৫. কোন শাসনামলে সমগ্র বাংলা ভাষাভাষী অঞ্চল 'বাঙ্গালা' নামে অভিহিত হয়? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৯-১০]
ক মৌর্য খ গুপ্ত গ পাল
ঘ মুসলিম ঙ ইংরেজ
উত্তর: ঘ

৬. প্রাচীন বাংলার সবগুলো জনপদই একত্রে বাংলা নামে পরিচিতি লাভ করে কার আমল থেকে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (ইবতেদায়ি) : ১০]
ক সুলতান সিকান্দার শাহ খ সুলতান শামসউদ্দিন ইলিয়াস শাহ
গ নবাব সিরাজউদ্দৌলা ঘ নবাব আলীবর্দী খাঁ
উত্তর: খ

৭. উপাধি গ্রহণের মধ্যদিয়ে বাঙালিদের রাষ্ট্রীয় পরিচয় তুলে ধরেন যে শাসক, তার নাম - [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ১২-১৩]
ক বুগরা খান খ ইলিয়াস শাহ
গ বিজয় সেন ঘ লক্ষ্মণ সেন
উত্তর: খ

BCS Spotlight

Scanned by CamScanner

৮. শাহ্-ই-বাঙ্গালাহ অথবা শাহ-ই-বাঙালিয়ান বাংলার কোন মুসলিম সুলতানের উপাধি ছিল? [যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক : ৯৯]

ক) ফখরউদ্দিন মুবারক শাহ খ) শামসউদ্দীন ইলিয়াস শাহ
গ) আলাউদ্দিন হোসেন শাহ ঘ) নসরত শাহ **উত্তর: খ**

৯. 'বাঙ্গালাহ' নামের প্রচলন করেন - [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৮-০৯]

ক) শশাংক খ) ধর্মপাল
গ) ইলিয়াস শাহ ঘ) আকবর **উত্তর: গ**

১০. বাংলার প্রথম জনক কে? [পরিবার পরিকল্পনা অধিদপ্তর হিসাব রক্ষক : ১১]

ক) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান খ) শেরে বাংলা এ কে ফজলুল হক
গ) শামসুদ্দিন ইলিয়াস শাহ **উত্তর: গ**

১১. কবি হাফিজকে বাংলাদেশে আমন্ত্রণ জানিয়েছিলেন কোন নৃপতি? [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সহকারী অফিসার : ৯৯]

ক) আলাউদ্দিন হুসাইন শাহ খ) রুকনউদ্দিন বারবক শাহ
গ) ফখরউদ্দিন মুবারক শাহ ঘ) গিয়াস উদ্দিন আজম শাহ **উত্তর: ঘ**

১২. ইরানের কবি হাফিজের সাথে পত্রালাপ হয়েছিল বাংলার কোন সুলতানের? [বাতিলকৃত ২৪ তম বিসিএস/ আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ : ০৭]

ক) গিয়াস উদ্দিন আজম শাহ খ) আলাউদ্দীন হুসাইন শাহ
গ) ফখরউদ্দিন মোবারক শাহ ঘ) ইলিয়াস শাহ **উত্তর: ক**

১৩. সুলতানী আমলে বাংলার রাজধানীর নাম কি? [২৯তম বিসিএস/ পল্লী উন্নয়ন বোর্ডের হিসাব সহকারী : ১৪ / প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (ডেলটা) : ১৪/ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ইউনিট ই): ১৩-১৪]

ক) সোনারগাঁও খ) জাহাঙ্গীরনগর
গ) ঢাকা ঘ) গৌড় **উত্তর: ঘ**

ব্যাখ্যা: সুলতানী আমলে বাংলার রাজধানী ছিল সোনারগাঁও (১৩৩৮-১৩৫২ খ্রি:) এবং গৌড় (১৪১৮-১৫৬৫ খ্রি:)।

১৪. কোন আমলে বাংলা গজল ও সুফি সাহিত্য সৃষ্টি হয়? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (মেঘনা) : ১২/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (বরিশাল বিভাগ) : ০৮]

ক) ইলিয়াস শাহী খ) হুসাইন শাহী
গ) সুলতানি ঘ) মোগল **উত্তর: খ**

১৫. শ্রী চৈতন্যের আবির্ভাব ঘটেছিল যে সুলতানের শাসনামলে- [জাতীয় বিশ্ববিদ্যালয় (মানবিক) : ০৮-০৯]

ক) আলাউদ্দিন হুসাইন শাহ খ) নাসিরউদ্দিন মাহমুদ শাহ
গ) গিয়াস উদ্দিন ইওজ খলজি ঘ) নুসরত শাহ **উত্তর: ক**

১৬. বাংলা সাহিত্যের পৃষ্ঠপোষকতার জন্য বিখ্যাত শাসক – [প্রধানমন্ত্রীর কার্যালয় ও মন্ত্রিপরিষদ কার্যালয়ের প্রশাসনিক কর্মকর্তা : ০৪]

ক) আলিবর্দি খাঁ খ) মুর্শিদ কুলি খাঁ
গ) ইসলাম খাঁ ঘ) আলাউদ্দিন হুসাইন শাহ **উত্তর: ঘ**

১৭. গৌড়ের সোনা মসজিদ কার আমলে নির্মিত হয়? [২৯তম বিসিএস]

ক) ফখরুদ্দিন মোবারক শাহ খ) হুসাইন শাহ
গ) শায়েস্তা খাঁ ঘ) ঈসা খাঁ **উত্তর: খ**

BCS Spotlight

Scanned by CamScanner

১৮. **Who was the last independant Sultan of Bengal?** [Bangladesh Forest Development Asst. Manager : 13 / BASIC Bank Asst. Manager : 12]
ⓐ Shamsuddin Illiyas Shah ⓑ Ghiyasuddin Mahmud Shah
ⓒ Jalaluddin Fateh Shah ⓓ Rukunuddin Burbak Shah
ⓔ None of these **Ans. b**

১৯. নিচের কোনটি গৌড়ীয় বৈষ্ণব আন্দোলনের সঙ্গে সম্পর্কিত নয়- [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (প্রত্নতত্ত্ব) : ১৩-১৪]
ⓚ এই আন্দোলন নদীয়ায় শুরু হয়েছিল ⓛ মীরাবাঈ এই আন্দোলনে যুক্ত ছিলেন
ⓜ শ্রীচৈতন্য ও শ্রীনিত্যানন্দ এর প্রবক্তা ছিলেন ⓝ বৃন্দাবন এই আন্দোলনের অন্যতম কেন্দ্র ছিল **উত্তর: খ**

২০. ফ্রান্সের রাজা চর্তুদশ লুই এর ন্যায় কোন সুলতান ঘোষণা করেন "আমিই রাষ্ট্র"? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ১৩-১৪]
ⓚ গিয়াসউদ্দিন বলবন ⓛ জালালউদ্দিন খলজী
ⓜ বিন তুঘলকা ⓝ আলাউদ্দিন খলজী **উত্তর: ঘ**

পরিব্রাজকের বাংলায় আগমন

পরিব্রাজক

পরিব্রাজক অর্থ - ১) অনবরত পর্যটনকারী ভিক্ষু বা সন্ন্যাসী, ২) পর্যটক।

উপমহাদেশে আগমনকারী বিখ্যাত পরিব্রাজক

পরিব্রাজকের নাম	দেশ	সময়কাল	তৎকালীন এদেশীয় শাসক
মেগাস্থিনিস	গ্রিস	খ্রিস্টপূর্ব ৩০২	প্রথম চন্দ্রগুপ্ত
ফা-হিয়েন	চীন	৪০১-৪১০ খ্রিস্টাব্দ	দ্বিতীয় চন্দ্রগুপ্ত
হিউয়েন সাঙ	চীন	৬৩০ খ্রিস্টাব্দ	হর্ষবর্ধন
ইবনে বতুতা	মরক্কো	১৩৪৫ খ্রিস্টাব্দ (বাংলায় আগমন)	বাংলার সুলতান : ফখরউদ্দিন মুবারক শাহ
		১৩৩৩ খ্রিস্টাব্দ (ভারতে আগমন)	দিল্লির সুলতান :মোহাম্মদ বিন তুঘলক
মা-হুয়ান	চীনা	১৪০৬ খ্রিস্টাব্দ	গিয়াস উদ্দিন আজম শাহ

মেগাস্থিনিস (৩৫০ খ্রি.পূ. - ২৯০ খ্রি.পূ.)

মেগাস্থিনিস (Megasthenes) প্রাচীন গ্রিসের একজন পর্যটক এবং ভূগোলবিদ। তিনি এশিয়া মাইনরে জন্মগ্রহণ করেন। গ্রিক সেনাপতি সেলিউকাস খ্রিস্টপূর্ব ৩০২ অব্দে তাঁকে দূত হিসেবে প্রথম চন্দ্রগুপ্তের রাজদরবারে প্রেরণ করেছিলেন। তিনি কয়েক বছর এদেশে অবস্থান করে মৌর্য শাসন সম্পর্কে তাঁর অভিজ্ঞতা 'ইন্ডিকা' নামক গ্রন্থে লিপিবদ্ধ করেন।

BCS Spotlight

Scanned by CamScanner

ফা-হিয়েন (৩৩৭ খ্রি. - ৪২২ খ্রি.)




ফা-হিয়েন (Faxian Fa-Hsien) প্রাচীন চৈনিক তীর্থযাত্রী। তিনি মধ্য এশিয়া, ভারত এবং শ্রীলঙ্কা ভ্রমণ করেন এবং তার ভ্রমণবৃত্তান্ত লিপিবদ্ধ করেন। দ্বিতীয় চন্দ্রগুপ্তের রাজত্বকালের ফা-হিয়েন নামক একজন চীনা পর্যটক ভারতে আসেন। তিনি ১০ বছর ভারতবর্ষে অবস্থান করেছিলেন। ফা-হিয়েন তাঁর ভারতে অবস্থানকালে তাঁর অভিজ্ঞতা সম্পর্কে ৭টি গ্রন্থ রচনা করেন। এর মধ্য 'ফো-কুয়ো-কিং' বিশেষ উল্লেখযোগ্য।

হিউয়েন সাঙ (৬০২ খ্রি. - ৬৬৪ খ্রি.)

হিউয়েন সাঙ (Xuanzang) ছিলেন বিখ্যাত চীনা বৌদ্ধ ভিক্ষু, পণ্ডিত, পর্যটক এবং অনুবাদক। ৬৩০ খ্রিস্টাব্দের কোনো এক সময়ে তিনি ভারতবর্ষে প্রবেশ করেছিলেন। হর্ষবর্ধনের দরবারে তিনি আটবছর কাটান। মহাস্থবির শীলভদ্র (৫২৯-৬৫৪ খ্রি.) বৌদ্ধ শাস্ত্রের একজন শাস্ত্রজ্ঞ এবং দার্শনিক ছিলেন। তিনি নালন্দা মহাবিহার বিশ্ববিদ্যালয়ের অধ্যক্ষ ছিলেন। হিউয়েন সাঙ ২২ বছর ধরে শীলভদ্রের কাছে যাবতীয় শাস্ত্র অধ্যয়ন করেন। এরপর তিনি 'সিদ্ধি' নামক একটি গ্রন্থ রচনা করেন। নালন্দা ভারতের বিহার রাজ্যে অবস্থিত একটি প্রাচীন উচ্চশিক্ষা কেন্দ্র। প্রাচীন নালন্দা মহাবিহার বিহারের রাজধানী পাটনা থেকে ৫৫ কিমি. দক্ষিণ-পূর্বে অবস্থিত। খ্রিস্টীয় ৪২৭ অব্দ থেকে ১১৯৭ অব্দের মধ্যবর্তী সময়ে নালন্দা ছিল একটি প্রসিদ্ধ বৌদ্ধ শিক্ষা কেন্দ্র। এই মহাবিহারকে ইতিহাসের শ্রেষ্ঠ প্রাচীন বিশ্ববিদ্যালয়গুলোর অন্যতম মনে করা হয়। হিউয়েন সাঙসহ অধিকাংশ ঐতিহাসিকের মতে, নালন্দা বিশ্ববিদ্যালয় স্থাপিত হয়েছিল গুপ্ত সম্রাট শক্রাদিত্যের (অপর নাম কুমার গুপ্ত, রাজত্বকাল ৪১৫ -৪৫৫ অব্দ) সময়ে। ১১৯৩ সালে তুর্কি সেনাপতি বখতিয়ার খলজী নালন্দা মহাবিহার ধ্বংস করে ফেলেন। ১ সেপ্টেম্বর, ২০১৪ নালন্দা আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয় পুনরায় প্রতিষ্ঠিত হয়।



ইবনে বতুতা (১৩০৪ খ্রি. - ১৩৬৯ খ্রি.)



ইবনে বতুতা (Ibn Battuta) ছিলেন সুন্নি মুসলিম পর্যটক, চিন্তাবিদ এবং বিচারক। তিনি ১৩০৪ খ্রিস্টাব্দে মরক্কোয় জন্মগ্রহণ করেন। পৃথিবী ভ্রমণের জন্য তিনি মূলত বিখ্যাত হয়ে আছেন। ১৩৩৩ খ্রিস্টাব্দে মুহম্মদ বিন তুঘলকের রাজত্বকালে ইবনে বতুতা ভারতবর্ষে আগমন করেন। সুলতানের সাথে পরিচয় ঘটলে তিনি এই পরিব্রাজককে কাজীর পদে নিযুক্ত করেন। ইবনে বতুতা অত্যন্ত কৃতিত্বের সাথে ৮ বছরকাল উক্ত পদে বহাল ছিলেন। অতঃপর সুলতানের বিরাগভাজন হয়ে কারারুদ্ধ হন। সুলতান এই বিদেশী পর্যটকের প্রতি দয়া পরবশ হয়ে ক্ষমা প্রদর্শন করেন। ইবনে বতুতা ফখরউদ্দিন মুবারক শাহের রাজত্বকালে (১৩৪৫-৪৬ খ্রিস্টাব্দে) বাংলায় আসেন। বাংলাদেশে আসার তাঁর মূল উদ্দেশ্য ছিল সিলেটে গিয়ে হযরত শাহজালালের সঙ্গে সাক্ষাৎ করা। ইবনে বতুতা দক্ষিণ ভারত থেকে সমুদ্র পথে চট্টগ্রামে আসেন।

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

চট্টগ্রাম বন্দরে অবতরণ করে ইবনে বতুতা হযরত শাহজালালের সাথে সাক্ষাৎ করতে সিলেটে যান। তিনি সিলেট থেকে নদী পথে সোনারগাঁও আসেন। ইবনে বতুতা প্রথম বিদেশি পর্যটক হিসাবে "বাঙ্গালা" শব্দ ব্যবহার করেন। জীবনের নিত্যনৈমিত্তিক দ্রব্যাদির প্রাচুর্য ও স্বল্পমূল্য আর মনোরম প্রাকৃতিক দৃশ্যাবলী ইবনে বতুতাকে আকৃষ্ট করলেও এদেশের আবহাওয়া তাঁর পছন্দ হয়নি। এজন্য তিনি বাংলাদেশের নামকরণ করেন 'দোযখপুর আয নিয়ামত" বা 'আশীর্বাদপুষ্ট নরক" বা ধনপূর্ণ নরক। ইবনে বতুতার 'কিতাবুল রেহেলা' নামক গ্রন্থে বাংলার অপরূপ বর্ণনা পাওয়া যায়।

MCQ Solution

১. পরিব্রাজক কে? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (নৃবিজ্ঞান বিভাগ) : ০৯-১০]
ক পর্যটক খ পরিদর্শক
গ পরিচালক ঘ কোনোটাই নয় **উত্তর: ক**

২. মেগাস্থিনিস কার রাজসভার গ্রিক দূত ছিলেন? [জাতীয় বিশ্ববিদ্যালয় (মানবিক) : ০৬-০৭]
ক চন্দ্রগুপ্ত মৌর্য খ অশোক
গ ধর্মপাল ঘ সমুদ্রগুপ্ত **উত্তর: ক**

৩. মেগাস্থিনিস তার কোন গ্রন্থে ভারতীয় উপমহাদেশ সম্পর্কে মূল্যবান তথ্য লিপিবদ্ধ করেন?
ক ইন্ডিয়া খ ইন্ডিকা [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (আন্তর্জাতিক সম্পর্ক) : ১২-১৩]
গ ইন্ডিয়ানা ঘ ইন্ডাস **উত্তর: খ**

৪. ফা-হিয়েন ছিলেন- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৮-০৯]
ক সম্রাট খ সেনাপতি
গ পরিব্রাজক ঘ মন্ত্রী **উত্তর: গ**

৫. বাংলায় প্রথম চৈনিক পরিব্রাজক কে? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ-ইউনিট) : ০৮-০৯]
ক ই-সিং খ ফা হিয়েন
গ ইউয়েন সাঙ ঘ জেন ডং **উত্তর: খ**

৬. চীনা পরিব্রাজক ফা হিয়েন কখন ভারতবর্ষে অবস্থান করেন? [থানা সহকারী শিক্ষা অফিসার : ৯৯]
ক ২০১-২১০ খ্রিস্টাব্দ খ ৪০১-৪১০ খ্রিস্টাব্দ
গ ৭০২-৭০৮ খ্রিস্টাব্দ ঘ ৯০৫-৯১৪ খ্রিস্টাব্দ **উত্তর: খ**

৭. চীন দেশের কোন ভ্রমণকারী গুপ্তযুগে বাংলাদেশ আগমন করেন? [শ্রম অদিদপ্তরে শ্রম অফিসার : ৯৬]
ক হিউয়েন সাঙ খ ফা হিয়েন
গ আইসিং ঘ উপরের সবগুলোই **উত্তর: খ**

৮. চৈনিক পরিব্রাজক ফা-হিয়েন কার শাসনামলে বাংলায় আসেন? [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১২- ১৩/ জাতীয় বিশ্ববিদ্যালয় (মানবিক) : ০৯-১০/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইসলামী ইতিহাস) : ০৭-০৮]
ক দ্বিতীয় চন্দ্রগুপ্ত খ আলাউদ্দীন হোসেন শাহ
গ প্রথম চন্দ্রগুপ্ত ঘ হর্ষবর্ধন **উত্তর: ক**

৯. হিউয়েন সাঙ কে ছিলেন? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (নৃ-বিজ্ঞান) : ১৩-১৪]
ক মঙ্গোলীয় পরিব্রাজক খ চীনা ব্যবসায়ী
গ মঙ্গোলীয় লেখক ঘ চীনা পরিব্রাজক **উত্তর: ঘ**

১০. হিউয়েন সাঙ বাংলায় (ভারতবর্ষে) এসেছিলেন যার আমলে- [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (প্রত্নতত্ত্ব) : ১৩-১৪ / রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ) : ০৮-০৯]
ক সম্রাট অশোক খ চন্দ্রগুপ্ত মৌর্য
গ শশাংক ঘ হর্ষবর্ধন **উত্তর: ঘ**

BCS Spotlight

Scanned by CamScanner

১১. চীনা পরিব্রাজক হিউয়েন সাঙ-এর দীক্ষাগুরু কে ছিলেন? [৩৫তম বিসিএস]
ক অতীশ দীপঙ্কর খ শীলভদ্র
গ মাহুয়ান ঘ মেগাস্থিনিস উত্তর: খ

১২. মহাবীর শীলভদ্র কোন মহাবিহারের আচার্য ছিলেন? [৩৫তম বিসিএস]
ক আনন্দ বিহার গ গোসিপো বিহার
খ নালন্দা বিহার ঘ সোমপুর বিহার উত্তর: খ

১৩. বিশ্বের প্রথম বিশ্ববিদ্যালয় কোনটি? [সহকারী থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা : ১৫/ জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১০-১১]
ক হাভার্ড খ তুরিন
গ নালন্দা ঘ আল-হামরা উত্তর: গ

১৪. নালন্দা বিশ্ববিদ্যালয় কোন শতকে প্রতিষ্ঠিত হয়েছিল? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ১৩-১৪]
ক চতুর্থ শতকে খ পঞ্চম শতকে
গ ষষ্ঠ শতকে ঘ সপ্তম শতকে উত্তর: খ

১৫. **Famous tourist Ibne Batuta was the citizen of -** [Bangladesh Krishi Bank Senior Officer : 12]

Or,

ইবনে বতুতা কোন দেশের পর্যটক? [জাতীয় বিশ্ববিদ্যালয় (মানবিক) : ০৮-০৯/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৭-০৮/ ইসলামী বিশ্ববিদ্যালয় : ০৫-০৬/ মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক : ৯৭]
ⓐ Italy ⓑ Tibet
ⓒ Morocco ⓓ Greece **Ans. c**

১৬. কার রাজত্বকালে ইবনে বতুতা ভারতে এসেছিলেন? [নির্বাচন কমিশন সচিবালয়ে সহকারী পরিচালক : ৯৫]
ক মুহম্মদ বিন কাসেম খ মুহম্মদ বিন তুঘলক
গ সম্রাট হুমায়ুন ঘ সম্রাট আকবর উত্তর: খ

১৭. ইবনে বতুতা কার শাসনামলে বাংলায় আসেন? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৬-০৭/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইসলামী ইতিহাস ও সংস্কৃতি) : ০৫-০৬/ ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৩-০৪]
ক শামসউদ্দিন ফিরোজ শাহ খ হাজী ইলিয়াস শাহ
গ হুসাইন শাহ ঘ ফখরউদ্দিন মুবারক শাহ উত্তর: ঘ

১৮. ইবনে বতুতা কোন শতকে বাংলাদেশে আসেন? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (কর্ণফুলী) : ১২ / প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (শিউলি) : ০৯]
ক চতুর্দশ খ সপ্তদশ
গ অষ্টাদশ ঘ ত্রয়োদশ উত্তর: ক

১৯. নিম্নের কোন পর্যটক সোনারগাঁও এসেছিলেন? [২৫তম বিসিএস/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (যমুনা) : ১২ / প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (কয়েরা) : ১০ / যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক : ৯৯]
ক ফা-হিয়েন খ ইবনে বতুতা
গ মার্কো পোলো ঘ হিউয়েন সাং উত্তর: খ

২০. মধ্যযুগে কোন বিদেশি পরিব্রাজক প্রথম "বাঙ্গালা" শব্দ ব্যবহার করেন? [শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীনে মেডিকেল অফিসার : ০৩]
ক কলম্বাস খ ইবনে বতুতা
গ কালিদাস ঘ বখতিয়ার খলজি উত্তর: খ

BCS Spotlight

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

২১. ইবনে বতুতার গ্রন্থের নাম - [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ১৩-১৪]
ক ইন্ডিকা খ অর্থশাস্ত্র
গ রেহেলা ঘ তারিখ-ই-মুবারক শাহী উত্তরঃ গ

২২. কোন ব্যক্তি বাংলাদেশকে 'ধনসম্পদপূর্ণ নরক' বলে অভিহিত করেন? [সংকারী জজ : ০৯]
ক ফা হিয়েন খ ইবনে বতুতা
গ হিউয়েন সাঙ ঘ ইবনে খলদুন উত্তরঃ খ

২৩. ইবনে বতুতা বাংলায় কার সাথে সাক্ষাতের উদ্দেশ্যে এসেছিলেন? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (প্রত্নতত্ত্ব) : ১২-১৩]
ক হযরত শাহ মখদুম খ হযরত শাহ পরান
গ হযরত শাহ সুলতান মাহিসওয়ার ঘ হযরত শাহজালাল উত্তরঃ ঘ

২৪. চীন দেশীয় ইতিহাসের জনক সুমা-কিয়েন ভারতীয় ইতিহাসের গ্রন্থ রচনা করেন - [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (আন্তর্জাতিক সম্পর্ক) : ১২-১৩]
ক খ্রিঃ পূর্ব ৩য় শতকে খ খ্রিঃ পূর্ব ৪র্থ শতকে
গ খ্রিঃ পূর্ব ৫ম শতকে ঘ খ্রিঃ পূর্ব ১ম শতকে উত্তরঃ ঘ
ব্যাখ্যা : সিমা কিয়ান (Sima Qian - ১৩৫ খ্রি.পূ - ৮৬ খ্রি.পূ.) কে চৈনিক ইতিহাস লিখনধারার জনক হিসেবে বিবেচনা করা হয়। তার সর্বশ্রেষ্ঠ 'প্রধান ঐতিহাসিক দলিল' যা চৈনিকদের শিজি নামে অধিক পরিচিত।

বারো ভূঁইয়াদের ইতিহাস (The History of the Baro-bhuyan)

সম্রাট আকবর পুরো বাংলার উপর অধিকার প্রতিষ্ঠিত করতে পারেননি। বাংলার বড় বড় জমিদাররা মুঘলদের অধীনতা মেনে নেয়নি। ভাটি অঞ্চলের জমিদারগণ তাদের নিজ নিজ জমিদারিতে স্বাধীন ছিলেন। স্বাধীনতা রক্ষার জন্য এরা একজোট হয়ে মুঘল সেনাপতির বিরুদ্ধে ঝাঁপিয়ে পড়তেন। বাংলার ইতিহাসে ভাটি অঞ্চলের এ জমিদারগণ বারো ভূঁইয়া নামে পরিচিত। এ বারো বলতে বারো জনের সংখ্যা বুঝায় না। ধারণা করা হয়, অনির্দিষ্ট সংখ্যক জমিদার বোঝাতেই বারো শব্দটি ব্যবহার করা হয়েছে।

ঈসা খাঁ (১৫২৯ - ১৫৯৯ খ্রি.)



বারো ভূঁইয়াদের নেতা ছিলেন ঈসা খান (Isa Khan)। তিনি বাংলার রাজধানী হিসেবে সোনারগাঁও এর পত্তন করেছিলেন। সম্রাট আকবরের সেনাপতিরা ঈসা খান ও অন্যান্য জমিদারের সাথে বহুবার যুদ্ধ করেছেন কিন্তু বারো ভূঁইয়াদের নেতা ঈসা খাঁকে পরাজিত করা সম্ভব হয়নি। ঈসা খাঁর মৃত্যুর পর বারো ভূইয়াদের নেতা হন ঈসা খাঁর পুত্র মুসাখান। এদিকে আকবরের মৃত্যু হলে মুঘল সম্রাট হন জাহাঙ্গীর। তাঁর আমলেই বাংলার বারো ভূইয়াদের চূড়ান্তভাবে দমন করা সম্ভব হয়। এ সাফল্যের দাবিদার সুবেদার ইসলাম খান। তিনি বারো ভূঁইয়াদের নেতা মুসা খানদের পরাস্ত করেন। ফলে অন্যান্য জমিদারগণ আত্মসমর্পণ করে। এভাবে বাংলায় বারো ভূঁইয়াদের শাসনের অবসান ঘটে।

Scanned by CamScanner

MCQ Solution

১. বাংলাদেশে বারো ভুঁইয়ার অভ্যুত্থান ঘটে - [ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের হিসাবরক্ষণ কর্মকর্তা : ০৩]
ক বাবরের সময় খ আওরঙ্গজেবের সময়
গ জাহাঙ্গীরের সময় ঘ আকবরের সময় উত্তর: ঘ

২. বাংলার জমিদারগণ মুঘল শাসনের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তুলেন। এদের সংখ্যা নির্দিষ্ট করা প্রায় অসম্ভব। তাঁরা পরিচিত ছিলেন - [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ১৩-১৪]
ক বারো মণ্ডল নামে খ বারো কুতুব নামে
গ বারো ভূঁইয়া নামে ঘ বারো পঞ্চায়েত নামে উত্তর: গ

৩. **Who of the following is one of the 'Baro Bhuiyans' of Bengal?/** নিচের কে বারো ভুইয়াদের একজন ছিলেন? [Janata Bank Ltd. Officer : 09]
ⓐ Isa Khan ⓑ Shaesta Khan
ⓒ Mansingha ⓓ Islam Khan
ⓔ All **Ans. a**

৪. **Isa khan ruled the 'Bhati region' of medieval Bengal during the period - /** বাংলার ভাটি অঞ্চলের শাসক ঈসা খাঁ এর জীবনকাল - [Jahangirnagar University Admission Test (International Affairs) : 13-14]
ⓐ 1529-1595 ⓑ 1529-1596
ⓒ 1529-1598 ⓓ 1529-1599 **Ans.** d

৫. ঈসা খাঁর রাজধানী কোথায় অবস্থিত? [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স- এর কার্যালয়ের অধীন জুনিয়র অডিটর : ১৪]
ক গৌড় খ লক্ষণাবতী
গ মহাস্থানগড় ঘ সোনারগাঁও উত্তর: ঘ

৬. বাংলার রাজধানী হিসেবে সোনারগাঁও এর পত্তন করেছিলেন কে? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (নাগলিঙ্গম) : ১২/ জাতীয় রাজস্ব বোর্ডের ইন্সপেক্টর : ১০/ সঞ্চয় পরিদপ্তরের সহকারী পরিচালক : ০৭/ ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৩-০৪]
ক শাহজাদা আজম খ সুবেদার ইসলাম খান
গ সম্রাট আকবর ঘ ঈসা খাঁ উত্তর: ঘ

৭. **During which period, Sonargaon was the capital of Bangladesh?** [Jahangirnagar University (International Affairs) : 13-14]
Or,
সোনারগাঁও কোন আমলে বাংলাদেশের রাজধানী ছিল? [বাংলাদেশ রেলওয়ের উপ-সহকারী প্রকৌশলী : ১৩/ ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১০ -১১ / বাংলাদেশ রেলওয়ে হাসপাতালসমূহে সহকারী সার্জন : ০৫]
ⓐ Sultanate rule ⓑ Mughal rule
ⓒ Pala dynasty ⓓ Maurya dynasty Ans. b

৮. কোন মুঘল সম্রাটের সময় বাংলা বিজিত হয়? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৮-০৯]
ক বাবর খ জাহাঙ্গীর
গ আকবর ঘ আওরঙ্গজেব উত্তর: খ

BCS Spotlight

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

বাংলায় মুঘল শাসন

সুবেদারী ও নবাবী এ দু পর্বে বাংলায় মুঘল শাসনকাল অতিবাহিত হয়।

বাংলায় সুবেদারী শাসন

বারো ভূঁইয়াদের দমনের পর সমগ্র বাংলায় সুবেদারী প্রতিষ্ঠিত হয়। মুঘল প্রদেশগুলো 'সুবা' নামে পরিচিত ছিল। বাংলা ছিল মুঘলদের অন্যতম সুবা।

বাংলার সুবেদার	তথ্যকণিকা	তৎকালীন মুঘল সম্রাট ↓
ইসলাম খান (১৬০৮ - ১৬১৩ খ্রি.)	ইসলাম খান বারো ভূঁইয়াদের দমন করে বাংলায় সুবেদারি শাসন প্রতিষ্ঠা করেন। তিনি বাংলার রাজধানী হিসাবে ঢাকা শহরের গোড়াপত্তন করেন। তিনি ১৬১০ খ্রিষ্টাব্দে সুবা বাংলার রাজধানী রাজমহল থেকে ঢাকায় স্থানান্তরিত করেন। সম্রাটের নামানুসারে তিনি ঢাকার নামকরণ করেন জাহাঙ্গীরনগর। তিনি ঢাকার 'দোলাই খাল' খনন করেন।	সম্রাট জাহাঙ্গীর
কাসিম খান জুয়িনী (১৬২৮-১৬৩২খ্রি.)	পর্তুগিজদের অত্যাচারের মাত্রা চরমে উঠলে সম্রাট শাজাহান তাদেরকে এদেশ থেকে তাড়িয়ে দেওয়ার আদেশ দেন। সম্রাটের আদেশে বাংলার সুবাদার কাসিম খান পর্তুগিজদের হুগলি থেকে উচ্ছেদ করেন।	সম্রাট শাহজাহান
যুবরাজ শাহ সুজা	সুবাদার শাহ সুজা মুঘল সম্রাট শাহজাহানের দ্বিতীয় পুত্র ছিলেন। তিনি ঢাকার চকবাজারের 'বড় কাটরা' নির্মাণ করেন।	
মীরজুমলা (১৬৬০-১৬৬৩ খ্রি.)	সুবাদার মীর জুমলা 'ঢাকা গেট' নির্মাণ করেন। তিনি আসাম যুদ্ধে যে কামান ব্যবহার করেন তা বর্তমানে ওসমানী উদ্যানে সংরক্ষিত আছে।	সম্রাট আওরঙ্গজেব
 শায়েস্তা খান	শায়েস্তা খাঁ (Shaista Khan) দু' দফায় মোট ২২ বছর বাংলা শাসন করেন। প্রথমে ১৬৬৪ থেকে ১৬৭৮ খ্রি. এবং দ্বিতীয়বার ১৬৮০ থেকে ১৬৮৮ খ্রি. পর্যন্ত। তিনি চট্টগ্রাম ও সন্দ্বীপ দখল করেন। তিনি চট্টগ্রামের নাম রাখেন ইসলামাবাদ। তিনি মগ ও পর্তুগিজ জলদস্যুদের এ অঞ্চল থেকে বিতাড়িত করেন। সুবেদার শায়েস্তা খান স্থাপত্য শিল্পের জন্য বিশেষ বিখ্যাত। স্থাপত্য শিল্পের বিকাশের জন্য এই যুগকে বাংলায় মুঘলদের স্বর্ণযুগ বলা হয়। ঢাকায় শায়েস্তা খান নির্মিত কীর্তিগুলো হলো - ঢাকার চকবাজারের ছোট কাটরা, লালবাগের কেল্লা, চক মসজিদ, সাত গম্বুজ মসজিদ।	

Scanned by CamScanner

রাজধানী ঢাকা : বাংলাদেশের রাজধানী ঢাকা। ঢাকা এ পর্যন্ত পাঁচবার বাংলার রাজধানী হয়।

ক্রম	সময়কাল	অঞ্চল	স্থানান্তরকারী
১	১৬১০ সালে	সুবা বাংলা	সুবেদার ইসলাম খান
২	১৬৬০ সালে	সুবা বাংলা	সুবেদার মীর জুমলা
৩	১৯০৫ সালে	পূর্ববঙ্গ ও আসাম	লর্ড কার্জন
৪	১৯৪৭ সালে	পূর্ব পাকিস্তান	পাকিস্তান সরকার
৫	১৯৭১ সালে	বাংলাদেশ	বাংলাদেশ সরকার

MCQ Solution

১. 'সুবা বাংলা' শব্দটি প্রথম ব্যবহার করা হয় – [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (প্রত্নতত্ত্ব) : ১৩-১৪]
ক সম্রাট জাহাঙ্গীরের সময়ে খ সম্রাট শাহজাহানের সময়ে
গ সম্রাট হুমায়ুনের সময়ে ঘ সম্রাট আকবরের সময়ে **উত্তর: ক**

২. বাংলার প্রথম সুবাদার কে ছিলেন? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৮-০৯]
ক মীর জুমলা খ ইসলাম খান
গ মান সিংহ ঘ শায়েস্তা খান **উত্তর: খ**

৩. ঢাকা শহরের গোড়াপত্তন হয়- [উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা : ১০/ ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৬-০৭]
ক ব্রিটিশ আমলে খ সুলতানি আমলে
গ মুঘল আমলে ঘ স্বাধীন নবাবী আমলে **উত্তর: গ**

৪. কোন নগরী মোঘল আমলে সুবা বাংলার রাজধানী ছিল? [১৬তম বিসিএস/ জাতীয় রাজস্ব বোর্ডের ইন্সপেক্টর : ১০]
ক গৌড় খ সোনারগাঁও
গ ঢাকা ঘ হুগলী **উত্তর: গ**

৫. ঢাকা কখন সর্ব প্রথম বাংলার রাজধানী হয়েছিল? [২৮ তম বিসিএস/ বাতিলকৃত ২৪ তম বিসিএস / ২১তম বিসিএস/ ১০তম বিসিএস/ বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড সহকারী সচিব : ১৫/ ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৪ -১৫]
ক ১২৫৫ খ্রিস্টাব্দে খ ১৬১০ খ্রিস্টাব্দে
গ ১৯০৫ খ্রিস্টাব্দে ঘ ১৯৪৭ খ্রিস্টাব্দে **উত্তর: খ**

৬. ঢাকা শহর কোন সালে প্রতিষ্ঠিত হয়? [সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার : ১০]
ক ১৫০০ খ্রিস্টাব্দ খ ১৫১০ খ্রিস্টাব্দ
গ ১৬১০ খ্রিস্টাব্দ ঘ ১৬১২ খ্রিস্টাব্দ **উত্তর: গ**

৭. নগর হিসেবে প্রতিষ্ঠিত হবার পর ঢাকা বর্তমানে এর কততম শতাব্দী অতিক্রম করেছে? [শিল্প মন্ত্রণালয়ের অধীন বিসিআইসি'র সহকারী ব্যবস্থাপক (প্রশাসন) : ১১]
ক ৫ম খ ২য়
গ ৪র্থ ঘ ৩য় **উত্তর: ক**
ব্যাখ্যা: ২০১৭ - ১৬১০ = ৪০৭ বছর।

৮. ঢাকায় বাংলার রাজধানী স্থাপনের সময় মোগল সুবেদার কে ছিলেন? [২৬তম বিসিএস/ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (হোমিওপ্যাথি) : ১৩ / বিআরডিবির সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা : ১২/ সমবায় অধিদপ্তরের প্রশাসনিক কর্মকর্তা : ৯৭]
ক ইসলাম খান খ ইব্রাহীম খান
গ শায়েস্তা খান ঘ মীর জুমলা **উত্তর: ক**

BCS Spotlight

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

৯. ঢাকায় প্রথম বাংলার রাজধানী স্থাপন করেন- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ০৭-০৮]
ক সম্রাট আকবর খ সম্রাট জাহাঙ্গীর
গ ইসলাম খাঁ ঘ শায়েস্তা খান
উত্তর: গ

১০. বাংলার মোঘল প্রদেশের রাজধানী স্থাপন করেন– [মহা হিসাবরক্ষক ও নিরীক্ষক এর অধীনে 'অধীক্ষক' : ৯৮]
ক শাহ সুজা খ মীর জুমলা
গ শায়েস্তা খাঁ ঘ ইসলাম খান
উত্তর: ঘ

১১. কার সময় বাংলার রাজধানী ঢাকায় স্থাপন করা হয়? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক : ৯৩]
ক বখতিয়ার খলজী খ মুর্শীদকুলি খাঁ
গ সম্রাট জাহাঙ্গীর ঘ শেরশাহ
উত্তর: গ

১২. ঢাকার নাম 'জাহাঙ্গীরনগর' রাখেন কে? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ১২-১৩ / প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (দড়টানা) : ০৮ / চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় I (ব ইউনিট) : ০৮-০৯/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (সমাজকর্ম বিভাগ) : ০৩-০৪]
ক শায়েস্তা খান খ সুবাদার ইসলাম খান
গ ইব্রাহিম খান ঘ মীর জুমলা
উত্তর: খ

১৩. প্রাচীন জাহাঙ্গীরনগরের বর্তমান নাম কি? [আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের হাইকোর্টের রেজিস্ট্রার : ৯৪]
ক ঢাকা খ চট্টগ্রাম
গ খুলনা ঘ সোনারগাঁও
উত্তর: ক

১৪. মোঘল আমলে ঢাকার নাম কি ছিল? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ব্যবস্থাপনা) : ০৭-০৮]
ক ইসলামাবাদ খ পরীবাগ
গ জাহাঙ্গীরনগর ঘ সোনারগাঁও
উত্তর: গ

১৫. ঢাকার প্রাচীন নাম কি? [খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক : ০৯]
ক জাহাঙ্গীরনগর খ ইসলামপুর
গ সোনারগাঁও ঘ ঢাকা
উত্তর: ক

১৬. সুবাদার ইসলাম খান ঢাকার নাম রাখেন- [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (পদ্মা) : ১২]
ক জাহাঙ্গীরনগর খ জান্নাতাবাদ
গ ইসলামাবাদ ঘ নাসিরাবাদ
উত্তর: ক

১৭. বাংলাদেশের রাজধানী কোথায়? [৩৩তম বিসিএস]
ক ঢাকা উত্তর খ ঢাকা দক্ষিণ
গ ঢাকা ঘ শেরে বাংলা নগর
উত্তর : গ

১৮. স্বাধীন বাংলাদেশের রাজধানী হওয়ার পূর্বে ঢাকা বাংলার রাজধানী ছিল- [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (মেঘনা) : ১২ / প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (গোলাপ) : ০৯]
ক তিনবার খ চারবার
গ দুইবার ঘ একবার
উত্তর: খ

১৯. ঢাকার 'ধোলাই খাল' কে খনন করেন? [৩৬তম বিসিএস]
ক পরিবিবি খ ইসলাম খান
গ শায়েস্তা খান ঘ ঈশা খান
উত্তর: খ

২০. কোন সম্রাটের আমলে পর্তুগিজদের হুগলি থেকে উচ্ছেদ করা হয়? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (প্রত্নতত্ত্ব বিভাগ) : ০৯-১০]
ক আকবর খ শাহজাহান
গ বাবর ঘ জাহাঙ্গীর
উত্তর: খ

BCS Spotlight

Scanned by CamScanner

২১. কোন মুঘল সুবেদার পর্তুগিজদের চট্টগ্রাম থেকে বিতাড়িত করেন? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (বুড়িগঙ্গা) : ১৩/ দুর্নীতি দমন ব্যুরোর পরিদর্শক : ০৩]

ক কাসিম খান খ ইসলাম খান
গ মীরজুমলা ঘ শায়েস্তা খান **উত্তর: ঘ**

২২. বাংলার দক্ষিণ অঞ্চলের মানুষকে পর্তুগিজ ও মগ জলদস্যুদের অত্যাচার থেকে কে রক্ষা করেন? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (ঢাকা বিভাগ) : ০৮]

ক মুর্শিদকুলী খান খ ইসলাম খান
গ শায়েস্তা খান ঘ ঈসা খান **উত্তর: গ**

২৩. কোন মুঘল সুবেদার চট্টগ্রাম দখল করে এর নাম রাখেন ইসলামাবাদ? [বাতিলকৃত ২৪তম বিসিএস/ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (সুরমা, যমুনা) : ১৩ / জাতীয় সঞ্চয় পরিদপ্তরের সহকারী পরিচালক : ০৯]

ক ইসলাম খান খ রাজা মানসিংহ
গ মীর জুমলা ঘ শায়েস্তা খান **উত্তর: ঘ**

২৪. কার শাসনামলে চট্টগ্রাম প্রথমবারের মত পূর্ণভাবে বাংলার সাথে যুক্ত হয়? [শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা : ০৭-০৮]

ক মুর্শিদকুলি খান খ শায়েস্তা খান
গ আলীবর্দী খান ঘ উপরের কোনটিই সত্য নয় **উত্তর: খ**

২৫. **The geographical area now constituting Bangladesh was ruled by Muslims:/** বাংলাদেশের বর্তমান ভৌগলিক এলাকা মুসলমান কর্তৃক শাসিত হয়- [IFIC Bank Ltd. Probationary Officer : 96]

ⓐ From 14th to 18th century A.D (চতুর্দশ থেকে অষ্টাদশ শতাব্দী পর্যন্ত)
ⓑ In 15th century A.D (পঞ্চদশ শতাব্দীতে)
ⓒ During Mughal period (মুঘল শাসনামলে)
ⓓ Before 14th century A.D (চতুর্দশ শতাব্দীর পূর্বে) **Ans. c**

ব্যাখ্যা : বাংলা বিভিন্ন সময় বিভিন্ন শাসক কর্তৃক শাসিত হলেও চট্টগ্রাম তার অন্তর্ভুক্ত ছিলনা। চট্টগ্রাম প্রথমবারের মত বাংলার অন্তর্ভুক্ত হয় মুঘল আমলে।

২৬. ঢাকার বড় কাটরা ও ছোট কাটরা শহরের নিম্নোক্ত এলাকায় অবস্থিত- [১৭তম বিসিএস / যোগাযোগ মন্ত্রণালয়ের অধীন প্রশাসনিক কর্মকর্তা : ০৬]

ক চকবাজারে খ সদরঘাটে
গ লালবাগ ঘ ইসলামপুর **উত্তর: ক**

২৭. ঢাকার বড় কাটরা নির্মাণ করেছেন - [কারা অধিদপ্তরের কারা তত্ত্বাবধায়ক : ১৩]

ক সম্রাট আওরঙ্গজেব খ শাহ সুজা
গ শাহ আলম ঘ শায়েস্তা খান **উত্তর: খ**

২৮. ঢাকার বিখ্যাত ছোট কাটরা নির্মাণ করেন কে? [রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (হাসনাহেনা) : ১১ / খাদ্য অধিদপ্তরের খাদ্য পরিদর্শক : ০৯/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (কুলনা বিভাগ) : ০৫]

ক নবাব সিরাজউদ্দৌলা খ শায়েস্তা খাঁ
গ ঈসা খাঁ ঘ সুবেদার ইসলাম **উত্তর: খ**

২৯. ঢাকার চকের মসজিদের নির্মাতা- [রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (শিউলি) : ১১]

ক মীর জুমলা খ ইসলাম খান
গ শায়েস্তা খান ঘ মুরশীদ কুলি খান **উত্তর: গ**

BCS Spotlight

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

বাংলায় নবাবী শাসন



নবাব মুর্শিদকুলী খান (১৭১৭ - ১৭২৭ খ্রি.)

সুবেদার মুর্শিদকুলী খানের সময় থেকে বাংলা সুবা প্রায় স্বাধীন হয়ে পড়ে। নবাব মুর্শিদকুলী খান বাংলার প্রথম স্বাধীন নবাব। নবাব মুর্শিদকুলী খান বাংলার রাজধানী ঢাকা থেকে মুর্শিদাবাদে স্থানান্তর করেন।

নবাব আলীবর্দী খান (১৭৪০-১৭৫৬ খ্রি.)

আলীবর্দী খানের শাসনামলে মারাঠারা প্রতিবছর বাংলা, বিহার ও উড়িষ্যা আক্রমণ করত। মারাঠাদের আক্রমণকে বাংলার ইতিহাসে বর্গীর হাঙ্গামা বলা হয়। তিনি মারাঠাদের সাথে চুক্তি করে বাংলাকে মারাঠাদের আক্রমণ হতে রক্ষা করেন।

নবাব সিরাজ-উ-দ্দৌলা (১৭৫৬-১৭৫৭ খ্রি.)



আলীবর্দী খানের কোনো পুত্র সন্তান ছিলনা। ছোট মেয়ে আমেনার বিবাহ হয় জয়েরউদ্দিনের সাথে। তাঁদের সন্তান সিরাজ-উ-দ্দৌলাকে তিনি তাঁর উত্তরাধিকারী মনোনীত করে যান। সিরাজউদ্দৌলার প্রকৃত নাম মীর্জা মুহম্মদ আলী। তিনি ছিলেন বাংলার শেষ স্বাধীন নবাব। ১৭৫৬ সালের ১০ এপ্রিল সিরাজ-উ-দ্দৌলা বাংলার সিংহাসনে আরোহণ করেন। এ সময় তাঁর বয়স ছিল মাত্র ২২ বছর। সিরাজ সিংহাসন লাভ করায় তার বড় খালা ঘষেটি বেগম এবং দরবারের প্রভাবশালীগণ নবাবের বিরুদ্ধে ষড়যন্ত্র শুরু করেন। ইংরেজগণ এ ষড়যন্ত্রে যোগ দেয়।

ইংরেজদের বিরুদ্ধে অভিযান : ১৭৫৬ সালে নবাব সিরাজউদ্দৌলা কলকাতায় ইংরেজদের ফোর্ট উইলিয়াম দুর্গ অধিকার করেন। কলকাতা অধিকার করে সিরাজউদ্দৌলা নিজ মাতামহের নামানুসারে এর নাম রাখেন আলীনগর।

অন্ধকূপ হত্যা কাহিনী : নবাবের কলকাতা অভিযান প্রাক্কালে হলওয়েলসহ কতিপয় ইংরেজ কর্মচারী ফোর্ট উইলিয়ামে বন্দী হয়েছিলেন। তার মধ্যে ঐতিহাসিক হলওয়েলের বর্ণনা মতে জানা যায় যে, নবাব ১৪৬ জন ইংরেজ বন্দী একটি ক্ষুদ্র অন্ধকার প্রকোষ্ঠে আবদ্ধ করে রাখেন। জুন মাসে প্রচণ্ড গরমে ক্ষুদ্র পরিসরে ১৪৬ জন ইংরেজ বন্দীর মধ্য ১২৩ জন শ্বাসরুদ্ধ হয়ে মৃত্যুবরণ করে। হলওয়েল কর্তৃক প্রচারিত এই কাহিনী 'অন্ধকূপ হত্যা' নামে পরিচিত। অন্ধকূপ কাহিনীর পশ্চাতে কোন ঐতিহাসিক সত্যতা খুজে পাওয়া যায় না।

পলাশীর যুদ্ধ : ২৩ জুন, ১৭৫৭ পলাশীর প্রান্তরে নবাবের সাথে ইংরেজদের যুদ্ধ হয়। মীরমদন, মোহনলাল প্রমুখ দেশপ্রেমিক সৈনিকগণ প্রাণপণ যুদ্ধ করলেও নবাবের সেনাপতি মীরজাফর, জগৎশেঠ, রায়দুর্লভ, ইয়ারলতিফ, উমিচাঁদ এদের ন্যায় দেশদ্রোহীদের ষড়যন্ত্রে নবাব পরাজিত ও নিহত হন। এ যুদ্ধের মাধ্যমে বাংলার স্বাধীনতার সূর্য অস্তমিত হয়। সিরাজ-উ-দ্দৌলার হত্যাকারী মোহাম্মদী বেগ । (মতান্তরে মীর জাফরের পুত্র মীরন)

Scanned by CamScanner

মীর কাসিম (১৭৬০ - ৬৪ খ্রি.)

মীর কাসিম (Mir Qasim) ছিলেন মীর জাফরের জামাতা। তিনি ১৭৬০ সালে বাংলার সিংহাসনে আরোহণ করেন। মীর কাসিম ছিলেন একজন সুযোগ্য শাসক ও একনিষ্ঠ দেশপ্রেমিক। তাই প্রশাসনকে ইংরেজ প্রভাবমুক্ত করার জন্য বিচক্ষণ নবাব সর্বাগ্রে রাজধানী মুর্শিদাবাদ থেকে মুঙ্গেরে স্থানান্তরিত করেন।

বক্সারের যুদ্ধ (Battle of Buxer)

প্রতিপক্ষ	ইংরেজ বাহিনী	বাংলা, অযোধ্যা ও দিল্লির সম্রাটের মিত্রবাহিনী
সময়কাল	১৭৬৪ খ্রিস্টাব্দ	
স্থান	বক্সারের প্রান্তর	
ফলাফল	মীর কাসিমের নেতৃত্বাধীন মিত্রবাহিনী ইংরেজদের কাছে শোচনীয় ভাবে পরাজিত হয়। পলাশীর যুদ্ধান্তে শুধুমাত্র বাংলাদেশে ইংরেজদের প্রভুত্ব স্থাপিত হয়। কিন্তু বক্সারের যুদ্ধে মিত্র শক্তির পরাজয়ের ফলে উপমহাদেশের সার্বভৌম শক্তি পদানত হয়।	

MCQ Solution

১. বাংলাদেশের প্রথম স্বাধীন নবাব কে? [৩৭তম বিসিএস]
ক নবাব সিরাজউদ্দৌলা খ মুর্শিদ কুলী খান
গ ইলিয়াস শাহ ঘ আলাউদ্দিন হুসেন শাহ
উত্তর: খ

২. বাংলার নবাবী শাসন কোন সুবাদারের সময় থেকে শুরু হয়? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ০৭-০৮]
ক ইসলাম খান খ মুর্শিদকুলী খান
গ শায়েস্তা খান ঘ আলীবর্দী খান
উত্তর: খ

৩. কোন মোঘল সুবেদার বাংলার রাজধানী ঢাকা হইতে মুর্শিদাবাদে স্থানান্তর করেন? [১৫তম বিসিএস/ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী প্রধান পরিদর্শক (সাধারণ) : ০৯]
ক ইসলাম খান খ শায়েস্তা খান
গ মুর্শিদকুলি খান ঘ আলীবর্দী খান
উত্তর: গ

৪. মুসলমান শাসনামলে এদেশে এসে অত্যাচার ও লুট করেছে কারা? [আনসার ও ভিডিপি অধিদপ্তরের সার্কেল অ্যাডজুটেন্ট : ১০]
ক জলদস্যুরা খ পর্তুগিজরা
গ বর্গীরা ঘ ইংরেজরা
উত্তর: গ

৫. নবাব সিরাজ-উ-দ্দৌলার পিতার নাম কি? [আনসার ও ভিডিপি অধিদপ্তরের সার্কেল অ্যাডজুটেন্ট : ০৫]
ক জয়েন উদ্দিন খ আলীবর্দী খাঁ
গ শওকত জং ঘ হায়দার আলী
উত্তর: ক

৬. সিরাজউদ্দৌলার প্রকৃত নাম কী ছিল? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৪ -১৫]
ক মির্জা মোহম্মাদ খ মির্জা আলম
গ মির্জা খলিল ঘ মির্জ আজম
উত্তর: ক

৭. কত সালে নবাব সিরাজ-উদ-দৌলা বাংলার সিংহাসনে বসেন? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (আইন বিভাগ) : ০৪-০৫]
ক ১৭৫৬ খ ১৮৫৬
গ ১৭৫৭ ঘ ১৮৫৭
উত্তর: ক

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

৮. বাংলার শেষ স্বাধীন নবাব কে? [পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্মচারী : ১৩/প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (খুলনা বিভাগ) : ০৩]
৩. কে বাংলার গ্রামে গ্রামে ঘুরে 'পড়ো না রেশমী চুড়ি বঙ্গনারী' গান গেয়ে জনগণের মধ্যে স্বদেশী আন্দোলনের পক্ষে তীব্র আবেগ সৃষ্টি করেন? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ১৩-১৪]

ক কবি মুকুন্দ দাস খ সৈয়দ আমীর আলী
গ বঙ্কিম চন্দ্র ঘ সুভাষ চন্দ্র বসু **উত্তর: ক**

৪. নিশাত বুদ্ধিমতী। তার খাদ্য তালিকায়, পোশাক পরিচ্ছদে সব সময় ব্যবহৃত হয় দেশীয় পণ্য। নিশাত আমাদের মনে করিয়ে দেয় – [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ১৩-১৪]

ক অসহযোগ আন্দোলন খ ফারায়েজি আন্দোলন
গ খিলাফত আন্দোলন ঘ স্বদেশী আন্দোলন **উত্তর: ঘ**

৫. ইংরেজ ম্যাজিস্ট্রেট কিংস ফোর্ডকে হত্যার জন্য কে বোমা নিক্ষেপ করে? [বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান অ্যাসিসটেন্ট অফিসার : ১৪]

ক ক্ষুদিরাম খ মাস্টার দা সূর্যসেন
গ তিতুমীর ঘ আসাদুজ্জামান আসাদ **উত্তর: ক**

Scanned by CamScanner

৬. যে ইংরেজকে হত্যার অভিযোগে ক্ষুদিরামকে ফাঁসি দেয়া হয় তার নাম- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৮-০৯]
ক) কিংসফোর্ড খ) লর্ড হার্ডিঞ্জ
গ) হাডসন ঘ) সিম্পসন
উত্তর: ক

৭. চট্টগ্রামের অস্ত্রাগার লুণ্ঠিত হয় কোন সালে? [রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (গোলাপ) : ১১]
ক) ১৯১১ সালে খ) ১৯১৫ সালে
গ) ১৯২১ সালে ঘ) ১৯৩০ সালে
উত্তর: ঘ

৮. কে ব্রিটিশ বিরোধী স্বাধীনতা যুদ্ধের নেতা? [ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৪ -১৫]
ক) বল্লাল সেন খ) অমর্ত্য সেন
গ) সূর্যসেন ঘ) বনলতা সেন
উত্তর: গ

৯. মাস্টারদা সূর্যসেনের ফাঁসি কার্যকর হয়েছিল? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৯-১০]
ক) মেদিনীপুরে খ) ব্যারাকপুরে গ) চট্টগ্রামে
ঘ) আন্দামানে ঙ) কুমিল্লায়
উত্তর: গ

১০. প্রীতিলতা ওয়াদ্দেদার সম্পৃক্ত ছিলেন- [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০০-০১]
ক) তেভাগা আন্দোলনে খ) ব্রিটিশ বিরোধী সন্ত্রাসী আন্দোলন
গ) ১৯৭১-এর মুক্তিযুদ্ধে ঘ) সত্যাগ্রহ আন্দোলন
উত্তর: খ

১১. প্রীতিলতা ওয়াদ্দেদার কার শিষ্য ছিলেন? [পররাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনে প্রশাসনিক কর্মকর্তা : ০১]
ক) দেশবন্ধু চিত্তরঞ্জন দাসের খ) মাস্টারদা সূর্যসেনের
গ) নেতাজী সুভাস চন্দ্র বসুর ঘ) মহাত্মা গান্ধীজীর
উত্তর: খ

রাওলাট আইন ও জালিয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ড (Rowlatt Act & Jallianwala bagh killing)

ভারতের সন্ত্রাসবাদী আন্দোলন এবং বঙ্গভঙ্গ রদ আন্দোলন প্রতিহত করার জন্য ব্রিটিশ সরকার ১৯১৮ সালে কুখ্যাত ও প্রতিক্রিয়াশীল রাওলাট আইন প্রবর্তন করে। এই আইনের দ্বারা সংবাদপত্রের কণ্ঠরোধ এবং যে কোনো লোককে নির্বাসন এবং বিনা বিচারে কারাদণ্ড ও নির্বাসন দেওয়ার ব্যবস্থা করা হয়। পাঞ্জাবে কুখ্যাত রাওলাট আইনের প্রতিবাদে জনগণের শান্তিপূর্ণ শোভাযাত্রা ও প্রতিবাদ চলাকালে সরকার গুলি চালিয়ে কিছু লোককে হত্যা করে। এর প্রতিবাদে ১৯১৮ সালের ১৩ এপ্রিল অমৃতসরের জালিয়ান ওয়ালাবাগ উদ্যানে ১০ হাজার মানুষ সমবেত হয়। জেনারেল ডায়ার সমবেত জনগণকে কোনরূপ হুশিয়ারি প্রদান না করে তার সেনাবাহিনীকে গুলিবর্ষণের নির্দেশ দেন। এতে বহুলোক হতাহত হয়। জালিয়ান ওয়ালাবাগ নৃশংস হত্যাকাণ্ডের কাহিনী প্রচারিত হলে সমস্ত ভারতে প্রতিবাদের ঝড় উঠে।


কুখ্যাত জেনারেল ডায়ার

খিলাফত আন্দোলন (The Kilafat Movement)

ভারতীয় মুসলমানগণ তুরস্কের সুলতানকে খলিফা বলে মান্য করত এবং মুসলিম জাহানের ঐক্যের প্রতীক বলে মনে করত। প্রথম বিশ্বযুদ্ধে তুরস্ক ব্রিটিশ বিরোধী শিবিরে যোগ দেয়। এতে ভারতের মুসলমানরা পড়ে মহাফাঁপড়ে। একদিকে তারা ছিল ব্রিটিশ সরকারের অনুগত প্রজা অপরদিকে তুরস্কের সুলতান ছিল তাদের খলিফা। বৃটিশ সরকার মুসলমানদের আশ্বাস দেয় তুরস্কের প্রতি কোন অবিচার করা হবেনা। সরল বিশ্বাসে মুসলমানগণ ব্রিটিশ সরকারকে সমর্থন জোগায়। যুদ্ধে মিত্রপক্ষের জয়ের

BCS Spotlight
Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

ফলে ব্রিটিশরা তুরস্কের ক্ষতি সাধন করে। তুরস্ককে ভেঙ্গে চুরমার করে মুসলমানদের মনে প্রবল আঘাত হানে। তুর্কী সাম্রাজ্যের অখণ্ডতা এবং খিলাফতের পবিত্রতা রক্ষার জন্য ১৯১৯ সালে মাওলানা মোহাম্মদ আলী, মাওলানা শওকত আলী, ড. আনসারী, আবুল কালাম আজাদ, হাকিম আজমল খান প্রমুখ যে আন্দোলন শুরু করেন তা খিলাফত আন্দোলন নামে পরিচিত।

অসহযোগ আন্দোলন (The Non-Cooperation Movement)

অহিংস ও অসহযোগ আন্দোলনের জনক মহাত্মা গান্ধী। রাউলাট আইন ও জালিয়ান ওয়ালাবাগের হত্যাকাণ্ডের প্রতিবাদে ১৯২০ সালের ১০ মার্চ গান্ধী অসহযোগ আন্দোলনের কর্মসূচী ঘোষণা করেন। এর অর্থ হল ভারতীয়গণ ব্রিটিশ সরকারের সাথে সহযোগিতা করা থেকে বিরত থাকবে, অফিস আদালতে কাজ করবে না, ব্রিটিশ সরকারের দেওয়া উপাধি বর্জন করবে ইত্যাদি। ১৯২০ সালের ৮ সেপ্টেম্বর কংগ্রেসের বিশেষ অধিবেশনে অসহযোগ এবং খিলাফত আন্দোলন যুগপৎভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। ১৯২২ সালের ৫ ফেব্রুয়ারি উত্তর প্রদেশের চৌচিরানামক একটি গ্রামে পুলিশ ও বিক্ষোভকারীদের মধ্য সংঘর্ষ হয়। জনতা থানায় আগুন লাগিয়ে দেয়। ২২ জন পুলিশ পুড়ে মারা যায়। আন্দোলন অহিংস থাকছেনা বলে গান্ধিজী আন্দোলন স্থগিত ঘোষণা করেন। অসহযোগ আন্দোলন সমাপ্তির পর খিলাফত আন্দোলনও দূর্বল হয়ে পড়ে। এ সময় মোস্তফা কামাল তুরস্কের ক্ষমতায় আসেন এবং খিলাফতের অবসান ঘটে। ফলে খিলাফত আন্দোলনেরও সমাপ্তি ঘটে।



মহাত্মা গান্ধী

স্বরাজদল ও বেঙ্গল প্যাক্ট (১৯২৩ খ্রি.)

চিত্তরঞ্জন দাশের নেতৃত্বে কংগ্রেসের একাংশ ১৯২৩ সালে স্বরাজ পার্টি গঠন করে। ১৯২৩ সালের নির্বাচনে স্বরাজ দল কেন্দ্রীয় আইনসভায় সংখ্যাগরিষ্ঠ দল হিসাবে আত্মপ্রকাশ করে। স্বরাজদল বাংলার আইন পরিষদে দ্বৈতশাসনব্যবস্থা অচল করার জন্য নির্বাচিত মুসলমান সদস্যদের সমর্থন লাভের চেষ্টা করেন। চিত্তরঞ্জন দাশের নেতৃত্বে বঙ্গীয় কংগ্রেস কমিটি বাংলার মুসলমানদের সাথে ১৯২৩ সালে একটি সমঝোতায় পৌছান। এ সমঝোতা বেঙ্গল প্যাক্ট বা বাংলা চুক্তি নামে পরিচিত। এটি ছিল বাংলায় হিন্দু-মুসলমানদের মিলনের জন্য একটি বলিষ্ঠ পদক্ষেপ।

সাইমন কমিশন (১৯২৭-৩০ খ্রি.)

১৯২৭ সালে তৎকালীন ব্রিটিশ সরকার ভারতে আরও রাজনৈতিক ও শাসনতান্ত্রিক অধিকার দেওয়ার সম্ভাবনা যাচাইয়ের উদ্দেশ্যে ৮ সদস্যের একটি বিধিবদ্ধ পার্লামেন্টারি কমিশন গঠন করে। স্যার জন সাইমনকে এ কমিশনের চেয়ারম্যান নিযুক্ত করা হয়। এ কমিশনে কোন ভারতীয় প্রতিনিধি ছিল না। ১৯৩০ সালে এই কমিশন রিপোর্ট প্রকাশ করে।

আইন অমান্য আন্দোলন (The Civil Disobedience Movement)

গান্ধী ভারতে 'পূর্ণ স্বরাজ্য' প্রতিষ্ঠার দাবিতে ১৯৩০ সালে আইন অমান্য ও সত্যাগ্রহ আন্দোলন শুরু করেন। ব্রিটিশ সরকার মারাত্মক নিপীড়নের মাধ্যমে আইন অমান্য আন্দোলন বন্ধ করার চেষ্টা করে। ১৯৩২ সালে গান্ধী সত্যাগ্রহ ও আইন অমান্য আন্দোলন বন্ধ করে দেন।

BCS Spotlight

Scanned by CamScanner

ভারত শাসন আইন (১৯৩৫ খ্রি.)

সাইমন কমিশন ও গোলটেবিল বৈঠকের আলোকে ১৯৩৫ সালে ভারত শাসন আইন প্রবর্তন করা হয়। এই আইনের প্রধান বৈশিষ্ট্য ছিল ভারত শাসনে যুক্তরাষ্ট্রীয় সরকার পদ্ধতি এবং প্রদেশগুলোর প্রাদেশিক স্বায়ত্তশাসন প্রবর্তন।

MCQ Solution

১. কে অসহযোগ আন্দোলনে নেতৃত্ব দেন? [স্বাস্থ্য অধিদপ্তরের স্বাস্থ্য সহকারী : ১০ / প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (শহর) : ১০]

ক গান্ধীজি খ মওলানা শওকত আলী
গ জহরলাল নেহেরু ঘ বিপিনচন্দ্র পাল

উত্তর: ক

২. খিলাফত আন্দোলনের অন্যতম নেতা- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৮-০৯]

ক খাজা নাজিমউদ্দীন খ মোহাম্মদ আলী জিন্নাহ
গ মওলানা মোহাম্মদ আলী ঘ এ,কে ফজলুল হক

উত্তর: গ

৩. অসহযোগ এবং খেলাফত আন্দোলনের সঙ্গে জড়িত স্মরণীয় নায়ক কে? [খাদ্য অধিদপ্তরের পরিদর্শক : ৯৬]

ক মোহাম্মদ আলী জিন্নাহ খ মাওলানা মোহাম্মদ আলী
গ আগা খান ঘ আবদুর রহিম

উত্তর: খ

৪. ১৯০৫ ও ১৯২৩ সালে দুটি আমাদের জাতীয় জীবনের কোন দুটি ঐতিহাসিক ঘটনার সাথে সম্পৃক্ত? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (বাংলা বিভাগ) : ০৯-১০]

ক বঙ্গভঙ্গ, বেঙ্গল ট্যাক্ট চুক্তি সম্পাদিত হয়
খ খেলাফত আন্দোলন, বিপ্লবী আন্দোলন
গ বঙ্গভঙ্গ রদ, গান্ধীর অসহযোগ আন্দোলন
ঘ গান্ধীর ভারত আগমন, বিপ্লবী আন্দোলন

উত্তর: ক

৫. 'বেঙ্গল প্যাক্ট' কার উদ্যোগে স্বাক্ষরিত হয়? [বরিশাল বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৪ -১৫]

ক এ. কে ফজলুল হক খ খাজা নাজিমউদ্দীন
গ সুভাস চন্দ্র বসু ঘ চিত্তরঞ্জন দাশ

উত্তর: ঘ

ভারত বিভাগপূর্ব রাজনীতি

১৯৩৭ সালের প্রাদেশিক নির্বাচন (Provincial Election of 1937)

১৯৩৫ সালের ভারত শাসন আইন ১৯৩৭ সালে কার্যকর হয়। অবিভক্ত বাংলায় ১৯৩৭ সালে প্রথম প্রাদেশিক নির্বাচন অনুষ্ঠিত হয়। এ নির্বাচনে মুসলিম লীগ ৪০ টি আসনে, কৃষক প্রজা পার্টি ৩৫ টি আসনে এবং স্বাতন্ত্র্য মুসলমান ৪১ টি আসনে এবং স্বাতন্ত্র্য হিন্দু ১৪ টি আসনে বিজয়ী হয়।

একে ফজলুল হকের প্রথম মন্ত্রিসভা (The First Ministry of Fazlul Huq)

কোনো দল একক সংখ্যা গরিষ্ঠতা অর্জনে ব্যর্থ হওয়ায় এ কে ফজলুল হকের নেতৃত্বে মুসলিম লীগ ও কৃষক-প্রজা পার্টির কোয়ালিশন সরকার গঠিত হয়। অবিভক্ত বাংলার প্রথম মুখ্যমন্ত্রী নির্বাচিত হন এ. কে ফজলুল হক। বিনা ক্ষতিপূরণে জমিদারী প্রথা উচ্ছেদের বিষয়টি তদন্ত করে দেখার জন্য ১৯৩৮ সালে হক মন্ত্রিসভা একটি কমিশন গঠন করে যা 'ফ্লাউড কমিশন' নামে পরিচিত। ১৯৩৮ সালে হক মন্ত্রিসভা বঙ্গীয় প্রজাস্বত্ব আইন সংশোধন করে জমিদারদের অধিকার হ্রাস এবং কৃষকদের অধিকার বৃদ্ধির চেষ্টা করেন। ১৯৩৮ সালে বঙ্গীয় চাষী খাতক আইন প্রবর্তন করেন। এই আইনের ফলে বাংলার

BCS Spotlight

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

সর্বত্র 'ঋণ সালিসি বোর্ড' গঠিত হয়। ফজলুল হক অবৈতনিক প্রাথমিক শিক্ষা আইন প্রণয়ন করেন। ঢাকার কৃষি কলেজ এবং বরিশালের চাখার কলেজ স্থাপনের কৃতিত্ব হক সাহেবের। মুসলিম নারীদের শিক্ষার জন্য ঢাকায় ইডেন কলেজ প্রতিষ্ঠা করেন।

একে ফজলুল হকের দ্বিতীয় মন্ত্রিসভা (The Second Ministry of Fazlul Huq)

১৯৪১ সালে মুহম্মদ আলী জিন্নাহর সাথে মতানৈক্যর ফলে এ কে ফজলুল হক মুসলিম লীগ থেকে পদত্যাগ করেন। তিনি ড. শ্যামপ্রসাদের সাথে কোয়ালিশন সরকার গঠন করেন। এ মন্ত্রিসভা শ্যামা-হক মন্ত্রিভা নামে পরিচিত। এই মন্ত্রিসভার মুখ্যমন্ত্রী ছিলেন এ কে ফজলুল হক। ১৯৪৩ সালে এই মন্ত্রিসভার পতন হয়।

খাজা নাজিমউদ্দীনের মন্ত্রিসভা

১৯৪৩ সালে শ্যামা-হক মন্ত্রিসভার পতন ঘটলে খাজা নাজিমউদ্দীনের নেতৃত্বে মুসলিম লীগ মন্ত্রিসভা গঠন করে।

লাহোর প্রস্তাব (Lahore Resolution)



লাহোর প্রস্তাব

১৯৩৯ সালে মুহম্মদ আলী জিন্নাহ ঘোষণা করেন যে, হিন্দু মুসলমান দুটি আলাদা জাতি। তার এ ঘোষণা 'দ্বিজাতি তত্ত্ব' হিসাবে পরিচিত। ১৯৪০ সালের ২৩ মার্চ লাহোরে মোহাম্মদ আলী জিন্নাহর সভাপতিত্বে মুসলিম লীগের বার্ষিক অধিবেশন অনুষ্ঠিত হয়। বাংলার তৎকালীন মুখ্যমন্ত্রী শেরে বাংলা এ কে ফজলুল হক ঐতিহাসিক 'লাহোর প্রস্তাব' উত্থাপন করেন। লাহোর প্রস্তাবের মূলকথা ছিল উপমহাদেশের উত্তর-পশ্চিম ও পূর্বাঞ্চলীয় মুসলিম অধ্যুষিত এলাকাগুলো নিয়ে একাধিক স্বাধীন ও সার্বভৌম রাষ্ট্র গঠন করতে হবে। অন্য কোনো ব্যবস্থা মুসলমানদের নিকট গ্রহণযোগ্য হবেনা। লাহোর প্রস্তাবে পাকিস্তানের কোনো উল্লেখ ছিলনা। তবুও এ প্রস্তাব পাকিস্তান প্রস্তাব নামেও পরিচিত। পরবর্তীকালে এ প্রস্তাবের সংশোধন করা হয়। একাধিক রাষ্ট্রের পরিবর্তে একটি মাত্র রাষ্ট্রগঠনের সিদ্ধান্ত নেওয়া হয়। এ প্রস্তাবের ভিত্তিতেই পাকিস্তান রাষ্ট্রের সৃষ্টি হয়।

ক্রিপস মিশন (The Cripps Mission)

দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় জাপান মিত্র পক্ষের বিরুদ্ধে যুদ্ধে যোগদান করলে জাপানি আক্রমণের বিরুদ্ধে এ দেশীয় সাহায্য সহযোগিতা লাভ করার জন্য তৎকালীন ব্রিটিশ প্রধানমন্ত্রী চার্চিল স্যার স্ট্যাফোর্ড ক্রিপসকে ১৯৪২ সালে এ উপমহাদেশে প্রেরণ করেন। তিনি রাজনৈতিক সমস্যা সমাধানের লক্ষ্যে ব্রিটিশ সরকারের পক্ষ থেকে যে কয়টি প্রস্তাব করেন, তা 'ক্রিপস প্রস্তাব' নামে খ্যাত।

ভারত ছাড় আন্দোলন (Quit India Movement)

ভারতের রাজনৈতিক সংকট নিরসনে ক্রিপস মিশন ব্যর্থ হলে ১৯৪২ সালের আগস্ট মাসে মহাত্মা গান্ধীর নেতৃত্বে 'ভারত ছাড়' দাবিতে ইংরেজ বিরোধী আন্দোলন শুরু হয়।

Scanned by CamScanner

১৯৪৩ সালের দুর্ভিক্ষ (The Famine of 1943)

দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় জাপানিরা বার্মা দখল করলে এখান থেকে বাংলায় চাল আমদানি বন্ধ হয়ে যায়। পক্ষান্তরে বাংলার খাদ্য শস্য ক্রয় করে বাংলার বাহিরে সৈন্যদের রসদ হিসাবে পাঠিয়ে দেওয়া হয়। অসাধু, লোভী ও মুনাফাখোর ব্যবসায়ীরা খাদ্য গুদামজাত করে। এছাড়া অনাবৃষ্টির ফলে বাংলার খাদ্য উৎপাদনও হ্রাস পায়। ফলে ১৯৪৩ সালে বাংলায় এক ভয়াবহ দুর্ভিক্ষ হয়। এ দুর্ভিক্ষে আনুমানিক ৩০ লক্ষ লোক প্রাণ হারায়। বাংলা ১৩৫০ সালে সংঘটিত এই দুর্ভিক্ষ 'পঞ্চাশের মন্বন্তর' নামে পরিচিত।





তেভাগা আন্দোলন (Tebhaga movement)

তেভাগা আন্দোলন ১৯৪৬ সালের ডিসেম্বর মাস হতে শুরু হয়ে ১৯৪৭ সাল পর্যন্ত চলে। মোট উৎপন্ন ফসলের তিনভাগের দুইভাগ পাবে চাষী, একভাগ পাবে জমির মালিক - এই দাবি থেকে তেভাগা আন্দোলনের সূত্রপাত। বাংলার প্রায় ১৯টি জেলায় তেভাগা আন্দোলন নামে কৃষক আন্দোলন শুরু হয়। তবে দিনাজপুর ও রংপুর জেলায় এই আন্দোলন তীব্র আকার ধারণ করেছিল। এ আন্দোলনের নেত্রী ছিলেন ইলা মিত্র।

মন্ত্রী মিশন (The Cabinet Mission)

১৯৪৬ সালে ভারতের রাজনৈতিক ও শাসনতান্ত্রিক সংকট নিরসনের জন্য ব্রিটিশ প্রধানমন্ত্রী এটলি তার মন্ত্রিসভার তিন সদস্যকে ভারতে প্রেরণ করেন। এ তিন মন্ত্রীবিশিষ্ট প্রতিনিধি দল মন্ত্রিমিশন নামে পরিচিত।

১৯৪৬ সালের নির্বাচন ও সোহরাওয়ার্দী মন্ত্রিসভা
The Election of 1946 & the Suhrawardy Ministry

১৯৪৬ সালের প্রাদেশিক পরিষদ নির্বাচনে আবুল হাসেম এবং হোসেন শহীদ সোহরাওয়ার্দীর নেতৃত্বাধীন মুসলিম লীগ জয়লাভ করে। ১৯৪৬ সালের ২৪ এপ্রিল হোসেন শহীদ সোহরাওয়ার্দীর নেতৃত্বে একটি মন্ত্রিসভা গঠিত হয়। এটি ছিল অবিভক্ত বাংলার শেষ মন্ত্রিসভা। হোসেন শহীদ সোহরাওয়ার্দী ছিলেন অবিভক্ত বাংলার শেষ মুখ্যমন্ত্রী।



হোসেন শহীদ সোহরাওয়ার্দী

গান্ধীজীর বাংলাদেশ ভ্রমণ

১৯৪৬ সালের ৭ নভেম্বর জাতিগত সংঘাত রায়টের পর মহাত্মা গান্ধী নোয়াখালী জেলার বেগমগঞ্জ ভ্রমণ করেন।

BCS Spotlight

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

MCQ Solution

১. কৃষক প্রজা পার্টির প্রতিষ্ঠাতা- [জাতীয় বিশ্ববিদ্যালয় (মানবিক) : ০৫-০৬ / অর্থ মন্ত্রণালয়ের অধীন প্রশাসনিক কর্মকর্তা : ০৪]
ক মাওলানা ভাসানী খ এ.কে ফজলুল হক
গ আবুল হাশিম ঘ সোহরাওয়ার্দী উত্তর: খ

২. **Who was the first Chief Minister of the undivided Bengal?** [Probashi Kallyan Bank Ltd. Officer (cash) : 14]

Or,

অবিভক্ত বাংলার প্রথম মুখ্যমন্ত্রী [ইসলামী বিশ্ববিদ্যালয় (জি ইউনিট) : ১৩-১৪/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (ব্যবস্থাপনা বিভাগ) : ০৮-০৯/ ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৭-০৮]
ⓐ Syed Mahmud ⓑ Syed Amir Ali
ⓒ Nawab Abdul Latif ⓓ ⓔ K. Fazlul Huq **Ans:** d

৩. বাংলায় 'ঋণ সালিশি আইন' কার আমলে প্রণীত হয়? [পাসপোর্ট ও ইমিগ্রেশন অধিদপ্তরের সহকারী পরিচালক : ০৭ / ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৪-০৫]
ক এ. কে ফজলুল হক খ এইচ. এস. সোহরাওয়ার্দী
গ খাজা নাজিমউদ্দীন ঘ নুরুল আমিন উত্তর: ক

৪. কোন নেতা জমিদারি প্রথা রদে প্রধান ভূমিকা পালন করেন? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৯-১০/ জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৬-০৭]
ক হোসেন শহীদ সোহরাওয়ার্দী খ মাওলানা আবদুল হামিদ খান ভাসানী
গ একে ফজলুল হক ঘ আতাউর রহমান খান উত্তর: গ

৫. অবিভক্ত বাংলার দ্বিতীয় মুখ্যমন্ত্রী- [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৮-০৯]
ক আবুল হাসেম খ এ কে ফজলুল হক
গ শহীদ সোহরাওয়ার্দী ঘ খাজা নাজিমউদ্দীন উত্তর: খ

৬. দ্বি-জাতি তত্ত্বের প্রবক্তা কে ছিলেন? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৩-১৪/ কারিগরি শিক্ষা অধিদপ্তরের অধীনে চিফ ইন্সট্রাক্টর (নন-টেক) : ০৫]
ক আল্লামা ইকবাল খ স্যার সৈয়দ আহম্মদ
গ মোহাম্মদ আলী জিন্নাহ ঘ স্যার সলিমুল্লাহ উত্তর: গ

৭. ১৯৪০ সালের লাহোর প্রস্তাবের উত্থাপক কে ছিলেন? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (মেঘনা) : ১৩ / প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (ক্যামেলিয়া) : ১২/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৭-০৮]
ক লিয়াকত আলী খান খ এ.কে ফজলুল হক গ মোহাম্মদ আলী জিন্নাহ
ঘ খাজা নাজিমউদ্দীন ঙ হোসেন শহীদ সোহরাওয়ার্দী উত্তর: খ

৮. ঐতিহাসিক লাহোর প্রস্তাব কত তারিখে উত্থাপিত হয়? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৮-০৯/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা (ঘ ইউনিট) : ০২-০৩]
ক ১৩ ফেব্রুয়ারি, ১৯৪০ খ ১৩ মার্চ, ১৯৪০
গ ২৩ মার্চ, ১৯৪০ ঘ ২৩ মার্চ, ১৯৪২ উত্তর: গ

৯. 'লাহোর প্রস্থাব' কত সালে উত্থাপিত (গৃহীত) হয়? [বরিশাল বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৪-১৫ / রাজশাহী বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৩-১৪]
ক ১৯৩৫ খ ১৯৪০
গ ১৮৪০ ঘ ১৯৪৫ উত্তর: খ

BCS Spotlight

Scanned by CamScanner

১০. লাহোর প্রস্তাব ছিল– [মহা হিসাবরক্ষক ও নিরীক্ষক এর অধীনে 'অধীক্ষক' : ৯৮]
ক স্বাধীন বাংলা প্রস্তাব খ পাকিস্তান প্রস্তাব
গ ভারত বিভাগের প্রস্তাব
ঘ ভারতে মুসলিম সংখ্যাগরিষ্ঠ এলাকার জন্য স্বাধীন রাষ্ট্রসমূহ গঠনের প্রস্তাব উত্তর: ঘ

১১. ক্রীপস মিশন কোন উদ্দেশ্যে এদেশে আগমন করে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (কয়রোয়া) : ১০]
ক অর্থনৈতিক খ রাজনৈতিক
গ সামাজিক ঘ সাংস্কৃতিক উত্তর: খ

১২. 'পঞ্চাশের মন্বন্তর' হয়েছিল ইংরেজি কত সালে? [পল্লী উন্নয়ন বোর্ড - এর মাঠকর্মী : ১৪/ বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের উপ-প্রকল্প কর্মকর্তা : ১৩/ খাদ্য অধিদপ্তরের খাদ্য পরিদর্শক : ০৯]
ক ১৯৪৩ সালে খ ১৮৫০ সালে
গ ১৯২১ সালে ঘ ১৯৫০ সালে উত্তর: ক

১৩. ইলা মিত্র অংশগ্রহণ করেন- [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০২-০৩]
ক ওয়াহাবী আন্দোলনে খ নীল বিদ্রোহে
গ তেভাগা আন্দোলনে ঘ সিপাহি বিদ্রোহে উত্তর: গ

১৪. **Who was the leader of 'Tebhaga Andolon' of Bangladesh?** [Janata Bank Ltd. AEO : 15]

Or,

তেভাগা আন্দোলনের নেত্রী – [বরিশাল বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৪-১৫/ বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা : ১৩/ পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাইফার অফিসার : ১২/ আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ : ০৭]
ⓐ Ila Mitra ⓑ Sumitra Devi
ⓒ Taramon Bibi ⓓ Pritiata Waddedar **Ans. a**

১৫. ভারতে ক্যাবিনেট মিশন কখন এসেছিল? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (যমুনা) : ১২ / মাধ্যমিক বিদ্যালয় সহকারী প্রধান শিক্ষক : ০৩]
ক ১৯৪০ সালে খ ১৯৪৬ সালে
গ ১৯৪২ সালে ঘ ১৯৪৭ সালে উত্তর: খ

১৬. **Who is the last chief Minister of undivided Bengal?** [RAKUB Senior Officer : 11/ Sonali, Janata, Agrani Bank Ltd. Senior Officer : 08]

Or,

অবিভক্ত বাংলার শেষ মুখ্যমন্ত্রী কে ছিলেন? [বাতিলকৃত ২৪ তম বিসিএস/ বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড সহকারী সচিব : ১৫/ বরিশাল বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৪-১৫ / বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক : ১১]
ⓐ A.K. Fazlul Haque ⓑ Huseyen Shahid Shurwardy
ⓒ Abul Hashem ⓓ Khaja Nazim Uddin
ⓔ None of them **Ans. b**

১৭. মহাত্মা গান্ধী বাংলাদেশের কোন জেলা সফর করেছিলেন? [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৪-০৫]
ক নোয়াখালী খ বরিশাল
গ ঢাকা ঘ খুলনা উত্তর: ক

BCS Spotlight

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

পাকিস্তান আমল

পাকিস্তানের প্রথম .....

গভর্নর জেনারেল	প্রধানমন্ত্রী	পূর্ব বাংলার মুখ্যমন্ত্রী
		
মোহাম্মদ আলী জিন্নাহ	লিয়াকত আলী খান	খাজা নাজিমউদ্দীন

আওয়ামী মুসলিম লীগ (The Awami Muslim League)

হোসেন শহীদ সোহরাওয়ার্দী এবং আবুল হাশেমের নেতৃত্বাধীন তৎকালীন বঙ্গীয় প্রাদেশিক মুসলিম লীগের একাংশের সম্মেলনের মধ্য দিয়ে ১৯৪৯ সালের ২৩ জুন ঢাকার টিকাটুলির কে এম দাস লেন রোডের রোজ গার্ডেন প্যালেসে 'পূর্ব পাকিস্তান আওয়ামী মুসলিম লীগ' প্রতিষ্ঠিত হয়। রাজনৈতিক দলটি পূর্ব পাকিস্তানে দ্রুত জনপ্রিয়তা লাভে সমর্থ হয়। ১৯৫৩ সালে মাওলানা ভাসানীর সভাপতিত্বে অনুষ্ঠিত আওয়ামী মুসলিম লীগের কাউন্সিল অধিবেশনে দলের নাম থেকে 'মুসলিম' শব্দটি বাদ দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। ধর্ম নিরপেক্ষতা চর্চা এবং অসাম্প্রদায়িক চেতনা প্রতিষ্ঠার লক্ষ্যে ১৯৫৫ সালে দলের নাম পরিবর্তন করে 'পূর্ব পাকিস্তান আওয়ামী লীগ' রাখা হয়।

আওয়ামী লীগের প্রতিষ্ঠাকালীন .....

সভাপতি	মাওলানা আব্দুল হামিদ খান ভাসানী
সাধারণ সম্পাদক	শামসুল হক
যুগ্ম সম্পাদক	শেখ মুজিবুর রহমান

পূর্ববঙ্গ জমিদারী দখল ও প্রজাস্বত্ব আইন্ (১৯৫০ খ্রি.)

গণদাবির কারণে মুসলীম লীগ সরকার ১৯৪৮ সালে ৩১ মার্চ পূর্ববঙ্গ জমিদারী দখল ও প্রজাস্বত্ব বিল উপস্থাপন করে। বহুবির্তকের পর ১৯৫০ সালের ডিসেম্বর মাসে বিলটি আইনে পরিণত হয়। এ আইনের ফলে জমিদারি প্রথা বিলুপ্ত হয়।

MCQ Solution

১. ১৯৪৭ সালে পূর্ব বাংলার মুখ্যমন্ত্রী ছিলেন-- [খাদ্য অধিদপ্তরের পরিদর্শক : ৯৬]

ক নুরুল আমিন খ আতাউর রহমান

গ খাজা নাজিমউদ্দীন ঘ আবু হোসেন সরকার

উত্তরঃ গ

Scanned by CamScanner

২. পূর্ব বাংলার প্রথম গভর্নর কে ছিলেন? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (শরৎ) : ১০ / প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (জবা) : ০৯]

ক ইস্কান্দার মীর্জা
খ চৌধুরী খালেকুজ্জামান
গ সোহরাওয়ার্দী
ঘ এ কে ফজলুল হক

উত্তর:
ব্যাখ্যা: পূর্ব বাংলার প্রথম গভর্নর ছিলেন স্যার ফ্র্যাডরিক চালমার্স বোর্ন। চৌধুরী খালেকুজ্জামান ছিলেন তৃতীয় গভর্নর।

৩. আওয়ামী লীগের মূল বা আদি নাম কি? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৩-০৪]

ক আওয়ামী পার্টি
খ আওয়ামী জাতীয় পার্টি
গ আওয়ামী মুসলিম লীগ
ঘ আওয়ামী লীগ

উত্তর: গ

৪. আওয়ামী মুসলীগ লীগের প্রতিষ্ঠাতা সভাপতি - [জাতীয় বিশ্ববিদ্যালয় (বিজ্ঞান) : ০৯-১০ / অর্থ মন্ত্রণালয়ের অধীন প্রশাসনিক কর্মকর্তা : ০৪]

ক মাওলানা ভাসানী
খ শেখ মজিবুর রহমান
গ শামসুল হক
ঘ সোহরাওয়ার্দী

উত্তর: ক

৫. আওয়ামী মুসলিম লীগের প্রতিষ্ঠাতা সাধারণ সম্পাদক কে ছিলেন? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০০-০১]

ক শেখ মুজিবুর রহমান
খ মাওলানা আব্দুল হামিদ খান ভাসানী
গ শামসুল হক
ঘ আবুল হাশিম

উত্তর: গ

৬. আওয়ামী মুসলিম লীগের প্রতিষ্ঠাকালীন সময়ে শেখ মুজিবুর রহমান নিচের কি ছিলেন? [স্বাস্থ্য অধিদপ্তরের স্বাস্থ্য সহকারী : ১০]

ক যুগ্ম সম্পাদক
খ সম্পাদক
গ সহ-সভাপতি

উত্তর: ক

৭. বাংলাদেশের ইতিহাসে যে ঘটনাটি আগে ঘটেছিল- [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৮-০৯]

ক যুক্তফ্রন্ট গঠন
খ ভাষা আন্দোলন
গ আগরতলা ষড়যন্ত্র মামলা
ঘ আওয়ামী মুসলিম লীগের প্রতিষ্ঠা

উত্তর: ঘ

ঘটনা	সময়কাল	ঘটনা	সময়কাল
আওয়ামী মুসলিম লীগের প্রতিষ্ঠা	১৯৪৯ সালে	ভাষা আন্দোলন	১৯৫২ সালে
আগরতলা ষড়যন্ত্র মামলা	১৯৬৮ সালে	যুক্তফ্রন্ট গঠন	১৯৫৩ সালে

৮. বাংলাদেশের গৃহীত এস্টেট একুইজিশন এণ্ড টেনান্সী এ্যাক্ট কোন সনে পাস হয়? [যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক : ৯৯]

ক ১৯৫০
খ ১৯৫১
গ ১৯৫২
ঘ ১৯৬১

উত্তর: ক

৯. পূর্ববঙ্গ জমিদারী দখল ও প্রজাস্বত্ব আইন কবে প্রণীত হয়? [১৩তম বিসিএস/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (মেহেরপুর) : ১২ / রাজশাহী বিশ্ববিদ্যালয় (অর্থনীতি) : ০৭-০৮/ বাংলাদেশ রোড অথরিটির সহকারী পরিচালক : ০৫]

ক ১৯৫০
খ ১৯৪৮
গ ১৯৪৭
ঘ ১৯৫৪

উত্তর: ক

১০. জমিদারি প্রথা বিলুপ্ত হয়? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৬-০৭]

ক ১৯৪৭ সালে
খ ১৯৫০ সালে
গ ১৯৫২ সালে
ঘ ১৯৬৪ সালে

উত্তর: খ

BCS Spotlight

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

ভাষা আন্দোলন (The language Movement)

১৮৩৫ সালে সরকারী ভাষা হিসেবে এদেশে ইংরেজি ভাষার ব্যবহার শুরু হয়। ভারত বিভাগের পর পাকিস্তানের রাষ্ট্রভাষা কি হবে তা নিয়ে প্রশ্ন দেখা দেয়। ১৯৪৭ সালের ২ সেপ্টেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক আবুল কাশেমের নেতৃত্বে 'তমদ্দুন মজলিশ' (Tamuddun Majlish) নামে একটি সাংস্কৃতিক প্রতিষ্ঠান গঠিত হয়। পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা হিসাবে বাংলাকে চালু করার দাবি নিয়ে এগিয়ে আসে 'তমদ্দুন মজলিশ'। তমদ্দুন মজলিশ ১৯৪৭ সালের ১৫ সেপ্টেম্বর ভাষা আন্দোলনের প্রথম পুস্তিকা 'পাকিস্তানের রাষ্ট্রভাষা বাংলা না উর্দু' প্রকাশ করে। এ পুস্তিকার লেখক ছিলেন তিনজন- অধ্যাপক আবুল কাসেম, ড. কাজী মোতাহার হোসেন এবং আবুল মনসুর আহমদ।




ধীরেন্দ্রনাথ দত্ত

১৯৪৮ সালের জানুয়ারি মাসে বাংলাকে রাষ্ট্রভাষা করার উদ্দেশ্যে ঢাকায় 'রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ' গঠিত হয়। ১৯৪৮ সালের ফেব্রুয়ারি মাসে পাকিস্তান প্রথম গণপরিষদ অধিবেশনে ইংরেজির পাশাপাশি উর্দু ভাষাতে অধিবেশনের কার্যক্রম শুরু হলে পূর্ব বাংলার গণপরিষদ সদস্য কুমিল্লার ধীরন্দ্রনাথ দত্ত এর প্রতিবাদ করেন এবং বাংলা ভাষাকে গণপরিষদের অন্যতম ভাষারূপে সরকারী স্বীকৃতির দাবি জানান। কিন্তু গণপরিষদ এ দাবি প্রত্যাখ্যান করলে পূর্ব বাংলার ছাত্র শিক্ষক ও বুদ্ধিজীবী মহলে অসন্তোষ দেখা দেয়। ১৯৪৮ সালের ২ মার্চ কামরুদ্দিন আহমদের সভাপতিত্বে 'সর্বদলীয় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ' (All Parties State Language Movement Association) গঠিত হয়। সংগ্রাম পরিষদ রাষ্ট্রভাষার ক্ষেত্রে সরকারের ষড়যন্ত্র রোধ করার জন্য ১৯৪৮ সালের ১১ মার্চ থেকে সাধারণ ধর্মঘটের ডাক দেয়। ঐ দিন ঢাকায় বহুছাত্র আহত এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ অনেকে গ্রেফতার হন। এজন্য ১৯৪৮-৫২ এর ভাষা আন্দোলনের সময়কালে প্রতি বছর ১১ মার্চ 'ভাষা দিবস' (Language day) হিসাবে পালন করা হতো।

১৯৪৮ সালের ২১ মার্চ মোহাম্মদ আলী জিন্নাহ ঢাকার তৎকালীন রেসকোর্স ময়দানে এক জনসভায় ঘোষণা দেন, 'উর্দু এবং একমাত্র উর্দুই হবে পাকিস্তানের রাষ্ট্রভাষা'। ২৪ মার্চ কার্জন হলে অনুষ্ঠিত ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন অনুষ্ঠানে তিনি একই কথার পুনরাবৃত্তি করলে উপস্থিত ছাত্ররা 'না না' বলে তীব্র প্রতিবাদ জানায়। ১৯৪৯ সালে পূর্ব বাংলা সরকার বাংলা ভাষা সংস্কারের নামে 'পূর্ব বাংলা ভাষা কমিটি' গঠন করে। মওলানা আকরাম খাঁ ছিলেন এ কমিটির সভাপতি। ১৯৫০ সালে পাকিস্তানের প্রধানমন্ত্রী লিয়াকত আলী খান ঘোষণা করেন, 'উর্দুই পাকিস্তানের জাতীয় ভাষা হবে।' ১৯৫২ সালের ২৬ জানুয়ারি পাকিস্তানের তৎকালীন প্রধানমন্ত্রী খাজা নাজিমউদ্দীন ঢাকায় এক জনসভায় ঘোষণা করেন, 'উর্দুই হবে পাকিস্তানের রাষ্ট্রভাষা।' ৩১ জানুয়ারি, ১৯৫২ আওয়ামী লীগের সভাপতি মওলানা ভাসানীর সভাপতিত্বে অনুষ্ঠিত বিভিন্ন রাজনৈতিক- সাংস্কৃতিক দলের সভায় 'সর্বদলীয় কেন্দ্রীয় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ গঠিত হয়, যার আহবায়ক ছিলেন কাজী গোলাম মাহবুব। সংগ্রাম পরিষদ ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি (৮ ফাল্গুন, ১৩৫৮ বঙ্গাব্দ) রোজ বৃহস্পতিবার 'রাষ্ট্রভাষা দিবস' পালনের সিদ্ধান্ত নেয় এবং সারাদেশে হরতাল কর্মসূচি পালনের সিদ্ধান্ত গ্রহণ করে। ছাত্র আন্দোলনের ভয়ে ভীত হয়ে নুরুল আমিন সরকার ২০ ফেব্রুয়ারি ১৪৪ ধারা জারি করে এবং সভা সমাবেশ নিষিদ্ধ করে।

Scanned by CamScanner

কিন্তু ২১ ফেব্রুয়ারি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীরা সংগঠিতভাবে ১৪৪ ধারা ভঙ্গ করে 'রাষ্ট্রভাষা বাংলা চাই' শ্লোগান দিতে দিতে বর্তমান ঢাকা মেডিকেল কলেজ চত্বরে সমবেত হয়। পুলিশ উপস্থিত ছাত্র-জনতাকে ছত্রভঙ্গ করতে কাঁদুনে গ্যাস নিক্ষেপ করলে ছাত্র-পুলিশ সংঘর্ষ বাধে।



ভাষা আন্দোলন (১৯৫২খ্রি.)

পুলিশ এক পর্যায়ে গুলি বর্ষণ করলে আবদুস সালাম, আবুল বরকত, রফিক উদ্দিন, আবদুল জব্বার প্রমুখ শহীদ হন। নয় বছরের শিশু ওহিউল্লাহও পুলিশের গুলিতে নিহত হয়েছিল। পুলিশের গুলি বর্ষণের প্রতিবাদে ১৯৫২ সালের ২২ ফেব্রুয়ারি বিশাল শোভা যাত্রা বাহির হয়। এ শোভাযাত্রার উপরও পুলিশ গুলিবর্ষণ করে। ফলে শফিউর রহমান মৃত্যুবরণ করেন।

৯ মে, ১৯৫৪ পাকিস্তান গণপরিষদ বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষার স্বীকৃতি দিয়ে একটি বিল পাশ করে। ১৯৫৬ সাল পর্যন্ত ভাষা আন্দোলন অব্যাহত ছিল। পাকিস্তান জাতীয় পরিষদে উর্দুর পাশাপাশি বাংলাকেও পাকিস্তানের রাষ্ট্রভাষা হিসেবে অনুমোদনের মাধ্যমে এই আন্দোলন তার লক্ষ্য অর্জন করে। জাতীয় পরিষদে বিষয়টি নিয়ে বিতর্কের (১৬ ফেব্রুয়ারি, ১৯৫৬) এক পর্যায়ে এর সদস্য ফরিদপুরের আদেলউদ্দিন আহমেদের দেওয়া সংশোধনী প্রস্তাব অনুযায়ী বাংলা ও উর্দু উভয় ভাষাই পাকিস্তানের রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি লাভ করে। ১৯৮৭ সালে বাংলাদেশের জাতীয় সংসদে বাংলা ভাষাকে জীবনের সর্বস্তরে ব্যবহারের জন্য আইন পাস হয়। সিয়েরালিয়ন বাংলা ভাষাকে দ্বিতীয় রাষ্ট্রভাষার মর্যাদা দিয়েছে। বর্তমানে ভাষাভাষী জনসংখ্যার বিবেচনায় বাংলা ভাষার অবস্থান বিশ্বে ৭ম।

১৯৫২ সালের ভাষা আন্দোলনের সময় –

পাকিস্তানের গভর্নর জেনারেল	মালিক গোলাম মোহাম্মদ
পাকিস্তানের প্রধানমন্ত্রী	খাজা নাজিমউদ্দীন
পূর্ব বাংলার মুখ্যমন্ত্রী	নুরুল আমিন

১৭ নভেম্বর, ১৯৯৯ UNESCO ৩১তম বৈঠকে ভাষা অধিকার প্রতিষ্ঠার জন্য একুশে ফেব্রুয়ারিকে 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' (International Mother Language day) হিসাবে স্বীকৃতি দেয়। ২০০০ সালে বিশ্বের ১৮৮টি দেশে সর্বপ্রথম দিবসটি পালিত হয়। উল্লেখ্য, UNESCO ২০০৩ সালে 'একুশে পদক' লাভ করে।

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

MCQ Solution

১. সরকারি ভাষা হিসেবে এদেশে ইংরেজির ব্যবহার শুরু হয় কোন সন থেকে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (সুরমা) : ১২]

ক ১৭৬৫ খ ১৮২৪
গ ১৮৩৫ ঘ ১৮৫৭ **উত্তর: গ**

২. তমুদ্দুন মজলিশ ছিল একটি– [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৩ -১৪]

ক সাংস্কৃতিক প্রতিষ্ঠান খ সামাজিক প্রতিষ্ঠান
গ রাজনৈতিক প্রতিষ্ঠান ঘ দাতব্য প্রতিষ্ঠান **উত্তর: ক**

৩. তমুদ্দুন মজলিস সংগঠনটি কিসের সাথে জড়িত? [মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যলয়ের অধীনে অডিটর : ১৪]

ক ভাষা আন্দোলন খ স্বাধীনতা সংগ্রাম
গ সাংস্কৃতি আন্দোলন ঘ কোনোটিই নয় **উত্তর: ক**

৪. তমুদ্দুন মজলিস কোন সনে প্রতিষ্ঠিত? [কারিগরি শিক্ষা অধিদপ্তরের অধীনে চিফ ইন্সট্রাক্টর (নন-টেক) : ০৫]

ক ১৯৪৬ খ ১৯৪৭
গ ১৯৪৮ ঘ ১৯৫০ **উত্তর: খ**

৫. ভাষা আন্দোলনের সাথে জড়িত প্রতিষ্ঠান তমুদ্দিন মজলিস কার নেতৃত্বে গঠিত হয়? [মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যলয়ের অধীন জুনিয়র অডিটর : ১৪]

ক অধ্যাপক আবুল কাসেম খ কামরুদ্দিন আহমদ
গ আবদুল মতিন ঘ আবদুস সালাম **উত্তর: ক**

৬. ভাষা আন্দোলনের একজন পথপ্রদর্শক হিসেবে খ্যাত- [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৫-০৬]

ক জ্যোতিমর্ষ গুহ ঠাকুরতা খ জিতেন ঘোষ
গ মুহম্মদ আবদুল হাই ঘ ধীরেন্দ্রনাথ দত্ত
ঙ ড. মুহম্মদ শহীদুল্লাহ **উত্তর: ঘ**

৭. ধীরেন্দ্রনাথ দত্ত বাংলার ইতিহাসে কি জন্য বিখ্যাত? [শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় : ০৯-১০]

ক কবি খ স্বাধীনতা সংগ্রামী
গ বিশিষ্ট লেখক ঘ বাংলা ভাষা প্রতিষ্ঠায় নিবেদিত প্রাণ **উত্তর: ঘ**

৮. পাকিস্তান শাসনতান্ত্রিক পরিষদের (Constituent Assembly) ধারা বিবরণীতে বাংলা ভাষা ব্যবহারের দাবি কে প্রথম করেছিলেন? [বাতিলকৃত ২৪ তম বিসিএস]

ক আবুল হাশেম খ শেখ মুজিবুর রহমান
গ ড. মুহাম্মদ শহীদুল্লাহ ঘ ধীরেন্দ্রনাথ দত্ত **উত্তর: ঘ**

৯. পাকিস্তানের গণপরিষদে উর্দুর পাশাপাশি বাংলাকে রাষ্ট্রভাষা করার দাবি কে জানিয়েছিলেন? [৩৫তম বিসিএস / ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৩- ১৪ / চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৮-০৯]

ক তমিজউদ্দীন খান খ সৈয়দ আজমত খান
গ ধীরেন্দ্রনাথ দত্ত ঘ মনোরঞ্জন ধর **উত্তর: গ**

১০. ভাষা আন্দোলনের সূত্রপাত হয়- [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (নাটক ও নাট্যতত্ত্ব) : ১৩-১৪ / বেসামরিক বিমান ও পর্যটন মন্ত্রণালয়ের অধীন প্রশাসনিক কর্মকর্তা : ০৫]

ক ১৯৪৮ সালে খ ১৯৫০ সালে
গ ১৯৫১ সালে ঘ ১৯৫২ সালে **উত্তর: ক**

BCS Spotlight

Scanned by CamScanner

১১. ১৯৪৮-৫২ এর ভাষা আন্দোলনের সময়কালে প্রতি বছর 'ভাষা দিবস' বলে একটি দিন পালন করা হত। দিনটি ছিল কি? [পি.এস.সি সহকারী পরিচালক : ৯৮]

ক ৩০ জানুয়ারি খ ২৬ ফেব্রুয়ারি
গ ১১ মার্চ ঘ ২১ এপ্রিল
উত্তর: গ

১২. ১৯৪৮ সালের ২১ মার্চ ঢাকার রেসকোর্স ময়দানে তৎকালীন পাকিস্তানের একজন নেতা ঘোষণা করেন 'উর্দু এবং একমাত্র উর্দুই হবে পাকিস্তানের রাষ্ট্রভাষা।'- কে এই নেতা? [Sonali, Janata, Agrani and Rupali Bank Senior Officer : 98]

ক খাজা নাজিমউদ্দীন খ লিয়াকত আলী খান
গ মোহাম্মদ আলী জিন্নাহ ঘ আইয়ুব খান
উত্তর: গ

১৩. কত সালে 'রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ' গঠন করা হয়? [পল্লী বিদ্যুতায়ন বোর্ড সহকারী সচিব : ১৩/ বাংলাদেশ রোড অথরিটির সহকারী পরিচালক : ০৫ / স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনে পুলিশ সহকারী রাসায়নিক : ০২]

ক ১৯৪৮ সালে খ ১৯৫০ সালে
গ ১৯৫২ সালে ঘ ১৯২০ সালে
উত্তর: ক

১৪. ভাষা আন্দোলনের সময় 'পূর্ব বাংলা ভাষা কমিটি' এর সভাপতি কে ছিলেন? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা (সাংবাদিকতা এবং গণমাধ্যম) : ১২-১৩]

ক ড. মুহম্মদ শহীদুল্লাহ খ আবদুল মতিন
গ আকরাম খাঁ ঘ মহিউদ্দিন আহমেদ
উত্তর: গ

১৫. **'All Parties State Language Movement Committee' was formed in-** [Karmasngthan Bank Assistant Officer : 00]

Or,

'সর্বদলীয় রাষ্ট্রভাষা সংগ্রাম কমিটি' কোন সালে গঠিত হয়? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ১০ - ১১ / সোনালী, জনতা, অগ্রণী এবং রুপালী ব্যাংক লি. সিনিয়র অফিসার : ৯৮]

ⓐ 1948 ⓑ 1950
ⓒ 1952 ⓓ 1954
Ans. c

১৬. 'সর্বদলীয় কেন্দ্রীয় রাষ্ট্রভাষা সংগ্রাম' পরিষদ গঠিত হয়? [৩৬তম বিসিএস]

ক ৩১ জানুয়ারি, ১৯৫২ খ ২ ফেব্রুয়ারি, ১৯৫২
গ ১৮ ফেব্রুয়ারি, ১৯৫২ ঘ ২০ জানুয়ারি, ১৯৫২
উত্তর: ক

১৭. ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি বাংলা সাল কত ছিল? [প্রধানমন্ত্রীর কার্যালয়ে সহকারী পরিচালক : ১৫]

ক ১৩৫৮ খ ১৩৫৯
গ ১৩৭০ ঘ ১৩৭১
উত্তর: ক

১৮. **The Bangla calendar date of historic 'Ekhshey February' is- / ঐতিহাসিক 'একুশে ফেব্রুয়ারি' বাংলা কত তারিখ ছিল?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সাংবাদিকতা এবং গণমাধ্যম) : ১৩-১৪ / চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৮-০৭/ Bangladesh Bank Officer : 01]

Or,

21st February is the same date of ..... according to Bengali Calendar/ বাংলা পঞ্জিকা অনুসারে, ২১ ফেব্রুয়ারি বাংলা তারিখ কত? [DBBL Cash Officer: 09/ Sadharan Bima Corporation Asst manager : 09]

ⓐ 8th Falgun ⓑ 9th Magh ⓒ 31st Poush
ⓓ 29th Magh ⓔ None of these
Ans. a

BCS Spotlight

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

১৯. ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি তারিখে বুকের রক্ত দিয়ে মাতৃভাষার মান রক্ষা করেন শহীদ জব্বার, রফিক, বরকত, সালাম; ঐ দিনটি ছিল ফাল্গুন মাসের- [Sonali, Janata, Agrani and Rupali Bank Ltd. Senior Office : 00]

ক ৬ তারিখ খ ৮ তারিখ
গ ১০ তারিখ ঘ ১২ তারিখ **উত্তর: খ**

২০. **The language Movement of 21 February, 1952, fell on which day?** [Jahangirnagar University Admission Test (International Affairs) : 13-14]

Or,

১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি ছিল- [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৮-০৯]

ⓐ Thursday ⓑ Friday
ⓒ Saturday ⓓ Sunday **Ans.** a

২১. কে বায়ান্নর ভাষা আন্দোলনের শহীদ নন? [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স- এর কার্যালয়ের অধীন অডিটর : ১৪]

ক সালাম খ জব্বার
গ বরকত ঘ আসাদ **উত্তর: ঘ**

ব্যাখ্যা: ছাত্রনেতা আসাদুজ্জামান উনসত্তরের গণঅভ্যুত্থানে শহীদ হন। ১৯৬৯ সালের ২০ জানুয়ারি তাঁকে গুলি করে হত্যা করা হয়।

২২. কে ভাষা শহীদ নন? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৯-১০]

ক নূর হোসেন খ রফিক
গ জব্বার ঘ সালাম **উত্তর: ক**

ব্যাখ্যা: নূর হোসেন ১৯৯০ সালে স্বৈরাচার বিরোধী আন্দোলনে শহীদ হন।

২৩. ভাষা আন্দোলনের সময় পাকিস্তানের প্রধানমন্ত্রী কে ছিলেন? [১৩তম বিসিএস / প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (কপোতাক্ষ) : ১০]

ক খাজা নাজিমউদ্দীন খ নুরুল আমিন
গ লিয়াকত আলী খান ঘ মুহাম্মদ আলী জিন্নাহ **উত্তর: ক**

২৪. ১৯৫২ সালে ভাষা আন্দোলনের সময় পাকিস্তানের গভর্নর জেনারেল কে ছিলেন? [মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অধীনে অডিটর : ১৪]

ক খাজা নাজিমউদ্দীন খ মুহাম্মদ আলী জিন্নাহ
গ মো: নূরুল আমীন ঘ উপরের কোনোটিই নয় **উত্তর: ঘ**

২৫. ১৯৫২ সালে পূর্ববাংলার মুখ্যমন্ত্রী কে ছিলেন? [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীনে সাইফার অফিসার : ১৯]

ক খাজা নাজিমউদ্দীন খ নুরুল আমিন
গ আতাউর রহমান খান. ঘ আবু হোসেন সরকার **উত্তর: খ**

২৬. রাষ্ট্রভাষার আন্দোলন অংকুরিত হয় ১৯৪৭ সালে, মহীরুহে পরিণত হয়- [ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের হিসাবরক্ষণ কর্মকর্তা : ০৩]

ক ১৯৪৮ সালে খ ১৯৪৯ সালে
গ ১৯৫১ সালে ঘ ১৯৫২ সালে **উত্তর: ঘ**

২৭. ১৯৫২ সালের তৎকালীন ভাষা আন্দোলন কিসের জন্ম দিয়েছিল? [১৪তম বিসিএস]

ক এক রাজনৈতিক মতবাদের খ এক সাংস্কৃতিক আন্দোলনের
গ এক নতুন জাতীয় চেতনার ঘ এক নতুন সমাজ ব্যবস্থার **উত্তর: গ**

BCS Spotlight

Scanned by CamScanner

২৮. **In which year Bangla has been recognized as a state language of Pakistan?** [Al-Arafah Islami Bank Ltd. Probationary Officer : 10]

Or,

কত সালে বাংলা ভাষাকে সাংবিধানিকভাবে রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দেয়া হয়? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৪ - ১৫ / রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাষ্ট্রবিজ্ঞান বিভাগ) : ০৮-০৯]

ⓐ 1952 ⓑ 1954
ⓒ 1956 ⓓ 1962 **Ans. c**

২৯. তৎকালীন পাকিস্তানে বাংলা ভাষা রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি লাভ করে- [বরিশাল বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৪-১৫ / দুর্নীতি দমন ব্যুরোর সহকারী উপ-পরিদর্শক : ০৪]

ⓚ ১৯৫৪ সালে ⓛ ১৯৫২ সালে
ⓜ ১৯৫৬ সালে ⓝ ১৯৬৬ সালে **উত্তর: গ**

৩০. বাংলা ভাষাকে পাকিস্তান গণপরিষদ কোন তারিখে অন্যতম রাষ্ট্রভাষা হিসাবে স্বীকৃতি দেয়? [৩৬তম বিসিএস]

ⓚ ৯ মে, ১৯৫৪ ⓛ ২২ ফেব্রুয়ারি, ১৯৫৩
ⓜ ১৬ ফেব্রুয়ারি, ১৯৫৬ ⓝ ২১ ফেব্রুয়ারি, ১৯৫২ **উত্তর: ক**

৩১. **The 'International Mother Language Day is-** [Probashi Kallyan Bank Ltd. Officer (cash) : 14 / Bangladesh Bank Asst. Director : 04]

Or,

কোনটি 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস'? [খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক : ০৯ / পাবলিক সার্ভিস কমিশনে সহকারী পরিচালক : ০৪ / প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (কুলনা বিভাগ) : ০৩ / কর্মসংস্থান ব্যাংক এসিস্টেন্ট অফিসার : ০১]

ⓐ 16 December ⓑ 26 March ⓒ 9 May
ⓓ 21 February ⓔ 14 April **Ans. d**

৩২. আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের উদ্দেশ্য– [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৪- ১৫]

ⓚ ভাষা অধিকার ⓛ মাতৃভাষার আন্তর্জাতিক স্বীকৃতি
ⓜ মাতৃভাষার বিদেশে প্রচার ⓝ মাতৃভাষার জনপ্রিয়তা **উত্তর: ক**

৩৩. **21st February was declared as the '*International Mother Language*' Day by which organization?** [Shahjalal Islami Bank Ltd. Trainee Officer (cash) : 13 EXIM Bank Ltd. MTO : 13/ Dhaka Bank Ltd. MTO : 11/ Trust Bank Ltd. Asst. Officer : 11].

Or,

কোন আন্তর্জাতিক সংস্থা ২১ ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে ঘোষণা করেছে? [৩৪তম বিসিএস/ ১২তম বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১৫/ মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অধীনে অডিটর : ১৪]

ⓐ UNICEF ⓑ IMF ⓒ UNDP
ⓓ UNESCO ⓔ UNHCR **Ans. d**

৩৪. কত তারিখে প্যারিসে অনুষ্ঠিত ইউনেস্কোর সাধারণ পরিষদের সম্মেলন থেকে 'একুশে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষার দিবস ঘোষণা করা হয়? [২৬তম বিসিএস / বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (BRDB) এর সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা : ০৬ / তথ্য মন্ত্রণালয়ের অধীনে তথ্য অফিসার : ০৫]

Or,

The International Mother Language Day was proclaimed by the general conference of UNESCO in- [Uttara Bank Ltd Asst. Officer (Cash) : 11]

ⓚ ১৭ নভেম্বর, ১৯৯৯ ⓛ ১৭ নভেম্বর, ২০০০
ⓜ ১৯ নভেম্বর, ১৯৯৯ ⓝ ২১ নভেম্বর, ১৯৯৯ **উত্তর: ক**

BCS Spotlight
Collected by : Mohammad Ruhul Kabir Reza · Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

৩৫. আন্তর্জাতিক মাতৃভাষা দিবস কোন সালে ঘোষিত (গৃহীত) হয়? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক : ১৫ / বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের অফিস সহকারী : ১২/ জাতীয় রাজস্ব বোর্ডের সহকারী রাজস্ব কর্মকর্তা : ১২/ সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা : ১২]

ক ১৯৯৮ খ ১৯৯৯
গ ২০০০ ঘ ২০০১ উত্তর: খ

৩৬. **From which year has the International Mother Language Day been observed?** [Midland Bank Ltd. MTO: 15/ Mercantile Bank Ltd. Probationary Officer: 11]

Or,

কত সাল থেকে ২১ ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে পালিত হচ্ছে? [পল্লী উন্নয়ন বোর্ড - এর মাঠকর্মী : ১৪/ পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক (কারিগরি) : ১১ / চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৬-০৭]

ⓐ 1998 ⓑ 1999 ⓒ 2000
ⓓ 2001 ⓔ None of these **Ans. c**

৩৭. আন্তর্জাতিক মাতৃভাষা দিবস প্রথম বছরে কয়টি দেশ পালন করেছে? [বাংলাদেশ টেলিভিশনের অডিয়েন্স রিসার্চ অফিসার : ০৬]

ক ১৭৬ খ ১৭৮
গ ১৮৮ ঘ ১৯০ উত্তর: গ

৩৮. ইউনেস্কোর কততম সম্মেলনে ২১ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে ঘোষণা করা হয়? [খাদ্য অধিদপ্তরের পরিদর্শক : ০০]

ক ৩১তম খ ৩২ তম
গ ৩৩তম ঘ ৩৪তম উত্তর: ক

৩৯. জনসংখ্যার দিক থেকে পৃথিবীতে বর্তমানে বাংলা ভাষার স্থান কত? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৩-১৪/ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (কলা ও মানবিক অনুষদ) : ১২-১৩]

ক ৭ম খ ৪র্থ
গ ৫ম ঘ ৬ষ্ঠ উত্তর: ক

৪০. জাতীয় সংসদে বাংলাভাষাকে জীবনের সর্বস্তরে ব্যবহারের জন্য আইন পাস হয়েছে কোন সালে? [আমদানি-রপ্তানি অধিদপ্তরের নির্বাহী অফিসার : ০৭]

ক ১৯৮৬ খ ১৯৮৮
গ ১৯৯০ ঘ ১৯৯৬ উত্তর:

৪১. বাংলা ভাষা প্রচলন আইন জারি হয়- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (আইন বিভাগ) : ০৮-০৯]

ক ১৯৫২ সালে খ ২০০২ সালে
গ ১৯৮৭ সালে ঘ ১৯৯১ সালে উত্তর: গ

৪২. **Which of the following countries has declared 'Bengali' as its 2nd language?** [Janata Bank Ltd. AEO: 15/ Jahangirnagar University Admission Test (Public Adminstration): 13-14/ Trust Bank Ltd. Trainee Asst. Cash Officer : 12/ Bangladesh Krishi Bank Officer (Cash) : 11]

Or,

বাংলা কোন দেশের দ্বিতীয় সরকারি ভাষা? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৪-১৫ / জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১২-১৩ / তথ্য মন্ত্রণালয়ের অধীনে তথ্য অফিসার : ০৫ / পাবলিক সার্ভিস কমিশনে সহকারী পরিচালক : ০৪]

ⓐ India ⓑ Nepal ⓒ Sierra Leone
ⓓ Uganda ⓔ None of them **Ans. c**

BCS Spotlight

Scanned by CamScanner

৪৩. বাংলা ভাষাকে আফ্রিকার কোন দেশ অন্যতম রাষ্ট্রভাষার মর্যাদা দিয়েছে- [বাংলাদেশ রেলওয়ের উপ-সহকারী প্রকৌশলী : ১৩/ পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাইফার অফিসার : ১২/ খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক : ১২]

Or,

Besides Bangladesh, which country recognizes Bangla as one of its official languages? [Trust Bank Ltd. Asst. Officer : 12 / SIBL Officer : 04]

Or,

Which country has adopted Bangla as one of their state language? [ICB Officer : 11 / Uttara Bank Ltd. Probationary. Officer : 09]

ক লাইবেরিয়া খ নামিবিয়া
গ হাইতি ঘ সিয়েরা লিওন

উত্তর: ঘ

৪৪. আন্তর্জাতিক মাতৃভাষা দিবস স্মরণে দেশের বাইরে বিশ্বের প্রথম স্মৃতিসৌধটি নির্মিত হয় অস্ট্রেলিয়ার কোন নগরীতে? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ব্যবস্থাপনা বিভাগ) : ০৮-০৯]

ক ব্রিজবেন খ পার্থ
গ সিডনি ঘ মেলবোর্ন

উত্তর: গ

৪৫. **Which International Organization has achieved '*Ekushey Padak 2003*'?/** কোন আন্তর্জাতিক সংস্থা 'একুশে পদক- ২০০৩' লাভ করে? [Jahangirnagar University (Law) : 12-13 / Janata Bank Ltd Senior Officer :11/ Pubali Bank Ltd. Senior Officer : 10]

ⓐ UNICEF ⓑ UNFPO ⓒ UNO
ⓓ UNESCO ⓔ None of them

Ans. d

১৯৫৪ সালে পূর্ব পাকিস্তান প্রাদেশিক নির্বাচন ও যুক্তফ্রন্ট
The Provincial Election of 1954 and United Front

নির্বাচনে পূর্ব পাকিস্তানে মুসলিম লীগকে চরম শিক্ষা দেওয়ার জন্য ১৯৫৩ সালের ৪ ডিসেম্বর সমমনা কয়েকটি বিরোধীদল 'যুক্তফ্রন্ট' নামে একটি ঐক্যজোট গঠন করে। যুক্তফন্টে দলের সংখ্যা নিয়ে মতভেদ আছে। যথা-

দলের সংখ্যা		যুক্তফ্রন্টে রাজনৈতিক দল	দলের সংখ্যা	
বাংলাপিডিয়া মতে	১	মওলানা ভাসানীর নেতৃত্বাধীন আওয়ামী মুসলিম লীগ	১	নবম-দশম শ্রেণির 'বাংলাদেশ এবং বিশ্ব পরিচয়' মতে
	২	এ কে ফজলুল হকের নেতৃত্বাধীন কৃষক শ্রমিক পার্টি	২	
	৩	মওলানা আতাহার আলীর নেতৃত্বাধীন নেজাম-ই-ইসলামী	৩	
	৪	হাজী দানেশের নেতৃত্বাধীন বামপন্থী গণতন্ত্রী দল	৪	
	৫	খিলাফতে রব্বানী পার্টি		

নির্বাচনে যুক্তফ্রন্টের প্রতীক ছিল নৌকা এবং ২১ দফা কর্মসূচীর (21 Point Programme) ভিত্তিতে যুক্তফ্রন্ট নির্বাচনে অংশগ্রহণ করে। একুশ দফা দাবীর প্রথম দাবী ছিল বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে স্বীকার করা। ১৯৫৪ সালের ১১ মার্চ পূর্ব পাকিস্তান প্রাদেশিক নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচনে যুক্তফ্রন্ট ২৩৭টি আসনের মধ্য ২২৩ আসনে জয়লাভ করে। ১৯৫৪ সালে ৪ এপ্রিল প্রাদেশিক নির্বাচনের পর যুক্তফ্রন্ট পূর্ব বাংলায় মন্ত্রিসভা গঠন করে। মন্ত্রিসভার মুখ্যমন্ত্রী হন এ.কে ফজলুল হক।

BCS Spotlight
Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

উল্লেখ্য, শেখ মুজিবুর রহমান এই মন্ত্রিসভায় কৃষি, সমবায়, পল্লী উন্নয়ন মন্ত্রণালয়ের দায়িত্বে ছিলেন। ১৯৫৪ সালের প্রাদেশিক নির্বাচনে মধ্যবিত্ত শিক্ষিত শ্রেণির প্রভাব পরিলক্ষিত হয়। যুক্তফ্রন্ট সরকার মাত্র ৫৬ দিন ক্ষমতায় ছিল। পাকিস্তানের তৎকালীন গভর্নর জেনারেল গোলাম মোহাম্মদ ১৯৫৪ সালের ৩০ মে ফজলুল মন্ত্রিসভা ভেঙ্গে দিয়ে পূর্ব বাংলায় কেন্দ্রের শাসন জারি করেন।



যুক্তফ্রন্টের মন্ত্রিসভায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

MCQ Solution

১. **পূর্ব বাংলায় যুক্তফ্রন্ট কত সালে গঠন করা হয়?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (সুরমা) : ১২]
ক ১৯৫৩ সালে খ ১৯৫৪ সালে
গ ১৯৫৫ সালে ঘ ১৯৫৬ সালে
উত্তর: ক

২. **যুক্তফ্রন্টে (১৯৫৪) রাজনৈতিক দলের সংখ্যা-** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৯-১০]
ক চার খ পাঁচ
গ তিন ঘ ছয়
উত্তর: খ

৩. **১৯৫৪ সালে পূর্ব পাকিস্তান প্রাদেশিক নির্বাচনে যুক্তফ্রন্টভুক্ত রাজনৈতিক দল নয়-** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০২-০৩]
ক আওয়ামী লীগ খ কৃষক প্রজা পার্টি
গ নেজামে ইসলাম ঘ ন্যাশনাল আওয়ামী পার্টি
উত্তর: ঘ

৪. **পূর্ব বাংলা প্রাদেশিক নির্বাচন কত সালে অনুষ্ঠিত হয়?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (কর্ণফুলী) : ১২]
ক ১৯৫২ সালে খ ১৯৫৪ সালে
গ ১৯৫৬ সালে ঘ ১৯৫৭ সালে
উত্তর: খ

৫. **যুক্তফ্রন্টের নির্বাচনী প্রচারণা কত দফার ভিত্তিতে পরিচালিত হয়?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (করতোয়া) : ১২]
ক ১০ দফা খ ১৬ দফা
গ ২১ দফা ঘ ২৬ দফা
উত্তর: গ

৬. **১৯৫৪ সালের নির্বাচনে কোন দল জয়লাভ করে?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় : ০৯-১০]
ক মুসলিম লীগ খ কংগ্রেস
গ ন্যাপ ঘ যুক্তফ্রন্ট
উত্তর: ঘ

৭. **কোন বছর যুক্তফ্রন্ট প্রাদেশিক নির্বাচনে জয়লাভ করে?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০১-০২]
ক ১৯৫২ খ ১৯৫৪
গ ১৯৫৬ ঘ ১৯৫৮
উত্তর: খ

৮. **পূর্ব বাংলার যুক্তফ্রন্টের মন্ত্রিসভার প্রথম মুখ্যমন্ত্রীর নাম কি?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (মেঘনা) : ১২/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (জবা) : ০৯ / ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৫-০৬]
ক এ কে ফজলুল হক খ চৌধুরী খালেকুজ্জামান
গ মুহাম্মদ আলী ঘ ইস্কান্দার মীর্জা
উত্তর: ক

BCS Spotlight

Scanned by CamScanner

৯. ঐতিহাসিক ২১ দফা দাবির প্রথম দাবি কি ছিল? [২৮তম বিসিএস/ ২১তম বিসিএস/ জাতীয় বিশ্ববিদ্যালয় (মানবিক শাখা) : ১৩ - ১৪/ মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের অধীন জুনিয়র অডিটর : ১১/ পিএসসি কর্তৃক নির্ধারিত ১২টি পদ : ০১]

ক প্রাদেশিক স্বায়ত্তশাসন খ পূর্ব বাংলার অর্থনৈতিক বৈষম্য দূরীকরণ
গ বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষা করা ঘ বিনা ক্ষতিপূরণে জমিদারী স্বত্বের উচ্ছেদ সাধন **উত্তর: গ**

১০. ১৯৫৪ সালের প্রাদেশিক নির্বাচনে কোন শ্রেণির প্রভাব পরিলক্ষিত হয়? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ১৩-১৪]

ক নিম্নবিত্ত শিক্ষিত শ্রেণি খ মধ্যবিত্ত শিক্ষিত শ্রেণি
গ উচ্চবিত্ত শিক্ষিত শ্রেণি ঘ মধ্য ও উচ্চবিত্ত শিক্ষিত শ্রেণি **উত্তর: খ**

১১. ১৯৫৪ সালে পূর্ব পাকিস্তান প্রাদেশিক পরিষদ নির্বাচনে যুক্তফ্রন্টের প্রতীক ছিল- [৩৭তম বিসিএস]

ক ধানের শীষ খ নৌকা
গ লাঙ্গল ঘ বাইসাইকেল **উত্তর: খ**

বাংলা একাডেমি (Bangla Academy)

অবস্থান	ঢাকা বিশ্ববিদ্যালয় চত্বরে
প্রতিষ্ঠাকাল	৩ ডিসেম্বর, ১৯৫৫
প্রতিষ্ঠার প্রেক্ষাপট	ভাষা আন্দোলন
বাংলা একাডেমি ভবনের পুরাতন নাম	বর্ধমান হাউস
প্রথম সভাপতি	মওলানা আকরাম খাঁ
প্রথম পরিচালক	ড. মুহম্মদ এনামুল হক
প্রথম মহাপরিচালক	ড. মাযহারুল ইসলাম
মূল মিলনায়তনের নাম	আবদুল করিম সাহিত্য বিশারদ মিলনায়তন



BCS Spotlight

MCQ Solution

১. **Which of the following institution was created due to language movement?** [Sonali, Janata, Agrani Bank Ltd. Officer (Cash) : 08] **Or,**
ভাষা আন্দোলনের ফলে কোন প্রতিষ্ঠান সৃষ্টি হয়েছিল? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১২-১৩ / ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০১-০২]

ⓐ University of Dhaka ⓑ Bangla Academy ⓒ Asiatic Society
ⓓ Nazrul Institue ⓔ Public Library **Ans. b**

২. বাংলা একাডেমি প্রতিষ্ঠিত হয় কখন? [২৯তম বিসিএস/ ২৬তম বিসিএস/ ১৬তম বিসিএস/ পরিবার কল্যাণ পরিদর্শিকা : ১৫/ ১২তম বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১৫ / রাজশাহী বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৩-১৪]

ক ১৯ ডিসেম্বর, ১৯৭০ খ ৩ ডিসেম্বর, ১৯৫৫
গ ২১ ফেব্রুয়ারি, ১৯৭১ ঘ ১৬ ডিসেম্বর, ১৯৭২ **উত্তর: খ**

৩. বাংলা একাডেমির মূল ভবনের নাম কি ছিল? [২২তম বিসিএস/ ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৪ -১৫ / রাজশাহী বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৩-১৪/ সমাজসেবা অধিদপ্তরের শহর সমাজসেবা অফিসার (হাসপাতাল) : ০৭]

ক বর্ধমান হাউজ খ বাংলা ভবন
গ আহসান মঞ্জিল ঘ চামেলি হাউজ **উত্তর: ক**

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

৪. বাংলা একাডেমির পুরাতন ভবনের নাম কি? [বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ডি ইউনিট): ১৩-১৪ /পরিকল্পনা এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী পরিচালক : ০৫]

ক কার্জন হল খ বর্ধমান হাউস
গ মেয়র ভবন ঘ আহসান মঞ্জিল উত্তরঃ খ

৫. **Present name of `Bardhaman House` is -** [Bangladesh Development Bank Ltd. officer : 14]

ⓐ Bango Bhaban ⓑ Bangla Academy
ⓒ Shishu Academy ⓓ Shilpokola Academy **Ans: b**

৬. বাংলা একাডেমির মূল মিলনায়তনটি কার নামে? [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৩ -১৪]

ক ড. মুহাম্মদ শহীদুল্লাহ খ শামসুর রাহমান
গ ভাষা-শহীদ বরকত ঘ আবদুল করিম সাহিত্য বিশারদ উত্তরঃ ঘ

৭. বাংলা একাডেমির প্রথম মহাপরিচালক কে ছিলেন? [২৬তম বিসিএস]

ক প্রফেসর আব্দুল হাই খ ড. মুহাম্মদ শহীদুল্লাহ
গ কাজী মোতাহার হোসেন ঘ ড. এনামুল হক উত্তরঃ

ব্যাখ্যাঃ বাংলা একাডেমির প্রথম মহাপরিচালক ছিলেন অধ্যাপক মাযহারুল ইসলাম (২ জুন, ১৯৭২ - ১২ আগস্ট, ১৯৭৪)।


পাকিস্তানের প্রথম শাসনতন্ত্র (The first Constitution of Pakistan)



ইস্কান্দর মীর্জা

পাকিস্তানের প্রথম শাসনতন্ত্র রচিত হয় ১৯৫৬ সালে। এ শাসনতন্ত্রের মাধ্যমে পাকিস্তান ইসলামী প্রজাতন্ত্র নাম ধারণ করে। পশ্চিমাঞ্চলীয় প্রদেশগুলোকে একত্রিত করে একটি ইউনিট গঠনের ফলে এর নাম হয় 'পশ্চিম পাকিস্তান' এবং পূর্ব বাংলার নাম হয় 'পূর্ব পাকিস্তান'। পাকিস্তান ইসলামী প্রজাতন্ত্রের প্রথম প্রেসিডেন্ট নিযুক্ত হন ইস্কান্দর মীর্জা।

কাগমারী সম্মেলন (Kagmari Conference)



কাগমারী সম্মেলনে মাওলানা ভাসানী

১৯৫৭ সালের ৭ ফেব্রুয়ারি আওয়ামী লীগের সার্বিক তত্ত্বাবধানে টাঙ্গাইল জেলার সন্তোষে একটি ঐতিহাসিক সম্মেলন অনুষ্ঠিত হয় যা 'কাগমারী সম্মেলন' নামে পরিচিত। সম্মেলনে সভাপতিত্ব করেন মওলানা আবদুল হামিদ খান ভাসানী এবং প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন হোসেন শহীদ সোহরাওয়ার্দী। সম্মেলনের প্রধান এজেন্ডা ছিল পূর্ব পাকিস্তানের স্বায়ত্বশাসন ও বৈদেশিক নীতি। অনুষ্ঠানে মওলানা ভাসানী পাকিস্তানের কেন্দ্রীয় সরকারের প্রতি হুশিয়ারী উচ্চারণ করে বলেন, যদি পূর্ব পাকিস্তানে শোষণ অব্যাহত থাকে তবে তিনি পশ্চিম পাকিস্তানকে 'আসসালামুআলাইকুম' জানাতে বাধ্য হবেন।

BCS Copyright

Scanned by CamScanner

সামরিক শাসন জারি (Promulgation of Martial law)

পূর্ব বাংলার প্রাদেশিক পরিষদের পরস্পর বিরোধী এম.এল.এ দের মধ্যে মারামারির মতো এক অপ্রীতিকর ঘটনায় ডেপুটি স্পিকার শাহেদ আলী গুরুতর আহত হয়ে পরবর্তীকালে হাসপাতালে মারা যান। এই সুযোগ নিয়ে ১৯৫৮ সালের ৭ অক্টোবর এক ঘোষণাবলে তৎকালীন প্রেসিডেন্ট ইস্কান্দার মীর্জা পাকিস্তানে প্রথম সামরিক শাসন জারি করেন। তিনি প্রধান সেনাপতি জেনারেল মোহাম্মদ আইয়ুব খানকে প্রধান সামরিক শাসনকর্তা নিয়োগ করেন। মাত্র ২০ দিনের মাথায় তিনি প্রেসিডেন্ট ইস্কান্দার মীর্জাকে ক্ষমতাচ্যুত করেন এবং দেশত্যাগে বাধ্য করেন। ১৯৫৮ সালের ২৭ অক্টোবর জেনারেল আইয়ুব খান নিজেকে পাকিস্তানের স্বনির্বাচিত প্রেসিডেন্ট হিসাবে ঘোষণা করেন। একই সাথে তিনি পাকিস্তানের প্রধান সেনাপতি ও সামরিক শাসকের পদেও বহাল থাকেন। প্রেসিডেন্ট আইয়ুব খান ১৯৬০ সালের ২৩ মার্চ সামরিক শাসন প্রত্যাহার করেন।


আইয়ুব খান

পাকিস্তানের দ্বিতীয় শাসনতন্ত্র (The Second Constitution of Pakistan)

প্রেসিডেন্ট আইয়ুব খানের শাসনামলে ১৯৬২ সালে পাকিস্তানে দ্বিতীয় সংবিধান প্রণীত হয়। এ সংবিধানে পাকিস্তানকে একটি ইসলামী প্রজাতন্ত্র হিসাবে ঘোষণা করা হয় এবং সংসদীয় গণতন্ত্রের পরিবর্তে রাষ্ট্রপতি শাসিত সরকার প্রতিষ্ঠিত হয়। এ সময় পাকিস্তানের রাজধানী করাচি থেকে ইসলামাবাদে স্থানান্তর করা হয়।

হামিদুর রহমান শিক্ষা কমিশনের বিরুদ্ধে আন্দোলন
Movement against Hamidur Rahman Education Commission

ছাত্ররা ১৯৬২ সালের ১৭ সেপ্টেম্বর গণতান্ত্রিক শিক্ষার দাবিতে হামিদুর রহমান শিক্ষা কমিশনের বিরুদ্ধে প্রতিবাদ জানায় এবং স্বৈরাচার আইয়ুব খানের বিরুদ্ধে দেশব্যাপী হরতাল পালন করে। এটাই ছিল স্বৈরাচার আইয়ুব খানের বিরুদ্ধে প্রথম গণঅভ্যুত্থান।

১৯৬৫ সালের রাষ্ট্রপতি নির্বাচন (The President election of 1965)

প্রেসিডেন্ট আইয়ুব খান ১৯৬৫ সালের ২ জানুয়ারি মৌলিক গণতন্ত্রের ভিত্তিতে প্রেসিডেন্ট নির্বাচন দেন এবং নিজে কনভেনশন মুসলিম লীগের পক্ষ থেকে প্রেসিডেন্ট প্রার্থী হন। এমতাবস্থায় অধিকাংশ বিরোধী দল মিলিত হয়ে 'কপ' (COP= Combined Opposition Party) নামে একটি সম্মিলিত জোট গঠন করে। এ জোটের প্রার্থী ছিলেন মুহম্মদ আলী জিন্নাহর ভাগ্নী ফাতেমা জিন্নাহ। এ নির্বাচনে আইয়ুব খান মৌলিক গণতন্ত্রী পন্থায় প্রেসিডেন্ট নির্বাচিত হন।

১৯৬৫ সালের পাক-ভারত যুদ্ধ
(The Indo-Pak War of 1965)

১৯৬৫ সালের সেপ্টেম্বর মাসে কাশ্মীর প্রশ্নে ভারত-পাকিস্তান সম্পর্কের অবনতি ঘটে। ৬ সেপ্টেম্বর শুরু হয় পাক-ভারত যুদ্ধ। ১৭ দিন ব্যাপী এ যুদ্ধে বাঙালী সৈন্যরা অসম্ভব সাহসিকতা দেখায়।



BCS Spotlight

Scanned by CamScanner

তাসখন্দ ঘোষণা (Tashkent Declaration)

স্বাক্ষর : ১০ জানুয়ারি, ১৯৬৬		স্থান : তাসখন্দ, উজবেকিস্তান
স্বাক্ষরকারী	ভারতের পক্ষে প্রধানমন্ত্রী লাল বাহাদুর শাস্ত্রী	পাকিস্তানের পক্ষে প্রেসিডেন্ট আইয়ুব খান
মধ্যস্থতাকারী	সোভিয়েত রাষ্ট্রনায়ক অ্যালেক্সি কোসিগান	
ফলাফল	১৯৬৫ সালের পাক-ভারত যুদ্ধের যুদ্ধবিরতি এবং শান্তি প্রতিষ্ঠা	

MCQ Solution

১. পাকিস্তানের শাসনতন্ত্র কবে প্রথম প্রবর্তিত হয়? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাষ্ট্রবিজ্ঞান বিভাগ) : ০৮-০৯/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (আইন) : ০৭-০৮]

ক ১৯৪৭ খ ১৯৫২
গ ১৯৫৪ ঘ ১৯৫৬ **উত্তর: ঘ**

২. পূর্ববঙ্গের নাম কখন পূর্ব পাকিস্তান করা হয়? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৪ - ১৫ / চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৫-০৬ / অর্থ মন্ত্রণালয়ের অধীন প্রশাসনিক কর্মকর্তা : ০৪]

ক ১৯৫৬ সনে খ ১৯৬২ সনে
গ ১৯৫২ সনে ঘ ১৯৬৯ সনে **উত্তর: ক**

৩. কাগমারী সম্মেলন অনুষ্ঠিত হয়? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৬-০৭]

ক রোজ গার্ডেনে খ সিরাজগঞ্জে
গ সন্তোষে ঘ সুনামগঞ্জে **উত্তর: গ**

৪. কাগমারি সম্মেলন অনুষ্ঠিত হয়- [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৭-০৮]

ক ১৯৫৪ খ ১৯৫৬
গ ১৯৫৭ ঘ ১৯৬১ **উত্তর: গ**

৫. ঐতিহাসিক 'কাগমারী সম্মেলনে' নেতৃত্বদানকারী নেতার নাম কী? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৯-১০]

ক স্যার সলিমউল্লাহ খ শহীদ তিতুমীর
গ মওলানা ভাসানী ঘ সোহরাওয়ার্দী **উত্তর: গ**

৬. প্রাক্তন-পাকিস্তানকে বিদায় জানাতে 'আসসালামুআলাইকুম' জানিয়েছিলেন কে? [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৪-০৫]

ক হোসেন শহীদ সোহরাওয়ার্দী খ মওলানা আবদুল হামিদ খান ভাসানী
গ শেখ মুজিবুর রহমান ঘ শের-এ বাংলা এ,কে ফজলুল হক **উত্তর: খ**

৭. পূর্ব-পাকিস্তান এসেমব্লিতে সন্ত্রাসী ঘটনায় মৃত্যুবরণ করেছিলেন কে? [প্রধানমন্ত্রীর কার্যালয়ে পার্সোনাল অফিসার : ০৪]

ক আবদুল হাকিম খ শাহেদ আলী
গ তমিজউদ্দিন খান ঘ আবদুল মালেক উকিল **উত্তর: খ**

৮. কোন সালে পাকিস্তানে প্রথম সামরিক শাসন জারি হয়? [সহকারী থানা শিক্ষা অফিসার : ০৯]

ক ১৯৫৪ খ ১৯৫৬
গ ১৯৫৮ ঘ ১৯৬২ **উত্তর: গ**

৯. পাকিস্তানে ১৯৫৮ সালে মার্শাল ল জারি হলে ক্ষমতায় বসেন- [Sonali, Janata, Agrani and Rupali Bank Ltd. Senior Office : 00]

ক আইয়ুব খান খ ইয়াহিয়া খান
গ টিক্কা খা ঘ নূর খান **উত্তর: ক**

BCS Spotlight

Scanned by CamScanner

১০. পাক-ভারত প্রথম যুদ্ধ কত সালে শুরু হয়? [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন কারা তত্ত্বাবধায়ক : ০৫]

ক ১৯৬৫ সালে খ ১৯৬৯ সালে
গ ১৯৬৩ সালে ঘ ১৯৭০ সালে **উত্তর: ক**

১১. বাংলাদেশের ইতিহাসে নিচের কোন ঘটনাটি প্রথম ঘটেছিল? [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১০ - ১১]

ক আওয়ামী লীগের ছয় দফা ঘোষণা খ আগারতলা ষড়যন্ত্র মামলা
গ ভারত-পাকিস্তান যুদ্ধ ঘ উনিশ দফা আন্দোলন **উত্তর: গ**

আওয়ামী লীগের ছয় দফা ঘোষণা	১৯৬৬ খ্রি.	ভারত-পাকিস্তান যুদ্ধ	১৯৬৫ খ্রি.
আগরতলা ষড়যন্ত্র মামলা	১৯৬৮ খ্রি.		

১২. 'তাসখন্দ চুক্তি' কখন স্বাক্ষরিত হয়? [১৪তম বিসিএস/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০২-০৩]

ক ১৯৬৫ সালের ৬ সেপ্টেম্বর খ ১৯৬৫ সালের ১০ডিসেম্বর
গ ১৯৬৬ সালের ১০ জানুয়ারি ঘ ১৯৬৬ সালের ৩০ জানুয়ারি **উত্তর: গ**

১৩. তাসখন্দ ঘোষণায় স্বাক্ষরকারী ভারতীয় প্রধানমন্ত্রী কে ছিলেন? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৬-০৭]

ক জওহরলাল নেহেরু খ লাল বাহাদুর শাস্ত্রী
গ মোরারজি দেশাই ঘ ইন্দিরা গান্ধী **উত্তর: খ**

১৪. ১৯৬৫ সালে যুদ্ধের পর রাশিয়ার মধ্যস্থতায় ভারত ও পাকিস্তানের মধ্যে শান্তি প্রতিষ্ঠিত হয়েছে কোন চুক্তির মাধ্যমে? [মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা : ০৭]

ক সিমলা চুক্তি খ ক্রেমলিন চুক্তি
গ মানবাধিকার চুক্তি ঘ তাসখন্দ চুক্তি **উত্তর: ঘ**

ছয়-দফা দাবি (The Six-Points Movement)

১৯৬৬ সালের ৫ ফেব্রুয়ারি লাহোরে বিরোধী দলের একটি সম্মেলন অনুষ্ঠিত হয়। এ সম্মেলনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান পূর্ব পাকিস্তানের রাজনৈতিক, অর্থনৈতিক ও প্রতিরক্ষার দাবি সংবলিত একটি কর্মসূচি ঘোষণা করেন। ইতিহাসে এটি ৬ দফা কর্মসূচি নামে পরিচিত। পরবর্তীতে ২৩ মার্চ, ১৯৬৬ লাহোরের এক সংবাদ সম্মেলনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আনুষ্ঠানিকভাবে ৬ দফা ঘোষণা করেন। ছয় দফা কর্মসূচি ঐতিহাসিক 'লাহোর প্রস্তাব' এর ভিত্তিতে রচিত। ছয় দফা দাবির প্রথম দাবি ছিল পূর্ব বাংলার স্বায়ত্তশাসন। ছয় দফা কর্মসূচি বাঙালি জাতির 'মুক্তির সনদ' (Charter of Freedom) বা 'ম্যাগনাকার্টা' হিসাবে পরিচিত।


ঐতিহাসিক ৬ দফা ঘোষণা

আগরতলা ষড়যন্ত্র মামলা (The Agartala Conspiracy Case)

শেখ মুজিবুর রহমান ও তাঁর সহযোগীরা ভারতের সহায়তায় সশস্ত্র বিপ্লবের মাধ্যমে পূর্ব পাকিস্তানকে পাকিস্তান হতে বিচ্ছিন্ন করার উদ্দেশ্যে ভারতের আগরতলায় ষড়যন্ত্র করেছে, এমন অভিযোগ এনে পশ্চিম পাকিস্তানের শাসকগোষ্ঠী মামলা দায়ের করে। আইয়ুব খানের শাসনামলের এ মামলা 'আগরতলা ষড়যন্ত্র মামলা' নামে পরিচিত। এ মামলার শিরোনাম ছিল 'রাষ্ট্রদ্রোহিতা বনাম শেখ মুজিব ও অন্যান্য'। ১৯৬৮ সালের ১৮ জানুয়ারি ঢাকায় এই মামলা দায়ের করা হয়। এ মামলার মোট আসামী ছিলেন ৩৫ জন এবং প্রধান আসামী ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। আমির হোসেন এ মামলার খবর ফাঁস করে দেন।এ মামলার বিচারকার্যের জন্য তৎকালীন পাকিস্তানের প্রধান বিচারপতি এস.এ.রহমানের নেতৃত্বে ঢাকায় একটি বিশেষ আদালত গঠন করা হয়। ১৯৬৮ সালের ১৯ জুন ঢাকা সেনানিবাসে এ মামলার বিচারকার্য শুরু হয়।

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner


আসাদুজ্জামান


সার্জেন্ট জহুরুল হক


অধ্যাপক শামসুজ্জোহা

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রনেতা আসাদুজ্জামান আসাদ ১৯৬৯ সালের ২০ ই জানুয়ারি ১১ দফা দাবি আদায়ের প্রেক্ষিতে গণ-আন্দোলনের সময় পুলিশের গুলিতে শহীদ হন । আসাদের মৃত্যু গণ-অভ্যুত্থানে এনেছিল নতুন মাত্রা। গণ-আন্দোলনটি তৎকালীন প্রেসিডেন্ট আইয়ুব খানের বিরুদ্ধে হওয়ায় ঢাকাবাসী আসাদের স্মৃতি রক্ষার উদ্দেশ্যে আইয়ুব গেটের নাম পরিবর্তন করে রাখেন আসাদগেট । প্রতিবছর ২০ জানুয়ারি আসাদ দিবস পালিত হয়। ১৯৬৯ সালের ১৫ ফেব্রুয়ারি ঢাকা ক্যান্টনমেন্টে আগরতলা ষড়যন্ত্র মামলার অন্যতম আসামী সার্জেন্ট জহুরুল হক এবং ১৮ ফেব্রুয়ারি রাজশাহী বিশ্ববিদ্যালয়ের রসায়নের অধ্যাপক শামসুজ্জোহাকে হত্যার প্রতিবাদে আগরতলা ষড়যন্ত্র মামলার বিরুদ্ধে পূর্ব পাকিস্তানে ব্যাপক গণ-আন্দোলন দেখা দেয়। এই আন্দোলন চলাকালে শহীদ হন নবকুমার ইনস্টিটিউটের ছাত্র মতিউর। নিজের দুর্বল অবস্থান অনুমান করতে পেরে আইয়ুব খান ১৯৬৯ সালের ২২ ফেব্রুয়ারি আগরতলা মামলা প্রত্যাহার এবং বন্দীদের নিঃশর্ত মুক্তি দান করেন। কারামুক্ত শেখ মুজিবুর রহমানকে ২৩ ফেব্রুয়ারি, ১৯৬৯ তৎকালীন রেসকোর্সের ময়দানে (বর্তমান সোহরাওয়ার্দী উদ্যানে) এক বিশাল গণসংবর্ধনা দেয়া হয় এবং ঐ দিনই ছাত্রসংগ্রাম পরিষদের পক্ষ থেকে ছাত্রনেতা তোফায়েল আহমদ তাঁকে 'বঙ্গবন্ধু' উপাধিতে ভূষিত করেন।

৬৯ এর গণ অভ্যুত্থান (The Mass Uprising of 1969)



পূর্ব পাকিস্তান ছাত্রলীগ, ছাত্র ইউনিয়নের দুটি গ্রুপ এবং জাতীয় ছাত্র ফেডারেশনের একাংশ নিয়ে ১৯৬৯ সালের ৫ জানুয়ারি একটি সর্বদলীয় 'ছাত্র সংগ্রাম পরিষদ' (Student Action Committee-SAC) গঠিত হয়। জনগণের গণতান্ত্রিক অধিকার আদায়ের লক্ষ্যে এ সংগ্রাম পরিষদ তাদের ১১ দফা কর্মসূচী (11 Point Programme) ঘোষণা করে। আওয়ামী লীগের ৬ দফা কর্মসূচিও এর অন্তর্ভুক্ত করা হয়। ১৯৬৯ সালের ৮ জানুয়ারি অধিকাংশ রাজনৈতিক দলের প্রতিনিধিগণ ঢাকায় মিলিত হয়ে ৮ দফা কর্মসূচীর ভিত্তিতে 'গণতান্ত্রিক সংগ্রাম পরিষদ' (Democratic Action Committee) গঠন করে। ছাত্র সংগ্রাম পরিষদের ১১ দফা এবং ৬ দফার ভিত্তিতে ছাত্র-জনতা ঐক্যবদ্ধ হলে স্বৈরাচারী আইয়ুব সরকারের বিরুদ্ধে প্রচণ্ড গণ-অভ্যুত্থান হয়।

BCS Spotlight

Scanned by CamScanner

MCQ Solution

১. তদানীন্তন পূর্ব পাকিস্তানের স্বায়ত্তশাসনের জন্য তখনকার বিরোধী দলগুলোর এক সম্মেলনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ছয়-দফা দাবি পেশ করেন। ঐ সম্মেলন কোথায় অনুষ্ঠিত হয়? [১৮তম বিসিএস/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০২-০৩/ পি.এস.সি সহকারী পরিচালক : ৯৮]

ক ঢাকায় খ নারায়ণগঞ্জে
গ লাহোরে ঘ করাচিতে **উত্তর: গ**

২. ছয়-দফা দাবি প্রথম কোথায় উত্থাপন করা হয়? [৩০তম বিসিএস / ২২তম বিসিএস / বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড সহকারী সচিব : ১৫/ জাতীয় রাজস্ব বোর্ডের সহকারী রাজস্ব কর্মকর্তা : ১৫ / বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান অ্যাসিসটেন্ট অফিসার : ১৪]

Or,

Where was Six-point programme declared? [Janata Bank Ltd. AEO (Teller): 15]

ক ঢাকায় খ লাহোরে
গ করাচিতে ঘ নারায়নগঞ্জে **উত্তর: খ**

৩. ঐতিহাসিক 'ছয় দফা' কবে ঘোষণা করা হয়? [ডাক অধিদপ্তরের উপজেলা পোস্ট মাস্টার : ১০]

ক ১ ফেব্রুয়ারি খ ৫ ফেব্রুয়ারি গ ৭ ফেব্রুয়ারি
ঘ ৭ মার্চ ঙ কোনোটিই নয় **উত্তর: খ**

৪. 'ছয় দফা' কোন তারিখে আনুষ্ঠানিকভাবে ঘোষণা করা হয়েছিল? [পল্লী উন্নয়ন বোর্ডের মাঠ সংগঠক : ১৪/ পরিবারকল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণার্থী : ১০/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৮-০৯]

ক ২১ ফেব্রুয়ারি, ১৯৫৪ খ ২২ মার্চ, ১৯৫৮
গ ২০ এপ্রিল, ১৯৬২ ঘ ২৩ মার্চ, ১৯৬৬ **উত্তর: ঘ**

৫. আওয়ামী লীগের ছয় দফা কোন সালে পেশ করা হয়েছিল? [৩৬তম বিসিএস / ১৩তম বিসিএস / স্থানীয় সরকার জনস্বাস্থ্য প্রকৌশল উপসহকারী : ১৫ / কারা অধিদপ্তরের কারা তত্ত্বাবধায়ক : ১৩ / রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (টগর) : ১১]

ক ১৯৬৫ খ ১৯৬৬
গ ১৯৬৭ ঘ ১৯৫৫ **উত্তর: খ**

৬. **Main object of 6 points programme declared in 1966 was-** [Karmasngthan Bank Assistant Officer : 00]

Or,

১৯৬৬ সালে ঘোষিত ছয়দফা কর্মসূচির মূল বক্তব্য কি ছিল? [সোনালী, জনতা, অগ্রণী এবং রূপালি ব্যাংক লি. সিনিয়র অফিসার : ৯৮]

ⓐ Separation of two wings (দুই অঞ্চলের পৃথকীকরণ)
ⓑ Autonomy of East Pakistan (পূর্বপাকিস্তানের স্বায়ত্তশাসন)
ⓒ Declaration of Independent Bangladesh (বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা)
ⓓ Creation of 6 provinces (ছয়টি প্রদেশ সৃষ্টি) **Ans.** b

৭. ছয় দফার সবচেয়ে গুরুত্বপূর্ণ তাৎপর্য হলো- [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৯-১০]

ক বাঙ্গালি জাতীয়তাবাদের ধারণার বিকাশ খ অর্থনৈতিক মুক্তি আন্দোলন
গ ভাষা আন্দোলনের সফল বাস্তবায়ন ঘ শিক্ষা সংস্কার **উত্তর: ক**

৮. আওয়ামী লীগের ঐতিহাসিক 'ছয় দফা'-র প্রথম দফা– [প্রধানমন্ত্রীর কার্যালয়ে সহকারী পরিচালক : ১৫ / ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১০ - ১১]

ক রাষ্ট্রভাষা হিসেবে বাংলা খ ধর্মনিরপেক্ষতা
গ স্বতন্ত্র মুদ্রা ঘ প্রাদেশিক স্বায়ত্তশাসন **উত্তর: ঘ**

BCS Spotlight

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

৯. **ছয়-দফা কর্মসূচি ঘোষণা করেন-** [জাতীয় রাজস্ব বোর্ডের সহকারী রাজস্ব কর্মকর্তা : ১২/ কুমিল্লা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৮-০৯/ ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৬-০৭]

ক মাওলানা ভাসানী খ কমরেড মুজফফর আহমদ
গ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঘ হোসেন শহীদ সোহরাওয়ার্দী
উত্তর: গ

১০. **ঐতিহাসিক ৬-দফাকে কিসের সাথে তুলনা করা হয়?** [৩৭তম বিসিএস]

ক বিল অব রাইটস খ ম্যাগনাকার্টা
গ পিটিশন অব রাইটস ঘ মুখ্য আইন
উত্তর: খ

১১. **নিচের কোন কর্মসূচিকে 'ম্যাগনাকার্টা' হিসেবে গণ্য করা হয়?** [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ১১]

ক ১১ দফা খ ২১ দফা
গ ৬ দফা ঘ ৪ দফা
উত্তর: গ

১২. **আগরতলা ষড়যন্ত্র মামলা দায়ের হয়-** [ইসলামী বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ০৩-০৪]

ক আগরতলা খ ঢাকা
গ লাহোর ঘ কোনোটিই নয়
উত্তর: খ

১৩. **আগরতলা ষড়যন্ত্র মামলা দায়ের করা হয় কখন?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১১-১২ / রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (টগর) : ১১]

ক জানুয়ারি, ১৯৬৮ খ মার্চ, ১৯৬৮
গ এপ্রিল, ১৯৬৮ ঘ মে, ১৯৬৮
উত্তর: ক

১৪. **'আগরতলা ষড়যন্ত্র মামলার' আসামী কতজন ছিলেন?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৪ -১৫ / জাতীয় বিশ্ববিদ্যালয় (মানবিক) : ০৯-১০]

ক ৩৫ খ ৩৬
গ ৩৩ ঘ ৩৪
উত্তর: ক

১৫. **আগরতলা ষড়যন্ত্র মামলায় কতজনের বিরুদ্ধে রাষ্ট্রদ্রোহিতার অভিযোগ আনা হয়?** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (ভালিয়া) : ১২]

ক ৩৪ জন খ ৪৪ জন
গ ৫৪ জন ঘ ২৪ জন
উত্তর:

[ব্যাখ্যা: সঠিক উত্তর নেই। আগরতলা ষড়যন্ত্র মামলায় আসামী ছিল ৩৫ জন।]

১৬. **'আগরতলা ষড়যন্ত্র মামলার' আসামীদের মধ্যে প্রথম কাকে গুলি করে মেরে ফেলা হয়?** [জাতীয় বিশ্ববিদ্যালয় (বিজ্ঞান) : ০৯-১০]

অথবা,

আগরতলা ষড়যন্ত্র মামলার কোন অভিযুক্তকে জেলখানায় হত্যা করা হয়? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি১ ইউনিট) : ১৩-১৪]

ক আমজাদ খাঁ খ সার্জেন্ট জহুরুল হক
গ মকবুল ভুঁইয়া ঘ কৃষ্ণ দুগার
উত্তর: খ

১৭. **আসাদ শহীদ হন -** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা (ইতিহাস) : ১৩-১৪ / প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (করতোয়া) : ১২/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (পদ্ম) : ০৯]

ক ৯০ এর গণ আন্দোলনে খ ৫২ এর ভাষা আন্দোলনে
গ ৬২ এর শিক্ষা আন্দোলনে ঘ ৬৯ এর গণ আন্দোলনে
উত্তর: ঘ

১৮. **'শহীদ আসাদ দিবস' পালিত হয় কবে?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (ডেলটা) : ১৪ / খাদ্য অধিদপ্তরের উপ-খাদ্য পরিদর্শক : ১২ / রাজশাহী বিশ্ববিদ্যালয় (ব্যবস্থাপনা) : ০৭-০৮/ জাতীয় বিশ্ববিদ্যালয় (মানবিক) : ০৫-০৬]

ক ১৫ জানুয়ারি খ ২০ জানুয়ারি
গ ২৫ জানুয়ারি ঘ ৩০ জানুয়ারি
উত্তর: খ

BCS Spotlight

Scanned by CamScanner

১৯. **আসাদ গেট কোন স্মৃতি রক্ষার্থে নির্মিত হয়?** [সহকারী থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা : ১৫/বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড উপজেলা প্রকল্প কর্মকর্তা : ১৩/ মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অডিটর : ১১/ জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৯-১০]

ক ১৯৫২ সালের ভাষা আন্দোলন খ ১৯৬৬ সালের ছয় দফা আন্দোলন
গ ১৯৭১ সালের মুক্তিযুদ্ধ ঘ ১৯৬৯ সালের গণ-অভ্যুত্থান
উত্তর: ঘ

২০. **আগরতলা মামলা প্রত্যাহার করা হয়-** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১১-১২ / প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক : ০৫]

ক ২২ ফেব্রুয়ারি, ১৯৬৯ খ ২০ মার্চ, ১৯৬৮
গ ১৮ ফেব্রুয়ারি, ১৯৭০ ঘ ৫ ডিসেম্বর, ১৯৬৮
উত্তর: ক

২১. **আগরতলা ষড়যন্ত্র মামলা কেন প্রত্যাহার করা হয়েছিল?** [Sonali, Janata, Agrani Bank Ltd. Senior Officer : 98]

ক প্রচণ্ড গণআন্দোলনের জন্য খ দয়াপরবশ হয়ে
গ অভিযোগ প্রমাণিত না হওয়ায় ঘ বিচারকের মৃত্যুর ফলে
উত্তর: ক

২২. **'রাষ্ট্র বনাম শেখ মুজিবুর রহমান ও অন্যান্য'– এই মামলা থেকে যে তারিখে পাকিস্তানি সরকার বঙ্গবন্ধুকে মুক্তি দিতে বাধ্য হয় –** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৩ -১৪ / মেডিকেল ভর্তি পরীক্ষা : ০৯-১০]

ক ২২ এপ্রিল ১৯৬৮ খ ২২ জানুয়ারি ১৯৭০
গ ২২ মার্চ ১৯৬৭ ঘ ২২ ফেব্রুয়ারি ১৯৬৯
উত্তর: ঘ

২৩. **জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে 'বঙ্গবন্ধু' উপাধি দেয়া হয় কবে?** [পল্লী উন্নয়ন বোর্ড - এর মাঠকর্মী : ১৪/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি ১ ইউনিট) : ১৩-১৪/ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী : ১৩]

ক ২৩ ফেব্রুয়ারি, ১৯৬৯ খ ২৫ জানুয়ারি, ১৯৭০
গ ৭ মার্চ, ১৯৭১ ঘ ১৬ ডিসেম্বর, ১৯৭১
উত্তর: ক

২৪. **শেখ মুজিবুর রহমান বঙ্গবন্ধু উপাধি পান -** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ১৩-১৪]

ক শ্রমিক সভায় খ ছাত্রসভায়
গ জনসভায় ঘ কৃষকসভায়
উত্তর: খ

২৫. **পূর্ব পাকিস্তানে গণঅভ্যুত্থান কত সালে হয়?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (কর্ণফুলী) : ১২]

ক ১৯৪৮ সালে খ ১৯৫২ সালে
গ ১৯৬৯ সালে ঘ ১৯৭১ সালে
উত্তর: গ

২৬. **'সর্বদলীয় ছাত্র সংগ্রাম পরিষদ' গণঅভ্যুত্থানে কত দফা কর্মসূচি ঘোষণা করে?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ১২-১৩ / মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০১]

ক এগার দফা খ একুশ দফা
গ ছয় দফা ঘ আঠার দফা
উত্তর: ক

২৭. **এগার দফা কর্মসূচি ঘোষণা করে কে?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (নাটক ও নাট্যতত্ত্ব) : ১৩-১৪]

ক মুসলিম লীগ খ আওয়ামী লীগ
গ সর্বদলীয় ছাত্র সংগ্রাম পরিষদ ঘ কংগ্রেস
উত্তর: গ

২৮. **'এগার দফা' কখন ঘোষণা হয়?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ব্যবস্থাপনা বিভাগ) : ০৮-০৯]

ক ১৯৬৭ খ ১৯৬৮
গ ১৯৬৯ ঘ ১৯৭০
উত্তর: গ

২৯. **'গণ-অভ্যুত্থান দিবস' কবে পালিত হয়?** [গণপূর্ত অধিদপ্তরের উপসহকারী প্রকৌশলী (সিভিল) : ১১ / স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কারা তত্ত্বাবধায়ক : ১০]

ক ২৪ জানুয়ারি খ ৭ নভেম্বর
গ ৭ মার্চ ঘ ৯ ডিসেম্বর
উত্তর: ক

BCS Spotlight
Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

১৯৭০ এর সাধারণ নির্বাচন (The General Election of 1970)

৬৯ গণঅভ্যুত্থানের ফলে প্রেসিডেন্ট আইয়ুব খান সেনাবাহিনীর প্রধান জেনারেল আগা মুহম্মদ ইয়াহিয়া খানের নিকট ১৯৬৯ সালের ২৫ মার্চ ক্ষমতা হস্তান্তর করে রাজনীতি থেকে সরে দাড়ান। জেনারেল ইয়াহিয়া খান ২৫ মার্চ রাতে সারা দেশে দ্বিতীয় বারের মত 'মার্শাল ল' জারি করেন। জেনারেল ইয়াহিয়া খান ক্ষমতা গ্রহণের পর জনপ্রতিনিধির কাছে ক্ষমতা হস্তান্তরের প্রতিশ্রুতি দেন। পাকিস্তানের প্রথম জাতীয় পরিষদ নির্বাচন হয় ১৯৭০ সালের ৭ ডিসেম্বর। পূর্ব পাকিস্তানের প্রাদেশিক পরিষদ নির্বাচন হয় ১৯৭০ সালের ১৭ ডিসেম্বর।



জেনারেল ইয়াহিয়া খান

একনজরে ১৯৭০ সালের পাকিস্তানের নির্বাচনের ফলাফল

আইনসভার আসন বিন্যাস	নির্বাচিত আসন	সংরক্ষিত আসন	মোট আসন
জাতীয় পরিষদ	৩০০	১৩	৩১৩
আওয়ামী লীগের অবস্থান	১৬০	৭	১৬৭
পূর্ব পাকিস্তান প্রাদেশিক পরিষদ	৩০০	১০	৩১০
আওয়ামী লীগের অবস্থান	২৮৮	১০	২৯৮

বি.দ্র.: জাতীয় পরিষদ নির্বাচনে আওয়ামী লীগ পশ্চিম পাকিস্তানে কোন আসন লাভ করেনি।

'স্বাধীনতার ইশতাহার' ঘোষণা

একাত্তরের ১ মার্চ বঙ্গবন্ধুর নির্দেশে ছাত্রলীগ সভাপতি ও সাধারণ সম্পাদক যথাক্রমে নূরে আলম সিদ্দিকী ও শাজাহান সিরাজ এবং ডাকসুর সহ-সভাপতি ও সাধারণ সম্পাদক যথাক্রমে আ.স.ম আব্দুর রব ও আব্দুল কুদ্দুস মাখন এ চার নেতা মিলে এক বৈঠকে 'স্বাধীন বাংলা ছাত্র সংগ্রাম পরিষদ' গঠন করেন। একাত্তরের ৩ মার্চ ছাত্র সংগ্রাম পরিষদ আহূত পল্টন সমাবেশে 'স্বাধীনতার ইশতাহার' পাঠ করা হয়। এতে স্বাধীন সার্বভৌম বাংলাদেশ এবং বঙ্গবন্ধু শেখ মুজিবকে 'জাতির পিতা' ঘোষণা করা হয়।

৭ মার্চের ঐতিহাসিক ভাষণ (The Historic 7th March Address)

১৯৭১ সালের ৭ মার্চ রেসকোর্স ময়দানে (বর্তমান সোহরাওয়ার্দী উদ্যানে) এক বিশাল জনসভায় ভাষণ দেন। রেসকোর্সের বিশাল জনসমুদ্রে বঙ্গবন্ধু ঘোষণা করেন, 'এবারের সংগ্রাম মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম'। তিনি আরও বলেন, 'রক্ত যখন দিয়েছি, রক্ত আরও দিব, এই দেশের মানুষকে মুক্ত করে ছাড়ব ইনশাআল্লাহ।' বঙ্গবন্ধুর ৭মার্চ ভাষণের বিষয়বস্তু ছিল চারটি। যথা-

ক) চলমান সামরিক আইন প্রত্যাহার
খ) সৈন্যদের ব্যারাকে ফিরিয়ে নিয়ে যাওয়া
গ) গণহত্যার তদন্ত করা
ঘ) নির্বাচিত প্রতিনিধিদের কাছে ক্ষমতা হস্তান্তর করা।



৭ মার্চের ঐতিহাসিক ভাষণ

Scanned by CamScanner

তিনি এ বক্তৃতায় ১০ লক্ষ লোকের উপস্থিতিতে 'বাংলাদেশ' শব্দ ব্যবহার করে ভবিষ্যৎ নতুন রাষ্ট্রের নামকরণ চূড়ান্ত করেন।

অসহযোগ আন্দোলন (The Non-Cooperation Movement)

একাত্তরের ৩ মার্চ ছাত্র সংগ্রাম পরিষদ আহূত জনসভায় শেখ মুজিব জনগণকে অহিংস অসহযোগ আন্দোলনের ডাক দেন। ঐতিহাসিক ৭ মার্চের ভাষণের পর দলমত নির্বিশেষে ৮ মার্চ থেকে অসহযোগ আন্দোলন শুরু হয়।

MCQ Solution

১. ১৯৭০ সালে পাকিস্তানের প্রথম সাধারণ নির্বাচনে কোন দল সংখ্যাগরিষ্ঠতা অর্জন করে? [Sonali, Janata, Agrani and Rupali Bank Ltd. Senior Officer : 98]

ক মুসলিম লীগ খ আওয়ামী লীগ
গ পিপলস পার্টি ঘ ন্যাশনাল আওয়ামী পার্টি
উত্তর: খ

২. পূর্ব বাংলা প্রাদেশিক পরিষদে কতটি আসন ছিল? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (সুরমা) : ১২]

ক ২৫০টি খ ২৭৫টি
গ ৩০০টি ঘ ৩০৯টি
উত্তর:

ব্যাখ্যা: পূর্ব বালা প্রাদেশিক পরিষদে নির্বাচিত ৩০০ এবং সংরক্ষিত ১০ টি আসন ছিল।

৩. ১৯৭০ সালের জাতীয় পরিষদ নির্বাচনে আওয়ামী লীগ লাভ করেছিল - [প্রধানমন্ত্রীর কার্যালয়ে সহকারী পরিচালক : ১৫ / সহ-রেজিস্ট্রার : ০১]

ক ৩৩০টি আসন খ ১৬৭টি আসন
গ ১৭২টি আসন ঘ ৩০০টি আসন
উত্তর: খ

৪. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে কবে 'জাতির জনক' ঘোষণা করা হয়? [পরিবারকল্যাণ পরিদর্শিকা নিয়োগ : ১৩]

ক ১০ জানুয়ারি, ১৯৭২ খ ১৬ ডিসেম্বর, ১৯৭১
গ ২৬ মার্চ, ১৯৭১ ঘ ৩ মার্চ, ১৯৭১
উত্তর: ঘ

৫. ১৯৭১ সালের ৭ই মার্চ বিখ্যাত কেন? [মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অধীনে অডিটর : ১৪]

ক ঐতিহাসিক মুজিবনগর দিবস খ বঙ্গবন্ধুর রেসকোর্স ময়দানের ভাষণের জন্য
গ গণঅভ্যুত্থান দিবসের জন্য ঘ ঐতিহাসিক ৬ দফা ঘোষণার জন্য
উত্তর: খ

৬. ৭ই মার্চ ১৯৭১ বিখ্যাত কেন? [কুমিল্লা বিশ্ববিদ্যালয় (বিবিএ) : ০৮-০৯]

ক শের-ই বাংলার ভাষণ খ সোহরাওয়ার্দীর ভাষণ
গ মওলানা ভাসানীর ভাষণ ঘ বঙ্গবন্ধুর ভাষণ
উত্তর: ঘ

৭. ১৯৭১ সালের ৭ই মার্চ বঙ্গবন্ধু তাঁর ঐতিহাসিক ভাষণটি দেন- [বাংলাদেশ রেলওয়ের উপ-সহকারী প্রকৌশলী : ১৩/ পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক (কারিগরি) : ১১/ জাতীয় বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা : ১০-১১]

ক পল্টন ময়দানে খ মানিক মিয়া এ্যাভিনিউতে
গ সোহরাওয়ার্দী উদ্যানে ঘ লালদিঘী ময়দানে
উত্তর: গ

৮. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭১ সনের ৭ই মার্চ কোথায় ঐতিহাসিক ভাষণ দেন? [পরিবার পরিকল্পনা সহকারী/পরিবার পরিকল্পনা পরিদর্শক এবং পরিবার কল্যাণ সহকারী : ১১]

ক মানিক মিয়া এ্যাভিনিউতে খ রেসকোর্স ময়দানে
গ পল্টন ময়দানে
উত্তর: খ

BCS Spotlight

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

৯. ৭ মার্চ রেসকোর্স ময়দানে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বিখ্যাত ভাষণের মূল বক্তব্য কি? [Sonali, Janata, Agrani and Rupali Bank Ltd. Senior Officer : 98]

ক স্বামরিক আইন জারি করা খ স্বাধীনতা সংগ্রাম তথা মুক্তি সংগ্রামের ঘোষণা
গ অনশন ধর্মঘট আহবান ঘ পুনরায় নির্বাচন দাবি **উত্তর: খ**

১০. "এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম, এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম' বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এই ঘোষণা দিয়েছেন - [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (কলা ও মানবিক অনুষদ) : ১২-১৩ / সোনালী, জনতা, অগ্রণী এবং রূপালী ব্যাংকের সিনিয়র অফিসার : ০০]

ক ৩ মার্চ ১৯৭১, পল্টন ময়দানে খ ৭ মার্চ ১৯৭১, পল্টন ময়দানে
গ ৭ মার্চ ১৯৭১, রমনা রেসকোর্স ময়দানে ঘ ২৬ মার্চ ১৯৭১, ৩২ নম্বর ধানমন্ডির নিজ বাড়িতে **উত্তর: গ**

১১. ***"E-barer shangram muktir shangram, e-barer shangram swadhinatar shangram"*** **who made this statement and where?/ 'এবারের সংগ্রাম মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম।' কে কোথায় উক্তিটি করেন?** [IFIC Bank Ltd. Probationary Officer : 92]

ⓐ Major General Zaiur Rahman on 26th March 1971 on the eve of declaration of independence of Bangladesh
ⓑ Sheikh Mujibur Rahman at the mass meeting at Ramna Maidan on the 7th March 1971
ⓒ Mr. Tajuddin on the eve of formation of the Bangladesh Government in Mujibnagar in April 1971
ⓓ Hossain Shaheed Suhrawardy on the Direct Action Day in August 16, 1946 in Calcutta to reinforce the demand for a homeland of the Muslims

Ans. b

১২. ৭ মার্চের ভাষণে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কয় দফা দাবি পেশ করেন? [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক : ৯৯]

ক ৬ দফা খ ৪ দফা
গ ১১ দফা ঘ ৭ দফা **উত্তর: খ**

১৩. বঙ্গবন্ধুর ১৯৭১ সালের ৭ মার্চ ভাষণের সময়কালে পূর্ব পাকিস্তানে যে আন্দোলন চলছিল সেটি হল? [৩৬তম বিসিএস]

ক ইসলামাবাদের সামরিক সরকার পদত্যাগের আন্দোলন
খ পূর্ব পাকিস্তানের অসহযোগ আন্দোলন
গ প্রেসিডেন্ট ইয়াহহিয়ার পদত্যাগ আন্দোলন
ঘ মার্শাল 'ল' পদত্যাগের আন্দোলন **উত্তর: খ**

মুক্তিযুদ্ধের প্রথম সশস্ত্র প্রতিরোধ

বঙ্গবন্ধুর ৭ মার্চ ভাষণের পর বাঙালিদের আন্দোলন দুর্বল করতে জয়দেবপুরের দ্বিতীয় ইস্টবেঙ্গল রেজিমেন্টের বাঙালি সৈন্যদের কৌশলে নিরস্ত্র করার লক্ষ্যে তাদের অস্ত্র জমা দেয়ার নির্দেশ দেয়। কিন্তু মুক্তিকামী বাঙালি সৈন্য এবং স্থানীয় জনতা তাদের মতলব বুঝতে পেরে অস্ত্র জমা না দিয়ে চান্দনা মোড় থেকে জয়দেবপুর পর্যন্ত সড়ক অবরোধ করে। ১৯৭১ সালের ১৯ মার্চ পাকিস্তানী হানাদার বাহিনীর বিরুদ্ধে সর্বপ্রথম সশস্ত্র প্রতিরোধ গড়ে তোলে জয়দেবপুর তথা গাজীপুরের বীর জনতা।

BCS Spotlight

Scanned by CamScanner

অপারেশন সার্চ লাইট (Operation Search Lite)

পাকিস্তানি সেনারা ১৯৭১ সালের ২৫ মার্চ রাতে তৎকালীন পূর্ব পাকিস্তানে যে গণহত্যামূলক অভিযান চালিয়েছিল তার নাম দিয়েছিল 'অপারেশন সার্চ লাইট'। অপারেশন সার্চ লাইট অনুযায়ী ঢাকা শহরের গণহত্যার মূল দায়িত্ব দেওয়া হয় মেজর জেনারেল রাও ফরমান আলীকে। ঢাকার বাহিরে এ অপারেশনের দায়িত্ব পান মেজর জেনারেল খাদিম হোসেন রেজা। সার্বিকভাবে এ পরিকল্পনার তত্ত্বাবধায়ন করেন গভর্নর লে. জেনারেল টিক্কা খান। তৎকালীন প্রেসিডেন্ট জেনারেল ইয়াহিয়া খান বলেছিলেন, "এদেশের মানুষ চাইনা, মাটি চাই। তিনি বঙ্গবন্ধু সম্পর্কে দম্ভোক্তি করে বলেন, "লোকটি এবং তার দল পাকিস্তানের শত্রু, এবার তারা শাস্তি এড়াতে পারবে না।"



২৫ মার্চ রাতের গণহত্যা

MCQ Solution

১. মুক্তিযুদ্ধের প্রথম সশস্ত্র প্রতিরোধ কোথায় সংঘটিত হয়? [গণপূর্ত অধিদপ্তরের উপসহকারী প্রকৌশলী (সিভিল) : ১১]

Or,

During the liberation of Bangladesh (1971), where was the first resistance movement organized? [Jahangirnagar University Admission Test (International Affairs) : 13-14]

ক টাঙ্গাইল খ গাজীপুরে
গ রাজারবাগ পুলিশ লাইন ঘ ঢাকা বিশ্ববিদ্যালয় **উত্তর: খ**

২. 'অপারেশন সার্চ লাইট' কোন সালের ঘটনা? [আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সাব-রেজিস্ট্রার : ১২/ ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০২-০৩]

ক ১৯৬৯ খ ১৯৭১
গ ১৯৭৫ ঘ ১৯৯০ **উত্তর: খ**

৩. কোন সাংকেতিক নামে পাকিস্তানি বাহিনী ১৯৭১ সালের ২৫শে মার্চের মধ্যরাতে নিরীহ বাঙালিদের উপর হামলা শুরু করেছিল? [জাতীয় বিশ্ববিদ্যালয় (বাণিজ্য শাখা) : ১৩ - ১৪/ ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা (ঘ ইউনিট) : ১১ - ১২ / জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৯-১০]

ক অপারেশন ব্রু স্টার খ অপারেশন ক্লিনহার্ট
গ অপারেশন সার্চলাইট ঘ অপারেশন হান্ট **উত্তর: গ**

৪. ***'Operation Search light'* was launched against the civilians of which country?/ 'অপারেশন সার্চ লাইট' কোন দেশের জনগণের বিরুদ্ধে পরিচালিত হয়েছিল?** [Sadharan Bima Corporation Assistant Manager : 09]

ⓐ Iraq ⓑ Bosnia
ⓒ Afghanistan ⓓ Bangladesh
ⓔ None of these **Ans. d**

BCS Spotlight

Scanned by CamScanner

৫. ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের শুরুতে বঙ্গবন্ধু সম্পর্কে এক ব্যক্তি এক দম্ভোক্তি করে, যা ছিল নিম্নরূপ : "লোকটি এবং তার দল পাকিস্তানের শত্রু, এবার তারা শান্তি এড়াতে পারবে না"-এ দম্ভোক্তিকারী ব্যক্তিটি কে? [২০তম বিসিএস]

ক জেনারেল নিয়াজী খ জেনারেল টিক্কা খান
গ জেনারেল ইয়াহিয়া খান ঘ জেনারেল হামিদ খান

উত্তর: গ

স্বাধীনতার ঘোষণা (The declaration of Independence)

বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণে বাংলাদেশের স্বাধীনতা ও মুক্তির জন্য যুদ্ধ প্রস্তুতির ঘোষণা দিয়েছিলেন। পৃথিবীর দুটি দেশে স্বাধীনতার ঘোষণা দেওয়া হয়েছিল - একটি মার্কিন যুক্তরাষ্ট্র এবং অন্যটি ১৯৭১ সালে বাংলাদেশে।

২৫ মার্চ, ১৯৭১ রোজ বৃহস্পতিবার দিবাগত রাত দেড়টায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে ধানমন্ডির ৩২ নং বাসা হতে গ্রেফতার করা হয়। ওইদিন দিনের বেলা যে কোন জরুরী ঘোষণা প্রচারের উপলক্ষে তিনি প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের কয়েকজন প্রকৌশলী নিয়ে ধানমন্ডির ৩২ নম্বর বাসভবনে একটি ট্রান্সমিটার স্থাপন করেন বলে আওয়ামী লীগ সূত্রে উল্লেখ আছে। বন্দি হবার পূর্বে মধ্যরাতে অর্থাৎ ২৬ মার্চ প্রথম প্রহরে তিনি বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করেন এবং ওয়ারলেস যোগে চট্টগ্রামে প্রেরণ করেন। ঘোষণাটি ছিল ইংরেজিতে যাতে বিশ্ববাসী শুনে বুঝতে পারে। স্বাধীনতার এ ঘোষণা বাংলাদেশের সকল স্থানে তদানিন্তন ইপিআর এর ট্রান্সমিটার, টেলিগ্রাম ও টেলিপ্রিন্টারের মাধ্যমে প্রচার করা হয়। পরের দিন বিবিসির প্রভাতী অধিবেশনে বঙ্গবন্ধুর ঘোষণাটি প্রচারিত হয়। ১৯৭১ সালের ২৬ মার্চ বঙ্গবন্ধুর ঘোষণাটি বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের ঘোষণা হিসাবে ধরে নিয়ে ১৯৮০ সালে ২৬ মার্চকে স্বাধীনতা দিবস বা জাতীয় দিবস হিসাবে ঘোষণা করা হয়। ২৬ মার্চ, ১৯৭১ দুপুরে তৎকালীন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আব্দুল হান্নান বঙ্গবন্ধুর পক্ষে কালুরঘাট বেতার কেন্দ্র হতে স্বাধীনতার ঘোষণাপত্রটি প্রচার করেন। ২৭ মার্চ, ১৯৭১ কালুরঘাট বেতার কেন্দ্র হতে মেজর জিয়াউর রহমান প্রথমে নিজ নামে এবং পরে বঙ্গবন্ধুর পক্ষে স্বাধীনতার ঘোষণা পাঠ করেন।



মো: আব্দুল হান্নান



চট্টগ্রাম স্বাধীন বাংলাবেতার কেন্দ্র

MCQ Solution

১. নিচের কোন দেশ দুটির স্বাধীনতার ঘোষণাপত্র রয়েছে- [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঙ ইউনিট) : ০৭-০৮]

ক বাংলাদেশ ও যুক্তরাজ্য খ বাংলাদেশ ও যুক্তরাষ্ট্র
গ বাংলাদেশ ও ফ্রান্স ঘ যুক্তরাষ্ট্র ও আলবেনিয়া

উত্তর: খ

২. হানাদার পাকিস্তানি সৈন্যরা কবে, কখন বঙ্গবন্ধুর ধানমন্ডির বাড়ি আক্রমণ করে? [Sonali, Janata, Agrani and Rupali Bank Ltd. Senior Officer : 98]

ক ৭ মার্চ, ১৯৭১ খ ২৫ মার্চ, ১৯৭১
গ ২৬ মার্চ, ১৯৭১ ঘ ২৭ মার্চ, ১৯৭১

উত্তর: খ

Scanned by CamScanner

৩. শুধু একটি নম্বর '৩২' উল্লেখ করলে ঢাকার একটি বিখ্যাত বাড়িকে বোঝায়। বাড়িটি কি? [পি. এস.সি সহকারী পরিচালক : ৯৮]

ক গণভবন খ ধানমন্ডি, ঢাকার সে সময়কার ৩২ নম্বর সড়কের বঙ্গবন্ধুর বাসভবন
গ আহসান মঞ্জিল ঘ বঙ্গভবন
উত্তর: খ

৪. ১৯৭১ সালের ২৫ মার্চ ছিল– [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঙ ইউনিট) : ০৯-১০]

ক বৃহস্পতিবার খ শুক্রবার গ শনিবার
ঘ রবিবার ঙ সোমবার
উত্তর: ক

৫. কত তারিখে বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করা হয়? [মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অধীন জুনিয়র অডিটর : ১৪] অথবা,
স্বাধীন বাংলাদেশের সাংবিধানিক ঘোষণা কোন তারিখে হয়েছিল? [বরিশাল বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৪-১৫]

ক ৭ মার্চ ১৯৭১ খ ২৬ মার্চ, ১৯৭১
গ ১৬ ডিসেম্বর ১৯৭১ ঘ ১৭ এপ্রিল, ১৯৭১
উত্তর: খ

৬. ২৬ মার্চ, ১৯৭১ এর স্বাধীনতা ঘোষণা বঙ্গবন্ধু জারি করেন- [৩৬তম বিসিএস]

ক বেতার/রেডিওর মাধ্যমে খ ওয়ারলেসের মাধ্যমে
গ টেলিগ্রামের মাধ্যমে ঘ টেলিভিশনের মাধ্যমে
উত্তর: খ

৭. **National Day of Bangladesh is** - [Pubali Bank Ltd. Junior Officer (Cash): 11/ Bangladesh Krishi Bank Assistant Officer: 07] **Or,**
বাংলাদেশের জাতীয় দিবস কোনটি? [৩৩তম বিসিএস / বাতিলকৃত ২৪ তম বিসিএস/ কারা অধিদপ্তরের কারা তত্ত্বাবধায়ক : ১৩/ খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক : ১২/ বিআরডিবির সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা : ০৬]

ⓐ 16 December ⓑ 26 March ⓒ 21 February
ⓓ 7 March ⓔ None of them
Ans. b

৮. বাংলাদেশের স্বাধীনতা দিবস কবে? [সোনালী ব্যাংক লি. অফিসার (ক্যাশ) : ১৪]

ক ১৬ই ডিসেম্বর খ ৭ই মার্চ
গ ২৬শে মার্চ ঘ ১৭ই এপ্রিল
উত্তর: গ

৯. তৎকালীন মেজর জিয়াউর রহমান কোন বেতার কেন্দ্র থেকে বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করেন? [বিদ্যুৎ জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রণালয়ের অধীনে সহকারী বিস্ফোরক পরিদর্শক : ০৩]

ক স্বাধীন বাংলা বেতার কেন্দ্র খ রেডিও পাকিস্তান, চট্টগ্রাম
গ চট্টগ্রাম বেতার কেন্দ্র ঘ কালুরঘাট বেতারকেন্দ্র
উত্তর: ঘ

মুজিবনগর সরকার (Mujibnagar Govt)



১৯৭১ সালের ১০ এপ্রিল মুজিবনগর থেকে জারিকৃত স্বাধীনতার ঘোষণাপত্রের মাধ্যমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের প্রথম সরকার গঠন করা হয়। এই সরকার শপথ গ্রহণ করে ১৯৭১ সালের ১৭ এপ্রিল বর্তমান মেহেরপুর জেলার বৈদ্যনাথতলা গ্রামে। এজন্য ১৭ এপ্রিল 'মুজিবনগর দিবস' হিসেবে পালিত হয়। মুজিবনগর সরকারের প্রধান ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। তাই তাঁরই নামানুসারে বৈদ্যনাথতলার নতুন নামকরণ করা হয় মুজিবনগর এবং অস্থায়ী সরকারও পরিচিত হয় 'মুজিবনগর

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

সরকার' নামে। এ সরকার 'প্রবাসী সরকার' ও 'অস্থায়ী বিপ্লবী সরকার' নামেও পরিচিত। এদিন ১০ এপ্রিল জারিকৃত স্বাধীনতার ঘোষণাপত্র পাঠ করেন অধ্যাপক ইউসুফ আলী। তবে এটি কার্যকর হয় ১৯৭১ সালের ২৬ মার্চ থেকে। বাংলাদেশের প্রথম অস্থায়ী রাজধানী করা হয় মুজিবনগর। সরকারের অস্থায়ী সচিবালয় স্থাপিত হয় কলকাতার ৮ নং থিয়েটার রোডে।

এক নজরে প্রবাসী বাংলাদেশ সরকার

নাম	পদবি	মন্ত্রণালয়
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান	রাষ্ট্রপতি	অনুপস্থিত
সৈয়দ নজরুল ইসলাম	উপরাষ্ট্রপতি	অস্থায়ী রাষ্ট্রপতির দায়িত্ব পালন করেন।
তাজউদ্দিন আহমদ	প্রধানমন্ত্রী	প্রতিরক্ষা, তথ্য প্রচার এবং টেলিযোগাযোগ, অর্থনৈতিক বিষয়, পরিকল্পনা এবং উন্নয়ন, শিক্ষা, স্থানীয় স্বায়ত্বশাসন সরকার, স্বাস্থ্য, শ্রম এবং সমাজকল্যাণ, সংস্থাপন এবং প্রশাসন
ক্যাপ্টেন এম মনসুর আলী	মন্ত্রী	অর্থ, বাণিজ্য এবং শিল্প, পরিবহন
খন্দকার মোশতাক আহমেদ	মন্ত্রী	পররাষ্ট্র, আইন এবং সংসদ বিষয়ক
এ এইচ এম কামরুজ্জামান	মন্ত্রী	স্বরাষ্ট্র, সরবরাহ, ত্রাণ এবং পুনর্বাসন, কৃষি


সৈয়দ নজরুল ইসলাম


তাজউদ্দীন আহমদ


এম মনসুর আলী


এএইচএম কামরুজ্জামান


খন্দকার মোশতাক

মুজিবনগর সরকারের প্রতিরক্ষা মন্ত্রণালয় (Defense Ministry)

প্রধান সেনাপতি Commander-in-chief	চিফ অব স্টাফ	বিমান বাহিনীর প্রধান এবং উপসেনাপতি
 কর্নেল এম এ জি ওসমানী*	 কর্নেল এম এ রব	 গ্রুপ ক্যাপ্টেন এ কে খন্দকার

* জেনারেল এম. এ. জি ওসমানীর বাড়ী সিলেট জেলায়।

Scanned by CamScanner

সর্বদলীয় উপদেষ্টা কমিটি (All Party Advisory Committee)

বাংলাদেশ কমিউনিস্ট পার্টি, ন্যাশনাল আওয়ামী পার্টি (মোজাফ্ফর), ন্যাশনাল আওয়ামী পার্টি (ভাসানী) ও কংগ্রেস বিপ্লবী সরকারের প্রতি তাদের পূর্ণ সমর্থন জানায়। এ চারটি দলের প্রধান যথাক্রমে কমরেড মনি সিং, অধ্যাপক মোজাফফর আহমদ, মাওলানা আবদুল হামিদ খান ভাসানী ও শ্রী মনোরঞ্জন ধর এবং ৫ জন আওয়ামী লীগ সদস্য নিয়ে ৯ সদস্যের উপদেষ্টা পরিষদ গঠন করা হয়। এ উপদেষ্টা কমিটির প্রধান ছিলেন মাওলানা আবদুল হামিদ খান ভাসানী।

MCQ Solution

১. **বাংলাদেশের প্রথম অস্থায়ী রাজধানীর নাম কী?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৬-০৭]

ক ঢাকা খ মেহেরপুর
গ চট্টগ্রাম ঘ মুজিবনগর **উত্তর: ঘ**

২. **মুজিবনগর কোথায় অবস্থিত?** [৩৩তম বিসিএস/ ২০তম বিসিএস/ পল্লী উন্নয়ন বোর্ডের হিসাব সহকারী : ১৪/ সোনালী ব্যাংক লি. অফিসার (ক্যাশ) : ১৪ / প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী পরিচালক : ১২/ পরিবার পরিকল্পনা সহকারী : ১১]

ক সাতক্ষীরায় খ মেহেরপুরে
গ চুয়াডাঙ্গায় ঘ নবাবগঞ্জে **উত্তর: খ**

৩. **১৯৭১ সালে বাংলাদেশের অস্থায়ী সরকারের ঘোষণাপত্র কে পাঠ করেন?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ডি ইউনিট) : ১৩-১৪]

ক অধ্যাপক ইউসুফ আলী খ সৈয়দ নজরুল ইসলাম
গ তাজউদ্দীন আহমেদ ঘ ক্যাপ্টেন মনসুর আলী **উত্তর: ক**

৪. **বাংলাদেশের প্রথম অস্থায়ী সরকার গঠিত হয়েছিল-** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (সুরমা, হেমন্ত) : ১০ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (পত্র) : ০৯]

ক ঢাকায় খ কোলকাতায়
গ মেহেরপুরে ঘ চট্টগ্রামে **উত্তর: গ**

৫. **বাংলাদেশের প্রথম সরকার কোথায় গঠিত হয়?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্মচারী : ১৩]

ক ঢাকা খ মুজিবনগর
গ গোপালগঞ্জ ঘ যশোর **উত্তর: খ**

৬. **মুক্তিযুদ্ধ চলাকালীন সময়ে প্রবাসী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অস্থায়ী সচিবালয় কোথায় ছিল?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সহকারী পরিকল্পনা কর্মকর্তা : ১২]

ক ৮ নং থিয়েটার রোড, কলকাতা খ মুজিবনগর
গ করিমগঞ্জ ঘ বেনাপোল **উত্তর: ক**

৭. **When was the Mujib Nagar Government formed?** [Trust Bank Ltd. Asst. Officer : 11 / Rupali Bank Ltd. Officer : 10] **Or,**
বাংলাদেশের প্রথম অস্থায়ী সরকার (মুজিবনগর সরকার) গঠিত হয়েছিল কবে? [৩৪তম বিসিএস / ১২তম বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১৫/ পরিবার কল্যাণ পরিদর্শিকা : ১৫/ সোনালী ব্যাংক লি. অফিসার (ক্যাশ) : ১৪]

ⓐ 10 April, 1971 ⓑ 17 April ,1971
ⓒ 26 March, 1971 ⓓ 16 December, 1971
ⓔ None of these **Ans.** a

৮. **বাংলাদেশের প্রথম অস্থায়ী সরকার ঘোষণা করা হয়েছিল -** [টেলিফোন বোর্ডের সহকারী পরিচালক : ০৪]

ক ২৬ মার্চ, ১৯৭১ খ ১০ এপ্রিল, ১৯৭১
গ ১৭ এপ্রিল, ১৯৭১ ঘ ১৬ ডিসেম্বর, ১৯৭১ **উত্তর: খ**

BCS Spotlight

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

৯. 'গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার' কবে আনুষ্ঠানিকভাবে আত্মপ্রকাশ করে? [জাতীয় রাজস্ব বোর্ডের ইন্সপেক্টর : ১০/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৮-০৯/ জাতীয় বিশ্ববিদ্যালয় (মানবিক) : ০৩-০৪]

ক ১০ এপ্রিল, ১৯৭১ খ ১১ এপ্রিল, ১৯৭১
গ ১৭ এপ্রিল, ১৯৭১ ঘ ১৯ এপ্রিল, ১৯৭১ **উত্তর: ক**

১০. স্বাধীন বাংলাদেশের প্রথম মন্ত্রিসভা কবে গঠিত হয়? [প্রধানমন্ত্রীর কার্যালয়ে সহকারী পরিচালক : ১৫ / মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক : ৯৯]

ক ৭ মার্চ, ১৯৭১ খ্রি. খ ২৬ মার্চ, ১৯৭১ খ্রি.
গ ১০ এপ্রিল, ১৯৭১ খ্রি. ঘ ১৬ ডিসেম্বর ১৯৭১ খ্রি. **উত্তর : গ**

১১. **On 10 April 1971, the government of the people's Republic of Bangladesh was formed through a proclamation of independence issued from -/ ১৯৭১ সালের ১০ এপ্রিল ..... থেকে জারিকৃত স্বাধীনতার ঘোষণাপত্রের মাধ্যমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার গঠন করা হয়।** [BAPEX Officer : 09/ Premier Bank Ltd. MTO : 09/ Prime Bank Ltd. Officer : 09]

ⓐ Patgram of Lalmonirhat district
ⓑ Palashi of Nadia district
ⓒ Dhanua-Kamalpur of Jamalpur distrct
ⓓ Mujibnagar of Meherpur district **Ans.** d

১২. **The Mujibnagar Government was formed on and at - / মুজিবনগর সরকার কখন এবং কোথায় গঠিত হয়?** [Bangladesh Bank Cash Officer : 11/ IFIC Bank Ltd. Probationary Officer : 96]

ⓐ 17 April, 1971 at Meherpur ⓑ 30 April, 1971 at Calcutta
ⓒ 26 March, 1971 Chittagong ⓓ 15 May, 1971 at Chuadangha **Ans.** a

১৩. বাংলাদেশের প্রথম অস্থায়ী সরকার শপথ নেয় কত সালে? [বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের অফিস সহকারী : ১২]

ক ১০ এপ্রিল ১৯৭১ খ ১২ এপ্রিল ১৯৭১
গ ১৭ এপ্রিল ১৯৭১ ঘ ১৬ ডিসেম্বর ১৯৭১ **উত্তর : গ**

১৪. বাংলাদেশের ইতিহাসে ১৭ এপ্রিল কেন বিখ্যাত? [মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ে জুনিয়র অডিটর : ১৪]

ক বাংলাদেশের প্রথম অস্থায়ী সরকার শপথ নেন
খ বাংলাদেশের প্রথম অস্থায়ী সরকার গঠিত হয়
গ তাজউদ্দিন আহমেদ অস্থায়ী সরকারের প্রধানমন্ত্রী হিসেবে শপথ নেন
ঘ ওপরের সবগুলোই **উত্তর: ঘ**

১৫. 'মুজিবনগর দিবস' কোনটি? [আনসার ও ভিডিপি অধিদপ্তরের সার্কেল অ্যাডজুটেন্ট : ১৫]

ক ১০ এপ্রিল খ ১৭ এপ্রিল
গ ১৭ মার্চ ঘ ২৭ মার্চ **উত্তর: খ**

১৬. মুজিবনগরে ১৯৭১ সালের কোন তারিখে স্বাধীনতার ঘোষণা করা হয়েছিল? [বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক : ১১ / সড়ক ও জনপথ অধিদপ্তরের উপসহকারী প্রকৌশলী : ১০]

ক ২৬ মার্চ খ ১০ এপ্রিল
গ ১৭ এপ্রিল ঘ ১৬ ডিসেম্বর **উত্তর: খ**

BCS Spotlight

Scanned by CamScanner

১৭. আনুষ্ঠানিকভাবে স্বাধীনতার ঘোষণাপত্র কবে জারি করা হয়? [২২তম বিসিএস/১৪তম বিসিএস/ স্থানীয় সরকার জনস্বাস্থ্য প্রকৌশল উপসহকারী : ১৫ / বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ইউনিট ই): ১৩-১৪]

ক ১০ এপ্রিল, ১৯৭১ খ ১৭ এপ্রিল, ১৯৭১
গ ৭ মার্চ ১৯৭১ ঘ ২৫ মার্চ, ১৯৭১ **উত্তর: ক**

১৮. বাংলাদেশের 'স্বাধীনতার ঘোষণাপত্র' কত তারিখে পঠিত হয়? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক : ১৫ / গণপূর্ত অধিদপ্তরের উপসহকারী প্রকৌশলী (সিভিল) : ১১ / দুর্নীতি দমন ব্যুরোর সহকারী উপ-পরিদর্শক : ০৪]

ক ৭ মার্চ ১৯৭১ খ ২৬ মার্চ, ১৯৭১
গ ১০ এপ্রিল ১৯৭১ ঘ ১৭ এপ্রিল, ১৯৭১ **উত্তর: ঘ**

১৯. বাংলাদেশের স্বাধীনতার ঘোষণাপত্র কবে গৃহীত হয়? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক : ১৫]

ক ১৭ এপ্রিল, ১৯৭১ খ ৭ মার্চ, ১৯৭১
গ ২৬ মার্চ, ১৯৭১ ঘ ১০ এপ্রিল, ১৯৭১ **উত্তর: ক**

২০. বাংলাদেশ গণপ্রজাতন্ত্রের ঘোষণা হয়েছিল – [১০তম বিসিএস/ উপজেলা একাডেমিক সুপারভাইজার : ১৫ / মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের প্রদর্শক : ১৩ / প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (সুরমা) : ১৩]

ক ১৭ এপ্রিল, ১৯৭১ খ ২৬ মার্চ, ১৯৭১
গ ১১ এপ্রিল, ১৯৭১ ঘ ১০ জানুয়ারি, ১৯৭২ **উত্তর: ক**

২১. বাংলাদেশের স্বাধীনতার ঘোষণাপত্র পাঠ করা হয়- [ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের হিসাবরক্ষণ কর্মকর্তা : ০৩]

ক মুজিবনগর হতে খ ঢাকা হতে
গ খুলনা হতে ঘ কালুরঘাট হতে **উত্তর: ক**

২২. প্রবাসী সরকারের (বাংলাদেশের) স্বাধীনতার ঘোষণাপত্র কে পাঠ করেন? [জাতীয় রাজস্ব বোর্ডের সহকারী রাজস্ব কর্মকর্তা : ১২/ বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক : ১১/ জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৯-১০]

ক ক্যাপ্টেন মনসুর আলী খ অধ্যাপক ইউসুফ আলী
গ সৈয়দ নজরুল ইসলাম ঘ তাজউদ্দিন আহমদ **উত্তর: খ**

২৩. **First President of Bangladesh was-** [IFIC Bank Ltd. Probationary Officer : 92]

Or,

বাংলাদেশের প্রথম রাষ্ট্রপতি কে ছিলেন? [২৯তম বিসিএস / বরিশাল বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৪-১৫/ পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্মচারী : ১৩/ জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১২-১৩ / প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (তিন্তা) : ১০]

ⓐ Justice Abu Sayeed Chowdhury ⓑ Khnodakar Mushtaque Ahmed
ⓒ Mr. Mohammadullah ⓓ Sheikh Mujibur Rahman **Ans. d**

২৪. বাংলাদেশের প্রথম অস্থায়ী প্রেসিডেন্ট কে ছিলেন? [অর্থ মন্ত্রণালয়ের অফিস সহকারী : ১১/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (তিস্তা): ১০/ খাদ্য অধিদপ্তরের খাদ্য পরিদর্শক : ০৯/ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন সহকারী রসায়নবিদ : ০১/ শ্রম অধিদপ্তরে অফিসার : ৯৪]

ক তাজউদ্দিন আহমেদ খ মুশতাক আহমেদ
গ সৈয়দ নজরুল ইসলাম. ঘ মনসুর আলী **উত্তর: গ**

২৫. **Who was the first Prime Minister of Bangladesh?** [Pubali Bank Ltd. Junior Officer (Cash): 13/National Bank Ltd. Officer: 09/ Agrani Bank Ltd. Officer: 08/ Bangladesh Bank Asst. Director: 08]

Or,

বাংলাদেশের প্রথম প্রধানমন্ত্রী – [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক : ১৩/ ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১১-১২]

ⓐ Sheikh Mujibur Rahman ⓑ Muhammad Mansur Ali
ⓒ Shah M Rahman ⓓ Tajuddin Ahmed
ⓔ Ataur Rahma Khan **Ans. d**

BCS Spotlight

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

২৬. বাংলাদেশের প্রথম প্রতিরক্ষামন্ত্রী কে ছিলেন? [পি.এস.সি কর্তৃক নির্ধারিত ১২টি পদ : ০১]
ক জনাব সৈয়দ নজরুল ইসলাম খ জনাব এইচ, এম, কামরুজ্জামান
গ জেনারেল এম এ জি ওসমানী ঘ জনাব তাজউদ্দিন আহমেদ
উত্তর: ঘ

২৭. **Who was the first finance Minister of Bangladesh?** [Bangladesh Bank Assistant Director : 15 / Bangladesh Bank Officer : 15 / Pubali Bank Ltd. Junior Officer : 12]

Or,

বাংলাদেশের প্রথম অর্থমন্ত্রী - [অগ্রণী ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১৫ / ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৪ -১৫ / বহির্গমন ও পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক : ১৪ / জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সাংবাদিকতা এবং গণমাধ্যম) : ১২-১৩]
ⓐ Captain Munsur Ali ⓑ Tajuddin Ahmed
ⓒ Syed Nazrul Islam ⓓ A.H.M Kamruzzaman
ⓔ None of these
Ans. a

২৮. বাংলাদেশের অস্থায়ী সরকারের পররাষ্ট্রমন্ত্রী ছিলেন- [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (গোপাপ) : ০৯]
ক ক্যাপ্টেন মনসুর আলী খ শাহ আবদুল হামিদ
গ তাজউদ্দিন আহমেদ ঘ খন্দকার মুশতাক আহমেদ
উত্তর: ঘ

২৯. **Who was the first Law Minister of Bangladesh? / বাংলাদেশের প্রথম আইনমন্ত্রী কে ছিলেন?** [Jahangirnagar University (Law) : 12-13]
ⓐ Barrister Istiaq Ahmed ⓑ Mostaq Ahmed
ⓒ Barrister Nazmul Huda ⓓ Dr. Kamal Hossain
Ans. b

৩০. বাংলাদেশের মুক্তিযুদ্ধের সর্বাধিনায়ক কে ছিলেন? [৩৫তম বিসিএস / কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-সহকারী কৃষি কর্মকর্তা : ১৪]
ক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান খ জেনারেল এম. এ জি ওসমানী
গ কর্নেল শফিউল্লাহ ঘ মেজর জিয়াউর রহমান
উত্তর: ক
ব্যাখ্যা: জেনারেল এম. এ জি ওসমানী ছিলেন প্রধান সেনাপতি।

৩১. **Who was the commander-in-chief of the liberation war of Bangladesh?** [Probashi Kallyan Bank Ltd. Officer (cash) : 14 / Bangladesh Bank Asst. Director : 04]

Or,

মুক্তিযুদ্ধের প্রধান সেনাপতি কে ছিলেন? [৩৩তম বিসিএস/ ২৯তম বিসিএস]
ⓐ Major Zia ⓑ Col. Shafiullah
ⓒ Nuruddin Khan ⓓ M A G Osmani
ⓔ Sk. Mujib
Ans. d

৩২. মুক্তিযুদ্ধের প্রধান সেনাপতি জেনারেল এম. এ. জি ওসমানীর বাড়ী কোন জেলায় ছিল?
ক বরিশাল খ সিলেট [সহকারী থানা শিক্ষা অফিসার : ০৯]
গ চট্টগ্রাম ঘ দিনাজপুর
উত্তর: খ

৩৩. বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে কে চিফ অব স্টাফের দায়িত্ব পালন করেন? [ঢাবি (ঘ ইউনিট) : ১২- ১৩]
ক জেনারেল ওসমানী খ লে. কর্নেল এম এ রব
গ গ্রুপ ক্যাপ্টেন এ কে খন্দকার ঘ এদের কেউ নয়
উত্তর: খ

৩৪. মুক্তিযুদ্ধের উপ-সর্বাধিনায়ক কে ছিলেন? [জাতীয় সংসদ সচিবালয়ের অধীনে সহকারী সচিব : ৯৬]
ক জিয়াউর রহমান খ এ কে খন্দকার
গ আবদুর রব ঘ খালেদ মোশাররফ
উত্তর: খ

BCS Spotlight

Scanned by CamScanner

৩৫. বাংলাদেশ বিমান বাহিনীর প্রথম প্রধান– [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৪-১৫]

ক এয়ার ভাইস মার্শাল এ.জি তাওয়ার খ এয়ার ভাইস মার্শাল এ. কে খন্দকার
গ এয়ার ভাইস মার্শাল সুলতান মাহমুদ ঘ এয়ার ভাইস মার্শাল এম. কে বাশার **উত্তর: খ**

৩৬. মুক্তিযুদ্ধকালে বাংলাদেশ সরকারের সর্বদলীয় উপদেষ্টা কমিটির চেয়ারম্যান কে ছিলেন? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৭-০৮]

ক তাজউদ্দিন আহমেদ খ সৈয়দ নজরুল ইসলাম
গ কমরেড মনি সিংহ ঘ মাওলানা আবদুল হামিদ খান ভাসানী **উত্তর: ঘ**

স্বাধীন বাংলা বেতারকেন্দ্র (Swadhin Bangla Betar Kendra)



১৯৭১ সালের ২৫ মার্চ মধ্যরাতে দেশের সকল রেডিও স্টেশন পাকিস্তানি সৈন্যদের নিয়ন্ত্রণে চলে যায়। চট্টগ্রামের কতিপয় আওয়ামী লীগ নেতার উদ্যোগে চট্টগ্রাম বেতার কেন্দ্র হতে যন্ত্রপাতি স্থানান্তরিত করে চট্টগ্রামে কালুরঘাট প্রেরণ কেন্দ্রটিকে বেতার কেন্দ্র হিসাবে গড়ে তোলা হয় এবং নাম দেওয়া হয় 'স্বাধীন বাংলা বিপ্লবী বেতার কেন্দ্র'। ১৯৭১ সালের ২৮ মার্চ মেজর জিয়ার অনুরোধে 'স্বাধীন বাংলা বিপ্লবী বেতার কেন্দ্র' হতে বিপ্লবী অংশটি বাদ দিয়ে নামকরণ করা হয় 'স্বাধীন বাংলা বেতার কেন্দ্র'। ১৯৭১ সালের ৩০ মার্চ হানাদার বিমান বাহিনীর বোমা বর্ষণের ফলে বেতার কেন্দ্রটি নীরব হয়ে যায়। একই বছর ২৫ মে কলকাতার বালিগঞ্জে বেতারকেন্দ্রটি দ্বিতীয় পর্যায়ের সম্প্রচার শুরু করে।

স্বাধীন বাংলা বেতারের অত্যন্ত জনপ্রিয় দুটি অনুষ্ঠান ছিল 'চরমপত্র' ও 'জল্লাদের দরবার'। জল্লাদের দরবার-এ জেনারেল ইয়াহিয়া খানের অমানবিক চরিত্র ও পাশবিক আচরণকে 'কেল্লা ফতেহ খান' চরিত্রের মাধ্যমে চিত্রিত করা হয়েছে। চরমপত্র সিরিজটির পরিকল্পনা করেন জাতীয় পরিষদ সদস্য আবদুল মান্নান এবং স্থানীয় ঢাকাইয়া ভাষায় এর স্ক্রিপ্ট লেখা ও তার উপস্থাপক ছিলেন এম আর আকতার মুকুল।



এম আর আখতার মুকুল

MCQ Solution

১. স্বাধীন বাংলা বেতার কেন্দ্র প্রথম কোথায় স্থাপিত হয়েছিল? [জাতীয় রাজস্ব বোর্ডের সহকারী রাজস্ব কর্মকর্তা : ১৫ / প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (পত্র) : ১২ / বাংলাদেশ টেলিভিশনের বিজ্ঞাপন আধিকারিক (গ্রেড-২) : ০৬]

ক কালুরঘাট খ চট্টগ্রাম
গ রাঙ্গামাটি ঘ হালুয়াঘাট **উত্তর: ক**

২. স্বাধীন বাংলা বেতার কেন্দ্র থেকে চরম পত্র পাঠ করতেন – [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন কারা অধিদপ্তরের কারা তত্ত্বাবধায়ক : ১৩]

ক আব্দুল গাফ্ফার চৌধুরী খ সুনীল গঙ্গোপাধ্যায়
গ এম আর আখতার মুকুল ঘ তোফায়েল আহম্মেদ **উত্তর: গ**

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

মুক্তিযুদ্ধের সামরিক প্রশাসন

তেলিয়াপাড়া রণকৌশল

১৯৭১ সালের ৪ এপ্রিল সিলেটের তেলিয়াপাড়ায় পাকিস্তান সেনাবাহিনী, ইস্ট পাকিস্তান রাইফেলস, আনসার ও পুলিশ বাহিনীর উচ্চপদস্থ বাঙ্গালী সদস্যরা এক বৈঠকে মিলিত হয়ে পাকিস্তানী হানাদার বাহিনীর বিরুদ্ধে এক সম্মিলিত আক্রমণের পরিকল্পনা করেন। এ সভাতেই মুক্তিযুদ্ধের অংশগ্রহণকারী বাহিনী সম্পর্কিত সাংগঠনিক ধারণা এবং কমান্ড কাঠামোর রূপরেখা প্রণীত হয়।

ক) নিয়মিত বাহিনী (Regular Forces)

ইস্ট বেঙ্গল রেজিমেন্টের ইউনিটগুলোর বাঙালি সৈনিকদের নিয়ে এই বাহিনী গঠিত হয়। সরকারিভাবে এদের নামকরণ করা হয় এম. এফ (মুক্তিফৌজ)।

সেক্টর ট্রুপস (Sector Troops)

প্রধানমন্ত্রী তাজউদ্দিন আহমেদের নির্দেশে সশস্ত্র বাহিনীর প্রধান জেনারেল এম এ জি ওসমানী সুষ্ঠুভাবে মুক্তিযুদ্ধ পরিচালনার জন্য সমগ্র যুদ্ধ ক্ষেত্রকে ১১ টি সেক্টরে এবং ৬৪টি সাব- সেক্টরে ভাগ করেন। প্রতিটি সেক্টরের দায়িত্ব একজন সেক্টর কমান্ডারের উপর ন্যস্ত করা হয়।

এক নজরে মুক্তিযুদ্ধে সেক্টর এলাকা

সেক্টর	এলাকা
১	চট্টগ্রাম, পার্বত্য চট্টগ্রাম এবং ফেনী নদী পর্যন্ত
২	নোয়াখালী এবং কুমিল্লা, ঢাকা ও ফরিদপুর জেলার অংশ বিশেষ
৩	হবিগঞ্জ, কিশোরগঞ্জ এবং কুমিল্লা ও ঢাকা জেলার অংশ বিশেষ
৪	সিলেট জেলার অংশবিশেষ
৫	সিলেট জেলার অংশবিশেষ এবং বৃহত্তর ময়মনসিংহের সীমান্তবর্তী অঞ্চল
৬	রংপুর ও দিনাজপুরের ঠাকুরগাঁও মহাকুমা।
৭	রাজশাহী, পাবনা, বগুড়া জেলা এবং ঠাকুরগাঁও ছাড়া দিনাজপুরের অবশিষ্ট অংশ
৮	কুষ্টিয়া (মুজিবনগর) , যশোর এবং ফরিদপুর ও খুলনার অংশ বিশেষ
৯	খুলনা ও ফরিদপুর জেলার অংশবিশেষ এবং বৃহত্তর বরিশাল ও পটুয়াখালী জেলা
১০	এ সেক্টরের অধীনে ছিল নৌ কমান্ডোরা , সমুদ্র উপকূলীয় অঞ্চল ও অভ্যন্তরীণ নৌপথ
১১	কিশোরগঞ্জ ব্যতীত ময়মনসিংহ ও টাঙ্গাইল জেলা

BCS Spotlight

Scanned by CamScanner

সেক্টর কমান্ডারদের পরিচয়

সেক্টর	সেক্টর কমান্ডারের নাম
১	মেজর জিয়াউর রহমান (এপ্রিল-জুন) মেজর রফিকুল ইসলাম (জুন- ডিসেম্বর)
২	মেজর খালেদ মোশাররফ (এপ্রিল- সেপ্টেম্বর) মেজর এ টি এম হায়দার (সেপ্টেম্বর- ডিসেম্বর)
৩	মেজর কে এম শফিউল্লাহ (এপ্রিল- সেপ্টেম্বর) মেজর এ এন এম নুরুজ্জামান (সেপ্টেম্বর - ডিসেম্বর)
৪	মেজর সি আর দত্ত, ক্যাপ্টেন এ রব
৫	মেজর মীর শওকত আলী
৬	ইউং কমান্ডার এম কে বাশার
৭	মেজর নাজমুল হক, সুবেদার মেজর এ রব, মেজর কাজী নুরুজ্জামান
৮	মেজর আবু ওসমান চৌধুরী (অক্টোবর পর্যন্ত) মেজর এম এ মনছুর (আগস্ট-ডিসেম্বর)
৯	মেজর আবদুল জলিল (এপ্রিল - ডিসেম্বর পর্যন্ত) এম. এ. মঞ্জুর (অতিরিক্ত দায়িত্ব), মেজর জয়নাল আবেদীন
১০	মুক্তিবাহিনীর ট্রেনিংপ্রাপ্ত নৌ কমান্ডারগণ যখন যে সেক্টরে কাজ করেছেন , তখন সেসব সেক্টর কমান্ডারগণের নির্দেশ মোতাবেক কাজ করেছেন।
১১	মেজর এম আবু তাহের (এপ্রিল- নভেম্বর) ফ্লাইট লে এম হামিদুল্লাহ (নভেম্বর -ডিসেম্বর)

ব্রিগেড ফোর্স (Brigade Forces) : ১১ টি সেক্টর ও অনেকগুলো সাব সেক্টর ছাড়াও রণাঙ্গনকে তিনটি ব্রিগেড ফোর্সে বিভক্ত করা হয়। ফোর্সের নামকরণ করা হয় অধিনায়কদের নামের আদ্যক্ষর দিয়ে।

জেড ফোর্স	এস ফোর্স	কে ফোর্স
		
মেজর জিয়াউর রহমান	মেজর কে এম শফিউল্লাহ	মেজর খালেদ মোশাররফ

BCS Spotlight

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner



মুক্তিযুদ্ধে বাংলাদেশের সেক্টরসমূহ

খ) অনিয়মিত বাহিনী (Irregular Forces)

এ বাহিনীতে ছিল ছাত্র ও যুবকেরা। গেরিলা পদ্ধতিতে যুদ্ধ করার জন্য এদেরকে প্রশিক্ষণ দেওয়া হয়েছিল। এই বাহিনীর সরকারি নামকরণ ছিল 'গণবাহিনী' বা এফ. এফ (ফ্রিডম ফাইটার্স বা মুক্তিযোদ্ধা)।

BCS Spotlight

Scanned by CamScanner

গ) আঞ্চলিক বাহিনী

কাদেরিয়া বাহিনী (টাঙ্গাইল), আফসার বাহিনী (ভালুকা, ময়মনসিংহ), বাতেন বাহিনী (টাঙ্গাইল), হেমায়েত বাহিনী (গোপালগঞ্জ, বরিশাল), হালিম বাহিনী (মানিকগঞ্জ), আকবর বাহিনী (মাগুড়া), লতিফ মির্জা বাহিনী (সিরাজগঞ্জ, পাবনা) এবং জিয়া বাহিনী (সুন্দরবন)। এছাড়া ছিল ঢাকার গেরিলা দল যা 'ক্র্যাক প্লাটুন' নামে পরিচিত। ঢাকা শহরের বড় বড় স্থাপনা, ব্যাংক, টেলিভিশন ভবনে বিস্ফোরণ ঘটায় ঢাকার গেরিলারা।

শুধু স্থলপথে নয় নৌপথে 'অপারেশন জ্যাকপট' নামে পরিচালিত অভিযানে শুধু একদিন চট্টগ্রাম বন্দরে ১০টি এবং মংলা বন্দরে ৫০ টি জাহাজ ধ্বংস করে মুক্তিযোদ্ধা নৌ-কমান্ডোগণ সারা বিশ্বে সাড়া ফেলে দেন।

MCQ Solution

১. ১৯৭১ সালে গৃহীত তেলিয়াপাড়া দলিলে যে রণকৌশল অবলম্বন করা হয় সেটির প্রণেতা. [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৭-০৮]

ক) মুক্তিবাহিনী খ) পাকিস্তানি সেনা
গ) ভারতীয় সেনা ঘ) ইন্দো-বাংলা যৌথবাহিনী **উত্তর: ক**

২. মুক্তিবাহিনীর 'ওয়ার স্ট্র্যাটেজি' কি নামে পরিচিত? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ) : ১২-১৩]

ক) তেলিয়াপাড়া স্ট্র্যাটেজি খ) বাঘাইছড়ি স্ট্র্যাটেজি
গ) মুজিবনগর স্ট্র্যাটেজি ঘ) আগরতলা স্ট্র্যাটেজি **উত্তর: ক**

৩. মুক্তিযুদ্ধকালে বাংলাদেশকে কয়টি সেক্টরে ভাগ করা হয়? [২৯তম বিসিএস/ ২৩তম বিসিএস/ ২২তম বিসিএস/ প্রধানমন্ত্রীর কার্যালয়ে সহকারী পরিচালক : ১৫ / জাতীয় রাজস্ব বোর্ডের সহকারী রাজস্ব কর্মকর্তা : ১৫]

Or,

During the Liberation War of 1971, into how many sectors was Bangladesh divided? [Pubali Bank Ltd. Senior Officer : 13/ Southeast Bank Ltd. Probationary Officer : 12/ City Bank Ltd. Probationary Officer : 11]

ক) ৯টি খ) ১০টি
গ) ১১টি ঘ) ১২টি **উত্তর: গ**

৪. মুক্তিযুদ্ধের সময় সমগ্র বাংলাদেশকে কয়টি সাব-সেক্টরে বিভক্ত করা হয়? [বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের অফিস সহকারী : ১২]

ক) ৬০টি খ) ৬৪টি
গ) ৬৫টি ঘ) ৫৫টি **উত্তর: খ**

৫. নিম্নের কোনটি মুক্তিযুদ্ধে ১নং সেক্টর ছিল? [থানা শিক্ষা অফিসার : ০৪]

ক) ঢাকা খ) চট্টগ্রাম
গ) রাজশাহী ঘ) সিলেট **উত্তর: খ**

৬. মুক্তিযুদ্ধের সময় চট্টগ্রাম কত নম্বর সেক্টরের আওতায় ছিল? [মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অধীনে অডিটর : ১৪]

ক) ১ নং সেক্টর খ) ১১ নং সেক্টর
গ) ৯ নং সেক্টর ঘ) ৩ নং সেক্টর **উত্তর: ক**

BCS Spotlight

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

৭. **During Liberation War of Bangladesh, Dhaka was under which sector?** [Pubali Bank Ltd. Officer : 09]

Or,

বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় ঢাকা শহর কোন সেক্টরের অধীনে ছিল? [১৮তম বিসিএস/ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (ঝিলাম, যমুনা) : ১৩ / রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (টগর) : ১১ / স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা : ০৬]

ⓐ 1 ⓑ 2
ⓒ 5 ⓓ 7 **Ans. b**

৮. **Under which sector was Mujibnagar during the war of liberation of Bangladesh?** [Janata Bank Ltd. AEO (Teller) : 15]

Or,

মুক্তিযুদ্ধের সময় 'মুজিবনগর' কোন সেক্টরের অন্তর্ভুক্ত ছিল? [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপপরিদর্শক : ১৩/ স্বাস্থ্য অধিদপ্তরের স্বাস্থ্য সহকারী : ১০/ ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৬-০৭]

ⓐ 2 ⓑ 8
ⓒ 10 ⓓ 11 **Ans. b**

৯. **মুক্তিযুদ্ধে রাজশাহী কত নম্বর সেক্টরে অন্তর্ভুক্ত ছিল?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৮-০৯]

ⓚ ১১ ⓚ ৫
ⓖ ৭ ⓖ ৯ **উত্তর: গ**

১০. **মুক্তিযুদ্ধের সময় বরিশাল কত নম্বর সেক্টরের অন্তর্ভুক্ত ছিল?** [বরিশাল বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৪-১৫]

ⓚ নয় নম্বর ⓚ দুই নম্বর
ⓖ দশ নম্বর ⓖ পাঁচ নম্বর **উত্তর: ক**

১১. **মুক্তিযুদ্ধের সময় নৌ-পথ (নৌবাহিনী) কত নম্বর সেক্টরের অধীনে ছিল?** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১২-১৩ / খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক : ১২ / গণপূর্ত অধিদপ্তরের উপসহকারী প্রকৌশলী (সিভিল) : ১১]

ⓚ ৩ নং ⓚ ৭ নং
ⓖ ১০ নং ⓖ ১১ নং **উত্তর: গ**

১২. **During our Liberation War of 1971, how many sector commanders were in charge of the 11 different sectors in different phases of the war?/ ১৯৭১ সালের মুক্তিযুদ্ধের সময় বিভিন্ন পর্যায়ে, ১১টি সেক্টরে মোট কতজন সেক্টর কমান্ডার দায়িত্ব পালন করেন?** [বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন সহকারী ব্যবস্থাপক : ১৩/ IFIC Bank Officer : 12/ Sonali Bank Ltd Senior Officer : 10]

ⓐ 10 ⓑ 11
ⓒ 15 ⓓ 16
ⓔ None of these **Ans. e**

১৩. **মুক্তিযুদ্ধে সেক্টর - ২- এর এর অধিনায়ক কে ছিলেন?** [সহকারী থানা শিক্ষা অফিসার : ১৫]

ⓚ মেজর খালেদ মোশাররফ ⓚ মেজর সি আর. দত্ত
ⓖ মেজর কে এম শফিউল্লাহ ⓖ মেজর জলিল **উত্তর: ক**

১৪. **সেক্টর নং ৩- এর সেক্টর কমান্ডার ছিলেন** - [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১১ - ১২]

ⓚ মেজর এ.এন.এম. নুরুজ্জামান ⓚ মেজর শওকত আলী
ⓖ মেজর কাজী নুরুজ্জামান ⓖ মেজর এম.এ জলিল **উত্তর: ক**

BCS Spotlight

Scanned by CamScanner

১৫. মুক্তিযুদ্ধ চলাকালীন সময়ে ৬নং সেক্টরের সেক্টর কমান্ডার কে ছিলেন? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক : ১৫ / সড়ক ও জনপথ অধিদপ্তরের উপসহকারী প্রকৌশলী (সিভিল) : ০৩]

ক উইং কমান্ডার এম কে বাশার খ মেজর আবু ওসমান চৌধুরী
গ মেজর কাজী নূরুজ্জামান ঘ মেজর এমএ মঞ্জুর **উত্তর: ক**

১৬. **..... was not a sector commander in the war of Independence in 1971?/ ১৯৭১ সালের মুক্তিযুদ্ধে কে সেক্টর কমান্ডার ছিলেন না?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (লোক প্রশাসন) : ০৭-০৮]

ক Major C.R. Datta খ Major M.A Monjor
গ Major Hafiz ঘ Wing Commander Basher **উত্তর: গ**

১৭. মুক্তিযুদ্ধের কোন সেক্টরে কোন নিয়মিত সেক্টর কমান্ডার ছিলেন না? [পরিবার কল্যাণ পরিদর্শিকা : ১৫]

ক ৭নং সেক্টর খ ১০নং সেক্টর
গ ৩নং সেক্টর ঘ ১নং সেক্টর **উত্তর: খ**

১৮. মুক্তিযুদ্ধের সময় ব্রিগেড আকারে মোট কয়টি ফোর্স গঠিত হয়েছিল? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (শিউলি) : ০৯] **Or,**

How many brigades were formed in the liberation war of Bangladesh? [Bangladesh Bank Asst. Director : 15]

ক ২টি খ ৩টি
গ ৪টি ঘ ৫টি **উত্তর: খ**

১৯. বাংলাদেশের মুক্তিযুদ্ধে জেড ফোর্স ব্রিগেডের প্রধান কে ছিলেন? [ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের হিসাবরক্ষণ কর্মকর্তা : ০৩ / চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০২-০৩]

ক আতাউল গণি ওসমানী খ কে এম শফিউল্লাহ
গ জিয়াউর রহমান ঘ খালেদ মোশাররফ **উত্তর: গ**

২০. **'অপারেশন জ্যাকপট' কি?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন সাইফার অফিসার : ৯৯]

ক আয়ারল্যাণ্ডের স্বাধীনতাকামীদের একটি গুপ্ত সংগঠন
খ নাৎসী বাহিনীর গোপন তৎপরতার নাম
গ ভারতীয় কমাণ্ডোদের অভিযানের নাম
ঘ বাংলাদেশের নৌ-কমাণ্ডোদের অভিযানের নাম **উত্তর: ঘ**

BCS Spotlight

মুক্তিযুদ্ধে সম্মানসূচক খেতাব

বীরত্বসূচক খেতাবপ্রাপ্ত সর্বমোট মুক্তিযোদ্ধা ৬৭৬ জন। বীরশ্রেষ্ঠদের মধ্যে ৩ জন সেনাবাহিনীর, ১ জন নৌবাহিনীর, ১ জন বিমান বাহিনীর এবং ২ জন ই.পি. আরের। মুক্তিযুদ্ধে একমাত্র আদিবাসী বীরবিক্রম ইউ কে চিং মারমা। সর্বকনিষ্ঠ খেতাবধারী মুক্তিযোদ্ধা শহীদুল ইসলাম (বীরপ্রতীক)। মুক্তিযুদ্ধে খেতাবপ্রাপ্ত একমাত্র বিদেশী নাগরিক ডব্লিউ এস ওডারল্যান্ড (বীরপ্রতীক)। ওডারল্যান্ড ১৯১৭ সালে নেদারল্যান্ডে জন্মগ্রহণ করেন। কিন্তু অস্ট্রেলিয়া ছিল তাঁর পিতৃভূমি। ২০০১ সাল তিনি মারা যান। মুক্তিযুদ্ধে

মর্যাদার ক্রম	উপাধি	সংখ্যা
১	বীরশ্রেষ্ঠ	৭ জন
২	বীরউত্তম	৬৮ জন
৩	বীরবিক্রম	১৭৫ জন
৪	বীরপ্রতীক	৪২৬ জন
মোট		৬৭৬ জন

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright :https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

বীরপ্রতীক খেতাবপ্রাপ্ত মহিলা দুইজন। যথা- ক্যাপ্টেন ডা. সেতারা বেগম (২নং সেক্টর) এবং তারামন বিবি (১১নং সেক্টর)। খেতাবহীন মহিলা বীর মুক্তিযোদ্ধা সিলেটের খাসিয়া সম্প্রদায়ের কাঁকন বিবি।

মুক্তিযুদ্ধে খেতাবপ্রাপ্ত একমাত্র বিদেশী	মুক্তিযুদ্ধে বীরপ্রতীক খেতাবপ্রাপ্ত মহিলা	
		
W A S Ouderland	ক্যাপ্টেন ডা. সেতারা বেগম	তারামন বিবি

মুক্তিযুদ্ধে অবদানের জন্য বিদেশী বন্ধুদের সম্মাননা- (মর্যাদার ক্রমানুসারে)

১) বাংলাদেশ স্বাধীনতা সম্মাননা (Bangladesh Freedom Honour) - ১জন। 'বাংলাদেশ স্বাধীনতা সম্মাননা' দেওয়া হয় ভারতের সাবেক প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীকে।

২) বাংলাদেশ মুক্তিযুদ্ধ সম্মাননা (Bangladesh Liberation War Honour) - ১৫ জন।

৩) মুক্তিযুদ্ধ মৈত্রী সম্মাননা (Friends of Liberation War Honour) - ৩১২ জন ও ১০টি সংগঠন।

MCQ Solution

১. বাংলাদেশের মুক্তিযুদ্ধে অসাধারণ বীরত্ব প্রদর্শনের জন্য সর্বমোট কতজনকে বীরত্বসূচক খেতাব প্রদান করা হয়? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক : ১৫ / স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন কারা তত্ত্বাবধায়ক : ০৫]

ক ৬৮ জন খ ১৭৫ জন
গ ৪২৬ জন ঘ ৬৭৬ জন **উত্তর: ঘ**

২. **Which one is the highest national award in Bangladesh?** [Pubali Bank Ltd. Senior Officer : 12]

Or,

বাংলাদেশের সর্বোচ্চ রাষ্ট্রীয় খেতাব কোনটি? [উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা : ১৫]

ⓐ Bir Shrestho ⓑ Bir Protik ⓒ Bir Bikrom
ⓓ Bir Uttam ⓔ None of them **Ans. a**

৩. বাংলাদেশের সর্বোচ্চ বীরত্ব খেতাব- [সোনালী ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১৪/ জাতীয় বিশ্ববিদ্যালয় (বাণিজ্য শাখা) : ১৩ - ১৪ / প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (পদ্মা) : ১২/ অর্থ মন্ত্রণালয়ের অফিস সহকারী : ১১]

অথবা,

বাংলাদেশের সর্বোচ্চ সামরিক খেতাব কি? [হাইকোর্টের রেজিস্ট্রার : ১৪]

ক বীর শ্রেষ্ঠ খ বীর প্রতীক
গ বীর উত্তম ঘ বীর বিক্রম **উত্তর: ক**

৪. **Which is the highest award for the heroism and courage of freedom fighter?** [RAKUB Ltd. Senior Officer : 10]

Or,

মুক্তিযোদ্ধাদের সম্মানসূচক সর্বোচ্চ খেতাব কি? [আনসার ও ভিডিপি অধিদপ্তরের সার্কেল অ্যাডজুটেন্ট : ১৫]

ⓐ Bir Protik ⓑ Bir Uttam ⓒ Bir Bikram
ⓓ Bir Srestha ⓔ Maha Bir **Ans. d**

BCS Spotlight

Scanned by CamScanner

৫. বাংলাদেশের বীরত্বের জন্য কয়জনকে সর্বোচ্চ সম্মান 'বীরশ্রেষ্ঠ' খেতাব দেওয়া হয়? [১৮তম বিসিএস/ ১৩তম বিসিএস/ ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৪ -১৫ / পরিবার পরিকল্পনা অধিদপ্তরে কর্মচারী : ১৩ / প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (পল্লী) : ১৩ / খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক : ১২ / বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক : ১১]

ক ৯ জন খ ৭ জন
গ ৮ জন ঘ ১০ জন
উত্তর: খ

৬. কে বীরশ্রেষ্ঠ নন? [বরিশাল বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৪-১৫]

ক হামিদুর রহমান খ মতিউর রহমান
গ হাফিজুর রহমান ঘ মুন্সী আবদুল রউফ
উত্তর: গ

৭. বাংলাদেশের বীরত্বসূচক উপাধিগুলোর মধ্যে কোনটির স্থান মর্যাদার দিক থেকে দ্বিতীয়? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক : ৯৩/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ৮৯]

ক বীর বিক্রম খ বীর শ্রেষ্ঠ
গ বীর উত্তম ঘ বীর প্রতীক
উত্তর: গ

৮. বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে বীরত্বপূর্ণ অবদানের জন্য কত জনকে 'বীর উত্তম' উপাধিতে ভূষিত করা হয়? [২৪তম বিসিএস/২০তম বিসিএস/ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (মিসিসিপি, মেঘনা, সুরমা) : ১৩]

Or,

How many freedom fighters were awarded the title '*Bir Uttom*' for the valiant role in the Freedom Fight in 1971? [Trust Bank Ltd. Asst. Officer : 11]

১৯৭৫ সালের ২৫ জানুয়ারি জাতীয় সংসদে দাঁড়িয়ে বঙ্গবন্ধু দ্বিতীয় বিপ্লবের ডাক দেন। ১৯৭৫ সালের ২৪ ফেব্রুয়ারি তিনি নিজের নেতৃত্বাধীন আওয়ামীলীগসহ দেশের সবকয়টি রাজনৈতিক দলের বিলুপ্তি ঘটিয়ে একটি জাতীয় প্লাটফর্ম হিসাবে 'বাকশাল' (বাংলাদেশ কৃষক শ্রমিক আওয়ামী লীগ) গঠন করেন। একটি আধুনিক ও শোষণ-দুর্নীতিমুক্ত রাষ্ট্রগঠনের লক্ষ্যে 'দ্বিতীয় বিপ্লবের' কর্মসূচি নিয়ে যখন দ্রুত অগ্রসর হচ্ছিলেন, ঠিক তখন ১৯৭৫ সালের ১৫ আগস্ট ভোরে সামরিক বাহিনীর কতিপয় উচ্ছৃঙ্খল সদস্যের হাতে বঙ্গবন্ধু সপরিবারে নিহত হন। জন্মস্থান টুঙ্গিপাড়ায় তাঁকে সমাহিত করা হয়। ১৫ আগস্ট আমাদের 'জাতীয় শোক দিবস'।

জেলখানায় পৈশাচিক হত্যাকাণ্ড (৩ নভেম্বর, ১৯৭৫)

১৯৭৫ সালে ৩ নভেম্বর গভীর রাতে ১৫ আগস্টের হত্যাকাণ্ডের খুনিচক্র সেনাসদস্যগণ দেশত্যাগের পূর্ব ঢাকা কেন্দ্রীয় কারাগারের অভ্যন্তরে প্রবেশ করে সেখানে বন্দী অবস্থায় থাকা মুক্তিযুদ্ধে নেতৃত্ব দানকারী জাতীয় চার নেতা সৈয়দ নজরুল ইসলাম, তাজউদ্দিন আহম্মেদ, এ এইচ এম কামরুজ্জামান এবং ক্যাপ্টেন এম মনসুর আলীকে নৃশংসভাবে হত্যা করে।

সেনাশাসন আমল

১৯৭৫ সালের ১৫ আগস্ট বাংলাদেশের তৎকালীন রাষ্ট্রপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে হত্যার পর খন্দকার মোশতাক আহমেদ রাষ্ট্রপতি পদে আসীন হন। ক্ষমতা গ্রহণের পাঁচদিন পর তিনি সামরিক শাসন জারি করেন। উল্লেখ্য, সামরিক শাসন জারি হলে জনগণের সার্বভৌমত্ব উহ্য থাকে। বঙ্গবন্ধুর হত্যাকাণ্ডের সময় বাংলাদেশের সেনাবাহিনী প্রধান ছিলেন কে এম. শফিউল্লাহ। ২৪ আগস্ট খন্দকার মোশতাক জেনারেল কে.এম. শফিউল্লাহকে সরিয়ে জেনারেল জিয়াউর রহমানকে সেনাবাহিনীর 'চিফ অব স্টাফ' নিযুক্ত করেন। ব্রিগেডিয়ার খালেদ মোশাররফের নেতৃত্বে ১৯৭৫ সালের ৩ নভেম্বর এক সেনা অভ্যুত্থান সংগঠিত হয়। খন্দকার মোশতাকের পতন ঘটে এবং জেনারেল জিয়াউর রহমান গৃহবন্দী হন। ৭ নভেম্বর পাল্টা অভ্যুত্থান ঘটে এবং জেনারেল জিয়াউর রহমান মুক্ত হয়ে ক্ষমতার কেন্দ্রবিন্দুতে চলে আসেন। ৭ নভেম্বর 'জাতীয় বিপ্লব এবং সংহতি দিবস' হিসেবে পালিত হতো। ১৯৭৬ সালের ৩০ নভেম্বর জেনারেল জিয়াউর রহমান নিজেকে প্রধান সামরিক আইন প্রশাসক এবং ১৯৭৭ সালের ২১ এপ্রিল রাষ্ট্রপতি পদে অধিষ্ঠিত করেন।

বাংলাদেশ জাতীয়তাবাদী দল (Bangladesh Nationalist Party - BNP)



১৯৭৮ সালের ১ সেপ্টেম্বর বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) প্রতিষ্ঠিত হয়। শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান ছিলেন এর প্রতিষ্ঠাতা। প্রতিষ্ঠাকালীন সময়ে বিএনপির নাম ছিল জাতীয়তাবাদী গণতান্ত্রিক দল (জাগদল)। বিএনপির লক্ষ্য ছিল ১৯ দফা কর্মসূচির মাধ্যমে দেশকে স্বনির্ভরতার দিকে এগিয়ে নেয়া।

MCQ Solution

১. বঙ্গবন্ধু কবে জাতীয় সংসদে দাঁড়িয়ে দ্বিতীয় বিপ্লবের ডাক দিয়েছিলেন? [গণযোগাযোগ অধিদপ্তরের সহকারী তথ্য অফিসার : ১৩]

ক ২৫ জানুয়ারি ১৯৭৫ খ ২৫ ফেব্রুয়ারি ১৯৭৫
গ ২৭ মার্চ ১৯৭৫ ঘ ২৫ এপ্রিল ১৯৭৫

উত্তর: ক

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

২. **জাতীয় শোক দিবস-** [তথ্য মন্ত্রণালয়ের সহকারী পরিচালক (গণযোগাযোগ প্রশিক্ষণ) : ০১/ প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীনে সাইকার অফিসার : ৯৯]

ক ২৬ মার্চ খ ১৫ আগস্ট
গ ২৪ সেপ্টেম্বর ঘ ২১ ফেব্রুয়ারি **উত্তর: খ**

৩. **বাংলাদেশে প্রথম সামরিক আইন কে জারি করেন?** [বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড সহকারী সচিব : ১৫/ বিদ্যুৎ জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রণালয়ের অধীনে সহকারী বিস্ফোরক পরিদর্শক : ০৩]

ক আবু সাঈদ খ খোন্দকার মোশতাক আহমেদ
গ জিয়াউর রহমান ঘ মোহাম্মদ উল্লাহ **উত্তর: খ**

৪. **সামরিক শাসন জারি হলে জনগণের-** [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনে পুলিশ সহকারী রাসায়নিক : ০২]

ক সার্বভৌমত্ব থাকে না খ সার্বভৌমত্ব সংরক্ষিত থাকে
গ সার্বভৌমত্ব উহ্য থাকে ঘ সার্বভৌমত্ব সংরক্ষিত থাকে না **উত্তর: গ**

৫. **১৯৭৫ সালের ১৫ আগস্ট ভোর রাত পর্যন্ত বাংলাদেশের সেনাবাহিনী প্রধান কে ছিলেন?** [২৩তম বিসিএস]

ক মেজর জেনারেল জিয়াউর রহমান খ মেজর জেনারেল মঞ্জুর
গ মেজর জেনারেল এ, কে, এম শফিউল্লাহ ঘ মেজর জেনারেল এরশাদ **উত্তর: গ**

৬. **বাংলাদেশে জেলহত্যা সংঘটিত হয়** - [খাদ্য অধিদপ্তরের উপ-খাদ্য পরিদর্শক : ১২/ শ্রম অধিদপ্তরে জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো উপসহকারী পরিচালক (শ্রম) : ০১]

ক ১৯৭৫ সালের ১৫ আগস্ট খ ১৯৭৫ সালের ৩ নভেম্বর
গ ১৯৭৫ সালের ২৫ মার্চ ঘ ১৯৭৫ সালের ৯ ডিসেম্বর **উত্তর: খ**

৭. **জাতীয় সংহতি ও বিপ্লব দিবস-** [ইসলামী ব্যাংক সহকারী অফিসার (গ্রেড-৩) : ০৫/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ৯২]

ক ২১ ফেব্রুয়ারি খ ১৪ ডিসেম্বর
গ ৭ নভেম্বর ঘ ৭ মার্চ **উত্তর: গ**

৮. **BNP -এর পূর্ণ রূপ** - [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সরকার ও রাজনীতি) : ১৩-১৪]

ক Bangladesh National Party খ Bangladeshi Nationalist Party
গ Bangladesh Nationalist Party ঘ Bangladesh Nation Party **উত্তর: গ**

১৯৯০ এর গণঅভ্যুত্থান এবং গণতন্ত্রের পুনঃযাত্রা

১৯৮৭ সালের ১০ নভেম্বর তৎকালীন স্বৈরাচারী রাষ্ট্রপতি লেফটেনেন্ট জেনারেল হুসেন মুহাম্মদ এরশাদ সরকারের পদত্যাগ এবং নির্দলীয় ও নিরপেক্ষ সরকারের অধীনে সংসদ নির্বাচনের দাবিতে 'ঢাকা অবরোধ' কর্মসূচি পালিত হয়। এ আন্দোলন চলাকালে যুবলীগ কর্মী নূর হোসেন বুকে ও পিঠে 'গণতন্ত্র মুক্তি পাক, স্বৈরাচার নিপাত যাক' শ্লোগান লিখে জিপিওর সামনে পুলিশের গুলিতে নিহত হন। এতে আন্দোলনকারী জনগণ ক্ষুব্ধ হয়। ১৯৯০ সালের ২৭ নভেম্বর বাংলাদেশ মেডিকেল অ্যাসোসিয়েশন নেতা ডা শামসুল আলম মিলন গুলিবিদ্ধ হয়ে মৃত্যুবরণ করলে এরশাদবিরোধী আন্দোলন চরম রূপ নেয়। এর ধারাবাহিকতায় ১৯৯০ সালের ৬ ডিসেম্বর স্বৈরাচারের পতন হয়।



স্বৈরাচার বিরোধী আন্দোলনে নূর হোসেন

BCS Smart

Scanned by CamScanner

MCQ Solution

১. নিজ শরীরে 'স্বৈরাচার নিপাত যাক-গণতন্ত্র মুক্তি পাক' লিখে রাস্তায় মিছিলে গিয়ে শহীদ হয়েছেন এক নির্ভীক নাগরিক। তার নাম কি? [গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় (ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং) : ৯৯/ Sonali, Janata, Agrani and Rupali Bank Senior Officer : 98]

ক আবুল বরকত খ নূর হোসেন
গ মনু মিয়া ঘ আব্দুস সালাম

উত্তর: খ


জাহানারা ইমাম

একাত্তরের ঘাতক দালাল নির্মূল কমিটি

১৯৯১ সালের ২৯ ডিসেম্বর গোলাম আযমকে জামায়াতে ইসলামী তাদের আমীর ঘোষণা করলে বাংলাদেশে জনবিক্ষোভের সূত্রপাত হয়। ফলশ্রুতিতে ১৯৯২ সালের ১৯ জানুয়ারি ঘাতক দালাল নির্মূল কমিটি গঠিত হয়। জাহানারা ইমাম হন এর আহবায়ক। এই কমিটি ১৯৯২ সালের ২৬ মার্চ গণ আদালতের মাধ্যমে সোহরাওয়ার্দী উদ্যানে একাত্তরে নরঘাতক গোলাম আযমের বিরুদ্ধে ১০টি সুনির্দিষ্ট অভিযোগ উত্থাপন করে। ১২ জন বিচারকের সমন্বয়ে গঠিত গণ আদালতের চেয়ারম্যান জাহানারা ইমাম গোলাম আযমের ১০টি অপরাধ মৃত্যুদণ্ডযোগ্য বলে ঘোষণা দেন।

MCQ Solution

১. বাংলাদেশে গঠিত যুদ্ধাপরাধীদের বিচার প্রক্রিয়ায় সহায়ক সক্রিয় সংগঠনটির নাম কী? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (কলা ও মানবিক অনুষদ) : ১২-১৩]

ক ঘাতক-দালাল নির্মূল কমিটি খ আন্তর্জাতিক অপরাধ ট্রাইবুনাল
গ মুক্তিযোদ্ধা সংসদ ঘ সেক্টর কমান্ডারস ফোরাম

উত্তর: ক

২. 'একাত্তরের ঘাতক দালাল নির্মূল কমিটির প্রতিষ্ঠাতা সভাপতি কে? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সরকার ও রাজনীতি) : ১৩-১৪ / জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সাংবাদিকতা এবং গণমাধ্যম) : ১২-১৩]

ক নীলিমা ইব্রাহিম খ জাহানারা ইমাম
গ শাহরিয়ার খান ঘ হারুন-অর-রশীদ

উত্তর: খ

৩. ঘাতক-দালালদের বিচারের জন্য গঠিত গণ-আদালতের সঙ্গে কার নাম সম্পৃক্ত? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ১২-১৩]

ক ফেরদৌসী প্রিয়ভাষিণী খ মালেকা বেগম
গ জাহানারা ইমাম ঘ বেগম সুফিয়া কামাল

উত্তর: গ

৪. ৭১ এর যুদ্ধপরাধীদের বিচারের জন্য কত সালে সোহরাওয়ার্দী উদ্যানে গণআদালত অনুষ্ঠিত হয়েছিল? [পররাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনে প্রশাসনিক কর্মকর্তা : ০১]

ক ১৯৯০ সালে খ ১৯৯২ সালে
গ ১৯৯৬ সালে ঘ ১৯৯৯ সালে

উত্তর: খ

৫. বর্তমান সময়ে বাংলাদেশ সরকারের বড় অর্জন কোনটি? [৩৬তম বিসিএস]

ক যুদ্ধপরাধীদের বিচার খ সমুদ্রসীমা বিজয়
গ বৈদেশিক মুদ্রার রিজার্ভ ঘ বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধি

উত্তর: ক

bcsspotlight

Scanned by CamScanner

সংবিধান
Constitution

সংবিধান

রাষ্ট্র পরিচালনার জন্য প্রত্যেকটি রাষ্ট্রের কিছু নির্দিষ্ট বিধিবিধান বা আইন থাকে। এই বিধিবিধানকে রাষ্ট্রের সংবিধান বা শাসনতন্ত্র বলে। গ্রিক দার্শনিক এরিস্টটলের মতে, "সংবিধান হল রাষ্ট্রের সেই জীবনধারা যা রাষ্ট্র নিজেই বেছে নিয়েছে।" (Constitution is the way of life the state has chosen for itself)। বিশ্বের সবচেয়ে বড় সংবিধান ভারতের এবং সবচেয়ে ছোট সংবিধান যুক্তরাষ্ট্রের।

সংবিধানের প্রকারভেদ

সংবিধান প্রথমে দুইভাগে ভাগ করা যায়। যথা- অলিখিত (Unwritten) ও লিখিত (Written)।

লিখিত সংবিধান : লিখিত সংবিধান বলতে আমরা সেই সংবিধানকে বুঝি যার ধারা বা নিয়মাবলী কোন দলিলে লিপিবদ্ধ করা থাকে। যেমন- বাংলাদেশ, ভারত, যুক্তরাষ্ট্র প্রভৃতি দেশের সংবিধান।

অলিখিত সংবিধান : অলিখিত সংবিধান বলতে আমরা সেই সংবিধানকে বুঝি যার ধারা বা নিয়মাবলী কোন দলিলে লিপিবদ্ধ করা থাকে না। যেমন- যুক্তরাজ্য, নিউজিল্যান্ড, স্পেন প্রভৃতি দেশের সংবিধান।

সংশোধন পদ্ধতির উপর ভিত্তি করে সংবিধানকে দুইভাগে ভাগ করা যায়। যথা- সুপরিবর্তনীয় (Flexible) এবং দুষ্পরিবর্তনীয় (Rigid)।

ক) **সুপরিবর্তনীয় সংবিধান** এমন এক সংবিধান যা পরিবর্তন করার জন্য কোন পৃথক বা জটিল পদ্ধতির প্রয়োজন হয় না। আইনসভার সাধারণ আইনের মত তা পরিবর্তন ও সংশোধন করা যায়।

খ) **দুষ্পরিবর্তনীয় সংবিধান** এমন এক সংবিধান যা পরিবর্তন করার জন্য জটিল ও বিশেষ পদ্ধতির প্রয়োজন হয়। যেমন- বাংলাদেশ, যুক্তরাষ্ট্র প্রভৃতি দেশের সংবিধান। বাংলাদেশের সংবিধানের কোনো অংশ পরিবর্তন করতে হলে দুই তৃতীয়াংশ সদস্যের সমর্থনের প্রয়োজন হয়।

BCS Spotlight

MCQ Solution

১. সংবিধান বা শাসনতন্ত্র হচ্ছে- [জাতীয় বিশ্ববিদ্যালয় : ০৪-০৫]
ক) রাষ্ট্রের সাধারণ আইন. খ) জরুরি আইন
গ) রাষ্ট্রের মৌলিক আইন ঘ) রাষ্ট্রের বিশেষ আইন
উত্তর: গ

২. 'রাষ্ট্রের পছন্দকৃত জীবন পদ্ধতিই সংবিধান'-উক্তিটি কে করেন? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাষ্ট্রবিজ্ঞান বিভাগ) : ০৮-০৯ / জাতীয় বিশ্ববিদ্যালয় : ০৭-০৮]
ক) প্লেটো খ) এরিস্টটল
গ) কে,সি হোয়ার ঘ) হবস
উত্তর: খ

৩. **Constitution is the way of life the state has chosen for itself** -উক্তিটি কার? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাষ্ট্রবিজ্ঞান) : ০৪-০৫]
ক) Plato খ) Aristotle
গ) S.E Finer ঘ) Wheare
উত্তর: খ

Scanned by CamScanner

৪. **Which of the following country does not have a written constitution?/ কোন দেশটির কোন লিখিত সংবিধান নেই?** [Titas Gas Transmission & Distribution Co. Ltd. Deputy Asst Engineer : 11]

ⓐ India ⓑ Bangladesh ⓒ England
ⓓ The USA ⓔ None of these **Ans. c**

৫. **বাংলাদেশ সংবিধান দুষ্পরিবর্তনীয় কেন?** [সংস্থাপন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা : ০৭]

ⓚ পরিবর্তন সহজ নয় বলে ⓛ লিখিত আকারে লিপিবদ্ধ বলে
ⓜ পরিবর্তনে দক্ষতার অভাব ⓝ নাতিদীর্ঘ বলে **উত্তর: ক**

৬. **সাংবিধানিক সার্বভৌমত্বের বৈশিষ্ট্য হলো –** [টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের সহকারী পরিচালক (আইন) : ১৩]

ⓚ লিখিত সংবিধান ⓛ পার্লামেন্ট সংবিধান কর্তৃক সৃষ্ট হবে
ⓜ নিরপেক্ষ ও স্বাধীন আদালত থাকবে যা পার্লামেন্ট কর্তৃক পাসকৃত আইনের বৈধতা যাচাই করবে
ⓝ সবগুলো সঠিক **উত্তর: ঘ**

৭. **পৃথিবীতে বাংলা ভাষায় রচিত সংবিধানের সংখ্যা মোট –** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৩-১৪]

ⓚ একটি ⓛ দুটি
ⓜ তিনটি ⓝ চারটি **উত্তর: ক**

বাংলাদেশের সংবিধান রচনার ইতিহাস

বাংলাদেশের সংবিধান তৈরির উদ্দেশ্যে ১৯৭২ সালের ১১ জানুয়ারি রাষ্ট্রপতি শেখ মুজিবুর রহমান বাংলাদেশ অস্থায়ী সাংবিধানিক আদেশ জারি করেন। পরবর্তীকালে ১৯৭২ সালের ২৩ মার্চ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি বাংলাদেশ গণপরিষদ আদেশ জারি করেন। ১৯৭০ সালের ৭ ডিসেম্বর এবং ১৯৭১ সালের ১৭ জানুয়ারি মাসে নির্বাচিত জাতীয় ও প্রাদেশিক পরিষদ সদস্যগণ গণপরিষদের সদস্য বলে পরিগণিত হয়। গণ-পরিষদের সদস্য ছিল ৪০৩। গণ-পরিষদের প্রথম অধিবেশন বসে ১০ এপ্রিল, ১৯৭২। গণ-পরিষদের প্রথম স্পিকার ছিলেন শাহ আবদুল হামিদ এবং প্রথম ডেপুটি স্পিকার ছিলেন মোহাম্মদ উল্লাহ। গণপরিষদের ৩৪ জন সদস্য নিয়ে বাংলাদেশের সংবিধান রচনা কমিটি গঠিত হয়। কমিটির সভাপতি ছিলেন ড. কামাল হোসেন। এজন্য ড. কামাল হোসেনকে বাংলাদেশের সংবিধানের জনক বা রূপকার বা স্থপতি বলা হয়। সংবিধান রচনা কমিটির একমাত্র মহিলা সদস্য বেগম রাজিয়া বানু। সংবিধান রচনা কমিটির একমাত্র বিরোধী দলীয় সদস্য সুরঞ্জিত সেন গুপ্ত। সংবিধান রচনা কমিটি ভারত ও যুক্তরাজ্যের সংবিধানের আলোকে বাংলাদেশের সংবিধান রচনা করেন। বাংলাদেশে সংবিধানের খসড়া সর্ব প্রথম গণপরিষদে উত্থাপিত হয় ১২ অক্টোবর, ১৯৭২। সংবিধানের খসড়া গণপরিষদে উত্থাপন করেন ড. কামাল হোসেন। ৪ নভেম্বর, ১৯৭২ বাংলাদেশের সংবিধানের খসড়া গণপরিষদে গৃহীত হয়। এজন্য ৪ নভেম্বর 'সংবিধান দিবস' হিসাবে পালিত হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান কার্যকর বা প্রবর্তিত হয় ১৬ ডিসেম্বর, ১৯৭২। বাংলাদেশের প্রথম হস্তলিখিত সংবিধান ছিল ৯৩ পাতার। হস্তলিখিত সংবিধানটির মূল লেখক ছিলেন শিল্পী আব্দুর রউফ। হস্তলিখিত সংবিধানটির অঙ্গসজ্জা করেন শিল্পাচার্য জয়নুল আবেদীন। গণপরিষদের সদস্যরা হস্তলিখিত মূল সংবিধানের বাংলা ও ইংরেজি লিপিতে স্বাক্ষর করেন ১৪ ডিসেম্বর, ১৯৭২। গণপরিষদের ৩০৯ জন সদস্য হস্তলিখিত মূল সংবিধানে স্বাক্ষর করেন।



ড. কামাল হোসেন

BCS Spotlight

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

সংবিধান রচনা কমিটির বিরোধী দলীয় সদস্য সুরঞ্জিত সেন গুপ্ত হস্তলিখিত মূল সংবিধানে স্বাক্ষর করেননি। বাংলাদেশের সংবিধান গৃহীত হওয়ার সময় রাষ্ট্রপতি ছিলেন বিচারপতি আবু সাঈদ চৌধুরী এবং প্রধানমন্ত্রী ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।

MCQ Solution

১. **Which is the supreme law of Bangladesh?** [Jahangirnagar University Admission Test (Public Adminstration) : 13-14]

Or,

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সর্বোচ্চ আইন কি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (গণ্য) : ১২]

ⓐ President Order ⓑ Constitution
ⓒ Rules of Business ⓓ Supreme Court **Ans. b**

২. বাংলাদেশের অস্থায়ী সংবিধান আদেশ জারী করেন কে? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (দর্শন বিভাগ) : ০৮-০৯]

ⓚ শেখ মুজিবুর রহমান ⓛ সৈয়দ নজরুল ইসলাম
ⓜ খন্দকার মোস্তাক ⓝ মোহাম্মদ উল্লাহ **উত্তরঃ ক**

৩. বাংলাদেশ গণপরিষদের প্রথম অধিবেশন কত তারিখে শুরু হয়? [বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের উপ-সহকারী : ১২/ মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০৯/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (IDA-ADB Project) : ০১]

ⓚ ৭ এপ্রিল, ১৯৭২ ⓛ ১০ এপ্রিল, ১৯৭২
ⓜ ৭ এপ্রিল, ১৯৭৩ ⓝ ১০ এপ্রিল, ১৯৭৩ **উত্তরঃ খ**

৪. **Who was the first Speaker in the Constituent Assembly?** [Jahangirnagar University (Law) : 12-13]

Or,

বাংলাদেশ গণপরিষদের প্রথম স্পিকার ছিলেন - [নির্বাচন কমিশন সচিবালয়ে উপজেলা বা থানা নির্বাচন অফিসার : ০৮/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৮-০৯/ জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৫-০৬]

a. Mohammad Ullah b. Shah Abdul Hamid
c. Dr. Kamal Hossain d. Maulana Abdur Rashid Tarkabagish **Ans. b**

৫. বাংলাদেশ গণ-পরিষদের সংসদ নেতা কে ছিলেন? [গণপূর্ত অধিদপ্তরের উপসহকারী প্রকৌশলী (সিভিল) : ১১]

ⓚ জনাব তাজউদ্দিন আহমদ ⓛ সৈয়দ নজরুল ইসলাম
ⓜ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ⓝ ক্যাপ্টেন মনসুর আলী **উত্তরঃ গ**

৬. **How many members were in the committee for drafting the constitution of Bangladesh?** [Shahjalal Islami Bank Ltd. MTO : 10]

Or, বাংলাদেশ সংবিধান রচনা কমিটির সদস্য ছিলেন কত জন? [স্বাস্থ্য অধিদপ্তরের স্বাস্থ্য সহকারী : ১০/ আমদানি-রপ্তানি অধিদপ্তরের নির্বাহী অফিসার : ০৭ / কারিগরি শিক্ষা অধিদপ্তরের অধীনে ইনস্ট্রাক্টর (নন টেক) : ০৫]

ⓐ 31 ⓑ 32
ⓒ 33 ⓓ 34 **Ans. d**

৭. **Who was the Chairman of the Committee that drafted the constitution of Bangladesh?** [BRDB Officer : 04]

Or,

বাংলাদেশের খসড়া সংবিধান প্রণয়ন কমিটির চেয়ারম্যান ছিলেন- [তথ্য মন্ত্রণালয়ের অধীনে তথ্য অফিসার : ০৫]

ⓐ Mirza Golam Hafiz ⓑ Barrister Moudud Ahmed
ⓒ Dr. Kamal Hossain ⓓ Justice Abu Sayeed Chowdhury **Ans. c**

BCS Spotlight

Scanned by CamScanner

৮. **The female member of 'Bangladesh Constitution Making Committee' is -** [Jahangirnagar University (International Affairs) : 13-14] **Or,**
বাংলাদেশের সংবিধান রচনা কমিটির একমাত্র মহিলা সদস্য কে? [প্রধানমন্ত্রীর কার্যালয়ের সহকারী পরিচালক : ১৩/ বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা : ১৩/ আমদানি-রপ্তানি অধিদপ্তরের নির্বাহী অফিসার : ০৭]

ⓐ Hamida Banu ⓑ Begum Sufia Kamal
ⓒ Begum Razia Banu ⓓ Selina Hossain **Ans.** c

৯. বাংলাদেশের সংবিধান কোন সালে প্রণীত হয়? [পরিবার পরিকল্পনা সহকারী বা পরিবার পরিকল্পনা পরিদর্শক এবং পরিবার কল্যাণ সহকারী : ১১ / যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক : ১৯]

ⓚ ১৯৭২ সালে ⓛ ১৯৭৫ সালে
ⓜ ১৯৫২ সালে **উত্তর: ক**

১০. বাংলাদেশে সংবিধান সর্ব প্রথম কোন তারিখে গণপরিষদে উত্থাপিত হয়? [১৪তম বিসিএস/ দুর্নীতি দমন কমিশনের সহকারী পরিচালক : ১৩/ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (বুড়িগঙ্গা) : ১৩ / প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (ভিত্তি) : ১০]

ⓚ ১২ অক্টোবর, ১৯৭২ ইং ⓛ ১৬ ডিসেম্বর, ১৯৭২ ইং
ⓜ ২৬ মার্চ, ১৯৭৩ ইং ⓝ ১৬ ডিসেম্বর, ১৯৭৩ ইং **উত্তর: ক**

১১. **When was the Constitution of Bangladesh adopted in the National Parliament of Bangladesh?** [Janata Bank Ltd. ABO : 15] **Or,**
Bangladesh Constitution was passed on - [Jahangirnagar University (Law) : 12-13]

Or,

বাংলাদেশের সংবিধান কোন তারিখে গণপরিষদে গৃহীত হয়? [ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তরের প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা : ০৬/ এলজিইডিতে সহকারী প্রকৌশলী : ০৫ / ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৩-০৪ / খাদ্য অধিদপ্তরের অধীনে খাদ্য পরিদর্শক : ০০]

ⓐ 2 October, 1971 ⓑ 16 December, 1972
ⓒ 4 November, 1972 ⓓ 4 January, 1973 **Ans.** c

১২. **The Constitution Day of Bangladesh is -** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (আইন অনুষদ) : ১৩-১৪]

Or,

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান দিবস কত তারিখে? [ডাক অধিদপ্তরের উপজেলা পোস্ট মাস্টার : ১০]

ⓚ ১৬ ডিসেম্বর ⓛ ২৩ অক্টোবর ⓜ ৭ মার্চ
ⓝ ৪ নভেম্বর ⓞ কোনোটিই নয় **উত্তর: ঘ**

১৩. **Constitution of the people's Republic of Bangladesh was introduced on -** [Karmasngthan Bank Assistant Officer : 00] **Or,**
বাংলাদেশের সংবিধান কবে প্রবর্তিত হয়? [১০তম বিসিএস/ মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অধীন জুনিয়র অডিটর : ১৪ / প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (ভ্যাকোভিল) : ১২ / সমাজসেবা অধিদপ্তরের উপজেলা সমাজসেবা অফিসার : ০৬]

ⓐ 25 March, 1971 ⓑ 25 March, 1972
ⓒ 16 December, 1971 ⓓ 16 December, 1972 **Ans.** d

১৪. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান কার্যকর হয় কোন তারিখ হতে? [২০তম বিসিএস/ প্রধানমন্ত্রীর কার্যালয়ে সহকারী পরিচালক : ১৫ / জাতীয় রাজস্ব বোর্ডের সহকারী রাজস্ব কর্মকর্তা : ১৫ / মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অধীনে অডিটর : ১৪]

Or,

From which date has the constitution of Bangladesh been in effect? [MTBL MTO : 11/ Bank Alfahah Ltd. MTO : 05]

ⓚ জানুয়ারি ১০, ১৯৭৩ ⓛ ডিসেম্বর ১৬, ১৯৭২
ⓜ নভেম্বর ৪, ১৯৭২ ⓝ অক্টোবর ১১, ১৯৭২ **উত্তর: খ**

BCS Spotlight
Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

১৫. বাংলাদেশের সংবিধান গৃহীত হওয়ার সময় রাষ্ট্রপতি কে ছিলেন? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সাংবাদিকতা এবং গণমাধ্যম) : ১৩-১৪ / জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৫-০৬]

ক জনাব মোহাম্মদ উল্লাহ খ শেখ মুজিবুর রহমান
গ বিচারপতি আবু সাঈদ চৌধুরী ঘ বিচারপতি আহসান উদ্দীন চৌধুরী **উত্তর: গ**

১৬. বাংলাদেশের প্রথম হস্তলিখিত সংবিধানের মূল লেখক কে? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ১০ - ১১]

ক ড. কামাল হোসেন খ আবদুর রউফ
গ শাহ আবদুল হামিদ ঘ মোহাম্মাদ উল্লাহ **উত্তর: খ**

১৭. বাংলাদেশ সংবিধান গ্রন্থের লিপিকার কে? [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ১১]

ক শিল্পী কামরুল হাসান খ শিল্পী আব্দুর রউফ
গ আনোয়ারুল হক ঘ শফিউদ্দিন আহমেদ **উত্তর: খ**

১৮. 'Constitutional Law of Bangladesh' - এর রচিয়তা হলেন - [টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের সহকারী পরিচালক (আইন) : ১৩]

ক মাহমুদুল ইসলাম খ সাহাবুদ্দীন আহমেদ
গ ব্যারিস্টার আ. ঘালিম ঘ মো. জসিম আলী **উত্তর: ক**

বাংলাদেশের সংবিধান

সংবিধান হলো গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সর্বোচ্চ আইন। এতে ১১ টি ভাগ বা অধ্যায় (Chapter) এবং ১৫৩টি অনুচ্ছেদ (Articles) আছে। বাংলাদেশের সংবিধান প্রস্তাবনা (Preamble) দিয়ে শুরু এবং ৭টি তফসিল (Schedules) দিয়ে শেষ হয়েছে।

প্রস্তাবনা : "বিসমিল্লাহির রহমানির রহিম"।

বাংলাদেশের সংবিধানের ৭টি তফসিল

প্রথম তফসিল	অন্যান্য বিধান সত্ত্বেও কার্যকর আইন Law effective notwithstanding other provisions
দ্বিতীয় তফসিল	রাষ্ট্রপতি-নির্বাচন (Election of President) [বিলুপ্ত]
তৃতীয় তফসিল	শপথ ও ঘোষণা (Oaths and affairmations)
চতুর্থ তফসিল	ক্রান্তিকাল ও অস্থায়ী বিধানমালা (Transitional and temporary provisions)
পঞ্চম তফসিল	১৯৭১ সালের ৭ মার্চ তারিখে ঢাকার রেসকোর্স ময়দানে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দেওয়া ঐতিহাসিক ভাষণ।
ষষ্ঠ তফসিল	১৯৭১ সালের ২৫ মার্চ মধ্যরাত শেষে অর্থাৎ ২৬ মার্চ প্রথম প্রহরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক প্রদত্ত স্বাধীনতার ঘোষণা।
সপ্তম তফসিল	১০ এপ্রিল, ১৯৭১ এর মুজিবনগর সরকারের জারিকৃত স্বাধীনতার ঘোষণাপত্র

BCS Spotlight

Scanned by CamScanner

বাংলাদেশের সংবিধানের বিভাগ, বিষয় ও অনুচ্ছেদ

অধ্যায়/ভাগ	বিষয়		অনুচ্ছেদ
প্রথম	প্রজাতন্ত্র		০১-০৭
দ্বিতীয়	রাষ্ট্র পরিচালনার মূলনীতি		০৮-২৫
তৃতীয়	মৌলিক অধিকার		২৬-৪৭
চতুর্থ	নির্বাহী বিভাগ (৪৮-৬৪)	১ম পরিচ্ছেদ-রাষ্ট্রপতি	৪৮-৫৪
		২য় পরিচ্ছেদ- প্রধানমন্ত্রী ও মন্ত্রিসভা	৫৫-৫৮
		৩য় পরিচ্ছেদ- স্থানীয় শাসন	৫৯-৬০
		৪র্থ পরিচ্ছেদ-প্রতিরক্ষা কর্মবিভাগ	৬১-৬৩
		৫ম পরিচ্ছেদ-অ্যাটর্নি জেনারেল	৬৪
পঞ্চম	আইনসভা (৬৫-৯০)	১ম পরিচ্ছেদ-সংসদ	৬৫-৭৯
		২য় পরিচ্ছেদ-আইন প্রণয়ন ও অর্থ সংক্রান্ত পদ্ধতি	৮০-৯২
		৩য় পরিচ্ছেদ-অধ্যাদেশ প্রণয়ন ক্ষমতা	৯৩
ষষ্ঠ	বিচার বিভাগ (৯৪-১১৭)	১ম পরিচ্ছেদ-সুপ্রিম কোর্ট	৯৪-১১৩
		২য় পরিচ্ছেদ-অধঃস্তন আদালত	১১৪-১১৬
		৩য় পরিচ্ছেদ-প্রশাসনিক ট্রাইবুনাল	১১৭
সপ্তম	নির্বাচন		১১৮-১২৬
অষ্টম	মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক		১২৭-১৩২
নবম	বাংলাদেশ কর্মবিভাগ (১৩৩-১৪১)	১ম পরিচ্ছেদ-কর্মবিভাগ	১৩৩-১৩৬
		২য় পরিচ্ছেদ-সরকারী কর্মকমিশন	১৩৭-১৪১
		ক. জরুরী বিধানাবলী	১৪১ক-১৪১গ
দশম	সংবিধান সংশোধন		১৪২
একাদশ	বিবিধ		১৪৩-১৫৩

MCQ Solution

১. **Total Parts in the constitution of Bangladesh are-** [Pubali Bank Ltd. Senior Officer: 12]

Or,

বাংলাদেশের সংবিধানে কটি ভাগ (অধ্যায়) আছে? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৫-০৬/ উপজেলা ও থানা শিক্ষা অফিসার : ০৫/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (আইন বিভাগ) : ০৪-০৫/ মাধ্যমিক বিদ্যালয় সহকারী প্রধান শিক্ষক : ০৩]

ⓐ 9 ⓑ 10 ⓒ 11
ⓓ 12 ⓔ None of them **Ans.** c

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

২. **How many sections are there in constitution of Bangladesh** [Bangladesh Krishi Bank Officer : 12] **Or,**
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানে কতটি অনুচ্ছেদ আছে? [স্থানীয় সরকার জনস্বাস্থ্য প্রকৌশল উপসহকারী : ১৫/রাজশাহী বিশ্ববিদ্যালয় (কইউনিট) : ১৩-১৪/মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপপরিদর্শক : ১৩/বাংলাদেশ রেলওয়ে সহকারী কমার্শেন্ট : ০৭]

ⓐ 156 ⓑ 153
ⓒ 155 ⓓ 152 **Ans.** b

৩. বাংলাদেশ সংবিধানের প্রস্তাবনার উপর কি লেখা আছে? [পাবলিক সার্ভিস কমিশনে সহকারী পরিচালক : ০৪]
ⓚ জনগণই ক্ষমতার মালিক ⓛ সর্বশক্তিমান আল্লাহর উপর পূর্ণ আস্থা
ⓜ বিসমিল্লাহির রাহমানির রাহিম ⓝ সংবিধানই সকল ক্ষমতার উৎস **উত্তরঃ গ**

৪. বাংলাদেশের সংবিধানের প্রধান বৈশিষ্ট্য কয়টি? [প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী : ১১]
ⓚ ১২টি ⓛ ১০টি
ⓜ ৫টি ⓝ ১৫টি **উত্তরঃ**

বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদসমূহ

প্রথম ভাগ : প্রজাতন্ত্র
PART I : THE REPUBLIC

অনুচ্ছেদ	বর্ণনা
১	**প্রজাতন্ত্র (The Republic)** বাংলাদেশ একটি একক, স্বাধীন ও সার্বভৌম প্রজাতন্ত্র যা 'গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ' নামে পরিচিত হইবে। (Bangladesh is an unitary, independent, sovereign Republic to be known as 'The People's Republic of Bangladesh')
২	**প্রজাতন্ত্রের রাষ্ট্রীয় সীমানা (The territory of the Republic)**
২ক	**রাষ্ট্রধর্ম (The State religion)** প্রজাতন্ত্রের রাষ্ট্রধর্ম ইসলাম, তবে হিন্দু, বৌদ্ধ, খ্রিষ্টানসহ অন্যান্য ধর্ম পালনে রাষ্ট্র সমমর্যাদা ও সমঅধিকার নিশ্চিত করিবেন।
৩	**রাষ্ট্রভাষা (The State language)** প্রজাতন্ত্রের রাষ্ট্রভাষা বাংলা (The State language of the Republic is Bangla)
৪	**জাতীয় সঙ্গীত, পতাকা ও প্রতীক (National anthem, flag and emblem)** ১) প্রজাতন্ত্রের জাতীয় সঙ্গীত 'আমার সোনার বাংলা'র প্রথম দশ চরণ। (The national anthem of the Republic is the first ten lines of 'Amar Sonar Bangla') ২) প্রজাতন্ত্রের জাতীয় পতাকা হইতেছে সবুজ ক্ষেত্রের উপর স্থাপিত রক্তবর্ণের একটি ভরাট বৃত্ত। (The national flag of the Republic shall consist of a circle, coloured red throughout its area, resting on a green background) ৩) প্রজাতন্ত্রের জাতীয় প্রতীক হইতেছে উভয় পার্শ্বে ধান্য শীর্ষ বেষ্টিত, পানিতে ভাসমান জাতীয় পুষ্প শাপলা, তাহার শীর্ষদেশে পাটগাছের তিনটি পরস্পর সংযুক্তপত্র, তাহার উভয় পার্শ্বে দুইটি করিয়া তারকা।(The national emblem of the Republic is

Scanned by CamScanner

৪	the national flower Shapla (nympoea-nouchali) resting on water, having on each side and ear of paddy and being surmounted by three connected leaves of jute with two stars on each sides of leaves)
৪ক	**জাতির পিতার প্রতিকৃতি (Portrait of the Father of the Nation)** জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতি রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, স্পিকার, প্রধান বিচারপতির কার্যালয় এবং সকল সরকারী ও আধাসরকারী অফিস, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, সংবিধিবদ্ধ সরকারী কর্তৃপক্ষের প্রধান ও শাখা কার্যালয়, সরকারী ও বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান, বিদেশে অবস্থিত বাংলাদেশের দূতাবাস ও মিশনসমূহে সংরক্ষণ ও প্রদর্শন করিতে হইবে।
৫	**রাজধানী (Capital)** প্রজাতন্ত্রের রাজধানী ঢাকা (The capital of the Republic is Dhaka)।
৬	**নাগরিকত্ব (Citizenship)** ২) বাংলাদেশের জনগণ জাতি হিসেবে বাঙালি এবং নাগরিকগণ বাংলাদেশী বলিয়া পরিচিত হইবেন।
৭	**সংবিধানের প্রাধান্য (Supremacy of the Constitution)** ১) প্রজাতন্ত্রের সকল ক্ষমতার মালিক জনগণ, ...। (All powers of the Republic belong to the people, ...)
৭ক	**সংবিধান বাতিল, স্থগিতকরণ, ইত্যাদি অপরাধ** **Offence of abrogation, suspension, etc. of the Constitution**
৭খ	**সংবিধানের মৌলিক বিষয়াবলী সংশোধনের অযোগ্য** **Basic provisions of the Constitution are not amendable**

MCQ Solution

১. বাংলাদেশের সাংবিধানিক নাম হলো - [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (সিলেট বিভাগ) : ০৫ / রাজশাহী বিশ্ববিদ্যালয় (আইন বিভাগ) : ০৩-০৪/ প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীনে সাইকার অফিসার : ৯৯]

ক গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ খ বাংলাদেশ
গ বাংলাদেশ প্রজাতন্ত্র ঘ বাংলাদেশ ইসলামী প্রজাতন্ত্র **উত্তর: ক**

২. বাংলাদেশ একটি - [গণমাধ্যম ইনস্টিটিউটের সহকারী পরিচালক : ০৩ / ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০১-০২]

ক ইসলামী প্রজাতন্ত্র খ গণপ্রজাতন্ত্র
গ প্রজাতন্ত্র ঘ গণতান্ত্রিক প্রজাতন্ত্র **উত্তর: খ**

৩. বাংলাদেশের সাংবিধানিক নামের ইংরেজি পাঠ কি? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাষ্ট্রবিজ্ঞান) : ০৭-০৮/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঙ ইউনিট) : ০৫-০৬]

ক People Republic of Bangladesh
খ Bangladesh People's Republic
গ The Republic of Bangladesh
ঘ The People's Republic of Bangladesh
ঙ Democratic Republic of Bangladesh **উত্তর: ঘ**

PSC Spotlight

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

৪. বাংলাদেশের সংবিধানের কোন অনুচ্ছেদে বাংলাকে রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দেয়া হয়েছে? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (সমাজকর্ম বিভাগ) : ০৫-০৬]

ক) প্রথম খ) দ্বিতীয়
গ) তৃতীয় ঘ) চতুর্থ উত্তর: গ

৫. সংবিধানের কোন অনুচ্ছেদ অনুযায়ী বাংলাদেশের নাগরিকগণ 'বাংলাদেশী' বলিয়া পরিচিত হবেন? [২৬তম বিসিএস/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (ভিন্না) : ১০]

Or,

As per which Article of Bangladesh Constitution, the country's citizens are to be referred as 'Bangladeshis'? [Jahangirnagar University (International Affairs) : 13-14]

ক) ৬ (১) খ) ৬ (২)
গ) ৭ ঘ) ৮ উত্তর: খ

৬. বাংলাদেশের জাতীয়তা- [সহকারী থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা : ১৫]

ক) বাঙালি খ) বাংলাদেশী
গ) উভয়ই ঘ) কোনোটিই নয় উত্তর: খ

৭. **'All powers in the Republic belong to the people' is enshrined in the Constitution of Bangladesh by the Article :** [ICB Senior Officer : 14]

Or,

'প্রজাতন্ত্রের সকল ক্ষমতার মালিক জনগণ' - এ ঘোষণাটি বাংলাদেশ সংবিধানের কোন অনুচ্ছেদে উল্লেখিত হয়েছে? [৩য় বিজেএস (সহকারী জজ) : ০৭]

ⓐ 5 (2) ⓑ 7 (1)
ⓒ 15 (3) ⓓ 29 (1) **Ans. b**

দ্বিতীয় ভাগ : রাষ্ট্র পরিচালনার মূলনীতি
PART II - FUNDAMENTAL PRINCIPLES OF STATE POLICY

অনুচ্ছেদ	বর্ণনা
৮	**মূলনীতিসমূহ (Fundamental Principles)** ১) জাতীয়তাবাদ, সমাজতন্ত্র, গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতা এই নীতিসমূহ এবং তৎসহ এইনীতি সমূহ হইতে উদ্ভূত এইভাগে বর্ণিত অন্য সকল নীতি রাষ্ট্র পরিচালনার মূলনীতি বলিয়া পরিগণিত হইবে। ২) এইভাগে বর্ণিত নীতিসমূহ বাংলাদেশ পরিচালনার মূলসূত্র হইবে, আইন প্রণয়নকালে রাষ্ট্র তাহা প্রয়োগ করিবেন, এই সংবিধান ও বাংলাদেশের অন্যান্য আইন ব্যাখ্যাদানের ক্ষেত্রে তাহা নির্দেশক হইবে, তবে এই সকল নীতি সকল আদালতের মাধ্যমে বলবৎযোগ্য হইবে না।
৯	**জাতীয়তাবাদ (Nationalism)** ভাষাগত ও সংস্কৃতিগত একক সত্তাবিশিষ্ট যে বাঙালি জাতি ঐক্যবদ্ধ ও সংকল্পবদ্ধ সংগ্রাম করিয়া জাতীয় মুক্তিযুদ্ধের মাধ্যমে বাংলাদেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব অর্জন করিয়াছেন, সেই বাঙালী জাতির ঐক্য ও সংহতি হইবে বাঙালি জাতীয়তাবাদের ভিত্তি।

BCS Spotlight

Scanned by CamScanner

১০	**সমাজতন্ত্র ও শোষণমুক্তি (Socialism and freedom from exploitation)** মানুষের উপর মানুষের শোষণ হইতে মুক্ত ন্যায়ানুগ ও সাম্যবাদী সমাজলাভ নিশ্চিত করার উদ্দেশ্যে সমাজতান্ত্রিক অর্থনৈতিক ব্যবস্থা প্রতিষ্ঠা করা হইবে।
১১	**গণতন্ত্র ও মানবাধিকার (Democracy and human rights)**
১২	**ধর্ম নিরপেক্ষতা ও ধর্মীয় স্বাধীনতা (Secularism and freedom of religion)** ধর্ম নিরপেক্ষতার নীতি বাস্তবায়নের জন্য ক) সর্বপ্রকার সাম্প্রদায়িকতা খ) রাষ্ট্র কোন ধর্মকে রাজনৈতিক মর্যাদাদান গ) রাজনৈতিক উদ্দেশ্যে ধর্মের অপব্যবহার ঘ) কোন বিশেষ ধর্মপালনকারী ব্যক্তির প্রতি বৈষম্য বা তাঁহার উপর নিপীড়ন বিলোপ করা হইবে।
১৩	**মালিকানার নীতি (Principles of ownership)**
১৪	**কৃষক ও শ্রমিক মুক্তি (Emancipation of peasants and workers)**
১৫	**মৌলিক প্রয়োজনের ব্যবস্থা (Provisions of basic necessities)**
১৬	**গ্রামীণ উন্নয়ন ও কৃষি বিপ্লব (Rural development & agricultural revolution)**
১৭	**অবৈতনিক ও বাধ্যতামূলক শিক্ষা (Free and compulsory education)**
১৮	**জনস্বাস্থ্য ও নৈতিকতা (Public Health and morality)**
১৮ক	**পরিবেশ ও জীববৈচিত্র্য সংরক্ষণ ও উন্নয়ন** **Protection and improvement of the environment and biodiversity** রাষ্ট্র বর্তমান ও ভবিষ্যৎ নাগরিকদের জন্য পরিবেশ সংরক্ষণ ও উন্নয়ন করিবেন এবং প্রাকৃতিক সম্পদ, জীববৈচিত্র্য, জলাভূমি, বন ও বন্যপ্রাণীর নিরাপত্তা বিধান করিবেন।
১৯	**সুযোগের সমতা (Equality of opportunity)** ৩) জাতীয় জীবনের সর্বস্তরে মহিলাদের অংশগ্রহণ ও সুযোগের সমতা রাষ্ট্র নিশ্চিত করিবেন।
২০	**অধিকার ও কর্তব্যরূপে কর্ম (Work as a right and duty)**
২১	**নাগরিক ও সরকারী কর্মচারীদের কর্তব্য (Duties of citizen and public servants)** ২) সকল সময়ে জনগণের সেবা করিবার চেষ্টা করা প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত প্রত্যেক ব্যক্তির কর্তব্য (Every person in the service of the Republic has a duty to strive at all times to serve the people)।
২২	**নির্বাহী বিভাগ হতে বিচার বিভাগ পৃথকীকরণ** **Separation of Judiciary from the executive** রাষ্ট্রের নির্বাহী অঙ্গসমূহ হইতে বিচার বিভাগের পৃথকীকরণ রাষ্ট্র নিশ্চিত করবেন (The state shall ensure the separation of the Judiciary from the executive organs of the state)।
২৩	**জাতীয় সংস্কৃতি (National culture)**

BCS Spotlight

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

২৩ক	উপজাতি, ক্ষুদ্র জাতিসত্তা, নৃ-গোষ্ঠী ও সম্প্রদায়ের সংস্কৃতি **The Culture of tribes, minor races, ethnic sects and communities** রাষ্ট্র বিভিন্ন উপজাতি, ক্ষুদ্র জাতিসত্তা, নৃ-গোষ্ঠী ও সম্প্রদায়ের অনন্য বৈশিষ্ট্যপূর্ণ আঞ্চলিক সংস্কৃতি ঐতিহ্য সংরক্ষণ, উন্নয়ন ও বিকাশের ব্যবস্থা গ্রহণ করবে।
২৪	জাতীয় স্মৃতিনিদর্শন প্রভৃতি **(National monuments, etc.)**
২৫	আন্তর্জাতিক শান্তি, নিরাপত্তা ও সংহতির উন্নয়ন **Promotion of international peace, security and solidarity**

বাংলাদেশের সাংবিধানের চারটি মূলনীতি

	বর্তমানে সংবিধানের মূলনীতি (১৯৭২ সালের সংবিধানের মূলনীতি)	৫ম সংশোধনীর দ্বারা প্রবর্তিত মূলনীতি
১	ধর্ম নিরপেক্ষতা **(Secularity)**	সর্বশক্তিমান আল্লাহর উপর পূর্ণ আস্থা ও বিশ্বাস (Absolute Trust and Faith in the Almighty Allah)
২	জাতীয়তাবাদ **(Nationalism)**	জাতীয়তাবাদ (Nationalism)
৩	গণতন্ত্র **(Democracy)**	গণতন্ত্র (Democracy)
৪	সমাজতন্ত্র **(Socialism)**	সমাজতন্ত্র (অর্থনৈতিক ও সামাজিক ন্যায় বিচার অর্থে)

জীবন ধারণের মৌলিক উপকরণ (Basic necessities)

জীবন ধারণের মৌলিক উপকরণ ৫টি। যথা: অন্ন (Food), বস্ত্র (Clothing), আশ্রয় (Shelter), শিক্ষা (Education) এবং চিকিৎসা (Medical care)।

MCQ Solution

১. বাংলাদেশের সংবিধানের মূলনীতি কয়টি? [১২তম বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১৫ / বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক : ১১/ কুমিল্লা বিশ্ববিদ্যালয় : ০৬-০৭]

ক ১১ টি খ ৬ টি
গ ৫ টি ঘ ৪ টি **উত্তর: ঘ**

২. বাংলাদেশ সংবিধানের মূলনীতি নয় কোনটি? [আবাসন পরিদপ্তরের সহকারী পরিচালক : ০৬]

ক জাতীয়তাবাদ খ গণতন্ত্র
গ সমাজতন্ত্র ঘ ধর্মনিরপেক্ষতা **উত্তর:**

ব্যাখ্যা: উক্ত অপশনের চারটিই বাংলাদেশের সংবিধানের মূলনীতি।

৩. ১৯৭২ সালের বাংলাদেশের সংবিধানে রাষ্ট্রীয় মূলনীতি- [বরিশাল বিশ্ববিদ্যালয় (ব ইউনিট) : ১৪-১৫]

ক ১০টি খ ৫টি
গ ৪টি ঘ ৩টি **উত্তর: গ**

৪. মানুষের মৌলিক চাহিদা কয়টি? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (নাট্যকলা ও সঙ্গীত বিভাগ) : ০৮-০৯]

ক ৫টি খ ৪টি
গ ৩টি ঘ ৭টি **উত্তর: ক**

Scanned by CamScanner

৫. নিম্নলিখিত কোন পদটি বাংলাদেশ সরকার গ্রহণ করেছে? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (নৃবিজ্ঞান) : ১৩-১৪]

ক আদিবাসী খ ক্ষুদ্র নৃগোষ্ঠী
গ উপজাতি ঘ পাহাড়ী

উত্তর: খ

৬. বাংলাদেশের সংবিধানের কত ধারায় শিক্ষার জন্য সাংবিধানিক অঙ্গীকার ব্যক্ত আছে? [স্বাস্থ্য অধিদপ্তরের স্বাস্থ্য সহকারী : ১০/ পরিবেশ অধিদপ্তরের ফিল্ড ইনভেস্টিগেটর এবং রিসার্চ অ্যাসিস্টেন্ট : ০৬]

Or,

Which article of the constitution of Bangladesh establishes the fundamental right to education for all? [Trust Bank Ltd. Asst. Officer : 12]

ক ১৪ নং ধারা খ ১৫ নং ধারা
গ ১৬ নং ধারা ঘ ১৭ নং ধারা

উত্তর: ঘ

৭. বাংলাদেশের সংবিধানের ২১(২) ধারায় বলা হয়েছে "সকল সময়ে ..... চেষ্টা করা প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত প্রত্যেক ব্যক্তির কর্তব্য"। শূন্যস্থানটি পূরণ কর। [১৮তম বিসিএস/ মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ে গবেষণা কর্মকর্তা : ৯৮]

ক জনগণের সেবা করিবার খ রাষ্ট্রের প্রতি আনুগত্য প্রকাশ করিবার
গ সরকারের প্রতি আনুগত্য প্রকাশ করা ঘ সংবিধানের প্রতি আনুগত্য প্রকাশ করা

উত্তর: ক

৮. বাংলাদেশের সংবিধানের কোন অনুচ্ছেদে নির্বাহী বিভাগ থেকে বিচার বিভাগের পৃথকীকরণের কথা বলা হয়েছে? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৮-০৯/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (নৃবিজ্ঞান বিভাগ) : ০৫-০৬ / টেলিফোন বোর্ডের সহকারী পরিচালক : ০৪]

ক ৩৭ খ ১৫
গ ২২ ঘ ১১

উত্তর: গ

৯. বাংলাদেশের সংবিধানের কোন ধারা বিলুপ্ত করা হয়েছে? [কারিগরি শিক্ষা অধিদপ্তরের অধীনে ইনস্ট্রাক্টর (নন টেক) : ০৫]

ক ৯ খ ১০
গ ১১ ঘ ১২

উত্তর:

ব্যাখ্যা: সংবিধান [পঞ্চম সংশোধন] আইন, ১৯৭৯ তে সংবিধানের ১২ নং অনুচ্ছেদ বিলুপ্ত করা হয়েছিল। সুপ্রিম কোর্টের আপিল বিভাগ সংবিধানের পঞ্চম সংশোধনী অবৈধ ঘোষণা করলে সংবিধান [পঞ্চদশ সংশোধন] আইন, ২০১১ দ্বারা তা পুনর্বহাল করা হয়।

তৃতীয় ভাগ : মৌলিক অধিকার
PART-III : FUNDAMENTAL RIGHTS

অনুচ্ছেদ	বর্ণনা
২৬	মৌলিক অধিকারের অসামঞ্জস্য আইন বাতিল **Law inconsistent with fundamental rights to be void**
২৭	**আইনের দৃষ্টিতে সমতা (Equality before law)** সকল নাগরিক আইনের দৃষ্টিতে সমান এবং আইনের সমান আশ্রয় লাভের অধিকারী (All citizens are equals before law and are entitled to equal protection of law)

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

২৮	ধর্মীয় প্রভৃতি কারণে বৈষম্য (Discrimination on ground of religion etc.) ১) কেবল ধর্ম, গোষ্ঠী, বর্ণ, নারী-পুরুষ বা জন্মস্থানের কারণে কোন নাগরিকের প্রতি রাষ্ট্র বৈষম্য প্রদর্শন করিবেন না। ২) রাষ্ট্র ও গণজীবনের সর্বস্তরে নারী পুরুষের সমান অধিকার লাভ করিবেন। ৪) নারী বা শিশুদের অনুকূলে কিংবা নাগরিকদের যে কোন অনগ্রসর অংশের অগ্রগতির জন্য বিশেষ বিধান প্রণয়ন হইতে এই অনুচ্ছেদের কোন কিছুই রাষ্ট্রকে নিবৃত্ত করিবেন না।
২৯	সরকারী নিয়োগ লাভের সুযোগের সমতা Equality of Opportunity in Public employment প্রজাতন্ত্রের কর্মে নিয়োগ বা পদলাভের ক্ষেত্রে সকল নাগরিকের জন্য সুযোগের সমতা থাকবে।
৩০	বিদেশি খেতাব প্রভৃতি গ্রহণ নিষিদ্ধকরণ (Prohibition of foreign title, etc.) রাষ্ট্রপতির পূর্বানুমোদন ব্যতীত কোন নাগরিক কোন বিদেশি রাষ্ট্রের নিকট হইতে কোন খেতাব, সম্মান পুরস্কার বা ভূষণ গ্রহণ করিবেন না।
৩১	আইনের আশ্রয় লাভের অধিকার (Right to protect of law)
৩২	জীবন ও ব্যক্তি স্বাধীনতার অধিকার (Protection of right of life and personal liberty)
৩৩	গ্রেফতার ও আটক সম্পর্কে রক্ষাকবচ (Safeguards as to arrest and detention)
৩৪	জবরদস্তি শ্রম নিষিদ্ধকরণ (Prohibition of forced labour)
৩৫	বিচার ও দণ্ড সম্পর্কে রক্ষণ (Protection in respect of trial and punishment)
৩৬	চলাফেরার স্বাধীনতা (Freedom of Movement)
৩৭	সমাবেশের স্বাধীনতা (Freedom of Assembly)
৩৮	সংগঠনের স্বাধীনতা (Freedom of Association)
৩৯	চিন্তা ও বিবেকের স্বাধীনতা এবং বাক-স্বাধীনতা Freedom of thought and conscience and of speech ১) চিন্তা ও বিবেকের স্বাধীনতা (Freedom of thought and conscience) ২) ক- বাক ও ভাব প্রকাশের স্বাধীনতা (Freedom of speech & expression) খ- সংবাদপত্রের স্বাধীনতা (Freedom of press)।
৪০	পেশা বা বৃত্তির স্বাধীনতা (Freedom of Profession or occupation)
৪১	ধর্মীয় স্বাধীনতা (Freedom of Religion)
৪২	সম্পত্তির অধিকার (Rights to property) ১) প্রত্যেক নাগরিকের সম্পত্তি অর্জন, ধারণ, হস্তান্তর বা অন্যভাবে বিলি-ব্যবস্থা করার অধিকার থাকবে এবং আইনের কর্তৃত্ব ব্যতীত কোন সম্পত্তি বাধ্যতামূলকভাবে গ্রহণ, রাষ্ট্রায়ত্ত বা দখল করা যাবেনা।
৪৩	গৃহ ও যোগাযোগের রক্ষণ (Protection of home and Correspondence)

Scanned by CamScanner

৪৪	মৌলিক অধিকার বলবৎকরণ (Enforcement of fundamental rights) ১) এই ভাগে প্রদত্ত অধিকারসমূহ বলবৎ করিবার জন্য এই সংবিধানের ১০২ অনুচ্ছেদের ১ দফা অনুযায়ী হাইকোর্ট বিভাগের নিকট মামলা রুজু করিবার অধিকারের নিশ্চয়তা দান করা হইল।
৪৫	শৃঙ্খলামূলক আইনের ক্ষেত্রে অধিকারের পরিবর্তন Modification of rights in respect of disciplinary
৪৬	দায়মুক্তি বিধানের ক্ষমতা (Power to provide indemnity)
৪৭	কতিপয় আইনের হেফাজত (Saving of Certain Law) ৩) গণহত্যাজনিত অপরাধ, মানবতা বিরোধী অপরাধ বা যুদ্ধাপরাধ এবং আন্তর্জাতিক আইনের অধীন অন্যান্য অপরাধের জন্য কোন সশস্ত্র বাহিনী বা প্রতিরক্ষা বাহিনী বা সহায়ক বাহিনীর সদস্য কিংবা যুদ্ধবন্দীকে আটক, ফৌজদারীতে সোপর্দ কিংবা দণ্ডদান বিধান সংবলিত কোন আইন বা আইনের বিধান এই সংবিধানের কোন বিধানের সহিত অসামঞ্জস্য বা তাহার পরিপন্থী, এই কারণে বাতিল বা বেআইনী বলিয়া গণ্য হইবেনা।

MCQ Solution

১. বাংলাদেশ সংবিধানের কোন ভাগে মৌলিক অধিকারের কথা বলা হয়েছে? [জাতীয় সংসদে সচিবালয়ে সহকারী গবেষণা অফিসার : ০৬/ জাতীয় সংসদে সচিবালয়ে সহকারী গবেষণা অফিসার : ০৫ / শ্রম অধিদপ্তরের রেজিস্ট্রার : ০০]

ক) প্রথম ভাগে খ) দ্বিতীয় ভাগে
গ) তৃতীয় ভাগে ঘ) চতুর্থ ভাগে **উত্তর: গ**

২. বাংলাদেশের সংবিধানে মৌলিক অধিকারের কতটি আর্টিকেল আছে? [আনসার ও ভিডিপি অধিদপ্তরের সার্কেল অ্যাডজুটেন্ট : ১৫]

ক) ১০টি খ) ১৮টি
গ) ২২টি ঘ) ১৫টি **উত্তর: গ**

৩. **Fundamental rights of the citizens as provided in the Bangladesh constitution does not include- / নিচের কোনটি বাংলাদেশের সংবিধানে বর্ণিত মৌলিক অধিকার নয়?** [IFIC Bank Ltd. Proationary Officer : 96]

ⓐ Freedom of speech (বাকস্বাধীনতা)
ⓑ Freedom of association (সংগঠনের স্বাধীনতা)
ⓒ Right to life and liberty (জীবন ও ব্যক্তি স্বাধীনতার অধিকার)
ⓓ Right to happiness (সুখের অধিকার) **Ans. d**

৪. 'সকল নাগরিক আইনের দৃষ্টিতে সমান এবং আইনের সমান আশ্রয় লাভের অধিকারী'। সংবিধানের কোন অনুচ্ছেদে বর্ণিত আছে? [৩৫তম বিসিএস/ ২৪তম বিসিএস/ প্রধানমন্ত্রীর কার্যালয়ে সহকারী পরিচালক : ১৫]

ক) ২৭ খ) ২৮
গ) ৩০ ঘ) ৪৭ **উত্তর: ক**

৫. সংবিধানের কোন অনুচ্ছেদে 'রাষ্ট্র ও গণজীবনের সর্বস্তরে নারী পুরুষের সমান অধিকার লাভ করিবেন' বলা আছে ? [২৭তম বিসিএস/ দুর্নীতি দমন কমিশনের সহকারী পরিচালক : ১৩/ টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের সহকারী পরিচালক (আইন) : ১৩/ ইসলামী বিশ্ববিদ্যালয় (বি ইউনিট) : ১৩-১৪/ সাব- রেজিস্ট্রার : ০৩/ পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা : ০১]

ক) ১০ নং অনুচ্ছেদে খ) ২১ (২) নং অনুচ্ছেদে
গ) ২৭ নং অনুচ্ছেদে ঘ) ২৮ (২) নং অনুচ্ছেদে **উত্তর: ঘ**

BCS Spotlight

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

৬. সংবিধানের ২৮(২) নং অনুচ্ছেদের বিষয়বস্তু কী? [শ্রম পরিদপ্তরের সহকারী শ্রম পরিচালক : ০৬]
ক সকল নাগরিক আইনের দৃষ্টিতে সমান খ সর্বস্তরে নারী পুরুষের সমান অধিকার
গ সকল নাগরিকের চাকরি লাভের সুযোগ ঘ জীবন ও ব্যক্তিস্বাধীনতার অধিকার
উত্তর: খ

৭. বাংলাদেশের সংবিধানের কোন অনুচ্ছেদ বলে রাষ্ট্র নারী, শিশু বা অনগ্রসর নাগরিকদের অগ্রগতির জন্য বিশেষ বিধান তৈরির ক্ষমতা পায়? [২১তম বিসিএস]
ক ২৫ (৭) খ ২৮ (৪)
গ ৪০ (৩) ঘ ৪২
উত্তর: খ

৮. সংবিধানের কোন অনুচ্ছেদে সকল নাগরিকের আইনের আশ্রয় লাভের অধিকারের উল্লেখ রয়েছে? [বাংলাদেশ টেলিভিশন অডিয়েন্স রিসার্চ অফিসার : ০৬]
ক ২৭ নং অনুচ্ছেদ খ ৩১ নং অনুচ্ছেদ
গ ৩২ নং অনুচ্ছেদ ঘ ৩৪ নং অনুচ্ছেদ
উত্তর: খ

৯. মানুষের ব্যক্তিস্বাধীনতা নিরাপত্তার অধিকারকে কোন ধরনের অধিকার বলা হয়? [দুর্নীতি দমন ব্যুরোর সহকারী পরিদর্শক : ০৪]
ক রাজনৈতিক অধিকার খ সামাজিক অধিকার
গ মানবাধিকার ঘ মৌলিক অধিকার
উত্তর: ঘ

১০. সংবিধানের কোন অনুচ্ছেদে 'চলাফেরার স্বাধীনতা' উল্লেখ রয়েছে? [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০৯]
ক ৩৬ নং অনুচ্ছেদ খ ৩০ নং অনুচ্ছেদ
গ ৩৭ নং অনুচ্ছেদ ঘ ৩১ নং অনুচ্ছেদ
উত্তর: ক

১১. চিন্তা ও বিবেচকের স্বাধীনতার বিষয়টি আমাদের সংবিধানের কোন অনুচ্ছেদে বর্ণিত? [খাদ্য অধিদপ্তরে খাদ্য পরিদর্শক : ১১ / ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৬-০৭]
ক ২৭ খ ৩০
গ ৩৯ ঘ ৪০
উত্তর: গ

১২. বাংলাদেশের প্রত্যেক নাগরিকের সম্পত্তি অর্জন, ধারণ, হস্তান্তর বা অন্যভাবে বিলি-ব্যবস্থা করার অধিকার থাকবে বলে বলা হয়েছে বাংলাদেশ সংবিধানের - [শ্রম অধিদপ্তরে জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো উপসহকারী পরিচালক (শ্রম) : ০১]
ক ৪২ নং অনুচ্ছেদ খ ২৫ নং অনুচ্ছেদ
গ ৩০ নং অনুচ্ছেদ ঘ ২৭ নং অনুচ্ছেদে
উত্তর: ক

১৩. বাংলাদেশ সংবিধানের কত ধারায় মৌলিক অধিকার বলবৎকরণ সম্পর্কে বলা আছে? [টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের সহকারী পরিচালক (আইন) : ১৩]
ক ৩৯ ধারা খ ৪৩ ধারা
গ ৪৪ ধারা ঘ ৪৫ ধারা
উত্তর: গ

১৪. মৌলিক অধিকার লঙ্ঘন হলে সংবিধানের কোন ধারায় মামলার ক্ষমতা দেওয়া আছে?
ক ধারা ৪৪ এ খ ধারা ৪৭ এ [টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের সহকারী পরিচালক (আইন) : ১৩]
গ ধারা ১০২ এ ঘ ধারা ১০৩ এ
উত্তর: গ

১৫. বাংলাদেশ সংবিধানের তৃতীয় ভাগের মৌলিক অধিকারসমূহ বলবৎ করার জন্য কোনো সংক্ষুব্ধ ব্যক্তি কোন অনুচ্ছেদ বলে আদালতে আবেদন করতে পারে? [জাতীয় রাজস্ব বোর্ডের সহকারী রাজস্ব কর্মকর্তা : ১২ / অর্থ মন্ত্রণালয়ের অধীন প্রশাসনিক কর্মকর্তা : ০৪]
ক ৭ খ ১১
গ ১০২ ঘ ৩১
উত্তর: গ

BCS Copyright

Scanned by CamScanner

১৬. সংবিধানের কোন অনুচ্ছেদে রিট আবেদন করা যায়? [পরিবার পরিকল্পনা অধিদপ্তর হিসাব রক্ষক : ১১]
ক ১০১ খ ১০০
গ ১০২ উত্তর: গ

১৭. বাংলাদেশের সংবিধান নাগরিকদের মৌলিক অধিকার নিশ্চিত করার দায়িত্ব দিয়েছে?
ক হাইকোর্ট খ সুপ্রিম কোর্ট [ইসলামী বিশ্ববিদ্যালয় (বি ইউনিট) : ১৩-১৪]
গ জজ কোর্ট ঘ আপিল বিভাগ উত্তর: ক

১৮. জনস্বার্থ রিট মামলার আবেদন কোথায় করা হয়? [ইসলামী বিশ্ববিদ্যালয় (এইচ ইউনিট) : ১৩-১৪]
ক হাইকোর্ট বিভাগে খ আপীল বিভাগে
গ মানবাধিকার কমিশনে ঘ আইন মন্ত্রণালয়ে উত্তর: ক

১৯. ব্যক্তি স্বাধীনতার অন্যতম রক্ষাকবচ হলো- [ইসলামী বিশ্ববিদ্যালয় (সি ইউনিট) : ১৩-১৪]
ক আইন বিভাগ খ বিচার বিভাগ
গ শাসন বিভাগ ঘ গণতন্ত্র উত্তর: খ

২০. যুদ্ধাপরাধীদের বিচারসংক্রান্ত সংবিধানের অনুচ্ছেদটি হলো- [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সাংবাদিকতা এবং গণমাধ্যম) : ১৩-১৪ / চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঙ ইউনিট) : ০৭-০৮]
ক ৪৭ খ ২৫
গ ৩১ ঘ ৭০ উত্তর: ক

চতুর্থ ভাগ : নির্বাহী বিভাগ

PART-IV : THE EXECUTIVE

১ম পরিচ্ছেদ- রাষ্ট্রপতি (Chapter I : The president)

অনুচ্ছেদ	বর্ণনা
৪৮	**রাষ্ট্রপতি (The President)** অনুসারে প্রধান বিচারপতি নিয়োগের ক্ষেত্র ব্যতীত রাষ্ট্রপতি তাঁহার অন্য সকল দায়িত্ব পালনে প্রধানমন্ত্রীর পরামর্শ অনুযায়ী কার্য করিবেন। ৪) কোন ব্যক্তি রাষ্ট্রপতি নির্বাচিত হইবার যোগ্য হইবেন না যদি তিনি- ক) পঁয়ত্রিশ বৎসরের কম বয়স্ক হন। অথবা, খ) সংসদ সদস্য নির্বাচিত হইবার যোগ্য না হন। অথবা, গ) কখনও এই সংবিধানের অধীন অভিসংশন দ্বারা রাষ্ট্রপতির পদ হইতে অপসারিত হইয়া থাকেন।
৪৯	**ক্ষমা প্রদর্শনের অধিকার (Prerogative of mercy)** কোন আদালত, ট্রাইবুনাল বা অন্য কোন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত যে কোন দণ্ডের মার্জনা, বিলম্বন ও বিরাম মঞ্জুর করিবার এবং যে কোন দণ্ড মওকুফ, স্থগিত বা হ্রাস করিবার ক্ষমতা রাষ্ট্রপতির থাকিবে।
৫০	**রাষ্ট্রপতি পদের মেয়াদ (Term of the office of the president)** ১) রাষ্ট্রপতি কার্যভার গ্রহণের তারিখ হইতে পাঁচ বৎসরের মেয়াদে তাঁর পদে অধিষ্ঠিত থাকবেন। ২) একাদিক্রমে হউক বা না হউক দুই মেয়াদের অধিক রাষ্ট্রপতির পদে কোন ব্যক্তি অধিষ্ঠিত থাকবেন না। ৩) স্পিকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে রাষ্ট্রপতি স্বীয় পদ ত্যাগ করিতে পারিবেন।

BCS Spotlight

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

৫১	**রাষ্ট্রপতির দায়মুক্তি (President's immunity)** রাষ্ট্রপতি তাঁহার দায়িত্ব পালন করিতে গিয়া কিংবা অনুরূপ বিবেচনায় কোন কার্য করিয়া থাকিলে বা না করিয়া থাকিলে সেইজন্য তাঁহাকে কোন আদালতে জবাবদিহি করিতে হইবে না, .. ।
৫২	**রাষ্ট্রপতির অভিশংসন (Impeachment of the President)** ১) এই সংবিধান লংঘন বা গুরুতর অসদাচারণের অভিযোগে রাষ্ট্রপতিকে অভিশংসিত করা যাইতে পারিবে। ৪) অভিযোগ বিবেচনার পর মোট সদস্য সংখ্যার অন্যূন দুই-তৃতীয়াংশ ভোটে অভিযোগ যথার্থ বলিয়া ঘোষণা করিয়া সংসদ কোন প্রস্তাব গ্রহণ করিলে প্রস্তাব গৃহীত হইবার তারিখে রাষ্ট্রপতির পদ শূন্য হইবে।
৫৩	**অসামর্থ্যের কারণে রাষ্ট্রপতির অপসারণ** **Removal of the President of ground of incapacity**
৫৪	**অনুপস্থিতি প্রভৃতির কালে রাষ্ট্রপতি পদে স্পিকার** **Speaker to act as president during absence** রাষ্ট্রপতির পদ শূন্য হইলে কিংবা অনুপস্থিতি, অসুস্থতা বা অন্য কোন কারণে রাষ্ট্রপতি দায়িত্ব পালনে অসমর্থ হলে ক্ষেত্রমত রাষ্ট্রপতি নির্বাচিত না হওয়া পর্যন্ত কিংবা রাষ্ট্রপতি পুনরায় স্বীয় কার্যাভাবে গ্রহণ না করা পর্যন্ত স্পিকার রাষ্ট্রপতির দায়িত্ব পালন করিবেন।

২য় পরিচ্ছেদ-প্রধানমন্ত্রী ও মন্ত্রিসভা (Chapter II: The Prime Minister and the cabinet)

অনুচ্ছেদ	বর্ণনা
৫৫	**মন্ত্রিসভা (The Cabinet)** ২) প্রধানমন্ত্রী কর্তৃক বা তাহার কর্তৃত্বে এই সংবিধান অনুযায়ী প্রজাতন্ত্রের নির্বাহী ক্ষমতা প্রযুক্ত হইবে। ৩) মন্ত্রীসভা যৌথভাবে সংসদের নিকট দায়ী থাকবে। ৪) সরকারের সকল নির্বাহী ব্যবস্থা রাষ্ট্রপতির নামে গৃহীত হইয়াছে বলিয়া প্রকাশ করা হইবে।
৫৬	**মন্ত্রীগণ (Minister)** ১) একজন প্রধানমন্ত্রী থাকিবেন এবং প্রধানমন্ত্রী যেরূপ নির্ধারণ করিবেন, সেইরূপ অন্যান্যমন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপমন্ত্রী থাকিবেন। ২) প্রধানমন্ত্রী ও অন্যান্য মন্ত্রী , প্রতিমন্ত্রী ও উপমন্ত্রীদিগকে রাষ্ট্রপতি নিয়োগ দান করিবেন। তবে শর্ত থাকে যে, তাঁহাদের সংখ্যার অন্যূন নয়-দশমাংশ সংসদ সদস্যগণের মধ্য থেকে নিযুক্ত হবেন এবং এক দশমাংশ সংসদ সদস্য নির্বাচিত হইবার যোগ্য ব্যক্তিগণের মধ্য হইতে মনোনীত হইতে পারিবেন।
৫৭	**প্রধানমন্ত্রীর পদের মেয়াদ (Tenure of office of Prime Minister)**
৫৮	**মন্ত্রীদের পদের মেয়াদ (Tenure of office of other Ministers)**

BCS Shortcut

Scanned by CamScanner

৩য় পরিচ্ছেদ- স্থানীয় শাসন (Chapter III: Local Government)

অনুচ্ছেদ	বর্ণনা
৫৯	স্থানীয় শাসন (Local Government)
৬০	স্থানীয় শাসন সংক্রান্ত প্রতিষ্ঠানের ক্ষমতা (Power of Local Government bodies)

৪র্থ পরিচ্ছেদ- প্রতিরক্ষা কর্মবিভাগ (Chapter IV: The Defence Services)

অনুচ্ছেদ	বর্ণনা
৬১	সর্বাধিনায়কতা (Supreme Command) বাংলাদেশের প্রতিরক্ষা কর্মবিভাগের সর্বাধিনায়কতা রাষ্ট্রপতির উপর ন্যস্ত হইবে।
৬২	প্রতিরক্ষা কর্মবিভাগে ভর্তি (Recruitment, etc, of defense services)
৬৩	যুদ্ধ (War) সংসদের অনুমতি ব্যতীত যুদ্ধ ঘোষণা করা যাইবে না কিংবা প্রজাতন্ত্র কোন যুদ্ধে অংশগ্রহণ করিবেন না।

৫ম পরিচ্ছেদ- অ্যাটর্নি জেনারেল (Chapter V: The Attorney General)

অনুচ্ছেদ	বর্ণনা
৬৪	অ্যাটর্নি জেনারেল (The Attorney General) ১) সুপ্রিম কোর্টের বিচারপতি হইবার যোগ্য কোন ব্যক্তিকে রাষ্ট্রপতি বাংলাদেশের অ্যাটার্নি জেনারেল পদে নিয়োগ নিয়োগ দান করবেন। ৪) রাষ্ট্রপতির সন্তোষানুযায়ী সময়সীমা পর্যন্ত অ্যাটর্নি জেনারেল স্বীয় পদে বহাল থাকবেন এবং রাষ্ট্রপতি কর্তৃক নির্ধারিত পারিশ্রমিক লাভ করবেন।

Technocrat মন্ত্রী : সংসদ সদস্য নন কিন্তু মন্ত্রিপরিষদের সদস্য এমন মন্ত্রীদের টেকনোক্র্যাট মন্ত্রী বলে।

অ্যাটর্নি জেনারেল (Attorney General) : বাংলাদেশ সরকারের প্রধান আইনজীবীকে অ্যাটর্নি জেনারেল বলে।

বিভিন্ন পদে নিয়োগ প্রাপ্তির ন্যূনতম বয়স

পদ	ন্যূনতম বয়স	পদ	ন্যূনতম বয়স
রাষ্ট্রপতি	৩৫ বৎসর	স্পিকার	২৫ বৎসর
প্রধানমন্ত্রী	২৫ বৎসর	সংসদ সদস্য	২৫ বৎসর
মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপমন্ত্রী	২৫ বৎসর	ভোটার	১৮ বৎসর

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.faeebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

MCQ Solution

১. বাংলাদেশের রাষ্ট্রপতি কিভাবে নির্বাচিত হন? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাষ্ট্রবিজ্ঞান) : ০৫-০৬]
ক জনগণের সরাসরি ভোটে খ জাতীয় সংসদে সদস্যদের ভোটে
গ প্রধানমন্ত্রী কর্তৃক ঘ প্রধান বিচারপতি কর্তৃক উত্তর: খ

২. সংসদীয় পদ্ধতিতে সর্বোচ্চ পদমর্যাদার অধিকারী কে? [ইসলামী বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৩-০৪]
ক স্পিকার খ প্রধান বিচারপতি
গ প্রধানমন্ত্রী ঘ রাষ্ট্রপতি উত্তর: ঘ

৩. সংবিধানের কোন অনুচ্ছেদ অনুযায়ী রাষ্ট্রপতির অভিশংসন (ইমপিচমেন্ট) সম্ভব? [টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের সহকারী পরিচালক (আইন) : ১৩]
ক ৫১ অনুচ্ছেদ খ ৫২ অনুচ্ছেদ
গ ৫৩ অনুচ্ছেদ ঘ ৫৪ অনুচ্ছেদ উত্তর: খ

৪. বাংলাদেশের রাষ্ট্রপতির অভিশংসন করেন কে? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ-ইউনিট) : ০৮-০৯]
ক সুপ্রিমকোর্ট খ জাতীয় সংসদ গ প্রধানমন্ত্রী
ঘ স্পিকার ঙ জনগণ উত্তর: খ

৫. কে প্রধানমন্ত্রীকে নিয়োগ দেন? [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০১]
ক জনগণ খ জাতীয় সংসদ
গ রাষ্ট্রপতি ঘ মন্ত্রিসভা উত্তর: গ

৬. প্রধানমন্ত্রীর নিয়োগের বাইরে রাষ্ট্রপতি প্রধানমন্ত্রীর পরামর্শ ব্যতীত কোন কাজ এককভাবে করতে পারেন? [২১তম বিসিএস/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঙ ইউনিট) : ০৬-০৭]
ক প্রধান বিচারপতি নিয়োগ খ প্রধান নির্বাচন কমিশনার নিয়োগ
গ অডিটর জেনারেল নিয়োগ ঘ পাবলিক সার্ভিসেস কমিশনের চেয়ারম্যান নিয়োগ উত্তর: ক

৭. রাষ্ট্রপতি কোন ধারার বিধানমতে কারো সাথে কোনো পরামর্শ ছাড়াই প্রধান বিচারপতি নিয়োগ দিতে পারেন? [জাতীয় সঞ্চয় পরিদপ্তরের সহকারী পরিচালক : ০৭]
ক ৪৪ ধারা খ ৭ (১) ধারা
গ ৪৮ (৩) ধারা ঘ ৭ (২) ধারা উত্তর: গ

৮. **According to the Constitution of Bangladesh what is the minimum age to become the President?** [Sonali, Janata, Agrani Bank Ltd. Senior Officer : 08]
Or,
বাংলাদেশের সংবিধান অনুযায়ী কোনো ব্যক্তিকে রাষ্ট্রপতি হতে হলে তাঁর বয়স কমপক্ষে কত বছর হবে? [প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী : ১১/ সড়ক ও জনপথ অধিদপ্তরের উপসহকারী প্রকৌশলী : ১০/ খাদ্য অধিদপ্তরের খাদ্য পরিদর্শক : ০৯/ ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৩-০৪ / প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (কুলনা বিভাগ) : ০৭]
ⓐ 25 ⓑ 30
ⓒ 35 ⓓ 40
ⓔ None of these **Ans. c**

৯. সংবিধান অনুযায়ী বাংলাদেশে প্রধানমন্ত্রী হওয়ার ন্যূনতম বয়স - [বেসামরিক বিমান ও পর্যটন মন্ত্রণালয়ের অধীন প্রশাসনিক কর্মকর্তা : ০৫]
ক ২৫ বছর খ ৩০ বছর
গ ৩৫ বছর ঘ ৪০ বছর উত্তর: ক

BCS Spotlight

Scanned by CamScanner

১০. **Which is the minimum age requirement to be the Prime Minister of Bangladesh?** [Sonali, Janata & Agrani Bank Ltd. Officer (Cash) : 08/ IFIC Bank Ltd. Proationary Officer : 04] **Or,**
বাংলাদেশের প্রধানমন্ত্রী হতে হলে ন্যূনতম বয়স কত দরকার? [১৮তম বিসিএস/ পল্লী উন্নয়ন বোর্ডের মাঠ সংগঠক : ১৪ / প্রাথমিক শিক্ষা অধীদপ্তরে সহকারী ইনস্ট্রাক্টর (পিইডিপি-৩) : ১২/ স্বাস্থ্য অধিদপ্তরের স্বাস্থ্য সহকারী : ১০]
ⓐ 30 ⓑ 20 ⓒ 25
ⓓ 35 ⓔ 40 **Ans. c**

১১. **বাংলাদেশের সংবিধান অনুযায়ী মন্ত্রীদের বয়স কমপক্ষে কত হবে?** [আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ : ০০]
ⓚ ১৮ বছর ⓛ ২৫ বছর
ⓜ ৩০ বছর ⓝ ৩৫ বছর **উত্তর: খ**

১২. **বাংলাদেশের জাতীয় সংসদের স্পিকার পদে প্রার্থী হওয়ার জন্য প্রার্থীর বয়স ন্যূনতম কত হওয়া দরকার?** [জাতীয় সংসদ সচিবালয়ের অধীনে সহকারী সচিব : ৯৬]
ⓚ পচিশ বছর ⓛ চল্লিশ বছর
ⓜ ত্রিশ বছর ⓝ কোনোটিই নয় **উত্তর: ক**

১৩. **কোনো ব্যক্তির জাতীয় সংসদের সদস্য হওয়ার জন্য ন্যূনতম বয়স-** [কুমিল্লা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৮-০৯/ ইসলামী বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৭-০৮]
ⓚ ২৫ বছর ⓛ ১৮ বছর
ⓜ ৩০ বছর ⓝ ২০ বছর **উত্তর: ক**

১৪. **কার কর্তৃত্বের উপর আদালতের কোন এখতিয়ার নেই?** [বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড সহকারী সচিব : ১৫/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (ঙ ইউনিট) : ১৩-১৪/ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (সুরমা) : ১৩ /পাবলিক সার্ভিস কমিশনে সহকারী পরিচালক : ০৪]
ⓚ প্রধানমন্ত্রী ⓛ প্রধান বিচারপতি
ⓜ রাষ্ট্রপতি ⓝ সেনাপ্রধান **উত্তর: গ**

১৫. **বাংলাদেশের সংবিধানের কত নম্বর অনুচ্ছেদে রাষ্ট্রপতির সাধারণ ক্ষমা সংক্রান্ত বিধান রয়েছে?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ই ইউনিট) : ১৩-১৪]
ⓚ ২৭ ⓛ ৪৯ ⓜ ৫২
ⓝ ৫৪ ⓞ ১০২ **উত্তর: খ**

১৬. **বাংলাদেশে সংবিধান অনুযায়ী প্রধানমন্ত্রী ও অন্যান্য মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপমন্ত্রীকে নিয়োগ দান করেন-** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সরকার ও রাজনীতি) : ১৩-১৪]
ⓚ রাষ্ট্রপতি ⓛ জাতীয় সংসদ
ⓜ সুপ্রিম কোর্ট ⓝ সরকারি দল **উত্তর: ক**

১৭. **বাংলাদেশের সংবিধানের কত ধারা মোতাবেক রাষ্ট্রপতি মন্ত্রী ও প্রতিমন্ত্রীর নিযুক্তি দেন?** [যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক : ৯৯]
ⓚ ২৫ (১) ধারা ⓛ ৫০ ধারা
ⓜ ৫০ (১) ধারা ⓝ ৫৬ (২) ধারা **উত্তর: ঘ**

১৮. **বাংলাদেশের মন্ত্রিপরিষদ তাদের কাজকর্মের জন্য কার কাছে দায়ী?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (ইংরেজি) : ১০/ পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা : ০১]
ⓚ রাষ্ট্রপতির কাছে ⓛ জনগণের কাছে
ⓜ জাতীয় সংসদের কাছে ⓝ এর কোনোটিই নয় **উত্তর: গ**

BCS Spotlight

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

১৯. অনুসৃত নীতি ও কার্যাবলীর জন্য বাংলাদেশের কেবিনেট দায়ী থাকে - [পাবলিক সার্ভিস কমিশন সচিবালয়ে সহকারী সচিব : ০৫]

ক জনগণের কাছে খ রাষ্ট্রপতির কাছে
গ জাতীয় সংসদের কাছে ঘ প্রধানমন্ত্রীর কাছে **উত্তর: গ**

২০. সংবিধান অনুযায়ী বাংলাদেশে সর্বাধিক কতজনকে Technocrat মন্ত্রী নিয়োগ করা যায়? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাষ্ট্রবিজ্ঞান) : ০৭-০৮]

ক তিন-দশমাংশ খ দুই-দশমাংশ
গ পাঁচ-দশমাংশ ঘ এক দশমাংশ **উত্তর: ঘ**

২১. প্রধানমন্ত্রী তার মন্ত্রীসভার সদস্যদের কত অংশ সদস্য সংসদের বাইরে থেকে নিয়োগ করতে পারেন? [দুর্নীতি দমন কমিশনের সহকারী পরিচালক : ১৩]

ক এক-দশমাংশ খ এক-শতাংশ গ দুই-দশমাংশ
ঘ কিয়দাংশ ঙ কোনোটিই নয় **উত্তর: ক**

২২. **Who is the Supreme commander of Defence in Bangladesh?** [Rajshahi University (Public Adminstration) : 08-09]

অথবা,

বাংলাদেশ সশস্ত্র বাহিনীর সর্বাধিনায়ক হচ্ছেন- [বরিশাল বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৪-১৫ / কারা অধিদপ্তরের কারা তত্ত্বাবধায়ক : ১৩/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৭-০৮/ পরিবেশ ও বন মন্ত্রণালয়ের অধীন গবেষণা কর্মকর্তা : ০৬]

৪. বিচার বিভাগের সবচেয়ে গুরুত্বপূর্ণ কাজ কোনটি? [ইসলামী বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৭-০৮]
ক) আইন প্রণয়ন খ) ন্যায় বিচার প্রতিষ্ঠা
গ) সংবিধানের ব্যাখ্যা প্রদান ঘ) সরকারকে পরামর্শ দেয়া
উত্তর: গ

৫. কোনটি বিচার বিভাগের কাজ নয়? ? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ভূগোল ও পরিবেশবিদ্যা বিভাগ) : ০৯-১০]
ক) আইন প্রয়োগ খ) আইনের ব্যাখ্যা
গ) সংবিধানের ব্যাখ্যা ঘ) সংবিধান প্রণয়ন
উত্তর: ঘ

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

৬. বাংলাদেশের আপিল বিভাগের মোট বিচারক কত জন? [৩৩তম বিসিএস/ প্রধানমন্ত্রীর কার্যালয়ের সহকারী পরিচালক : ১৩]

Or,

How many judges are there in the Appellate Division of the Superme Court? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (BUAT, আইন অনুষদ) : ১৩-১৪]

ক ১১ খ ২১
গ ৯ ঘ ১৫ **উত্তর: গ**

৭. বাংলাদেশের ফৌজদারি ও দেওয়ানি আদালতসমূহ কোন মন্ত্রণালয়ের অধীনে ন্যস্ত? [স্বরাষ্ট্র মন্ত্রনালয়ের অধীন কারা অধিদপ্তরের কারা তত্ত্বাবধায়ক : ১৩]

ক জনপ্রশাসন খ আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রণালয়
গ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে ঘ কোনো মন্ত্রণালয়ের অধীনে নয় **উত্তর: খ**

৮. জমিজমা সংক্রান্ত বিরোধ মীমাংসার জন্য আইন কোনটি? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সরকার ও রাজনীতি) : ১৩-১৪]

ক সালিশি আইন খ বেসরকারি আইন
গ দেওয়ানি আইন ঘ ফৌজদারি আইন **উত্তর: গ**

৯. অপরাধ বলতে কি বুঝায়? [টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের সহকারী পরিচালক (আইন) : ১৩]

ক আইন দ্বারা নিষিদ্ধ কর্ম সম্পাদন খ অপরের জন্য ক্ষতিকর কর্ম
গ পূর্ব পরিকল্পিত ক্ষতিকর কর্ম সম্পাদন ঘ সবগুলো সঠিক **উত্তর: ক**

১০. বাংলাদেশের দণ্ডবিধি প্রণীত হয়- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (আইন বিভাগ) : ০৮-০৯ / শ্রম অধিদপ্তর রেজিস্ট্রার : ০০]

ক ১৮৭০ সালে খ ১৮৬০ সালে
গ ১৯৮০ সালে ঘ ২০০৬ সালে **উত্তর: খ**

১১. **Penal code** অনুযায়ী কোন ধারার অপরাধের জন্য মৃত্যুদণ্ড দেয়া যায় না? [৩য় বিজেএস (সহকারী জজ) : ০৭]

ক ৩০২ খ ৩০৩
গ ৩০৪ ঘ ৩৯৬ **উত্তর: গ**

১২. **Cheating-** এর সংজ্ঞা পেনাল কোডের কোন ধারায় আছে? [৩য় বিজেএস (সহকারী জজ) : ০৭]

ক ৪২০ খ ৪১৭
গ ৪১৯ ঘ ৪১৫ **উত্তর: ঘ**

১৩. দণ্ডবিধির কত ধারায় জালিয়াতি অপরাধের শাস্তির বিধান উল্লেখ আছে? [টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের সহকারী পরিচালক (আইন) : ১৩]

ক ৪৫৬ ধারা খ ৪৬৪ ধারা
গ ৪৬৫ ধারা ঘ ৪৫৮ ধারা **উত্তর: গ**

১৪. **FIR** এর পূর্ণ অভিব্যক্তি কি? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাষ্ট্রবিজ্ঞান) : ০৭-০৮/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঙ ইউনিট) : ০৬-০৭]

ক First Information Report খ First Investigation Report
গ First Intelligence Report ঘ Federal Investigation Report
ঙ Foreign Intelligence Reoprt **উত্তর: ক**

১৫. **FIR** কার নিকট দায়ের করা যায়? [৩য় বিজেএস (সহকারী জজ) : ০৭]

ক স্থানীয় ম্যাজিস্ট্রেট খ বিচারকারী আদালত
গ স্থানীয় থানা ঘ কোনোটিই নয় **উত্তর: গ**

BCS Spotlight

Scanned by CamScanner

১৬. বাংলাদেশের ফৌজদারি কার্যবিধি প্রণীত হয়- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (আইন বিভাগ) : ০৮-০৯/ শ্রম অধিদপ্তরের রেজিস্ট্রার : ০০]

ক ১৯৯০ সালে খ ১৮৯৮ সালে
গ ১৯৪৭ সালে ঘ ১৭৭৩ সালে
উত্তর: খ

১৭. কেবল সন্দেহের বশবর্তী হয়ে বিনা ওয়ারেন্টে পুলিশ কোন ধারায় যে কাউকে গ্রেফতার করতে পারে? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঙ ইউনিট) : ০৯-১০]

ক ৫৪ ধারা খ ১৪৪ ধারা
গ ৪২০ ধারা ঘ ১৬৪ ধারা
উত্তর:

১৮. ১৪৪ ধারা সর্বাধিক পরিচিত কোন আইনে? [পরিবার পরিকল্পনা অধিদপ্তর হিসাব রক্ষক : ১১]

ক দণ্ডবিধি খ সাক্ষ্য আইনে
গ ফৌজদারি কার্যবিধি
উত্তর: গ

১৯. মানুষের চলাচল, আচরণ ও কর্মকাণ্ডের ওপর বিধি নিষেধ বা নিয়ন্ত্রণ আরোপের জন্য জারী করা হয়- [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঙ ইউনিট) : ০৭-০৮]

ক ১৪৪ ধারা খ ৫৪ ধারা গ ৪২০ ধারা
ঘ ১৬৪ ধারা ঙ ১৫৪ ধারা
উত্তর: ক

২০. কোনো ব্যক্তির জবানবন্দি রেকর্ড করা হয় - [টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের সহকারী পরিচালক (আইন) : ১৩]

ক ১৫৪ ধারা খ ১৬৪ ধারা
গ ১৫৮ ধারা ঘ ১০১ ধারা
উত্তর: খ

২১. 'প্যারোল' অর্থ- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (নৃবিজ্ঞান বিভাগ) : ০৮-০৯]

ক মামলা বাতিল ও মুক্তি খ আদালতের আদেশে মুক্তি
গ নির্বাহী আদেশে মুক্তি ঘ জামিনে মুক্তি
উত্তর: গ

২২. **Adverse witness** হলো - [টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের সহকারী পরিচালক (আইন) : ১৩]

ক প্রতিকূল সাক্ষী খ যে পক্ষ সাক্ষী আহ্বান করেন এবং সাক্ষী তার বিরুদ্ধে বলে
গ হোস্টাইল সাক্ষী ঘ সবগুলো সঠিক
উত্তর: খ

২৩. **Void contract** বলতে বোঝায় - [টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের সহকারী পরিচালক (আইন) : ১৩]

ক বাতিল সাক্ষী খ সর্বদাই বাতিল চুক্তি
গ চুক্তি সম্পাদনের পর বিশেষ কারণে বাতিল চুক্তি ঘ সবগুলো সঠিক
উত্তর: ক

২৪. **Judicial Confession** হলো - [৩য় বিজেএস (সহকারী জজ) : ০৭]

ক আদালতে চার্জ গঠনের সময় দোষ স্বীকার
খ জনগণের নিকট দোষ স্বীকার
গ পুলিশের নিকট দোষ স্বীকার
ঘ ম্যাজিস্ট্রেট কর্তৃক লিপিবদ্ধ আসামীর দোষ স্বীকার
উত্তর: ঘ

২৫. **The meaning of *Amicus Curiae* is-** [Shahjalal Islami Bank Ltd. MTO: 13/ Pubali Bank Ltd. Officer : 09]

ⓐ Friend of Courts ⓑ Advisor of the Court
ⓒ Solicitor of the Court ⓓ Justice of the Court
ⓔ Legal Advisor of the Government
Ans. a

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

২৬. **Leadings - এর অর্থ কি?** [৩য় বিজেএস (সহকারী জজ) : ০৭]
ক আরজী খ লিখিত জবাব
গ আরজী ও লিখিত জবাব ঘ উকিলের বক্তব্য **উত্তর: গ**

২৭. **তিন পার্বত্য জেলায় (খাগড়াছড়ি, রাঙ্গামাটি ও বান্দরবান) জেলা ও দায়রা জজ আদালত চালু হয় কবে?** [সড়ক ও জনপথ অধিদপ্তরের উপসহকারী প্রকৌশলী : ১০/ সড়ক ও জনপথ অধিদপ্তরের উপসহকারী প্রকৌশলী : ১০]
ক ১ জানুয়ারি ২০০৮ খ ১ জুলাই ২০০৮
গ ১ জানুয়ারি ২০০৯ ঘ ১ জুলাই ২০০৯ **উত্তর: খ**

২৮. **নিম্নে উল্লিখিত ফৌজদারি আদালতের যে তালিকা দেয়া হলো তার মধ্যে কোনটির অবস্থান প্রথম হওয়া উচিত বলে মনে করেন?** [বাংলাদেশ সরকারি কর্ম কমিশন (PSC) এর সহকারী পরিচালক : ০৬]
ক দায়রা জজ আদালত খ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটের আদালত
গ দ্বিতীয় শ্রেণির ম্যাজিস্ট্রেট ঘ প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট **উত্তর: ক**

২৯. **দায়রা আদালত কোন অপরাধের বিচার করতে পারে না?** [৩য় বিজেএস (সহকারী জজ) : ০৭]
ক হত্যা খ ডাকাতি
গ অবৈধ অস্ত্র দখলে রাখা ঘ রাষ্ট্রদ্রোহিতা **উত্তর: ঘ**

৩০. **দ্রুত বিচার আইন কোন সালে প্রবর্তিত হয়?** [তথ্য মন্ত্রণালয়ের অধীনে টেলিভিশন প্রকৌশলী গ্রেড-২ : ০৪]
ক ২০০০ খ ২০০১
গ ২০০২ ঘ ২০০৪ **উত্তর: গ**

৩১. **জাতীয় সংসদে দ্রুত বিচার ট্রাইব্যুনাল বিল পাস হয় কবে?** [শ্রম পরিদপ্তরের মেডিক্যাল অফিসার : ০৫ / নির্বাচন কমিশন সচিবালয়ে প্রশাসনিক কর্মকর্তা ও পার্সোনাল অফিসার : ০৪]
ক অক্টোবর, ২০০১ খ অক্টোবর, ২০০২
গ ডিসেম্বর, ২০০২ ঘ জানুয়ারী, ২০০৩ **উত্তর: খ**

৩২. **বাংলাদেশে স্বাধীন বিচার বিভাগ গঠিত হয় কখন?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ০৭-০৮/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৭-০৮/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (দর্শন) : ০৭-০৮/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (সমাজবিজ্ঞান) : ০৭-০৮]
ক ১ নভেম্বর ২০০৭ খ ২ নভেম্বর ২০০৭
গ ১ ডিসেম্বর ২০০৭ ঘ ২ ডিসেম্বর ২০০৭ **উত্তর: ক**

৩৩. **The Bangladesh judiciary was formally separated from the executive on-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (পাবলিক এডমিনিস্ট্রেশন) : ০৮-০৯]

Or,

বাংলাদেশের নির্বাহী বিভাগ থেকে বিচার বিভাগ পৃথকীকরণ হয়- [৩০তম বিসিএস/ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ইউনিট ই): ১৩-১৪ / টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের সহকারী পরিচালক (আইন) : ১৩]
ক 16 February 2008 খ 1 November 2007
গ 16 March 2007 ঘ 16 April 2008 **উত্তর: খ**

৩৪. **বিচার বিভাগ পৃথকীকরণ মামলার বাদী-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (নৃবিজ্ঞান) : ০৭-০৮]
ক মোস্তফা কামাল খ আমিরুল ইসলাম
গ মাজদার হোসেন ঘ ড. কামাল হোসেন **উত্তর: গ**

৩৫. **সর্বোচ্চ আদালত কর্তৃক বিচার বিভাগ পৃথকীকরণ মামলার রায় দেয়া হয় কোন সালে?** [৩য় বিজেএস (সহকারী জজ) : ০৭]
ক ১৯৯৬ খ ১৯৯৭
গ ১৯৯৮ ঘ ১৯৯৯ **উত্তর: খ**

Scanned by CamScanner

৩৬. **The final outcome of Mazdar Hossain case is-/ মাযদার হোসেন মামলার পরিণতি-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (লোক প্রশাসন) : ০৭-০৮]

ক Independent Election Commission (স্বাধীন নির্বাচন কমিশন)
খ Establishment of administrative Tribunal (প্রশাসনিক ট্রাইবুনাল প্রতিষ্ঠা)
গ Separation of Judiciary (বিচার বিভাগ পৃথকীকরণ)
ঘ Independent anti Corruption commission(স্বাধীন দুর্নীতি দমন কমিশন) উত্তরঃ গ

৩৭. যে বহুল আলোচিত মামলায় বাংলাদেশ সুপ্রিম কোর্ট বিচার বিভাগ পৃথকীকরণের জন্য নির্দেশনা প্রদান করেছেন সেটি হলো- [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঙ ইউনিট) : ০৫-০৬]

ক মাজদার হোসেন বনাম বাংলাদেশ খ হালিমা খাতুন বনাম বাংলাদেশ
গ আকবর হোসেন বনাম বাংলাদেশ ঘ আনোয়ার হোসেন বনাম বাংলাদেশ
ঙ গোলাম রাব্বানী বনাম বাংলাদেশ উত্তরঃ ক

৩৮. বিচার বিভাগ পৃথকীকরণে নির্বাহী ম্যাজিস্ট্রেটদের কাছ থেকে জুডিশিয়াল ম্যাজিস্ট্রেটগণ দায়িত্ব নেন- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (আইন) : ০৭-০৮]

ক হাইকোর্টের খ লেবার কোর্টের
গ নিম্ন দেওয়ানি আদালতের ঘ নিম্ন ফৌজদারি আদালতের উত্তরঃ ঘ

৩৯. **One which date was the Judicial Service Commission of Bangladesh established?** [Sonali Bank Ltd Senior Officer : 10/ Trust Bank Ltd. Asst. Executive Officer : 10]

ⓐ 25-02-2004 ⓑ 22-04-2005
ⓒ 01-11-2007 ⓓ 15-07-2007
ⓔ None of these **Ans.** a

৪০. নিম্ন আদালতে বিচারক নিয়োগের কার্যাবলী যে প্রতিষ্ঠানের মাধ্যমে পরিচালিত হয় তা হলো- [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঙ ইউনিট) : ০৭-০৮]

ক পাবলিক সার্ভিস কমিশন খ আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
গ জুডিশিয়াল সার্ভিস কমিশন ঘ সুপ্রিম কোর্টের আপীল বিভাগ
ঙ বিচারক নিয়োগ সংক্রান্ত সংসদীয় কমিটি উত্তরঃ গ

৪১. **JATI stands for** -[Jahangirnagar University (Law) : 12-13]

ⓐ Jatiya Ain Tabulation Institute
ⓑ Judicial and Administrative Training Institute
ⓒ Judicial Administration Training Institute
ⓓ Judiciary and Amnesty Turbulence Illumination Ans. c

৪২. **RRC- এর পূর্ণ অভিব্যক্তি হলো-** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঙ ইউনিট) : ০৭-০৮]

ⓐ Regulatory Reforms Commission ⓑ Regulation Reforms Council
ⓒ Rural Regulation Committee ⓓ Rural Reformation Committee
ⓔ Regulatory Reforms Council উত্তরঃ ক

বাংলাদেশ কোড (Bangladesh Code)

বাংলাদেশে প্রণীত যে কোন আইন সাধারণ মানুষকে অবহিত করার প্রথম পদক্ষেপ হচ্ছে বাংলাদেশ গেজেটে উহার প্রকাশনা। এছাড়া The Bangladesh Laws (Revision and Declaration)

BCS Spotlight
Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

Act, 1973 অনুসারে সরকার কর্তৃক বাংলাদেশের আইনসমূহ কোড আকারে প্রকাশ করার বাধ্যগত নির্দেশনা হচ্ছে "বাংলাদেশে প্রচলিত সকল আইন, অধ্যাদেশ এবং রাষ্ট্রপতির আদেশ কালানুক্রমিকভাবে বাংলাদেশ কোড শিরোনাম ও আকারে প্রকাশ করিতে হইবে।"

মুসলিম পারিবারিক আইন অধ্যাদেশ, ১৯৬১
Muslim Family Laws Ordinance, 1961

১৯৬১ সালের মুসলিম পারিবারিক আইন অধ্যাদেশ (১৯৬১ সনের ৮নং অধ্যাদেশ)- উত্তরাধিকার, বিবাহ রেজিস্ট্রি, বহুবিবাহ, তালাক দেনমোহর ও ভরণপোষণ সংক্রান্ত আইন। মুসলিম উত্তরাধিকার আইনে কন্যা মৃত পিতা- মাতার সম্পত্তি হতে কখনো বঞ্চিত হয়না। মৃত ব্যক্তির পুত্র থাকলে কন্যা বা কন্যারা অংশীদার হিসেবে সম্পত্তি না পেয়ে পুত্রের সাথে ২ : ১ অনুপাতে অর্থাৎ অবশিষ্টাংশ ভোগী হিসেবে পুত্রের অর্ধেক পায়।

পারিবারিক আদালত অধ্যাদেশ, ১৯৮৫
Family Courts Ordinance, 1985

পরিবারের প্রতিটি সদস্যের আইনগত সমস্যার বিচার নিষ্পত্তি সম্পর্কিত অধ্যাদেশ হচ্ছে পারিবারিক আদালত অধ্যাদেশ, ১৯৮৫। পারিবারিক আদালত বলতে ১৯৮৫ সালে জারি করা অধ্যাদেশের অধীনে স্থাপিত পারিবারিক আদালতকে বুঝায়। ১৯৬১ সালের মুসলিম পারিবারিক আইন অধ্যাদেশ-এর বিধানাবলী সাপেক্ষে পাঁচটি বিষয়ে; ১) বিবাহ বিচ্ছেদ ২) দাম্পত্য সম্পর্ক পুনরুদ্ধার ৩) মোহরানা ৪) ভরণপোষণ এবং ৫) অভিভাবকত্ব ও তত্ত্বাবধান অথবা এদের সাথে সম্পর্কিত যেকোনো বিষয়ে মামলা গ্রহণ, বিচার এবং নিষ্পত্তি করার একক এখতিয়ার পারিবারিক আদালতের রয়েছে।

বিশেষ ক্ষমতা আইন, ১৯৭৪

১৯৭৪ সালের ৯ ফ্রেব্রুয়ারি বিশেষ ক্ষমতা আইন, ১৯৭৪ জারি করা হয়। এর উদ্দেশ্য ছিল বিশেষ ব্যবস্থার মাধ্যমে রাষ্ট্রবিরোধী কিছু কার্যকলাপ প্রতিহত করা এবং কিছু গুরুতর অপরাধের দ্রুত বিচার এবং কঠোর শাস্তির ব্যবস্থা করা। এই আইনের বলে সরকার কিছু কিছু চক্রান্তমূলক সভাসমিতির নিয়ন্ত্রণের ক্ষমতা লাভ করে এবং সাম্প্রদায়িক ভিত্তিতে কোনো সভা সমিতি বা ইউনিয়ন প্রতিষ্ঠা বেআইনি ঘোষণা করার অধিকার লাভ করে। এই বিশেষ ক্ষমতা আইনের দ্বারা সরকার 'নিবর্তনমূলক আটক' করার অধিকার লাভ করে। সরকার একজন আসামীকে বিনা বিচারে প্রথম পর্যায়ে ৩০ দিন এবং পরে ৯০ দিন এই ভাবে মোট ১২০ দিন আটকাদেশ প্রদান করতে পারে। একে detention বলা হয়।

MCQ Solution

১. বাংলাদেশ কোড- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (নৃবিজ্ঞান) : ০৭-০৮]
ক ফোন কোড খ আইন সংকলন
গ ইন্টারনেট ডোমেন ঘ আইএসপি
উত্তর: খ

২. ১৯৬১ সালের মুসলিম পারিবারিক আইন কোন ক্ষেত্রে বেশি অবদান রাখছে? [সমাজসেবা অধিদপ্তরের উপসহকারী পরিচালক : ০৫]
ক নারী কল্যাণ খ শিশু কল্যাণ
গ বৈবাহিক সংস্কার ঘ পূর্বের তিন ক্ষেত্রেই
উত্তর: ঘ

BCS Spectrum

Scanned by CamScanner

৩. মুসলিম পারিবারিক আইন অধ্যাদেশ এবং পারিবারিক আদালত অধ্যাদেশ প্রণীত হয় যথাক্রমে - [জাতীয় বিশ্ববিদ্যালয় (মানবিক) : ০৩-০৪]

ক ১৯৬১ এবং ১৯৮৫ খ ১৯৬২ এবং ১৯৮০
গ ১৮২৯ এবং ১৯৮৩ ঘ ১৯৬০ এবং ১৯৭৪ **উত্তর: ক**

৪. পারিবারিক আদালত অর্ডিন্যান্স কবে জারি করা হয়? [সমাজসেবা অধিদপ্তরের উপজেলা সমাজসেবা অফিসার : ০৬/ কারিগরি শিক্ষা অধিদপ্তরের অধীনে কারিগরি শিক্ষা জুনিয়র ইনস্ট্রাক্টর : ০৫/ সড়ক ও জনপথ অধিদপ্তরের উপসহকারী প্রকৌশলী (সিভিল) : ০৩ / শ্রম অধিদপ্তরের রেজিস্ট্রার : ০০]

ক ১৯৮০ সালে খ ১৯৮৫ সালে
গ ১৯৮১ সালে ঘ ১৯৯১ সালে **উত্তর: খ**

৫. বাংলাদেশের পারিবারিক আদালতের (এখতিয়ারভুক্ত নয়) আওতায় পড়ে না- [ইসলামী বিশ্ববিদ্যালয় (এইচ ইউনিট) : ১৩-১৪/ ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৭-০৮/ পরিবেশ অধিদপ্তরের ফিল্ড ইনভেস্টিগেটর এবং রিসার্চ অ্যাসিস্টেন্ট : ০৬ / অর্থ মন্ত্রণালয়ের অধীন প্রশাসনিক কর্মকর্তা : ০৪]

ক বিবাহ বিচ্ছেদ খ নারী ও শিশু পাচার
গ শিশুর অভিভাবকত্ব ঘ দেন মোহর **উত্তর: খ**

৬. কোন নীতি অনুসারে পিতা মাতার নাগরিকত্বের ভিত্তিতে সন্তানের নাগরিকতা নির্ধারিত হয়? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সরকার ও রাজনীতি) : ০৭-০৮]

ক জন্মনীতি খ জন্মস্থান
গ অনুমোদন নীতি ঘ কোনোটিই নয় **উত্তর: ক**

৭. বাংলাদেশে উত্তরাধিকার নীতি- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (নৃবিজ্ঞান বিভাগ) : ০৮-০৯]

ক পিতৃসূত্রীয় খ মাতৃসূত্রীয়
গ মাতৃতান্ত্রিক ঘ পিতৃতান্ত্রিক **উত্তর: ক**

৮. **In Muslim Law, a daughter get what percentage of the parent's property compared to that of a son?/ মুসলিম আইন অনুসারে, পিতা মাতার সম্পদে একজন কন্যার অংশ পুত্রের অংশের কত শতাংশ?** [First Security Islami Bank Ltd. Probationary Officer : 09]

ⓐ 20% ⓑ 50% ⓒ 30%
ⓓ 23% ⓔ None of these **Ans. b**

৯. বাংলাদেশে 'বিশেষ ক্ষমতা আইন' কত সালে প্রণীত হয়েছিল? [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পাসপোর্ট ও ইমিগ্রেশন অধিদপ্তরের সহকারী পরিচালক : ০৭/ শ্রম পরিদপ্তরের প্রভাষক (শিল্প সম্পর্ক শিক্ষায়তন) : ০৫]

ক ১৯৭২ খ ১৯৭৪
গ ১৯৭৫ ঘ ১৯৭৭ **উত্তর: খ**

১০. স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থা নিবন্ধীকরণ ও নিয়ন্ত্রণ আইন প্রবর্তন করা হয় কবে? [সমাজসেবা অধিদপ্তরের উপজেলা সমাজসেবা অফিসার : ০৬ / সমাজসেবা অধিদপ্তরের উপসহকারী পরিচালক : ০৫]

ক ১৯৬১ সালে খ ১৯৬২ সালে
গ ১৯৭৪ সালে ঘ ১৯৮০ সালে **উত্তর: ক**

১১. সরকারি পরীক্ষা (অপরাধ) আইন কবে প্রণীত হয়? [শ্রম অধিদপ্তরের রেজিস্ট্রার : ০০]

ক ১৯৮১ সালে খ ১৯৮০ সালে
গ ১৯৮৫ সালে ঘ ১৯৮২ সালে **উত্তর: খ**

BCS Spotlight

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

১২. বাংলাদেশের দেউলিয়া আইন কখন পাস হয়? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ১০ - ১১]
ক ১৯৯৯ খ ১৯৭৭
গ ২০০৭ ঘ ১৯৯১
ব্যাখ্যা: ৩১ ডিসেম্বর, ১৯৯৭ দেউলিয়া বিষয়ক আইন বলবৎ হয়। উত্তর:

১৩. জমি থেকে বেদখল হওয়ার পর কতদিনের মধ্যে স্বত্ব দখল পুনরুদ্ধারের মামলা দায়ের করতে হবে? [৩য় বিজেএস (সহকারী জজ) : ০৭]
ক ৬ মাস খ ৩ বছর
গ ৬ বছর ঘ ১২ বছর উত্তর: ঘ

১৪. বাংলাদেশে কত বিঘা পর্যন্ত জমির খাজনা মওকুফ করা হয়েছে? [সমাজসেবা অধিদপ্তরের সমাজকল্যাণ সংগঠন : ০৫]
ক ২৫ বিঘা খ ১৫ বিঘা
গ ২০ বিঘা ঘ ৫০ বিঘা উত্তর: ক

১৫. বাংলাদেশের সর্বশেষ ভূমি অর্ডিন্যান্স কোন সালে করা হয়? [সরকারী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক : ৯৭]
ক ১৯৮০ খ ১৯৮৪
গ ১৯৮৬ ঘ ১৯৯০ উত্তর: খ
ব্যাখ্যা: ২৬ জানুয়ারি, ১৯৮৪ ভূমি সংস্কার অধ্যাদেশ জারি করা হয়।

১৬. বাংলাদেশে ভূমি রেজিস্ট্রেশন নতুন আইন কোন সময়ে কার্যকর হয়েছে? [শ্রম পরিদপ্তরের জনসংখ্যা ও পরিবারকল্যাণ কর্মকর্তা : ০৯]
ক ১৩ অক্টোবর ২০০৭ খ ১৫ অক্টোবর ২০০৭
গ ১৮ অক্টোবর ২০০৭ ঘ ২০ অক্টোবর ২০০৭ উত্তর: গ

১৭. গণপ্রতিনিধিত্ব আদেশ (সংশোধন) অধ্যাদেশ, ২০০৮ কবে জারি করা হয়? [সড়ক ও জনপথ অধিদপ্তরের উপসহকারী প্রকৌশলী : ১০/ সড়ক ও জনপথ অধিদপ্তরের উপসহকারী প্রকৌশলী : ১০]
ক ৯ আগস্ট ২০০৮ খ ১৯ আগস্ট ২০০৮
গ ১৯ জুন ২০০৮ ঘ ২৯ জুন ২০০৮ উত্তর: খ

BCS Spotlight

Scanned by CamScanner

উপজাতি, ক্ষুদ্র জাতিসত্তা, নৃ-গোষ্ঠী
Tribes, Minor Races, Ethnic Sects

বাংলাদেশের ক্ষুদ্র জাতিসত্তা

বাংলাদেশে বসবাসকারী ক্ষুদ্র জাতিসত্তার জনসংখ্যা ১৫ লক্ষ ৮৬ হাজার (মোট জনসংখ্যার ১.১০%) এবং এই ক্ষুদ্র জাতিসত্তার সংখ্যা ৪৮টি। জনসংখ্যার দিক থেকে চাকমা হচ্ছে বাংলাদেশের বৃহত্তম ক্ষুদ্র জাতিগোষ্ঠী এবং সাঁওতাল দ্বিতীয়।

MCQ Solution

১. বাংলাদেশে উপজাতি গোষ্ঠীর সংখ্যা- [সমাজসেবা অধিদপ্তরের উপসহকারী পরিচালক : ০৫ / সাব-রেজিস্ট্রার : ০১]

ক ১০টি খ ১৮টি
গ ২৫টি ঘ ৩২টি **উত্তর:**

ব্যাখ্যা: বাংলাদেশে ৪৮ টি ক্ষুদ্র জাতিসত্তা বসবাস করে।

২. **Which one is the largest tribe in Bangladesh** [Probashi Kallyan Bank Ltd. Senior Officer : 14 / Shahjalal Islami Bank Ltd. Trainee Officer (cash) : 13/ RAKUB Senior Officer : 11/ Bangladesh Bank Asst. Director : 08] **Or,**

বাংলাদেশের কোন উপজাতির লোকসংখ্যা সবচেয়ে বেশি- [বহির্গমন ও পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক : ১৪/ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান জুনিয়র অ্যাসিসটেন্ট অফিসার : ১৪/ ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১১ - ১২]

ⓐ Garo ⓑ Chakma ⓒ Marma
ⓓ Murong ⓔ None of these **Ans.** b

৩. বাংলাদেশের সর্ববৃহৎ এথনিক গোষ্ঠী- [জাতীয় বিশ্ববিদ্যালয় (মানবিক): ০৩- ০৪]

ক চাকমা খ হাজং
গ রোহিঙ্গা ঘ গারো **উত্তর: ক**

৪. বাংলাদেশের দ্বিতীয় বৃহত্তম উপজাতি কোনটি? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (সুরমা) : ১৩]

ক গারো খ হাজং
গ সাঁওতাল ঘ মগ কুমিল্লা **উত্তর: গ**

অঞ্চলভিত্তিক অবস্থান

ক্ষুদ্র জাতিসত্তা	বাংলাদেশে অবস্থান	
চাকমা (চাঙমা)	রাঙামাটি, খাগড়াছড়ি, বান্দরবান ও কক্সবাজার	
ত্রিপুরা (টিপরা)	খাগড়াছড়ি, বান্দরবান ও রাঙামাটি, সিলেট, চট্টগ্রাম, কুমিল্লা	
লুসাই	খাগড়াছড়ি, বান্দরবান ও রাঙামাটি	
মগ (মারমা + রাখাইন)	মারমা	বান্দরবান (চিম্বুক পাহাড়ের পাদদেশে), খাগড়াছড়ি, রাঙামাটি
	রাখাইন	পটুয়াখালী, বরগুনা ও কক্সবাজার

BCS Spotlight

Scanned by CamScanner

ক্ষুদ্র জাতিসত্তা	বাংলাদেশে অবস্থান
বনজোগী (বম)	রাঙামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান
তঞ্চঙ্গ্যা	রাঙামাটি, খাগড়াছড়ি, বান্দরবান , চট্টগ্রাম, কক্সবাজার
পাংখোয়া	বান্দরবান ও রাঙামাটি
ম্রো(মুরং/মারুসা)	বান্দরবান
চাক	বান্দরবান
খুমি	বান্দরবান
খিয়াং	রাঙামাটি, বান্দরবান, চট্টগ্রাম
খাসিয়া	সুনামগঞ্জ, হবিগঞ্জ, মৌলভীবাজার ও সিলেট (জৈয়ন্তিকা পাহাড়ে)
মণিপুরী	সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ এবং হবিগঞ্জ জেলার আসাম-পাহাড় অঞ্চলে
মুণ্ডা	সিলেট জেলার চা বাগান, যশোর এবং খুলনা
গারো (মান্দি)	ময়মনসিংহ, শেরপুর, নেত্রকোনা, টাঙ্গাইল, জামালপুর, সুনামগঞ্জ, সিলেট ও গাজীপুর
হাজং	ময়মনসিংহ, নেত্রকোনা, শেরপুর, সিলেট
সাঁওতাল	রাজশাহী, রংপুর, বগুড়া, দিনাজপুর
রাজবংশী	রংপুর, দিনাজপুর, রাজশাহী, বগুড়া ও ময়মনসিংহ
ওঁরাও	দিনাজপুর, রংপুর, রাজশাহী, বগুড়া
পাঙন	মৌলভীবাজার
বাওয়ালী ও মৌয়ালী	বাওয়ালীরা সুন্দরবনের গোলপাতা এবং মৌয়ালীরা সুন্দরবনে মধু সংগ্রহ করে।

পার্বত্য চট্টগ্রামে মোট ক্ষুদ্র জাতিসত্তা বসবাস করে -

☞ ১৩ টি [সূত্রঃ বাংলাপিডিয়া (খণ্ড-৭, পৃষ্ঠা-৩১৪)]

☞ ১১ টি [সূত্রঃ বাংলাদেশের ক্ষুদ্র নৃ-গোষ্ঠী পরিচিতি (পৃষ্ঠা-৩১৪)]

MCQ Solution

১. চাকমা সম্প্রদায় কোন জেলার অধিবাসী? [বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক : ১১]

ক ময়মনসিংহ খ সিলেট

গ বগুড়া ঘ রাঙ্গামাটি

উত্তরঃ ঘ

২. হাজংদের অধিবাস কোথায়? [২৮তম বিসিএস/ বরিশাল বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৪ -১৫]

Or,

The tribe 'Hajong' mainly lives in- [Midland Bank Ltd. MTO : 15/ RKUB Ltd. Senior Officer : 14]

ⓐ Mymensingh and Netrokona ⓑ Cox's Bazar and Bandarban

ⓒ Rangpur and Dinajpur ⓓ Sylhet and Rangamati **Ans. a**

Scanned by CamScanner

৩. যে জেলায় হাজংদের বসবাস নেই- [৩৭তম বিসিএস]
ক শেরপুর খ ময়মনসিংহ
গ সিলেট ঘ নেত্রকোনা
উত্তর:

৪. 'খাসিয়া উপজাতি' বাংলাদেশের কোন জেলায় বাস করে? [মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অধীন জুনিয়র অডিটর : ১৪ / প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (শীতলক্ষ্যা) : ১৩ / খাদ্য অধিদপ্তরের খাদ্য পরিদর্শক : ০৯]
ক ময়মনসিং খ নেত্রকোনা
গ সিলেট ঘ পার্বত্য চট্টগ্রাম
উত্তর: গ

৫. **The tribal sect known as '*Garo*' is mostly concentrated in which district of Bangladesh?** [RKUB Ltd. Officer : 14 / Shahjalal Islami Bank Ltd. MTO: 13/ Bangladesh Krishi Bank Ltd. Senior Officer : 12] **Or,**
'গারো উপজাতি' নিচের কোন জেলায় বাস করে? [জেলা প্রাথমিক শিক্ষা অফিসার : ৯৩]
ⓐ Sylhet ⓑ Rangamati
ⓒ Mymensingh ⓓ Bandarban
ⓔ Gazipur
Ans. c

৬. ময়মনসিংহের গারো পাহাড়ের অধিবাসী গারো জাতিগোষ্ঠীর প্রকৃত নাম- [বিসিআইসি'র সহকারী ব্যবস্থাপক (প্রশাসন) : ১১]
ক কান্দি খ নান্দি
গ মান্দি ঘ তান্দি
উত্তর: গ

৭. **Where do most of the Manipuri ethnic group people live in Bangladesh?** [BASIC Bank Ltd. Assistant Officer (Cash) : 14 / National Bank Ltd. Probationary Officer: 13/ SIBL Probationary Officer: 13] **Or,**
অধিকাংশ মণিপুরী নৃজাতিগোষ্ঠী বাংলাদেশের কোন অঞ্চলে বাস করে? খাদ্য অধিদপ্তরের উপ-খাদ্য পরিদর্শক : ১২]
ⓐ Mymensing ⓑ Sylhet ⓒ Rangamati
ⓓ Rangpur ⓔ Cox's Bazar
Ans. b

৮. মগরা বাংলাদেশের কোথায় বাস করে? [সমাজসেবা অধিদপ্তরের উপজেলা সমাজসেবা অফিসার : ০৬ / অর্থ মন্ত্রণালয়ের অধীন প্রশাসনিক কর্মকর্তা : ০৪]
ক বান্দরবান খ খাগড়াছড়ি
গ রাঙ্গামাটি ঘ ময়মনসিংহ
উত্তর: ক

৯. 'মারমা' উপজাতিরা কোন পাহাড়ের পাদদেশে বসবাস করে? [জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর উপ-পরিচালক : ০৭ / মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়ের অধীনে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা : ০৭]
ক চিম্বুক পাহাড় খ লালমাই পাহাড়
গ গারো পাহাড় ঘ কুলাউড়া পাহাড়
উত্তর: ক

১০. **Where does Rakhain tribe mainly live?** [Bangladesh Bank Officer : 15]
Or,
'রাখাইন' উপজাতিরা বাংলাদেশের কোন জেলায় বাস করে? [অগ্রণী ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১৫ / কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স- এর কার্যালয়ের অধীন অডিটর : ১৪/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (লাইব্রেরি লাইন্স) : ০৮-০৯]
ⓐ Rangamati ⓑ Bandarban
ⓒ Patuakhali ⓓ Rajshahi
Ans. c

BCS Spotlight

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

১১. কোন জেলায় রাখাইন জনগোষ্ঠীর বসবাস বেশি? [পরিবার পরিকল্পনা অধিদপ্তর অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর : ১১]
ক বান্দরবান খ কক্সবাজার গ নেত্রকোনা উত্তর: খ

১২. 'রাজবংশী' নামক আদিবাসীদের অবস্থান বাংলাদেশের কোন জেলায়? [বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ইউনিট ডি): ১৩-১৪ / সংস্থাপন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা : ০৭ / রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাষ্ট্রবিজ্ঞান) : ০৫-০৬]
ক রাজশাহী খ রংপুর
গ বান্দরবান ঘ সিলেট উত্তর: খ

১৩. বাংলাদেশে সাঁওতালরা প্রধানত বাস করে- [শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় : ০৭-০৮]
ক সিলেট ও চট্টগ্রামে খ ময়মনসিংহ ও টাঙ্গাইলে
গ রাঙামাটি ও বান্দরবনে ঘ রাজশাহী ও দিনাজপুরে উত্তর: ঘ

১৪. সাঁওতালি ভাষা বাংলাদেশের কোন অঞ্চলে ব্যবহৃত হয়? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (নৃবিজ্ঞান) : ১৩-১৪]
ক ঢাকা খ কুমিল্লা
গ রাজশাহী ঘ বরিশাল উত্তর: গ

১৫. সাঁওতালরা কোথায় বসবাস করে না? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (নৃবিজ্ঞান বিভাগ) : ০৯-১০ / শ্রম অধিদপ্তরে শ্রম কর্মকর্তা এবং জনসংখ্যা ও পরিবারকল্যাণ কর্মকর্তা : ০৩]
ক চট্টগ্রাম খ রাজশাহী
গ বগুড়া ঘ বরিশাল উত্তর: ক,ঘ

১৬. খিয়াং সম্প্রদায় যেখানে বসবাস করে- [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৭-০৮]
ক সিলেট খ দিনাজপুর
গ কুয়াকাটা ঘ পার্বত্য চট্টগ্রাম উত্তর: ঘ

১৭. টিপরা উপজাতীয়রা বাংলাদেশের কোন অঞ্চলে বাস করে? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ-ইউনিট) : ০৮-০৯]
ক খাগড়াছড়ি খ সিলেট গ কুমিল্লা
ঘ ময়মনসিংহ ঙ ফেনী উত্তর: ক

১৮. 'বাওয়ালি' কারা? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (বাংলা বিভাগ) : ০৯-১০]
ক ভাওয়াল অঞ্চলের বাসিন্দা খ বাউল সম্প্রদায়
গ সুন্দরবনের গোলপাতা সংগ্রহকারী ঘ চট্টগ্রামের বলী খেলোয়াড় উত্তর: গ

১৯. পার্বত্য চট্টগ্রামে কয়টি উপজাতি বাস করে? [নির্বাচন কমিশন সচিবালয়ে জেলা নির্বাচন অফিসার ও সহকারী সচিব : ০৪/ দুর্নীতি দমন ব্যুরোর সহকারী উপ-পরিদর্শক : ০৪]
ক ১১ খ ১২
গ ১৩ ঘ ১৫ উত্তর:

২০. কোন আদিবাসী সম্প্রদায় পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের বাইরে বসবাস করে? [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৭-০৮]
ক চাকমা খ হাজং
গ ত্রিপুরা ঘ মারমা উত্তর: খ
ব্যাখ্যা : পার্বত্য চট্টগ্রাম বলতে খাগড়াছড়ি, বান্দরবান ও রাঙামাটি জেলাকে বুঝায়।

২১. কোনটি জনগোষ্ঠীর মূল আবাস পার্বত্য চট্টগ্রামে নয়? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (নৃবিজ্ঞান বিভাগ) : ০৯-১০]
ক খাসিয়া খ বম
গ খুমি ঘ চাক উত্তর: ক

২২. বাংলাদেশের উপজাতি কোনটি? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (সমাজবিজ্ঞান) : ০৭-০৮]
ক হস্ খ রাখাইন
গ হটেনটট ঘ না উত্তর: খ

Scanned by CamScanner

২৩. বাংলাদেশে বাস নেই এমন উপজাতির নাম- [১৭তম বিসিএস/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (গণযোগাযোগ ও সাংবাদিকতা) : ০৫-০৬]

ক সাঁওতাল খ মাওরি
গ মুরং ঘ গারো উত্তর: খ

ব্যাখ্যা: নিউজিল্যান্ডে বসবাসকারী উপজাতির নাম মাওরি।

২৪. নিচের কোন নৃগোষ্ঠী বাংলাদেশে বসবাস করে না? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৪ -১৫ / কুমিল্লা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৮-০৯/ জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৬-০৭]

ক রাখাইন খ মনিপুরি
গ খাসিয়া ঘ নাগা উত্তর: ঘ

২৫. বাংলাদেশের স্থানীয় জনগোষ্ঠী নয়- [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১০-১১]

ক গারো, খ মনিপুরি
গ রোহিঙ্গা ঘ সাঁওতাল উত্তর: গ

ব্যাখ্যা: রোহিঙ্গা পশ্চিম মায়ানমারের রাখাইন রাজ্যের (আরাকান) সংখ্যালঘু মুসলিম জনগোষ্ঠী। ১৯৭৮ সাল থেকে মায়ানমারের মুসলিম রোহিঙ্গারা মানবাধিকার লংঘনের শিকার হয়ে বাংলাদেশে প্রবেশ করছে।

২৬. সিলেট জেলায় 'বেঙ্গলি' কাদের বলা হয়? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (নৃবিজ্ঞান) : ১৩-১৪]

ক সিলেটে বসবাসরত অস্থানীয় জনগোষ্ঠী খ সিলেটের আদি জনগোষ্ঠী
গ সিলেটের আদি হাওর আঞ্চলের মানুষ ঘ সিলেটের স্থায়ী জনগোষ্ঠী উত্তর: ক

ব্যাখ্যা: সিলেটিরা, সিলেটের বাইরের লোকদেরকে বেঙ্গলি বলে। তার অন্যতম একটি কারণ হলো সিলেট কখনোই বাংলার অংশ ছিল না। সিলেট ছিল আসাম রাজ্যের অন্তর্ভুক্ত। সেজন্য সিলেটিরা কখনোই নিজেদেরকে বাঙালী পরিচয়ে পরিচিত করে না।

সমাজব্যবস্থা

চাকমা সমাজের প্রধান হচ্ছে রাজা। এছাড়া প্রতিটি গ্রামে একজন গ্রাম প্রধান থাকেন, যাকে চাকমারা 'কারবারি' বলে। চাকমারা সাধারণত 'জুম চাষ' ও অন্যান্য কৃষিকাজ করে। 'জুম' চাষ হচ্ছে পাহাড়ের ঢালু জায়গায় গাছ পুড়িয়ে বা পরিষ্কার করে ছোট দা দিয়ে গর্ত করে বীজ লাগানো।'জুম চাষ' ভারতে পোড়ু, বীরা, পোনম প্রভৃতি নামেও পরিচিত। জুম চাষের বিকল্প পদ্ধতি হলো সল্ট।


পাহাড়ি জুমচাষ

মারমারা গ্রামকে রোয়া এবং গ্রামপ্রধানকে রোয়াজা বা কারবারি বলে। মারমা সমাজের প্রধান হলেন বোমাং চীফ বা বোমাং রাজা। খাসিয়া গ্রামগুলো পঞ্জি নামে পরিচিত। ওঁরাওদের গ্রামপ্রধান 'মাহাতো' নামে পরিচিত। মণিপুরীরা দুটি গোত্রে বিভক্ত-মেইতেই মণিপুরী এবং বিষ্ণুপ্রিয়া মণিপুরী। বাংলাদেশের অধিকাংশ ক্ষুদ্র জাতিসত্তা পিতৃপ্রধান। গারো, খাসিয়া প্রভৃতি ক্ষুদ্র জাতিসত্তা মাতৃতান্ত্রিক।

MCQ Solution

১. কোন বাংলাদেশী উপজাতির পারিবারিক কাঠামো পিতৃতান্ত্রিক? [২৫তম বিসিএস/ ১৪তম বিসিএস/ পল্লী উন্নয়ন বোর্ডের মাঠ সংগঠক : ১৪ / ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১০ -১১]

ক মারমা খ খাসিয়া
গ সাঁওতাল ঘ গারো উত্তর: ক,গ

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

২. পিতৃতান্ত্রিক উপজাতি কারা? [খাদ্য অধিদপ্তরের উপ-খাদ্য পরিদর্শক : ১২]
ক মারমা খ চাকমা
গ সাঁওতাল ঘ গারো উত্তর:
ব্যাখ্যা: উল্লিখিত গারো আদিবাসী ব্যতীত তিনটি জনগোষ্ঠীর পারিবারিক কাঠামোই পিতৃতান্ত্রিক।

৩. কোন উপজাতিটি মাতৃতান্ত্রিক? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৩- ১৪ / জাতীয় বিশ্ববিদ্যালয় (বাণিজ্য শাখা) : ১৩ - ১৪/ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ই ইউনিট): ১৩-১৪ / পরিবার পরিকল্পনা অধিদপ্তর হিসাব রক্ষক : ১১]
ক সাঁওতাল খ চাকমা
গ খাসিয়া ঘ গারো উত্তর:গ, ঘ

৪. বাংলাদেশের গারো সমাজে কোন ধরনের পরিবার দেখা যায়? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (নাটক ও নাট্যতত্ত্ব) : ১৩-১৪]
ক পিতৃবাস পরিবার খ মাতৃবাস পরিবার
গ পিতৃপ্রধান পরিবার ঘ নয়াবাস পরিবার উত্তর: খ

৫. বাংলাদেশের কোন আদিবাসীদের ক্ষেত্রে সম্পত্তির উত্তরাধিকার নীতি মাতৃসূত্রীয়? [জাতীয় বিশ্ববিদ্যালয় : ০৭-০৮]
ক গারো খ রাখাইন
গ চাকমা ঘ মুরং উত্তর: ক

৬. In the Garo tribe, property inheritance is usually from the -/ গারো উপজাতির ক্ষেত্রে সম্পত্তির উত্তরাধিকার নীতি কোন সূত্রীয়? [Premier Bank Ltd. Trainee Junior Officer: 09]
ⓐ Mother ⓑ Father
ⓒ Grand Mother ⓓ Grand Father
ⓔ None of these Ans. a

৭. খাগড়াছড়ির আদিবাসী রাজা কোন নামে পরিচিত? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৯-১০]
ক বোমাং রাজা খ মগ রাজা
গ চাকমা রাজা ঘ মারমা রাজা উত্তর: ক

৮. খাসিয়া গ্রামগুলো কি নামে পরিচিত? [৩৫তম বিসিএস]
ক বারাং গ পুঞ্জি
খ পাড়া ঘ মৌজা উত্তর: গ

৯. মণিপুরীদের পূর্বপুরুষের নাম হলো -[জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (প্রত্নতত্ত্ব) : ১২-১৩]
ক সুসাইম খ পাখাংবা
গ চান্দো ঘ মাইতে উত্তর: ঘ

১০. 'জুম' বলতে কি বোঝায়? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৩-০৪]
ক এক ধরনের চাষাবাদ খ এক ধরনের ফুল
গ গুচ্ছগ্রাম ঘ একটি পাহাড়ী জনগোষ্ঠীর নাম উত্তর: ক

১১. জুম হচ্ছে? [জাতীয় বিশ্ববিদ্যালয় (মানবিক): ০৪-০৫]
ক এক ধরনের উদ্যান অর্থনীতি খ এক ধরনের উদ্ভিদ
গ এক ধরনের বনজ ফল ঘ এক ধরনের কৃষি অর্থনীতি উত্তর: ঘ

১২. জুম চাষের বিকল্প পদ্ধতি- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (নৃবিজ্ঞান) : ০৭-০৮]
ক সল্ট খ খন্দক
গ চারণ ঘ কোনোটিই নয় উত্তর: ক

BCS Spotlight

Scanned by CamScanner

ধর্ম

উপজাতিদের অধিকাংশ বৌদ্ধ ধর্মাবলম্বী (৪৩.৭%)।

ধর্ম	ক্ষুদ্র নৃ-গোষ্ঠী
বৌদ্ধ	চাকমা, চাক, মারমা, খিয়াং, খুমি, তঞ্চঙ্গ্যা, রাখাইন, ম্রো (নিজস্ব ধর্মের নাম তোরাই)
সনাতন	পাংখোয়া, নুনিয়া, পলিয়া, পাহান, ভুঁইমালী, মাহাতো, মুশহর, রবিদাস, রানা কর্মকার, লহরা, কুর্মি, কোচ, খাড়িয়া, নায়েক, পাত্র, বর্মণ, বীন, বোনাজ, শবর, হাজং, হালাম, ত্রিপুরা।
প্রকৃতি পূজারি	মুণ্ডা, রাজবংশী
খ্রিস্টান	বম, লুসাই, মাহালী, খাসিয়া, গারো
ইসলাম	পাঙন
জড়োপাসক	ওরাও
বৈষ্ণব	ডালু, মণিপুরী

বিভিন্ন ক্ষুদ্র জাতিসত্তার দেবতা

ক্ষুদ্র নৃ-গোষ্ঠী	প্রধান দেবতা
খাসিয়া	উব্লাই নাংথউ
ওঁরাও	ধরমী বা ধরমেশ
গারো	তাতারা রাবুকা, সালজং (জমির উর্বরতার দেবতা)

উৎসব

ক্ষুদ্র জাতিসত্তা	উৎসবের নাম
চাকমা	বিজু (বর্ষবরণ), বৌদ্ধ পূর্ণিমা, মাঘী পূর্ণিমা, কঠিন চীবরদান, ফাল্গুনী পূর্ণিমা
মারমা	সাংগ্রেইন (বর্ষবরণ), ল্যাব্রে (বর্মী 'ল্যাব্রে' শব্দের অর্থ পূর্ণচন্দ্র বা পূর্ণিমা)
সাঁওতাল	সোহরাই, ফাগুয়া, ঝুমুর গান
ত্রিপুরা	বৈসুক (বর্ষবরণ)
গারো	ওয়াংগালা (ধর্মীয়)
রাখাইন	সাংক্রে, জলকেলি
মুরং	ছিয়াছত
খিয়াং	সাংলান
ওঁরাও	ফাগুয়া
রাখাইন	গৌতম বুদ্ধের জন্মবার্ষিকী, বৈশাখী পূর্ণিমা,বসন্ত উৎসব

বৈসাবি : ক্ষুদ্র জাতিসত্তাদের বর্ষবরণ অনুষ্ঠানকে সামগ্রিকভাবে বৈসাবি বলে।

BCS Spotlight

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

বৈসাবি = বৈসুক + সাংগ্রাই + বিজুর সংক্ষিপ্ত রূপ।

কঠিন চীবর দান : কঠিন চীবর দান বৌদ্ধ ধর্মের একটি ধর্মীয় আচার এবং উৎসব। বান্দরবানের রাজবন বিহারকে কেন্দ্র করে বাংলাদেশে এটি পালিত হয়। এখানে ত্রি চীবর তৈরির জন্য একত্রে কাজ করেন চাকমা, মারমা, তঞ্চঙ্গ্যা, ত্রিপুরাসহ বিভিন্ন আদিবাসী সম্প্রদায়।

MCQ Solution

১. চাকমা উপজাতিরা প্রধানত কোন ধর্মাবলম্বী– [সমাজসেবা অধিদপ্তরের সমাজ কল্যাণ সংগঠক : ০৫]
ক হিন্দু খ প্রকৃতি পূজারী
গ বৌদ্ধ ধর্ম ঘ খ্রিস্টান
উত্তর: গ

২. কোন জনগোষ্ঠীর প্রধান ধর্মগ্রন্থ ত্রিপিটক? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (নৃবিজ্ঞান বিভাগ) : ০৯-১০]
ক ত্রিপুরা খ মণিপুরি
গ সাঁওতাল ঘ চাকমা
উত্তর: ঘ

৩. বাংলাদেশের ত্রিপুরা আদিবাসী গোষ্ঠী কোন ধর্মবিশ্বাসের অনুসারী? [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১২-১৩]
ক বৈষ্ণব ধর্ম খ হিন্দু ধর্ম
গ বৌদ্ধ ধর্ম ঘ খ্রিস্টপূর্ব
উত্তর: খ

৪. কোন উপজাতি বা ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর ধর্ম ইসলাম? [৩৬তম বিসিএস/ জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৩ - ১৪ / মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০৯/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (দর্শন) : ০৭-০৮/ জাতীয় সংসদে সচিবালয়ে সহকারী গবেষণা অফিসার : ০৫]
ক রাখাইন খ মারমা
গ পাঙন ঘ খিয়াং
উত্তর: গ

৫. 'ফাল্গুনী পূর্ণিমা' কাদের ধর্মীয় উৎসব? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান) : ০৭-০৮]
ক চাকমাদের খ হিন্দুদের
গ খ্রিস্টানদের ঘ বৌদ্ধদের
উত্তর: ক

৬. 'বিজু' বাংলাদেশের কোন নৃ-গোষ্ঠীর উৎসব? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১২-১৩]

Or,

'Bizzu' is the annual festival of - [খুলনা বিশ্ববিদ্যালয় : ০৯-১০]
ক Garo খ Chakma
গ Santal ঘ Marma
উত্তর: খ

৭. চাকমাদের সবচেয়ে বড় ধর্মীয় ও সামাজিক অনুষ্ঠান কোনটি? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৪ -১৫]
ক বিজু খ ওয়াংগালা
গ সাঙ্গ্রে ঘ সাংগ্রাই
উত্তর: ক

৮. বাংলাদেশের মারমা উপজাতির বর্ষবরণ অনুষ্ঠান কোনটি? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইসলামী ইতিহাস ও সংস্কৃতি) : ০৫-০৬]
ক ইঙ্গবানী খ ফাগুয়া
গ বিজু ঘ সাংগ্রাই
উত্তর: ঘ

৯. মুরংদের উৎসবের নাম কি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (সিলেট বিভাগ) : ০৭]
ক বিজু খ ডাকা
গ ওরেং ঘ মুৎসলোং
উত্তর:
ব্যাখ্যা : সঠিক উত্তর হবে 'ছিয়াছুত'।

BCS Spotlight

Scanned by CamScanner

১০. **What is the name of the biggest festival in the CHT to welcome the Bangla New Year?/ পার্বত্য চট্টগ্রামে বাংলা নববর্ষকে স্বাগত জানানোর সর্ববৃহৎ উৎসবের নাম কি?** [Rupali Bank Ltd. Officer : 10]

ⓐ Boishabi ⓑ Boishakhi ⓒ Falguni
ⓓ Barshabaran ⓔ Punnya **Ans. a**

১১. **'কঠিন চীবর দান' অনুষ্ঠানটি যে অঞ্চলে প্রধানত পালন করা হয়–** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৩-১৪]

ⓚ বাংলাদেশের উত্তরাঞ্চলে ⓛ ময়মনসিংহের গারো আদিবাসী গোষ্ঠীদের অঞ্চলে
ⓜ বাংলাদেশের দক্ষিণাঞ্চলে ⓝ পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে **উত্তর: ঘ**

১২. **'ওয়াংগালা' উৎসব কাদের?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (বাংলা বিভাগ) : ০৯-১০]

ⓚ কুকিদের ⓛ গারোদের
ⓜ চাকমাদের ⓝ মারমাদের **উত্তর: খ**

১৩. **গারোদের সবচেয়ে বড় ধর্মীয় ও সামাজিক উৎসবের নাম কি?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৩-১৪]

ⓚ বিজু ⓛ ওয়াংগালা
ⓜ সাংক্রে ⓝ সাংগ্রাই **উত্তর: খ**

১৪. **ঝুমুর গান কোন সম্প্রদায়ের পার্বণ?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (প্রত্নতত্ত্ব) : ১২-১৩]

ⓚ রাখাইন ⓛ গারো
ⓜ লুসাই ⓝ সাঁওতাল **উত্তর: ঘ**

১৫. **জলকেলি কাদের উৎসব?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৪-১৫]

ⓚ ত্রিপুরা ⓛ চাকমা
ⓜ গারো ⓝ রাখাইন **উত্তর: ঘ**

১৬. **গারোদের উর্বরতার দেবতার নাম –** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (প্রত্নতত্ত্ব) : ১২-১৩]

ⓚ তাতারা ⓛ সালজং
ⓜ সুসাইম ⓝ কালকেম **উত্তর: খ**

ভাষা

ক্ষুদ্র জাতিসত্তা	ভাষা	ক্ষুদ্র জাতিসত্তা	ভাষা
সাঁওতাল	সাঁওতালী	ওঁরাও	কুরুখ / শাদ্‌রি
ত্রিপুরা	ককবরক	গারো	মান্দি,অবেং
মগ (মারমা + রাখাইন)	পালি	খাসিয়া	মন খেমে

MCQ Solution

১. **উত্তরবঙ্গে বসবাসকারী আদিবাসীদের ভাষা-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (নৃবিজ্ঞান) : ০৭-০৮]

ⓚ হিন্দি ⓛ মৈথিলি
ⓜ সাদ্রি ⓝ কুরুক **উত্তর: ঘ**

২. **বাংলাদেশের কোন জাতিসত্তার ভাষার নাম 'মান্দি খুসিক'?** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১২-১৩]

ⓚ চাকমা ⓛ মারমা
ⓜ গারো ⓝ সাঁওতাল **উত্তর: গ**

BCS Spotlight

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

৩. 'শাদ্‌রি' ভাষায় কথা বলে বাংলাদেশের- [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সরকার ও রাজনীতি) : ১৩-১৪]

ক ওঁরাও খ মারমা
গ ত্রিপুরা ঘ হাজং

উত্তর: ক

৪. 'মগ'দের ধর্মীয় ভাষা কোনটি? [শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (এ ইউনিট) : ১৩-১৪]

ক সাদ্রি খ মুণ্ডা গ ওরাও
ঘ বাগদি ঙ পালি

উত্তর: ঙ

ক্ষুদ্র জাতিসত্তাদের সাংস্কৃতিক প্রতিষ্ঠান

	প্রতিষ্ঠান	অবস্থান	তথ্য কণিকা
১	ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সাংস্কৃতিক একাডেমি (বিরিসিরি)	নেত্রকোনা	বাংলাদেশের প্রথম উপজাতীয় সাংস্কৃতিক কেন্দ্র।
২	ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সাংস্কৃতিক ইনস্টিটিউট	রাঙামাটি	
৩	ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সাংস্কৃতিক ইনস্টিটিউট	বান্দরবান	
৪	কক্সবাজার সাংস্কৃতিক কেন্দ্র	কক্সবাজার	
৫	ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সাংস্কৃতিক ইনস্টিটিউট	খাগড়াছড়ি	
৬	রাজশাহী বিভাগীয় ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সাংস্কৃতিক একাডেমি	রাজশাহী	
৭	মণিপুরী ললিতকলা একাডেমি	মৌলভীবাজার	
৮	রাখাইন সাংস্কৃতিক ইনস্টিটিউট	কক্সবাজার	

MCQ Solution

১. বাংলাদেশে কয়টি উপজাতীয় প্রতিষ্ঠান আছে? [৩১তম বিসিএস]

ক ৬টি খ ৫টি
গ. ৪টি ঘ ৩টি

উত্তর:

ব্যাখ্যা: বাংলাদেশে বর্তমানে উপজাতীয় প্রতিষ্ঠান ৮ টি ।

২. উপজাতি সাংস্কৃতিক কেন্দ্র 'বিরিসিরি' কোথায় অবস্থিত? [বরিশাল বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) :১৪-১৫/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (পত্র) : ০৯/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান) : ০৭-০৮]

ক বান্দরবান খ খাগড়াছড়ি
গ নেত্রকোনা ঘ রাঙামাটি

উত্তর: গ

৩. বাংলাদেশের প্রথম উপজাতীয় কালচারাল একাডেমি প্রতিষ্ঠিত হয়- [অগ্রণী ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১৫ / ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) :০৭-০৮] **Or,**

The first tribal cultural academy of Bangladesh is established on- [Bangladesh Bank Assistant Director : 15]

ক রাঙ্গামাটি খ নেত্রকোণায়
গ যশোর ঘ রংপুরে

উত্তর: খ

৪. উপজাতীয় সাংস্কৃতিক একাডেমি কোথায় অবস্থিত? [টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের সহকারী পরিচালক (আইন) : ১৩]

ক দিনাজপুর খ নেত্রকোনায়
গ নওগাঁ ঘ পার্বত্য চট্টগ্রাম

উত্তর: খ

BCS Spotlight

Scanned by CamScanner

৫. বাংলাদেশ উপজাতীয় সাংস্কৃতিক কেন্দ্র অবস্থিত- [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৫-০৬]

ক বৃহত্তর ঢাকা খ পটুয়াখালীতে
গ বৃহত্তর ময়মনসিংহে ঘ দিনাজপুরে

উত্তর: গ

ব্যাখ্যা : নেত্রকোনা জেলা বৃহত্তর ময়মনসিংহ জেলার অন্তর্গত।

পার্বত্য চট্টগ্রাম শান্তি চুক্তি



পার্বত্য চট্টগ্রাম শান্তিচুক্তি স্বাক্ষরিত হয় ২ ডিসেম্বর, ১৯৯৭। চুক্তিতে সরকারের পক্ষে স্বাক্ষর করেন সাবেক চিফ হুইপ আবুল হাসনাত আবদুল্লাহ এবং পাহাড়ি জনগণ পক্ষে বা উপজাতিদের প্রতিনিধি হিসেবে স্বাক্ষর করেন জ্যোতিরিন্দ্র বোধিপ্রিয় লারমা (সন্তু লারমা)। ২ ডিসেম্বর, ১৯৯৭ পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় গঠন করা হয়। ২৭ মে, ১৯৯৮ পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ গঠন করা হয়। পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের চেয়ারম্যান প্রতিমন্ত্রীর মর্যাদা সম্পন্ন।

MCQ Solution

১. পার্বত্য চট্টগ্রাম শান্তি চুক্তি কবে সম্পাদিত হয়? [২১তম বিসিএস/ ২০তম বিসিএস /১৯তম বিসিএস/ বরিশাল বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৪-১৫ / পল্লী উন্নয়ন বোর্ড - এর মাঠ সংগঠক : ১৪/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ডি ইউনিট) : ১৩-১৪]

ক ১২ নভেম্বর, ১৯৯৭ খ ২ ডিসেম্বর, ১৯৯৭
গ ১৬ ডিসেম্বর, ১৯৯৭ ঘ ২৫ ডিসেম্বর, ১৯৯৭

উত্তর: খ

২. **When was the Chittagong Hill Tracts Peace Accord signed between the Government of Bangladesh and the Parbatya Chattagram Jana Sanghati Samiti?/ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং পার্বত্য চট্টগ্রাম জনসংহতি সমিতির মধ্যে পার্বত্য চট্টগ্রাম শান্তি চুক্তি কবে সম্পাদিত হয়?** [IFIC Bank Officer : 12/ BASIC Bank Asst. Manager : 12/ Dhaka Bank Ltd. MTO : 11]

ⓐ November 2, 1996 ⓑ November 12, 1996
ⓒ December 12, 1996 ⓓ December 2, 1997
ⓔ None of these

Ans. d

৩. ১৯৯৭ সালের ২ ডিসেম্বরে আমাদের প্রধান স্মরণীয় ঘটনা কি? [বাংলাদেশ সরকারি কর্মকমিশন (PSC) কর্তৃক নির্ধারিত ১২টি পদ : ০১]

ক যমুনা সেতু উদ্বোধন খ কুয়ালালামপুরে কেনিয়াকে ক্রিকেট খেলায় পরাজিত করা
গ মাগুরছড়ায় গ্যাস বিস্ফোরণ ঘ পার্বত্য চট্টগ্রাম শান্তি চুক্তি

উত্তর: খ

৪. পাহাড়ি জনগণের পক্ষে পার্বত্য চট্টগ্রাম শান্তিচুক্তি স্বাক্ষর করেন- [কুমিল্লা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৮-০৯/ ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৪-০৫]

ক মানবেন্দ্র নারায়ন লারমা খ রাজা দেবাশীষ রায়
গ জ্যোতিরিন্দ্র বোধিপ্রিয় লারমা ঘ মনি স্বপন দেওয়ান

উত্তর: গ

৫. উপজাতিদের প্রতিনিধি হিসেবে কে পার্বত্য চট্টগ্রাম শান্তি চুক্তিতে স্বাক্ষর করেন? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৬-০৭]

ক মানবেন্দ্র নারায়ণ লারমা খ রাজা দেবাশীষ রায়
গ সন্তু লারমা ঘ বীণা চাকমা

উত্তর: গ

BCS Spotlight

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

সমাজ সেবক ও সংস্কারক

হাজী মুহম্মদ মুহসীন



হাজী মুহম্মদ মুহসীন (Huji Muhammad Mohsin) ১৭৩২ সালে ভারতের পশ্চিমবঙ্গের হুগলি শহরে এক সম্ভ্রান্ত ও ঐশ্বর্যশালী পরিবারে জন্মগ্রহণ করেন। পিতৃসম্পত্তি ও পরলোকগত বোন মুন্নুজানের সম্পত্তির উত্তরাধিকারী হয়ে তিনি বিশাল সম্পত্তির অধিকারী হন। বিশাল সম্পত্তির অধিকারী হয়েও তিনি অনাড়ম্বর জীবনযাপন করতেন। গরীব মেধাবী ছাত্রদের জন্য তিনি 'মুহসীন ট্রাস্ট' গঠন করেন। দানশীলতার জন্য তিনি 'দানবীর' বা 'বাংলার হাতেম তাই' নামে পরিচিত। এই দানশীল ও পরোপকারী ব্যক্তি ১৮১২ সালে পরলোকগমন করেন।

রাজা রামমোহন রায়



রামমোহন রায় (Raja Rammohan Roy) ১৭৭২ সালে হুগলী জেলায় জন্মগ্রহণ করেন। তিনি ছিলেন একাধারে শিক্ষা ও ধর্মীয় সংস্কারক। তিনি সংস্কৃত, আরবি, ফারসি, ইংরেজি ভাষায় পাণ্ডিত্য লাভ করেন। ১৮২৩ সালে সংবাদপত্র বিধি (Press Ordinance) পাস করা হলে তিনি এর বিরুদ্ধে তীব্র আন্দোলন শুরু করেন। তিনি সুপ্রিম কোর্টে একটি প্রতিবাদ লিপি দাখিল করেন। এ প্রতিবাদ লিপির প্রতিলিপি ইংল্যান্ডের প্রিভি কাউন্সিলে প্রেরণ করেন। ১৮২৮ সালে তিনি 'ব্রাহ্মসভা' প্রতিষ্ঠা করেন। এ সংগঠনের সদস্যগণ ব্রাহ্মসমাজ প্রতিষ্ঠা করেন। হিন্দু-ইসলাম-খ্রিস্টধর্মের সার সংক্ষেপ করে একেশ্বরবাদের ওপর ভিত্তি করে রামমোহন ব্রাহ্মধর্ম প্রতিষ্ঠা করেন। সতীদাহ প্রথা নিষিদ্ধকরণে ও বিধবা বিবাহ প্রচলনের স্বপক্ষে তিনি জোর প্রচারণা চালান। সতীদাহ প্রথা প্রসঙ্গে তাঁর বিখ্যাত গ্রন্থ 'প্রবর্তক ও নিবর্তকের সম্বাদ'। তৎকালীন নামমাত্র দিল্লিশ্বর মোঘল বাদশা দ্বিতীয় আকবর তাঁর দাবি-দাওয়া ব্রিটিশ সরকারের কাছে পেশ করার জন্য ১৮৩০ সালে রামমোহন রায়কে বিলেতে পাঠান। এ উপলক্ষে সম্রাট তাঁকে 'রাজা' উপাধি দেন। রামমোহন রায় লন্ডনে গিয়ে কোম্পানির শাসনে ভারতীয়দের দূরবস্থার কথা ব্রিটিশ পার্লামেন্টকে অবহিত করেন। রাজা রামমোহন রায় ছিলেন পাশ্চাত্য শিক্ষার পক্ষপাতী। এ উদ্দেশ্যে তিনি কলকাতায় এ্যাংলো হিন্দু নামে একটি বিদ্যালয় প্রতিষ্ঠা করেন। ১৮৩৩ সালের ২৭ সেপ্টেম্বর ইংল্যান্ডের ব্রিস্টল শহরে তিনি ইহলোক ত্যাগ করেন।

BCS Spotlight

Scanned by CamScanner

স্যার সৈয়দ আহমদ খান



স্যার সৈয়দ আহমদ (Syed Ahmed khan) ছিলেন ভারতের মুসলিম জাগরণের প্রথম অগ্রদূত। তিনি ১৮১৭ সালে জন্মগ্রহণ করেন। মুসলমানদের মধ্য রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক ইত্যাদি সকল ক্ষেত্রেই প্রগতিমূলক ভাবধারা গড়ে তোলার জন্য সৈয়দ আহমেদ যে আন্দোলনের সূত্রপাত করেন, তা **'আলীগড় আন্দোলন'** নামে পরিচিত। তিনি মুসলমানদের মধ্যে পাশ্চাত্য শিক্ষা ও পাশ্চাত্য ভাবধারা প্রচারের উদ্দেশ্যে ১৮৭৫ সালে আলীগড়ে 'মোহামেডান অ্যাংলো ওরিয়েন্টাল কলেজ' প্রতিষ্ঠা করেন। কলেজটি ১৯২০ সালে 'আলীগড় মুসলিম বিশ্ববিদ্যালয়' এ উন্নীত হয়। আলীগড় ভারতের উত্তর প্রদেশের অবস্থিত একটি বিখ্যাত জেলা।

ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর



১৮২০ সালের ২৬ সেপ্টেম্বর ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (Iswarchandra Vidyasagar) মেদিনীপুর জেলার বীরসিংহ গ্রামে জন্মগ্রহণ করেন। তাঁর পিতার নাম ঠাকুরদাস বন্দ্যোপাধ্যায় এবং মায়ের নাম ভগবতী দেবী । তাঁর পারিবারিক নাম ঈশ্বরচন্দ্র বন্দ্যোপাধ্যায়। 'বিদ্যাসাগর' ছিল তাঁর উপাধি। ১৮৩৯ সালে সংস্কৃত কলেজ থেকে তিনি 'বিদ্যাসাগর' উপাধি লাভ করেন। তিনি ঈশ্বরচন্দ্র শর্মা নামে স্বাক্ষর করতেন। হিন্দু সমাজে বিধবাবিবাহ প্রচলনের চেষ্টা করেন। তাঁর প্রচেষ্টায় ২৬ জুলাই, ১৮৫৬ বিধবা বিবাহ আইন পাস হয়। ১৮৯১ সালের ২৯ জুলাই বিদ্যাসাগরের মৃত্যু হয়।



নওয়াব আবদুল লতিফ

নওয়াব আব্দুল লতিফ (Nawab Abdul Latif) ১৮২৮ সালে ফরিদপুর জেলায় জন্মগ্রহণ করেন। বাংলায় মুসলমানদের মধ্যে আধুনিক শিক্ষা প্রচলনের জন্য তিনি অগ্রণী ভূমিকা পালন করেন। ১৮৬৩ সালে কলকাতায় মুসলিম সাহিত্য সমাজ (মোহামেডান লিট্রারারি সোসাইটি) প্রতিষ্ঠা করেন। তাঁর প্রচেষ্টায় কলকাতা মাদ্রাসায় (বর্তমান নাম আলিয়া মাদ্রাসা) ইংরেজি বিভাগ খোলা হয়। মুসলমান সমাজের প্রতি তাঁর অবদানের জন্য সরকার তাঁকে 'খান বাহাদুর' ও 'নওয়াব' উপাধি প্রদান করে। ১৮৯৩ সালের ১০ জুলাই তিনি ইন্তেকাল করেন।

সৈয়দ আমীর আলী



সৈয়দ আমীর আলী (Syed Amir Ali) মুসলমানদের বিভিন্ন অধিকার আদায়ের জন্য ১৮৭৭ সালে কলকাতায় সেন্ট্রাল ন্যাশনাল মোহামেডান অ্যাসোসিয়েশন প্রতিষ্ঠা করেন। তাঁর প্রতিষ্ঠিত সমিতি ছিল মুসলমানদের প্রথম রাজনৈতিক প্রতিষ্ঠান। তিনি ১৯০৯ সালে লন্ডনে প্রিভি কাউন্সিলের সদস্যপদ লাভ করেন। তিনি ভারতীয়দের মধ্য সর্বপ্রথম এ সম্মানের অধিকারী হন। 'The spirit of Islam তাঁর একটি বিখ্যাত গ্রন্থ।

BCS Spotlight

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

নওয়াব ফয়জুন্নেসা চৌধুরাণী



বাংলাদেশের নারী আন্দোলনের প্রথম অগ্রদূত লাকসামের নওয়াব ফয়জুন্নেসা চৌধুরাণী। নারী শিক্ষার প্রসার ও সামাজিক বিভিন্ন কর্মকাণ্ডে অবদানের স্বীকৃতিস্বরূপ দক্ষিণ পূর্ব এশিয়ার প্রথম এবং একমাত্র মুসলিম নারী হিসেবে ব্রিটেনের মহারানী ভিক্টোরিয়া কর্তৃক 'নওয়াব' উপাধি পান। সাহসিক উদ্যোগ নিয়ে এই মহিয়সী নারী বেগম রোকেয়ার জন্মের সাত বছর আগে ১৮৭৩ সালে কুমিল্লায় প্রতিষ্ঠা করেন ফয়জুন্নেছা উচ্চ ইংরেজি বিদ্যালয়। ফয়জুন্নেসা ছিলেন অত্যন্ত সাহিত্যনুরাগী। তাঁর রচিত 'রূপজালাল' কাব্যগ্রন্থ প্রকাশিত হয় ১৮৭৬ সালে।

রোকেয়া সাখাওয়াত হোসেন



রোকেয়া সাখাওয়াত হোসেন (Roquia Sakhawat Hussain) ১৮৮০ সালে ৯ ডিসেম্বর রংপুর জেলায় পায়রাবন্দ গ্রামে জন্মগ্রহণ করেন। তাঁর জন্মদিন অর্থাৎ ৯ ডিসেম্বর 'রোকেয়া দিবস' হিসেবে পালিত হয়। তাঁর পিতার নাম জহীরুদ্দীন মোহাম্মদ আবু আলী হায়দার সাবের। বাংলাদেশের নারী শিক্ষা প্রসারে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। তিনি বাংলা সাহিত্যের প্রথম নারীবাদী লেখিকা। ১৯১১ সালে তিনি কলকাতায় 'সাখাওয়াত মেমোরিয়াল গার্লস স্কুল' প্রতিষ্ঠা করেন। নারীর অধিকার প্রতিষ্ঠার জন্য প্রতিষ্ঠা করেন 'আঞ্জুমান খাওয়াতিনে ইসলাম'। তাঁর নামানুসারে ঢাকা বিশ্ববিদ্যালয়ে 'রোকেয়া ছাত্রীনিবাস' এর নামকরণ করা হয়। ১৯৩২ সালে তিনি মৃত্যুবরণ করেন।

জেনে রাখা ভালো

মুসলিম নারী জাগরণের কবি	নওয়াব ফয়জুন্নেসা চৌধুরাণী
মুসলিম নারী জাগরণের অগ্রদূত	রোকেয়া সাখাওয়াত হোসেন

BCS Spotlight

MCQ Solution

১. হাজী মুহম্মদ মহসীনের বাড়ি কোথায়? [মেডিকেল : ০৩-০৪]
ক হুগলী খ মুর্শিদাবাদ
গ রাজশাহী ঘ মেদিনীপুর
উত্তর: ক

২. সমাজসেবক হলেও সমাজ সংস্কারক নন – [জাতীয় বিশ্ববিদ্যালয়, মানবিক : ০৪-০৫]
ক রাজা রামমোহন রায় খ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
গ হাজী মুহম্মদ মুহসীন ঘ বেগম রোকেয়া
উত্তর: গ

৩. মুসলিম শিক্ষা প্রসারে সম্পত্তি দান করেছেন কে? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ভূগোল ও পরিবেশবিদ্যা বিভাগ) : ০৯-১০]
ক সৈয়দ আমির আলী খ নওয়াব আবদুল লতিফ
গ হাজী মুহম্মদ মুহসীন ঘ হাজী শরীয়তউল্লাহ
উত্তর: গ

Scanned by CamScanner

৪. 'এত ধন দৌলত বিলাচ্ছ কেন? তুমি কি দানবীর মহসীন হলে নাকি?' এ বাক্যে কোন মহসিন এর কথা বলা হয়েছে? [পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা : ০৪]

ক মোহসীন উল মূলক খ হাজী মুহম্মদ মহসীন
গ কে এম মোহসীন ঘ মোহসীন শাস্ত্রপাণি
উত্তর: খ

৫. ব্রাহ্ম সমাজের প্রতিষ্ঠাতা হলেন- [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৬-০৭/ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীনে মেডিক্যেল অফিসার : ০৩ / ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০২-০৩]

ক রাজা রামমোহন রায় খ কেশবচন্দ্র সেন
গ দেবেন্দ্রনাথ ঠাকুর ঘ স্বামী বিবেকানন্দ
উত্তর: ক

৬. সতীদাহ প্রথা রহিতকরণে কোন সমাজ সংস্কারকের ভূমিকা উল্লেখযোগ্য? [শ্রম অধিদপ্তরের অধীনে শ্রম অফিসার : ৯৬]

ক গোপালকৃষ্ণ গোখেল খ রাজা রামমোহন রায়
গ সরোজিনী নাইডু ঘ দাদাভাই নওরোজী
উত্তর: খ

৭. রাজা রামমোহন রায় কোন আন্দোলনের নেতৃত্ব দেন? [তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কো. লি. ডেপুটি অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার : ১১]

ক সতীদাহ বিলোপ খ নীলবিদ্রোহ গ তেভাগা
ঘ বিধবা বিবাহ ঙ কোনোটিই নয়
উত্তর: ক

৮. রাজা রামমোহন রায় যে বিষয়ের বিরুদ্ধে আন্দোলন শুরু করেন- [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৭-০৮]

ক প্রেস অর্ডিন্যান্স খ নীল চাষ
গ নীল কমিশন ঘ রাইফেল ব্যবহার
উত্তর: ক

৯. সতীদাহ প্রথা প্রসঙ্গে রামমোহন রায়ের রচিত পুস্তক হলো - [খাদ্য অধিদপ্তরের অধীনে খাদ্য পরিদর্শক : ০০]

ক দোলন চাঁপা খ পথে হলো দেখা
গ পথের পাঁচালী ঘ প্রবর্তক ও নিবর্তকের সম্বাদ
উত্তর: ঘ

১০. ভারতের মুসলিম জাগরণের প্রথম অগ্রদূত কে? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৫-০৬]

ক একে ফজলুল হক খ স্যার সৈয়দ আহমদ খান
গ নবাব সলিমুল্লাহ ঘ আবুল কালাম আজাদ
উত্তর: খ

১১. কোন সংস্থার সাথে সম্পৃক্ত থাকার জন্য স্যার সৈয়দ আহমদ অমর হয়ে আছে? [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক : ০০/ টেলিফোন বোর্ডের সহকারী পরিচালক : ৯৫]

ক মুসলিম লীগ খ ওহাবী আন্দোলন
গ আলীগড় বিশ্ববিদ্যালয় ঘ ঋণ সালিশী বোর্ড
উত্তর: গ

১২. কোন আন্দোলনটি ব্রিটিশ বিরোধী ছিল না? [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স- এর কার্যালয়ে জুনিয়র অডিটর : ১৪]

ক অসহযোগ খ খেলাফত
গ ফরায়েজী ঘ আলীগড়
উত্তর: ঘ

১৩. কার নেতৃত্বে আলীগড় আন্দোলন শুরু হয়? [রাজশাহী বিশ্ববিদ্যালয়, ইতিহাস বিভাগ : ০৮-০৯]

ক সৈয়দ আমীর আলী খ নবাব আব্দুল লতিফ
গ স্যার সৈয়দ আহমদ খান ঘ ইসমাইল হোসেন সিরাজী
উত্তর: গ

১৪. আলীগড় বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা কে? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৬-০৭ / শ্রম অধিদপ্তরে অফিসার : ৯৪]

ক সৈয়দ আমির আলী খ মওলানা আবুল কালাম আজাদ
গ স্যার সৈয়দ আহমেদ ঘ সৈয়দ আহমদ ব্রেলভী
উত্তর: গ

BCS Spotlight

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

১৫. কোন সালে স্যার সৈয়দ আহমদ আলীগড় মুসলিম বিশ্ববিদ্যালয় স্থাপন করেন? [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কারা তত্ত্বাবধায়ক : ১০]
ক ১৮৮৪ সালে খ ১৯২০ সালে
গ ১৭৫৭ সালে ঘ ১৮৮৫ সালে
উত্তর: খ

১৬. আলীগড় ভারতের কোন রাজ্যে অবস্থিত? [প্রাথমিক সহকারী শিক্ষক : ০৮]
ক মধ্য প্রদেশ খ উত্তর প্রদেশ
গ পশ্চিমবঙ্গ ঘ রাজস্থান
উত্তর: খ

১৭. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর জন্মগ্রহণ করেন - [পাসপোর্ট ও ইমিগ্রেশন অধিদপ্তরের সহকারী পরিচালক : ১৪ / ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের হিসাবরক্ষণ কর্মকর্তা : ০৩/ জেলা প্রাথমিক শিক্ষা অফিসার : ৯৩]
ক ১৭৯৬ সালে খ ১৮০২ সালে
গ ১৮২০ সালে ঘ ১৮৪৮ সালে
উত্তর: গ

১৮. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কোথায় জন্মগ্রহণ করেন? [রাজশাহী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা : ০৭-০৮]
ক মেদিনীপুর খ বর্ধমান
গ চব্বিশ পরগণা ঘ নদীয়া
উত্তর: ক

১৯. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের পারিবারিক পদবি কোনটি? [বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালক : ০৮]
ক চৌধুরী খ চট্টোপাধ্যায় গ চক্রবর্তী
ঘ বন্দ্যোপাধ্যায় ঙ ঠাকুর
উত্তর: ঘ

২০. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের পারিবারিক নাম- [জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর উপসহকারী পরিচালক : ০১]
ক ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর খ ঈশ্বরচন্দ্র বন্দ্যোপাধ্যায়
গ ঈশ্বর শর্মা ঘ ঈশ্বরচন্দ্র চট্টোপাধ্যায়
উত্তর: খ

২১. ঈশ্বরচন্দ্রকে কোন প্রতিষ্ঠান 'বিদ্যাসাগর' উপাধি প্রদান করে? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (বিটা) : ১৪ / সহকারী জজ নিয়োগ পরীক্ষা : ০৮ / আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ : ০৭]
ক প্রেসিডেন্সি কলেজ খ সংস্কৃত কলেজ
গ বিদ্যাসাগর কলেজ ঘ কলকাতা বিশ্ববিদ্যালয়
উত্তর: খ

২২. **Who initiated the Widow Marriage Act?** [Pubali Bank Ltd. Junior Officer (Cash): 13]
Or,
হিন্দু সমাজে বিধবা বিবাহের প্রবর্তক- [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১২- ১৩ / গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল এন্ড পাওয়ার) : ৯৯]
ⓐ Ishwar Chandra Vidyasagar ⓑ Raja Ram Mohan Roy
ⓒ Warakanath Tagore ⓓ Young Bengal Group
ⓔ None of them
Ans. a

২৩. কোন মনীষী সর্বপ্রথম বিধবা বিবাহের পক্ষে আন্দোলন করেন? [স্থানীয় সরকার জনস্বাস্থ্য প্রকৌশল উপসহকারী : ১৫]
ক দাদাভাই নওরোজী খ রাজা রামমোহন রায়
গ শ্রীনিভাস শাস্ত্রী ঘ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
উত্তর: ঘ

২৪. বাঙ্গালী মুসলমানদের শিক্ষা প্রসারে 'মোহামেডান লিটারারি সোসাইটি'-এর প্রতিষ্ঠাতা কে? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ১২-১৩ / রাজশাহী বিশ্ববিদ্যালয় (দর্শন বিভাগ) : ০৮-০৯ / চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৫-০৬/ ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৪-০৫]
ক নওয়াব আবদুল লতিফ খ হাজী মুহম্মদ মুহসীন
গ সৈয়দ আমির আলী ঘ স্যার সলিমুল্লাহ
উত্তর: ক

Scanned by CamScanner

২৫. বাংলায় মুসলমানদের মধ্যে আধুনিক শিক্ষা প্রচলনের জন্য কে অগ্রণী ভূমিকা পালন করেন? [বাতিলকৃত ২৪ তম বিসিএস/ ইসলামী বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৭-০৮]
ক সৈয়দ আমীর আলী খ নওয়াব আবদুল লতিফ
গ নওয়াব স্যার সলিমুল্লাহ ঘ স্যার সৈয়দ আহমেদ খান
উত্তর: খ

২৬. ভারতের মুসলমানদের ইংরেজী শিক্ষায় শিক্ষিত করার প্রয়াস পান যিনি- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ) : ০৮-০৯]
ক হাজী শরিয়ত উল্লাহ খ তিতুমীর
গ নবাব আব্দুল লতিফ ঘ নবাব সলিমুল্লাহ
উত্তর: গ

২৭. কার প্রচেষ্টায় কলকাতার আলিয়া মাদ্রাসায় ইংরেজি বিভাগ খোলা হয়? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ১৩-১৪]
ক নওয়াব আব্দুল লতিফ খ সৈয়দ আমীর আলী
গ স্যার সৈয়দ আহমদ ঘ হাজী মুহাম্মদ মহসীন
উত্তর: ক

২৮. 'The Spirit of Islam' বইটির লেখক কে? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক : ১৫]
ক তিতুমীর খ হাজী শরীয়তুল্লাহ
গ সৈয়দ আহমেদ ঘ সৈয়দ আমীর আলী
উত্তর: ঘ

২৯. 'মুন্সী মেহেরুল্লাহ্‌র জন্ম তারিখ– [উপজেলা/থানা শিক্ষা অফিসার : ৯৯]
ক ২১ ডিসেম্বর, ১৮৫৬ খ ২৬ জানুয়ারি, ১৮৬০
গ ২৬ ডিসেম্বর, ১৮৬১ ঘ ২৫ মার্চ, ১৮৬৫
উত্তর: গ

৩০. মুসলিম নারী জাগরণের কবি- [২৯তম বিসিএস / সহকারী থানা শিক্ষা অফিসার : ০৯]
ক ফজিলাতুন্নেছা খ ফয়জুন্নেছা
গ সামসুন্নাহার ঘ বেগম রোকেয়া
উত্তর: খ

৩১. বেগম রোকেয়ার জন্মস্থান কোন জেলায়? [জাতীয় রাজস্ব বোর্ডের সহকারী রাজস্ব কর্মকর্তা : ১৫ / জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৬-০৭ / জাতীয় সংসদ সচিবালয়ের অধীন সহকারী সচিব : ৯৬]
ক রংপুর খ দিনাজপুর
গ বগুড়া ঘ রাজশাহী
উত্তর: ক

৩২. রোকেয়া সাখাওয়াত হোসেন এর জন্ম সাল - [আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ : ০৭ / শ্রম পরিদপ্তরের মেডিক্যাল অফিসার : ০৫]
ক ১৮৭০সালে খ ১৮৭৫ সালে
গ ১৮৮০ সালে ঘ ১৮৮৫ সালে
উত্তর: গ

৩৩. বেগম রোকেয়ার পিতার নাম কি? [আবাসন পরিদপ্তরের সহকারী পরিচালক : ০৬]
ক মসিহুজ্জামান সাবের খ জহীরুদ্দীন মোহাম্মদ আবু আলী হায়দার সাবের
গ জহুরউদ্দীন সাবের ঘ আবদুর রহমান আজু জায়সাম সাবের
উত্তর: খ

৩৪. রোকেয়া দিবস কোন তারিখে পালিত হয়? [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৮-০৯/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৫-০৬]
ক ৯ ডিসেম্বর খ ১০ জানুয়ারি
গ ১৫ ফেব্রুয়ারি ঘ ১০ এপ্রিল
উত্তর: ক

৩৫. ৯ ডিসেম্বর- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (নৃবিজ্ঞান) : ০৭-০৮]
ক কন্যা শিশু দিবস খ রোকেয়া দিবস
গ আদিবাসী দিবস ঘ যুব দিবস
উত্তর: খ

BCS Spotlight

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

৩৬. বেগম রোকেয়া লেখনী ধারণ করেছিলেন- [বাংলাদেশ টেলিভিশন-এর প্রযোজক : ০৬]
ক নারীদের ধর্মীয় শিক্ষায় অনুপ্রাণিত করতে
খ সমাজে ধনী- দরিদ্রের বৈষম্য দূর করতে
গ শিশুদের নীতিকথা শিক্ষা দিতে
ঘ নারীদের কুসংস্কারমুক্ত ও শিক্ষিত করতে
উত্তর: ঘ

৩৭. বেগম রোকেয়া লেখনী ধারণ করেছিলেন- [তথ্য মন্ত্রণালয়ের অধীনে তথ্য অফিসার : ০৫]
ক সাম্প্রদায়িকতার বিরুদ্ধে
খ নারীদের ধর্মীয় শিক্ষায় অনুপ্রাণিত করতে
গ সমাজে প্রচলিত কুসংস্কারের বিরুদ্ধে
ঘ শিশুদেরকে নীতিকথা শিক্ষা দিতে
উত্তর: গ

৩৮. বাংলা সাহিত্যের প্রথম নারীবাদী লেখিকা কে? [মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অধীন জুনিয়র অডিটর : ১৪]
ক তসলিমা নাসরিন
খ হুমায়ুন আজাদ
গ রোকেয়া সাখাওয়াত হোসেন
ঘ বেগম সুফিয়া কামাল
উত্তর: গ

রাজনৈতিক নেতৃবৃন্দ



আবুল কাশেম ফজলুল হক

এ কে ফজলুল হক (A.K. Fazlul Haque) ১৮৭৩ সালের ২৬ অক্টোবর বরিশাল জেলার রাজাপুর থানার সাতুরিয়া গ্রামে মামার বাড়িতে জন্মগ্রহণ করেন। তিনি কাজী মুহম্মদ ওয়াজেদ এবং সাইদুন্নেসা খাতুনের একমাত্র পুত্র ছিলেন। ভারতের লক্ষ্ণৌতে তাঁকে 'শেরেবাংলা' (বাংলার বাঘ) উপাধি দেয়া হয়। (সূত্র: বাংলা একাডেমির চরিতাভিধান, পৃ. ৫৫)। তিনি রাজনৈতিক অনেক পদে অধিষ্ঠিত ছিলেন তাঁর মধ্যে কলকাতার মেয়র (১৯৩৫), অবিভক্ত বাংলার প্রথম মুখ্যমন্ত্রী (১৯৩৭-৪৩), পূর্ব পাকিস্তানের মুখ্যমন্ত্রী (১৯৫৪), পাকিস্তানের স্বরাষ্ট্রমন্ত্রী (১৯৫৫), পূর্ব পাকিস্তানের গভর্নর (১৯৫৬-৫৮) অন্যতম।

হোসেন শহীদ সোহরাওয়ার্দী



হোসেন শহীদ সোহরাওয়ার্দী (Huseyn Shaheed Suhrawardy) ছিলেন বিখ্যাত বাঙ্গালি রাজনীতিবিদ ও আইনজীবী। ১৮৯২ সালে তিনি পশ্চিমবঙ্গের মেদিনীপুরে জন্মগ্রহণ করেন। তিনি রাজনৈতিক অনেক পদে অধিষ্ঠান করেছেন তাঁর মধ্যে কলকাতার ডেপুটি মেয়র (১৯২৩), অবিভক্ত বাংলার শেষ মুখ্যমন্ত্রী (১৯৪৬-৪৭), পাকিস্তানের প্রধানমন্ত্রী (১৯৫৬-৫৭) অন্যতম। ১৯৬৩ সালে লেবাননের রাজধানী বৈরুতে মৃত্যুবরণ করেন।

আবদুল হামিদ খান ভাসানী

মজলুম জননেতা আবদুল হামিদ খান ভাসানী (Abdul Hamid Khan Bhashani) ১৮৮০ সালে সিরাজগঞ্জে জন্মগ্রহণ করেন। তিনি পূর্বপাকিস্তান আওয়ামী মুসলিম লীগের প্রতিষ্ঠাতা সভাপতি নির্বাচিত হন। তিনি যুক্তফ্রন্ট গঠনের অন্যতম প্রধান নেতা ছিলেন।

Scanned by CamScanner

১৯৫৭ সালের কাগমারী সম্মেলনে বক্তৃতা করেন। এ সম্মেলনে তিনি বলেন, পূর্ববাংলা পাকিস্তানের কেন্দ্রীয় সরকারের দ্বারা শোষিত হতে থাকলে পূর্ববঙ্গবাসী তাদের 'সালামু ওয়ালাইকুম' জানাতে বাধ্য হবে। তিনি ১৯৫৭ সালে ন্যাশনাল আওয়ামী পার্টি (ন্যাপ) গঠন করেন। তিনি রাজনৈতিক জীবনের বেশিরভাগ সময় বামপন্থী মাওধারার রাজনীতির সাথে জড়িত ছিলেন। তাঁর অনুসারীদের অনেকে তাঁকে **'লাল মওলানা'** নামেও ডাকতেন। তিনি সর্বপ্রথম 'ঘেরাও' শব্দটি ব্যবহার করেন। ১৬ মে, ১৯৭৬ ফারাক্কা বাধ নির্মাণের প্রতিবাদে ঐতিহাসিক লংমার্চের নেতৃত্ব দেন। ১৯৭৬ সালে তিনি পরলোকগমন করেন।,টাঙ্গাইলের সন্তোষে তাঁকে দাফন করা হয়।



বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান



১৯২০ সালের ১৭ মার্চ শেখ মুজিবুর রহমান (Sheikh Mujibur Rahman) গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়া গ্রামে জন্মগ্রহণ করেন। বঙ্গবন্ধুর জন্মদিন 'জাতীয় শিশু দিবস' হিসেবে পালিত হয়। তাঁর ডাক নাম খোকা। তাঁর বাবার নাম শেখ লুৎফর রহমান ও মায়ের নাম সায়েরা খাতুন। তিনি মাধ্যমিক শিক্ষা লাভ করেন গোপালগঞ্জ মিশন হাই স্কুল থেকে। এরপর তিনি কলকাতা ইসলামিয়া কলেজ থেকে বি.এ পাস করে ঢাকা বিশ্ববিদ্যালয়ে আইন বিভাগে ভর্তি হন। তিনি বাঙালি জাতির মুক্তির সনদ 'ঐতিহাসিক ৬ দফা' (১৯৬৬) এর ঘোষক। তিনি ছিলেন স্বাধীন বাংলাদেশ রাষ্ট্রের জনক এবং প্রথম রাষ্ট্রপতি। একাত্তরের ২৫ মার্চ শেখ মুজিবুর রহমানকে গ্রেফতার করে পশ্চিম পাকিস্তানে নিয়ে যাওয়া হয়। মুক্তিযুদ্ধের সময় বঙ্গবন্ধুকে পাকিস্তানের করাচি শহরের মিয়াওয়ালি কারাগারে বন্দী করে রাখা হয়। ১৯৭২ সালের ৮ জানুয়ারি তিনি পাকিস্তান কারাগার থেকে মুক্তি পান। ১৯৭২ সালের ১০ জানুয়ারি বঙ্গবন্ধু বাংলাদেশে প্রত্যাবর্তন করেন। এজন্য ১০ জানুয়ারি 'স্বদেশ প্রত্যাবর্তন দিবস' হিসেবে পালিত হয়। স্বদেশ প্রত্যাবর্তন কালে বঙ্গবন্ধু ব্রিটেন ও ভারত সফর করেন।

১৯৭২ সালের ১০ অক্টোবর বঙ্গবন্ধু 'জুলিও কুরি'শান্তি' পদকে ভূষিত হন। ১৯৭৩ সালের ২৩ মে বঙ্গবন্ধু পদকটি গ্রহণ করেন। ১৯৭৯ সালের এপ্রিল মাসে মার্কিন সাপ্তাহিক 'Newsweek' এর সাংবাদিক লোবেন জেঙ্কিন্স তাঁর প্রতিবেদনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে রাজনীতির কবি (Poet of politics) বলে আখ্যায়িত করেন। ২০০৪ সালে বিবিসির শ্রোতা জরিপে বঙ্গবন্ধু 'হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি' নির্বাচিত হন। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মজীবনীমূলক গ্রন্থ 'অসমাপ্ত আত্মজীবনী' (The Unfinished Memoirs)। ফকরুল আলম গ্রন্থটি ইংরেজিতে অনুবাদ করেন। মুক্তিযুদ্ধের ওপর লিখিত বঙ্গবন্ধুর অমর গ্রন্থ 'আমার কিছু কথা'। সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগ ২১ জুন, ২০০৯ বঙ্গবন্ধুকে স্বাধীনতার ঘোষক বলে রায় দেয়।

PCS Spotlight

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/pcsspotlight
Scanned by CamScanner

ইনডেমনিটি অধ্যাদেশ : ১৯৭৫ সালের ২৬ সেপ্টেম্বর স্বঘোষিত রাষ্ট্রপতি খন্দকার মোশতাক আহমেদ ইনডেমনিটি (দায়মুক্তি) অধ্যাদেশ জারি করে বঙ্গবন্ধুর খুনীদের বিচারের পথ রুদ্ধ করেন। পরবর্তীতে ১৯৯৬ সালের ১২ নভেম্বর জাতীয় সংসদে ইনডেমনিটি অধ্যাদেশ (রহিতকরণ) বিল-১৯৯৬ পাস হয়। ১৪ নভেম্বর ১৯৯৬ রাষ্ট্রপতির স্বাক্ষরের পর তা আইনে পরিণত হয় এবং বঙ্গবন্ধু হত্যা মামলার বিচার প্রক্রিয়া শুরুর আইনি বাধা অপসারিত হয়।

বঙ্গবন্ধু হত্যা মামলা : ১৯৯৬ সালে ২ অক্টোবর ধানমণ্ডি থানায় বঙ্গবন্ধু হত্যা মামলার এজাহার দায়ের করেন আ ফ ম মহিতুল ইসলাম। ১৯৯৮ সালের ৮ নভেম্বর ঢাকা জেলা দায়রা জজ কাজী গোলাম রসুল ১৯ জন আসামীর ১৫ জনকে মৃত্যুদণ্ড দেন। অতঃপর এ মামলার আপিল শুনানি হয় হাইকোর্টে যাতে মামলার দ্বিধাবিভক্ত রায় দেওয়া হয়। এ দ্বিধাবিভক্ত রায় তৃতীয় বিচারপতি মোঃ ফজলুল করিমের বেঞ্চে গেলে তিনি ৩০ এপ্রিল ২০০১ তার রায়ে ১২ জন আসামীর মৃত্যুদণ্ড বহাল রেখে ৩ জনকে খালাস দেন। ৪ অক্টোবর ২০০৯ মামলার চূড়ান্ত নিষ্পত্তির শুনানির জন্য আপিল বিভাগের পাঁচজন বিচারপতিকে নিয়ে একটি বেঞ্চ গঠন করা হয়। এ বেঞ্চ ১৯ নভেম্বর ২০০৯ বঙ্গবন্ধু হত্যা মামলার চূড়ান্ত রায় ঘোষণা করেন। রায়ে ১২ জন আসামীর মৃত্যুদণ্ড বহাল রাখা হয়।

শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান

রাষ্ট্রপতি জিয়াউর রহমান (Ziaur Rahman) ১৯৩৬ সালের ১৯ জানুয়ারি বগুড়া জেলার বাগবাড়ি গ্রামে জন্মগ্রহণ করেন। তিনি ১৯৭১ সালের ২৭ মার্চ চট্টগ্রাম কালুরঘাট বেতার কেন্দ্র হতে বঙ্গবন্ধুর পক্ষে বাংলাদেশের স্বাধীনতার ঘোষণাপত্র পাঠ করেন। তিনি মুক্তিযুদ্ধের সময় ব্রিগেড ফোর্স-জেড এর প্রধান ছিলেন। মুক্তিযুদ্ধের সময় তিনি ২ নং সেক্টর কমান্ডার ছিলেন। মুক্তিযুদ্ধে বীরত্বের জন্য 'বীর উত্তম' পদকে ভূষিত হন। তিনি ১৯৭৮ সালে বাংলাদেশ জাতীয়তাবাদী দল' (বি. এন.পি) গঠন করেন। তিনি বাংলাদেশী জাতীয়তাবাদ ধারণার প্রবর্তক এবং সার্কের স্বপ্নদ্রষ্টা। তিনি ছিলেন প্রত্যক্ষ ভোটে নির্বাচিত বাংলাদেশের প্রথম প্রেসিডেন্ট। স্বনির্ভর বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে তিনি বাংলাদেশে খাল কেটে পানি এনে ফসল উৎপাদন আন্দোলন শুরু করেন। আন্তর্জাতিক সম্পর্কের ক্ষেত্রে তিনি অত্যন্ত সক্রিয় ভূমিকা পালন করেন। প্রথম বাংলাদেশী সরকার প্রধান হিসেবে তিনি চীনে রাষ্ট্রীয় সফরে যান। তিনি ইরাক-ইরান যুদ্ধ বন্ধের জন্য সর্বাত্মক প্রচেষ্টা চালান। ১৯৮১ সালের ৩০ মে চট্টগ্রাম সার্কিট হাউসে সেনাবাহিনীর কতিপয় উচ্ছৃঙ্খল সদস্যের হাতে নিহত হন। ঢাকার শেরে-বাংলা নগরে তাঁকে সমাহিত করা হয়।





আবু তাহের (নভেম্বর ১৪, ১৯৩৮ - জুলাই ২১, ১৯৭৬)

কর্নেল আবু তাহের (Abu Taher) একজন বাংলাদেশী মুক্তিযোদ্ধা এবং জাতীয় সমাজতান্ত্রিক দল (জাসদ) নেতা ছিলেন। তিনি মুক্তিযুদ্ধ চলাকালে ১১ নং সেক্টরের সেক্টর কমান্ডার ছিলেন। প্রেসিডেন্ট জিয়াউর রহমানের শাসনামলে এক হত্যা মামলায় সামরিক আদালতে তার মৃত্যুদণ্ড হয় এবং ১৯৭৬ সালের ২১ জুলাই ঢাকা কেন্দ্রীয় কারাগারে তাহেরকে ফাঁসি দেয়া হয়।

Scanned by CamScanner

MCQ Solution

১. শেরে বাংলার পিতার নাম কি? [আনসার ও ভিডিপি অধিদপ্তরের সার্কেল অ্যাডজুটেন্ট : ০৫]
ক মোহাম্মদ ওয়াজেদ খ মোহাম্মদ ইকরাম আলী
গ মোহাম্মদ আবুল কাসেম ঘ মোহাম্মদ আশরাফ আলী
উত্তর : ক

২. শেরে বাংলা এ. কে. ফজলুল হক কোন জেলার অধিবাসী ছিলেন? [বিটিভির অভিয়েন্স রিসার্চ অফিসার : ০৬]
ক ঢাকা খ কুমিল্লা
গ বরিশাল ঘ সিরাজগঞ্জ
উত্তর : গ

৩. এ. কে. ফজলুল হককে 'শেরেবাংলা' উপাধি দেয়া হয়– [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১১ - ১২]
ক ঢাকায় খ রাওয়ালপিন্ডিতে
গ কলকাতায় ঘ লাহোর
উত্তর :

৪. বাংলাদেশের কোন নেতা কলকাতা করপোরেশনের মেয়র ছিলেন? [রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (গোলাপ) : ১১/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (রাজশাহী বিভাগ) : ০৮]
ক হোসেন শহীদ সোহরাওয়ার্দী খ শের-এ-বাংলা এ কে ফজলুল হক
গ মাওলনা আবদুল হামিদ খান ভাসানী ঘ শেখ মুজিবুর রহমান
উত্তর : খ

৫. ১৯৭৬ সালে ফারাক্কা লং মার্চ কার নেতৃত্বে পরিচালিত হয়? [জাতীয় বিশ্ববিদ্যালয় (মানবিক) : ০৪-০৫/ ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ৯৭-৯৮]
ক অধ্যাপক গোলাম আযম খ মওলানা আবদুল হামিদ খান ভাসানী
গ মওলানা তর্কবাগীস ঘ অধ্যাপক মুজাফ্ফর আহমেদ
উত্তরঃ খ

৬. 'ঘেরাও' শব্দটি কোন রাজনীতিবিদ প্রথম ব্যবহার করেন? [সোনালী, জনতা, অগ্রণী ব্যাংক লি. সিনিয়র অফিসার : ৯৯]
ক এ কে ফজলুল হক খ মওলানা ভাসানী
গ মোহাম্মদ তোয়াহা ঘ হোসেন শহীদ সোহরাওয়ার্দী
উত্তরঃ খ

৭. **What is the birth day of Bangabandhu Sheikh Mujibur Rahman?**
[Sonali Bank Ltd. Officer (Cash): 13] **Or,**
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কত তারিখে জন্মগ্রহণ করেন? [৩৪তম বিসিএস / পরিবার কল্যাণ পরিদর্শিকা : ১৫/ কন্ট্রোলর জেনারেল ডিফেন্স ফাইনান্স- এর কার্যালয়ের অধীন জুনিয়র অডিটর : ১৪/ পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্মচারী : ১৩]
ⓐ 1 March, 1919 ⓑ 17 March, 1920
ⓒ 14 August, 1947 ⓓ 21 June, 1941
Ans. b

৮. ১৭ মার্চ ১৯২০ কি কারণে স্মরণীয়? [গণযোগাযোগ অধিদপ্তরের সহকারী তথ্য অফিসার : ১৩/ জাতীয় রাজস্ব বোর্ডের সহকারী রাজস্ব কর্মকর্তা : ১২]
ক হোসেন শহীদ সোহরাওয়ার্দির জন্মদিন
খ শেরে বাংলা এ কে ফজলুল হকের জন্মদিন
গ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিন ও জাতীয় শিশু দিবস
ঘ মওলানা আব্দুল হামিদ খান ভাসানীর মৃত্যুদিন
উত্তরঃ গ

৯. নিম্নের কোন দিবসটি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিনের সাথে সম্পর্কযুক্ত? [মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অধীনে অডিটর : ১৪]
ক বিশ্ব নারী দিবস খ জাতীয় শিশু দিবস
গ আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ঘ বিশ্ব পরিবেশ দিবস
উত্তরঃ খ

BCS Spotlight

Scanned by CamScanner

১০. জাতীয় শিশু দিবস কবে পালিত হয়? [সোনালী ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১৪ / জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (দর্শন বিভাগ) : ০৯-১০]

ক ১৭ ই জুন খ ১৭ ই ফেব্রুয়ারি
গ ১৭ ই মার্চ ঘ ১৭ ই এপ্রিল উত্তর: গ

১১. **Whose birth aniversary is celebrated as the National Children's Day in Bangladesh?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৩-১৪]

ⓐ Sheikh Russel ⓑ Moulana Bhasani
ⓒ Bangbandhu ⓓ Sher-e-Bangla **Ans. c**

১২. বঙ্গবন্ধু কোন জেলায় জন্মগ্রহণ করেন? [পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্মচারী : ১৩]

ক খুলনা খ গোপালগঞ্জ
গ ফরিদপুর ঘ নড়াইল উত্তর: খ

১৩. ২০১৪ সালে বঙ্গবন্ধুর কততম জন্মবার্ষিকী পালিত হয়? [মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অধীনে অডিটর : ১৪]

ক ৯২ তম খ ৯৪ তম
গ ৯০ তম ঘ ৮৮ তম উত্তর: খ

১৪. শেখ মুজিবুর রহমানকে বন্দি করে করাচিতে নিয়ে যাওয়া হয় ৭১ এর - [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (ভিজ্ঞ) : ১০]

ক ২৫ মার্চ রাতে খ ২৬ মার্চ রাতে
গ ২৭ মার্চ রাতে ঘ ২৮ মার্চ রাতে উত্তর: ক

১৫. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কোন তারিখে স্বদেশে প্রত্যাবর্তন করেন? [১২তম বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১৫ / সহকারী থানা শিক্ষা অফিসার : ১৫ / প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০০]

ক ১ জানুয়ারি, ১৯৭২ খ ১০ জানুয়ারি, ১৯৭২
গ ২৩ মার্চ, ১৯৭২ ঘ ১৭ এপ্রিল, ১৯৭২ উত্তর: খ

১৬. বঙ্গবন্ধু স্বদেশে প্রত্যাবর্তন দিবস কোনটি? [পরিবার পরিকল্পনা অধিদপ্তরে অফিস সহকারী : ১৪/ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ইউনিট ই): ১৩-১৪ / বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের উপ-প্রকল্প কর্মকর্তা : ১৩]

ক ১০ ডিসেম্বর খ ১০ জানুয়ারি
গ ১০ মার্চ ঘ ১০ জুন উত্তর: খ

১৭. শান্তিতে অবদানের জন্য বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান পেয়েছিলেন- [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ) : ০৯-১০]

ক ফ্রিডম পদক খ ম্যাগসেসে পদক
গ জুলিও কুরী পদক ঘ জওহরলাল নেহেরু পদক উত্তর: গ

১৮. জাতির জনক বঙ্গবন্ধ শেখ মুজিবুর রহমান কখন জুলিও কুরি পুরস্কার লাভ করেন? [বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের অফিস সহকারী : ১২]

ক ১৯৭১ খ ১৯৭২
গ ১৯৭৩ ঘ ১৯৭৪ উত্তর: খ

১৯. বঙ্গবন্ধু 'জুলিও কুরি' পুরস্কার লাভ করেন ১৯৭২ সালের- [সরকারী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক : ০০]

ক ১৫ জানুয়ারি খ ৭ মার্চ
গ ১০ অক্টোবর ঘ ১৮ অক্টোবর উত্তর: গ

BCS Spotlight

Scanned by CamScanner

২০. কোন বিখ্যাত ম্যাগাজিন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে রাজনীতির কবি (poet of politics) আখ্যা দিয়েছিল? [৩৫তম বিসিএস]
ক টাইম গ ইকোনোমিষ্ট
খ নিউজ উইকস্ ঘ ইকোনোমিক এন্ড পলিটিক্যাল উইকলি **উত্তর: খ**

২১. ডেভিড ফ্রস্ট ছিলেন- (David frost was-) [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৫-১৬]
ⓐ একজন মুক্তিযোদ্ধা (a freedom fighter)
ⓑ একজন চিকিৎসক (a physician)
ⓒ একজন রাজনীতিবিদ (a politician)
ⓓ একজন সাংবাদিক (a journalist) **উত্তর: ঘ**

২২. **Which foreign journalist, who died recently, had taken interview of both Bangabandhu Sheikh Mujibur Rahman and Prime Minister Sheikh Hasina?** [PKSF Assistant Manager : 14]
ⓐ Saint Petersburg ⓑ Christiane Amanpour
ⓒ Cari Bernstein ⓓ David Frost **উত্তর: ঘ**

২৩. জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মজীবনীমূলক গ্রন্থের নাম কী? [১২তম ফেব্রুয়ারি প্রচাষক নিবন্ধন : ১৫ / প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (জুন) : ১৫/ ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৪ -১৫]
ক বাংলাদেশ ও আমি খ অসমাপ্ত আত্মজীবনী
গ যুদ্ধ ঘ আমার জীবনী **উত্তর: খ**

২৪. 'অসমাপ্ত আত্মজীবনী' গ্রন্থের লেখক– [৩৫তম বিসিএস/ জনতা ব্যাংক লি. অ্যাসিস্ট্যান্ট এক্সিকিউটিভ অফিসার (টেলার) : ১৫/ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক : ১৫ / জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৪ - ১৫/ বরিশাল বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৪-১৫]
ক আবুল মনসুর আহমেদ খ সুনীল গঙ্গোপাধ্যায়
গ শেখ মুজিবুর রহমান ঘ তাজউদ্দিন আহমেদ **উত্তর: গ**

২৫. **Who wrote *The Unfinished Memoirs?*** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (A ইউনিট) : ১৪-১৫]
ⓐ Sheikh Mujibur Rahman ⓑ Khan Ataur Rahman
ⓒ Abraham Lincoln ⓓ Mahatma Gandhi **Ans. a**

২৬. বঙ্গবন্ধুর 'অসমাপ্ত আত্মজীবনী' অনুবাদ করেন- [উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা : ১৫]
ক জামিলুর রেজা চৌধুরী খ ফকরুল আলম
গ খোন্দকার আশরাফ হোসেন ঘ ড. আনিসুজ্জামান **উত্তর: খ**

২৭. মুক্তিযুদ্ধের উপর লিখিত গ্রন্থ 'আমার কিছু কথা' এর লেখক কে? [শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী প্রধান পরিদর্শক : ০৯]
ক নীলিমা ইব্রাহিম খ জহির রায়হান
গ আবদুল গাফফার চৌধুরী ঘ শেখ মুজিবুর রহমান **উত্তর: ঘ**

২৮. ইনডেমনিটি অধ্যাদেশ জারি করা হয় কবে? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৬-০৭]
ক ১২ই নভেম্বর ১৯৯৬ খ ২৫ জানুয়ারি ১৯৭৪
গ ২৬শে সেপ্টেম্বর ১৯৭৫ ঘ ১৫ই সেপ্টেম্বর ১৯৯১ **উত্তর: গ**

২৯. ইনডেমনিটি অধ্যাদেশ কখন বাতিল করা হয়? [বাংলাদেশ কমার্স ব্যাংক লি. অফিসার (গ্রেড -৩) : ০০]
ক জুলাই, ১৯৯৬ খ আগস্ট, ১৯৯৬
গ অক্টোবর, ১৯৯৬ ঘ নভেম্বর, ১৯৯৬ **উত্তর: ঘ**

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

৩০. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হত্যা মামলার বিচারকার্য কবে শুরু হয়? [পরিকল্পনা মন্ত্রণালয় ডাটা প্রসেসিং অপারেটর : ০২]
ক ১২ মার্চ '৯৭ খ ১৩ মার্চ '৯৭
গ ১৪ মার্চ '৯৭ ঘ ১৫ মার্চ '৯৭
উত্তর: ক

৩১. প্রত্যক্ষ ভোটে নির্বাচিত বাংলাদেশের প্রথম প্রেসিডেন্ট? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৩-০৪]
ক শেখ মুজিবুর রহমান খ সৈয়দ নজরুল ইসলাম
গ খন্দকার মোশতাক আহমদ ঘ জিয়াউর রহমান
উত্তর: ঘ

৩২. প্রথম সার্ক পুরস্কার লাভ করে কে? [আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সহকারী সচিব : ০৬]
ক ইন্দিরা গান্ধী খ শ্রীমাভো বন্দরনায়েকে
গ জিগমে সিঙ্গে ওয়াংচুক ঘ শহীদ জিয়াউর রহমান
উত্তর: ঘ

৩৩. **Which country introduced the concept of SAARC?** [BKB AO: 07]
অথবা,
সার্ক (SAARC) এর প্রস্তাবক কোন দেশ? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঙ ইউনিট) : ০২-০৩]
ক India খ Nepal
গ Sri Lanka ঘ Bangladesh
উত্তর: ঘ

৩৪. বাংলাদেশের কোন রাষ্ট্রপতি ইরাক-ইরান যুদ্ধ বন্ধের জন্য সর্বাত্মক প্রচেষ্টা চালিয়েছিলেন? [জাতীয় সংসদে সচিবালয়ে সহকারী গবেষণা অফিসার : ০৫]
ক প্রেসিডেন্ট মরহুম বিচারপতি আবু সাঈদ চৌধুরী
খ প্রেসিডেন্ট মরহুম শহীদ জিয়াউর রহমান
গ প্রেসিডেন্ট মরহুম বিচারপতি আবদুস সাত্তার
ঘ প্রেসিডেন্ট মরহুম মোহাম্মদ উল্লাহ
উত্তর: খ

৩৫. বাংলাদেশের কোন সরকার প্রধান প্রথম চীনে রাষ্ট্রীয় সফরে যান? [গণমাধ্যম ইনস্টিটিউটের সহকারী পরিচালক (গণযোগাযোগ প্রশিক্ষণ) : ০৩]
ক প্রেসিডেন্ট এইচ.এম.এরশাদ খ প্রধানমন্ত্রী শেখ মুজিবুর রহমান
গ প্রেসিডেন্ট জিয়াউর রহমান ঘ প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া
উত্তর: গ

৩৬. বাংলাদেশে খাল কেটে পানি এনে ফসল উৎপাদন আন্দোলন আরম্ভ হয় - [ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের হিসাবরক্ষণ কর্মকর্তা : ০৩]
ক এরশাদের আমলে খ ইয়াহিয়ার আমলে
গ শেখ মুজিবের আমলে ঘ জিয়াউর রহমানের আমলে
উত্তর: ঘ

৩৭. কর্নেল তাহের কোন রাজনৈতিক দলের সাথে যুক্ত ছিলেন? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সরকার ও রাজনীতি) : ১৩-১৪]
ক ওয়াকার্স পার্টি খ জাতীয় সমাজতান্ত্রিক দল
গ বাসদ ঘ সিপিবি
উত্তর: খ


৩৮. বীর মুক্তিযোদ্ধা কর্নেল তাহেরকে ফাঁসি দেয়া হয় কোথায়? [পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক (কারিগরি) : ১১]
ক ঢাকা সেনানিবাসে খ চট্টগ্রাম সেনানিবাসে
গ কুমিল্লা জেলা ঘ ঢাকা জেলা
উত্তর: ঘ

BCS Spotlight


Scanned by CamScanner

নোবেলজয়ী বাঙালি

রবীন্দ্রনাথ ঠাকুর



রবীন্দ্রনাথ ঠাকুর (Rabindranath Tagore) ২৫ বৈশাখ, ১২৬৮ বঙ্গাব্দ (৭ মে, ১৮৬১ খ্রি.) কলকাতার জোড়াসাঁকোর ঠাকুর বাড়িতে জন্মগ্রহণ করেন। জোড়াসাঁকোর ঠাকুর পরিবারের আসল পদবী ছিল 'কুশারী'। পারিবারিকভাবে তাঁরা জমিদার ছিলেন। রবীন্দ্রনাথের পূর্বপুরুষেরা বাংলাদেশের বর্তমানে খুলনা জেলার রূপসা উপজেলার পিঠাভোগে বাস করতেন। তাঁর পিতার নাম ছিল মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর এবং মাতার নাম সারদা দেবী। ১৮৬৩ সালে রবীন্দ্রনাথ ঠাকুরের পিতা মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর বোলপুরে 'শান্তি নিকেতন' নামক একটি আশ্রম প্রতিষ্ঠা করেন। ১৯০১ সালে রবীন্দ্রনাথ ঠাকুর শান্তি নিকেতনে 'ব্রহ্মচর্যাশ্রম' নামক বিদ্যাপীঠ প্রতিষ্ঠা করেন যা ১৯২১ সালে 'বিশ্বভারতী' বিশ্ববিদ্যালয়ে পরিণত হয়। ১৯০৫ সালে বঙ্গভঙ্গের প্রতিবাদে তীব্র আন্দোলন গড়ে তোলেন। হিন্দু-মুসলমানের মিলনের জন্য তিনি রাখি উৎসবের প্রচলন করেন। ১৯১৩ সালের নভেম্বর মাসে 'গীতাঞ্জলি' কাব্যের জন্য সাহিত্যে নোবেল পুরস্কার পান। তিনি নোবেলজয়ী প্রথম ভারতীয় তথা এশীয়। রবীন্দ্রনাথ ঠাকুর নিজেই 'গীতাঞ্জলি' ইংরেজিতে অনুবাদ করেন। ইংরেজিতে অনূদিত গীতাঞ্জলি গ্রন্থটির (Song Offerings) ভূমিকা লেখেন W. B. Yeats। কবি অমিয় চক্রবর্তী বিশ্বকবির ব্যক্তিগত সহকারী হিসেবে কাজ করেন। ১৯১৫ সালে তৎকালীন ভারত সরকার তাকে 'স্যার' বা 'নাইট' উপাধি প্রদান করে। ১৯১৯ সালে জালিয়ানওয়ালাবাগের হত্যাকাণ্ডের প্রতিবাদে 'নাইট' উপাধি ত্যাগ করেন। ১৯১৩ সালে কলকাতা বিশ্ববিদ্যালয়, ১৯৩৬ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ১৯৪০ সালে অক্সফোর্ড বিশ্ববিদ্যালয় তাঁকে ডক্টরেট ডিগ্রি প্রদান করে। ১৯৩০ সালে জার্মানিতে আইনস্টাইনের সাথে তাঁর সাক্ষাত হয়। সাক্ষাতে তিনি দর্শন, মানুষ ও বিজ্ঞান নিয়ে আলাপচারিতা করেন। সিরাজগঞ্জের শাহজাদপুর, কুষ্টিয়ার শিলাইদহ, নওগাঁর পতিশ্বর প্রভৃতি রবীন্দ্রনাথ ঠাকুরের স্মৃতিবিজড়িত স্থান। রবীন্দ্রনাথ ঠাকুর ২বার (১৮৯৮খ্রি., ১৯২৬ খ্রি.) ঢাকায় আসেন। ২২ শ্রাবণ, ১৩৪৮ বঙ্গাব্দ (৭ আগস্ট, ১৯৪১ খ্রি.) তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। ২০০৪ সালের ২৪ মার্চ 'শান্তি নিকেতন' হতে তার নোবেল পুরস্কার চুরি যায়।



অমর্ত্য সেন

অমর্ত্য সেন (Amartya Sen) ১৯৩৩ সালে ভারতের পশ্চিমবঙ্গের শান্তিনিকেতনে জন্মগ্রহণ করেন। তাঁর পৈতৃক নিবাস বাংলাদেশের মানিকগঞ্জ জেলায়। তিনি জনকল্যাণ অর্থনীতি, দুর্ভিক্ষ-ক্ষুধা এবং দারিদ্র্যের অন্তর্নিহিত কারণ নিয়ে গবেষণা করেন।

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

স্বীকৃতিস্বরূপ ১৯৯৮ সালে অর্থনীতিতে নোবেল পুরস্কার লাভ করেন। অমর্ত্য সেন বর্তমানে হাভার্ড বিশ্বদ্যালয়ের দর্শনের অধ্যাপক। তিনি ক্যামব্রিজ বিশ্ববিদ্যালয়, অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতা করেন। তিনি ভারতের নালন্দা আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয়ের প্রথম আচার্য ছিলেন। নোবেল পুরস্কার প্রাপ্তির দিক থেকে তিনি দ্বিতীয় বাঙালি, উপমহাদেশে ষষ্ঠ এবং ২৭তম এশীয়। তিনি অর্থনীতিতে নোবেল জয়ী প্রথম এশীয়। তাঁর বিখ্যাত গ্রন্থ 'Poverty and Famine', 'The Idea of Justice', 'Identity and Violence: The illusion of destiny'।

ড. মুহাম্মদ ইউনূস

ড. মুহাম্মদ ইউনূস (Dr. Muhammad Yunus) বাংলাদেশী নোবেল বিজয়ী ব্যাংকার ও অর্থনীতিবিদ। তিনি ১৯৪০ সালে চট্টগ্রামের হাটহাজারী উপজেলার বাথুয়া গ্রামে জন্মগ্রহণ করেন। তিনি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিষয়ের একজন শিক্ষক ছিলেন। তিনি ক্ষুদ্রঋণ (Microcredit) এবং 'সামাজিক ব্যবসা' ধারণার প্রবর্তক। তিনি গ্রামীণ ব্যাংকের প্রতিষ্ঠাতা। মুহাম্মদ ইউনূস ও গ্রামীণ ব্যাংক যৌথভাবে ২০০৬ সালে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করেন। নোবেল পুরস্কার প্রাপ্তির দিক থেকে তিনি প্রথম বাংলাদেশি, তৃতীয় বাঙালি, উপমহাদেশের সপ্তম এবং ৩৮তম এশীয়। শান্তিতে নোবেল পুরস্কার প্রাপ্তির দিক থেকে তিনি দক্ষিণ এশিয়ার মধ্যে দ্বিতীয়। তিনি ম্যাগসেসে পুরস্কার (১৯৮৪ খ্রি.), স্বাধীনতা দিবস পদক (১৯৮৭ খ্রি.), আগা খান পুরস্কার (১৯৮৯ খ্রি.), মহাত্মা গান্ধী পুরস্কার (২০০২ খ্রি:), যুক্তরাষ্ট্রের সর্বোচ্চ বেসামরিক পদক 'প্রেসিডেন্সিয়াল মেডেল অব ফ্রিডম' (২০০৯ খ্রি.), যুক্তরাষ্ট্রের 'কনগ্রেশনাল গোল্ড মেডেল' (২০১০ খ্রি:) সহ অনেক পুরস্কার লাভ করেন। তাঁর আত্মজীবনীমূলক গ্রন্থ 'দারিদ্র্যহীন বিশ্বের অভিমুখে' এবং 'Banker to the Poor'।



MCQ Solution

১. রবীন্দ্রনাথ ঠাকুরের জন্ম তারিখ ২৫ বৈশাখ ১৮৬১ সালের মে মাসের কোন তারিখ ছিল? [প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তরে সহকারী পরিচালক : ০১]

ক ৬ খ ৭
গ ৮ ঘ ৯ উত্তর: খ

২. রবীন্দ্রনাথ ঠাকুরের জন্ম– [সহকারী থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা : ১৫/ সোনালী, জনতা, অগ্রণী ও রূপালী ব্যাংকের অফিসার : ০৮]

ক ১৮৬১ খ্রিস্টাব্দে ৭ মে খ ১৮৫১ খ্রিস্টাব্দে ৭ জুন
গ ১৮৩৮ খ্রিস্টাব্দে ৫ মে ঘ ১৮৪১ খ্রিস্টাব্দে ৭ জুন উত্তর: ক

৩. রবীন্দ্রনাথ ঠাকুরের কলকাতার জোড়াসাঁকোর বিখ্যাত ঠাকুর পরিবারে জন্মগ্রহণ করেন বাংলা – [মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অধীন অডিটর : ১৪/ বাংলাদেশ ব্যাংকে সহকারী পরিচালক : ০৮]

ক ২৫ বৈশাখ, ১২৬৮ বঙ্গাব্দে খ ৭ বৈশাখ, ১২৭৮ বঙ্গাব্দে
গ ২৭ বৈশাখ, ১৩৫৭ বঙ্গাব্দে ঘ ২৪ বৈশাখ, ১৩৬৮ বঙ্গাব্দে
ঙ কোনোটিই নয় উত্তর: ক

Scanned by CamScanner

৪. কোন সালে রবীন্দ্রনাথ ঠাকুরের জন্ম-শতবার্ষিকী পালিত হয়? [১৩তম বিসিএস]
ক ১৯৫১ খ ১৯৬১
গ ১৯৭১ ঘ ১৯৮১
উত্তর: খ
ব্যাখ্যা : ১৮৬১ খ্রি: + ১০০ বছর = ১৯৬১ খ্রি:

৫. ২০১১ সালে সার্ধশত জন্মবার্ষিকী পালিত হয়– [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১০ - ১১]
ক রবীন্দ্রনাথ ঠাকুরের খ শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের
গ মীর মশাররফ হোসেনের ঘ প্রমথ চৌধুরীর
উত্তর: ক
ব্যাখ্যা : ১৮৬১ খ্রি: + ১৫০ বছর = ২০১১ খ্রি:

৬. 'সার্ধশত' শব্দটির অর্থ কি? [ব্যাংক এশিয়া লি. (এমটিও) : ১১]
ক ৫০ খ ১০০ গ ১৫০
ঘ ২০০ ঙ ২৫০
উত্তর: গ

৭. 'ঠাকুর' পরিবারের আসল পদবি ছিল– [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক : ১৫/ ৬ষ্ঠ বিজেএস (সহকারী জজ) প্রাথমিক পরীক্ষা : ১১]
ক কুশারী খ মুখোপাধ্যায়
গ শাস্ত্রী ঘ ঘোষ
উত্তর: ক

৮. কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর মৃত্যুবরণ করেন - [সাব-রেজিস্ট্রার : ০১]
ক ১৯৩৮ সালে খ ১৯৪১ সালে
গ ১৯৪২ সালে ঘ ১৯৪০ সালে
উত্তর: খ

৯. ২২ শ্রাবণ কেন স্মরণীয়? [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সহকারী পরিকল্পনা কর্মকর্তা : ১২]
ক কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের প্রয়াণ দিবস
খ কবি নজরুল ইসলামের মৃত্যু বার্ষিকী
গ কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মদিন
ঘ কবি জীবনানন্দ দাশের জন্মদিন
উত্তর: ক

১০. Which Bengali poet was awarded the title 'Knight'?/কোন বাঙালি কবি 'নাইট' উপাধি পেয়েছিলেন? [Bangladesh Bank Asst. Director : 04]
ⓐ Kazi Nazrul Islam ⓑ Shukumar Roy
ⓒ Rabindranath Tagore ⓓ Satyendranath Datta
ⓔ Madhusudon Datta
Ans. c

১১. রবীন্দ্রনাথ ঠাকুর 'নাইট' উপাধি ত্যাগ করেন- [আমদানি -রপ্তানি অধিদপ্তরের নিবাহী অফিসার : ০৭]
ক ১৯১৩ খ ১৯১৫
গ ১৯১৭ ঘ ১৯১৯
উত্তর: ঘ

১২. বিশ্বকবি রবীন্দ্রনাথ বিশ্ব বিজ্ঞানী এর সাথে দর্শন, মানুষ ও বিজ্ঞান নিয়ে আলাপচারিতা করেছিলেন- [জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর উপসহকারী পরিচালক : ০১]
ক নিউটন খ আইনস্টাইন
গ শ্রডিঞ্জার ঘ ম্যাক্স প্লাংক
উত্তর: খ

১৩. রবীন্দ্রনাথ ঠাকুর কোথায় ছিলেন না? [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন কারা তত্ত্বাবধায়ক : ১০]
ক শাহজাদপুর খ শিলাইদহ
গ মনপুরা ঘ পতিশ্বর
উত্তর : গ

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

১৪. কবি রবিঠাকুরের স্মৃতিবিজড়িত শিলাইদহ কোন জেলায়? [সহকারী থানা শিক্ষা অফিসার : ১৫]
ক রাজশাহী খ কুষ্টিয়া
গ কুমিল্লা ঘ ঢাকা উত্তরঃ খ

১৫. রবীন্দ্রনাথ ঠাকুর কতবার ঢাকায় এসেছিলেন? [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১১ - ১২]
ক এক খ দুই
গ তিন ঘ চার উত্তরঃ খ

১৬. 'বিশ্বভারতী' কে প্রতিষ্ঠা করেন? [প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তরে সহকারী পরিচালক : ০১]
ক মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর খ রবীন্দ্রনাথ ঠাকুর
গ অবনীন্দ্রনাথ ঠাকুর ঘ রথীন্দ্রনাথ ঠাকুর উত্তরঃ খ

১৭. **Who was the founder of '*Santiniketan*'?** [Bangladesh Krishi Bank Officer : 12]
ⓐ Dwarkanath Tagore ⓑ Rabindranath Tagore
ⓒ Abanindranath Tagore ⓓ Debendranath Tagore **Ans.** d

১৮. এশিয়ার প্রথম নোবেল পুরস্কার বিজয়ী হলেন- [শ্রম অধিদপ্তরে জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো উপ-পরিচালক : ০১]
ক রবীন্দ্রনাথ ঠাকুর খ বিজ্ঞানী সি. ভি. রমন
গ হরগোবিন্দ খোরানা ঘ পদার্থবিদ চন্দ্রশেখর উত্তরঃ ক

১৯. সাহিত্যে নোবেল পুরস্কার পান প্রথম ভারতীয়-[তথ্য মন্ত্রণালয়ের সহকারী পরিচালক (গণযোগাযোগ প্রশিক্ষণ) : ০১]
ক স্যার ইকবাল খ রবীন্দ্রনাথ ঠাকুর
গ কৃষণ চন্দর ঘ নীরোদ চৌধুরী উত্তরঃ খ

২০. নোবেল পুরস্কার বিজয়ী প্রথম বাঙালির নাম কি? [জাতীয় রাজস্ব বোর্ডের সহকারী রাজস্ব কর্মকর্তা : ১৫]
ক ড. মুহাম্মদ ইউনূস খ আর কে নারায়ণ
গ অমর্ত্য সেন ঘ রবীন্দ্রনাথ ঠাকুর উত্তরঃ ঘ

২১. **What was the name of the book that earned the Nobel Prize for Rabindranath Tagore?** [Bangladesh Bank Asst. Director : 12/ IFIC Bank Ltd. Probationary Officer: 12/ Bangladesh Bank Senior Officer 06]

Or,

রবীন্দ্রনাথ ঠাকুর কোন গ্রন্থ রচনার জন্য নোবেল পুরস্কার পান? [সহকারী থানা শিক্ষা অফিসার : ১৫ / জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (কলা ও মানবিক অনুষদ) : ১২-১৩ / সমাজসেবা অধিদপ্তরের উপসহকারী পরিচালক : ০৫]
ⓐ Geetanjali ⓑ Choker Bali ⓒ Kapal Kundala
ⓓ Rajtarangini ⓔ None of them **Ans.** a

২২. **For which literacy work was Rabindranath Tagore awarded with the Nobel prize?/ রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর কোন সাহিত্যকর্মের জন্য নোবেল পুরস্কার লাভ করেন?** [National Bank Ltd. MTO : 10]
ⓐ Khanika ⓑ Sonartori ⓒ Song Offering
ⓓ Sanchita ⓔ None of these **Ans.** c

২৩. গীতাঞ্জলি কাব্যের ইংরেজি অনুবাদের নাম কি? [তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কো. লি. ডেপুটি অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার : ১১/ ন্যাশনাল ব্যাংক লি. (এমটিও) : ১০]
ক Song Book খ Song Offerings গ Song Collection
ঘ Song ঙ কোনোটিই নয় উত্তর : খ

BCS Spotlight

Scanned by CamScanner

২৪. **Who wrote the introduction of the book '*Song Offerings*' of Rabindranath Tagore?/ রবীন্দ্রনাথ ঠাকুর রচিত '*Song Offerings*' গ্রন্থের ভূমিকা লিখেন কে?** [SIBL Probationary Officer: 13]

ⓐ Rabindranath Tagore ⓑ W. B. Yeats ⓒ George Eliot
ⓓ Robert Browning ⓔ Robert Frost **Ans.** b

২৫. রবীন্দ্রনাথ ঠাকুর নোবেল পুরস্কার লাভ করেন- [আনসার ও ভিডিপি অধিদপ্তরের সার্কেল অ্যাডজুটেন্ট : ১৫/ পরিবারকল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণার্থী : ১০ / সহকারী থানা শিক্ষা অফিসার : ০৯ / প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীনে প্রশাসনিক কর্মকর্তা : ০৬]

ⓚ ১৯০৫ সালে ⓛ ১৯১৩ সালে
ⓜ ১৯২৩ সালে ⓝ ১৯২৫ সালে **উত্তর:** খ

২৬. রবীন্দ্রনাথ ঠাকুর সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেন- [শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীনে সহকারী শ্রম অফিসার : ০৩]

ⓚ আগস্ট, ১৯১৩ খ্রিস্টাব্দে ⓛ সেপ্টেম্বর, ১৯১৩ খ্রিস্টাব্দে
ⓜ অক্টোবর, ১৯১৩ খ্রিস্টাব্দে ⓝ নভেম্বর, ১৯১৩ খ্রিস্টাব্দে **উত্তর:** ঘ

২৭. **The poet who acted as a personal secretary to Rabindranath tagore is-/ কোন কবি রবীন্দ্রনাথ ঠাকুরের ব্যক্তিগত সহকারী হিসেবে কাজ করেন?** [Shahjalal Islami Bank Ltd. MTO: 13]

ⓐ Amiya Chakravarty ⓑ Buddhadeb Basu ⓒ Ajit Dutta
ⓓ Ananda Shankar Ray ⓔ Ananda Shankar Ray **Ans.** a

২৮. জন্মসূত্রে বাঙালি যে অর্থনীতিবিদ নোবেল পুরস্কার পান তাঁর নাম- [ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের হিসাবরক্ষণ কর্মকর্তা : ০৩]

ⓚ ড. ইউনূস ⓛ রহমান মোল্লা
ⓜ সামসুল হক ⓝ অমর্ত্য সেন **উত্তর:** ঘ

২৯. কোন বাঙালি অর্থনীতিতে নোবেল পুরস্কার পেয়েছেন? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (অর্থনীতি বিভাগ): ০৮-০৯]

ⓚ প্রফেসর মুহাম্মদ ইউনূস ⓛ প্রফেসর নূরুল ইসলাম
ⓜ প্রফেসর অমর্ত্য সেন ⓝ ড. দেবপ্রিয় ভট্টাচার্য **উত্তর:** গ

৩০. **Amartya Sen was awarded the Noble Prize for his work on** -[Shahjalal Islami Bank Ltd. Trainee Officer: 13/ Sonali, Janata, Agrani Bank Ltd. Senior Officer: 08]

Or,

অমর্ত্য সেন কোন বিষয়ে গবেষণা করে নোবেল পুরস্কার পান? [২২তম বিসিএস/ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক : ১৫ / আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সাব-রেজিস্ট্রার : ১২/ জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১০ - ১১]

ⓐ Food and nutrition (খাদ্য ও পুষ্টি) ⓑ Micro-credit (ক্ষুদ্রঋণ)
ⓒ International trade (আন্তর্জাতিক বাণিজ্য) ⓓ Famine and poverty (দুর্ভিক্ষ ও দারিদ্র)
ⓔ None of these **Ans.** d

৩১. **Who is famous for his research works on poverty and famine?/ কে দারিদ্র্য এবং দুর্ভিক্ষের উপর গবেষণার জন্য বিখ্যাত?** [Shahjalal Islami Bank Ltd. Trainee Senior Officer: 10/ Bangladesh Bank Asst. Director : 04]

ⓐ Amartya Sen ⓑ J M Keynes ⓒ Michel Lift
ⓓ William Rosto ⓔ Michel Patro **Ans.** a

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

৩২. **'Poverty and Famines' গ্রন্থের রচয়িতা কে?** [পিএসসি কর্তৃক নির্ধারিত ১২টি পদ : ০১]
ক অমর্ত্য সেন খ গুনার মিরডাল
গ মাইকেল লিফট ঘ উইলিয়াম রাস্টো **উত্তর: ক**

৩৩. **অমর্ত্য সেনের মতে গণতান্ত্রিক দেশে যা থাকা কাম্য নয়।** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (সমাজবিজ্ঞান) : ০৫-০৬]
ক স্বৈরাচার খ সামরিক শাসন
গ দুর্নীতি ঘ দুর্ভিক্ষ **উত্তর: ঘ**

৩৪. **অধ্যাপক অমর্ত্য সেন অর্থনীতিতে নোবেল পুরস্কার লাভ করেন কত সালে?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক : ০০]
ক ১৯৯৫ সালে খ ১৯৯৬ সালে
গ ১৯৯৭ সালে ঘ ১৯৯৮ সালে **উত্তর: ঘ**

৩৫. **কোন ক্ষেত্রে অবদানের জন্য অমর্ত্য সেনকে নোবেল পুরস্কার দেয়া হয়েছে?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৩-০৪/ ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০১-০২]
ক উন্নয়ন অর্থনীতি খ কল্যাণ অর্থনীতি
গ আন্তর্জাতিক বাণিজ্য তত্ত্ব ঘ মজুরি তত্ত্ব **উত্তর: খ**

৩৬. **ভারতের নালন্দা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য–** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১২-১৩]
ক অমর্ত্য সেন খ সতীশচন্দ্র বিদ্যাভূষণ
গ শ্রীনিবাস ঘ পবিত্র সরকার **উত্তর:**
ব্যাখ্যা: ভারতের নালন্দা বিশ্ববিদ্যালয়ে বর্তমান উপাচার্য গোপা সাবহারওয়াল।

৩৭. **নোবেল বিজয়ী প্রফেসর মুহাম্মদ ইউনূসের গ্রামের নাম কি?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ফেকালোর) : ০৭-০৮]
ক বাথুয়া খ বক্সির হাট
গ জাবো ঘ ফতেপুর **উত্তর: ক**

৩৮. **'সামাজিক ব্যবসা' ধারণাটির প্রবক্তা কে?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সরকার ও রাজনীতি) : ১৩-১৪/ পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাইকার অফিসার : ১২/ জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১০ - ১১]
ক মুহাম্মদ ইউনূস খ অমর্ত্য সেন
গ বিল ক্লিনটন ঘ ফজলে হোসেন আবেদ **উত্তর: ক**

৩৯. **ক্ষুদ্রঋণের প্রবর্তক কে?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (অবাণিজ্য) : ০৫-০৬]
ক অমর্ত্য সেন খ ড. মুহাম্মদ ইউনূস
গ হিলারি ক্লিনটন ঘ ফিন ক্রিডল্যান্ড **উত্তর: খ**

৪০. **Who developed the basic idea of micro-credit program for poverty alleviation in Bangladesh?/ দারিদ্র বিমোচনে ক্ষুদ্রঋণ কর্মসূচি ধারনার উদ্ভাবক কে?** [Bangladesh Bank Asst. Director : 04]
ⓐ Muhammad Yunus ⓑ Fazle Hassan Abed
ⓒ Kazi Faruk ⓓ Whaiduddin Mahmud
ⓔ Saifur Rahman **Ans.** a

৪১. **Who has been awarded Nobel Peace Prize in 2006?/ ২০০৬ সালে শান্তিতে নোবেল পুরস্কার পান কে?** [Bangladesh Krishi Bank Ltd. Officer: 07]
ক Dr. Youns খ Dr. Mohammed Yunus
গ Dr. Mohammad Younus ঘ Dr. Mohammed Younus
ঙ Dr. Mohammad younoos **উত্তর: খ**

BCS Spotlight

Scanned by CamScanner

৪২. **Dr. Muhammad Yunus was awarded the Nobel Prize in which area?** [E Bank Ltd. Assistant Officer : 10 / Pubali Bank Ltd. Senior Officer : 10 / Sadharan Bima Corporation Junior Officer : 09]

Or,

ড. মুহাম্মদ ইউনূস কোন বিষয়ে নোবেল পুরস্কার পান? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৩-১৪/ ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৮-০৯]

ⓐ Economics (অর্থনীতি) ⓑ Micro Credit (ক্ষুদ্রঋণ)
ⓒ Peace (শান্তি) ⓓ Poverty Alleviation (দারিদ্র বিমোচন)
ⓔ None of them (কোনোটিই নয়)

Ans. c

৪৩. **নোবেল পুরস্কার বিজয়ী এশীয়দের মধ্যে অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের স্থান কততম?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৬-০৭]

ক ২০তম খ ২৫তম
গ ২৮তম ঘ ৩০তম

উত্তর:

৪৪. **দক্ষিণ এশিয়ার ড. ইউনূস শান্তিতে কততম নোবেল বিজয়ী?** [আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ : ০৭]

ক প্রথম খ দ্বিতীয়
গ তৃতীয় ঘ চতুর্থ

উত্তর: খ

৪৫. **২০০২ সালে মহাত্মা গান্ধী পুরস্কার পেলেন -** [ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের হিসাবরক্ষণ কর্মকর্তা : ০৩]

ক ব্র্যাক প্রাণপুরুষ আবেদ খ হাঙ্গার প্রোজেক্টের বদিউল আলম
গ কমি শামসুর রাহমান ঘ ড. ইউনূস

উত্তর: ঘ

৪৬. **বাংলাদেশের যে নাগরিক যুক্তরাষ্ট্রের কনগ্রেশনাল গোল্ড মেডেল পেয়েছেন -** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৩ -১৪]

ক ড. দেবপ্রিয় ভট্টাচার্য খ স্যার ফজলে হাসান আবেদ
গ ড. মাকসুদুল আলম ঘ ড. মুহাম্মাদ ইউনূস

উত্তর: ঘ

৪৭. **ইউরোপে কোন দেশে ড. মুহাম্মদ ইউনূসের সামাজিক ব্যবসায় কেন্দ্র স্থাপিত হচ্ছে?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৩-১৪]

ক লিথুনিয়া খ আলবেনিয়া
গ আর্মেনিয়া ঘ রোমানিয়া

উত্তর: ঘ

৪৮. **ড. মুহাম্মদ ইউনূসের আত্মজীবনীমূলক গ্রন্থ কোনটি?** [আমদানি-রপ্তানি অধিদপ্তরের নির্বাহী অফিসার : ০৭]

ক দারিদ্র্যহীন বিশ্বের অভিমুখে খ সচ্ছল বাংলাদেশের সন্ধানে
গ স্বনির্ভর স্বদেশের সন্ধানে ঘ দারিদ্র্যহীন বিশ্বের প্রয়াসে

উত্তর: ক

৪৯. **'দারিদ্র্যহীন বিশ্বের অভিমুখে' আত্মজীবনীমূলক গ্রন্থটি কার লেখা?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৬-০৭]

ক শিরিন এবাদী খ হানাহ আশরাফী
গ হিলারি ক্লিনটন ঘ ড. মুহাম্মদ ইউনূস
ঙ মাদার তেরেসা

উত্তর: ঘ

BCS Spotlight

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

বাঙালি বিজ্ঞানি



জগদীশচন্দ্র বসু

জগদীশ চন্দ্র বসু (Jagadish Chandra Bose) ১৮৫৮ খ্রিস্টাব্দে ময়মনসিংহ জেলায় জন্মগ্রহণ করেন। তাঁর আবিষ্কারের মধ্যে ক্রেসকোগ্রাফ (উদ্ভিদের বৃদ্ধি পরিমাপক যন্ত্র) প্রধান। জগদীশ চন্দ্র ছিলেন রবীন্দ্রনাথের ঘনিষ্ট বন্ধু। ছোটদের জন্য তিনি 'অব্যক্ত' নামক বিজ্ঞান বিষয়ক একটি গ্রন্থ রচনা করেন। তিনি গাছের প্রাণ এবং মার্কনির আগেই রেডিও আবিষ্কার করেছিলেন বলে বাঙালি একটি মহলে ধারণা প্রচলিত আছে। প্রথম ধারণা একবারেই ভুল। গাছের প্রাণ নিয়ে পণ্ডিতেরা প্রাচীনকাল থেকেই একবারেই নিঃসংশয় ছিলেন। জগদীশচন্দ্র কেবল প্রচুর পরীক্ষা-নিরীক্ষার মাধ্যমে প্রমাণ করেছিলেন যে, উদ্ভিদ ও প্রাণী জীবনের মধ্যে অনেক সাদৃশ্য আছে। দ্বিতীয় ধারণাটিও সর্বাংশে সঠিক নয়। মার্কনি আধুনিক ছোট বা শর্ট তরঙ্গ মাপের বেতারতরঙ্গ ব্যবহার করে দূরে বেতার তরঙ্গ পাঠাতে সফল হয়েছিলেন যার ফলশ্রুতি হল রেডিও। কিন্তু জগদীশচন্দ্র কাজ করেছিলেন অতি ক্ষুদ্র বা মাইক্রোওয়েভ বেতার তরঙ্গ নিয়ে যার প্রয়োগ ঘটেছে আধুনিক টেলিভিশন এবং রাডার যোগাযোগের ক্ষেত্রে। ১৯৩৭ সালে ভারতের ঝাড়খণ্ডের গিরিডিতে তিনি মৃত্যুবরণ করেন।

প্রফুল্ল চন্দ্র রায়



প্রফুল্ল চন্দ্র রায় (Prafulla Chandra Roy) যিনি পি.সি রায় নামেও পরিচিত (১৮৬১-১৯৪৪ খ্রি.) একজন প্রখ্যাত বাঙ্গালি রসায়নবিদ, বিজ্ঞানশিক্ষক, দার্শনিক ও কবি। তিনি বেঙ্গল কেমিক্যালের প্রতিষ্ঠাতা এবং মারকিউরাস নাইট্রাস এর আবিষ্কারক। তাঁর জন্ম অবিভক্ত বাংলার খুলনা জেলায়। তিনি জগদীশ চন্দ্র বসুর সহকর্মী ছিলেন।



মেঘনাদ সাহা

মেঘনাদ সাহা (Meghnad Saha) সংক্ষেপে এম. এন সাহা কে আধুনিক অ্যাস্ট্রোফিজিক্স এর জনক বলা হয়। তিনি পদার্থবিজ্ঞানে থার্মাল আয়নাইজেশন (ThermalIonaisation) তত্ত্বের প্রতিষ্ঠাতা হিসাবে বিখ্যাত। ১৮৯৩ সালে ঢাকায় জন্মগ্রহণ করেন। তিনি বঙ্গভঙ্গ আন্দোলনের সাথে জড়িত ছিলেন।

ফজলুর রহমান খান



ফজলুর রহমান খান (Fazlur Rahman Khan) বাংলাদেশের একজন বিশ্বখ্যাত স্থপতি ও পুরকৌশলী। তিনি এফ. আর খান নামে সুপরিচিত। তিনি পৃথিবীর অন্যতম উচ্চতম ভবন মার্কিন যুক্তরাষ্ট্রের শিকাগোর 'সিয়ার্স টাওয়ার' এর নকশা প্রণয়ন করেন। সিয়ার্স টাওয়ারের বর্তমান নাম উইলিস টাওয়ার ।

BCS Spotlight

Scanned by CamScanner



আব্দুল্লাহ আল মুতী শরফুদ্দীন

প্রখ্যাত শিক্ষাবিদ এবং বিজ্ঞান লেখক আবদুল্লাহ আল মুতী শরফুদ্দীন (Abdullah-Al-Muti Sharfuddin) সিরাজগঞ্জ জেলার ফুলবাড়ি গ্রামে জন্মগ্রহণ করেন। ১৯৫২ সালের ভাষা আন্দোলনে সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন। এদেশে বিজ্ঞানকে জনপ্রিয় করার জন্য ইউনেস্কোর আন্তর্জাতিক 'কলিঙ্গ পুরস্কার' (১৯৮৩ খ্রি.) লাভ করেন। তাঁর বিজ্ঞান বিষয়ক গ্রন্থের মধ্যে 'এসো বিজ্ঞানের রাজ্যে' 'আবিষ্কারের নেশায়', 'রহস্যের শেষ নেই', 'সাগরের রহস্যপুরী', 'জানা-অজানা দেশে' বিশেষ উল্লেখযোগ্য।

সত্যেন্দ্রনাথ বসু



সত্যেন্দ্রনাথ বসু (Satyendra Nath Bose) ছিলেন একজন ভারতীয় বাঙালি পদার্থবিজ্ঞানী। তিনি আলবার্ট আইস্টাইনের সাথে যৌথভাবে বোস-আইনস্টাইন পরিসংখ্যান প্রদান করেন, যা পদার্থ বিজ্ঞানের অন্যতম গুরুত্বপূর্ণ আবিষ্কার হিসেবে বিবেচিত। কর্মজীবনে তিনি সম্পৃক্ত ছিলেন বৃহত্তর বাংলার তিন শ্রেষ্ঠ শিক্ষায়তন কলকাতা, ঢাকা এবং বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের সঙ্গে।



জামাল নজরুল ইসলাম

জামাল নজরুল ইসলাম (Jamal Nazrul Islam) বাংলাদেশের একজন বিশিষ্ট পদার্থবিজ্ঞানী, জ্যোতির্বিজ্ঞানী। তাঁর জন্ম ঝিনাইদহ শহরে। তিনি মহাবিশ্বের উদ্ভব ও পরিণতি বিষয়ে মৌলিক গবেষণার জন্য খ্যাতি লাভ করেন। তাঁর বিখ্যাত গ্রন্থ 'The Ultimate Fate of the Universe' (১৯৮৩ খ্রি.) কেমব্রিজ ইউনিভার্সিটি প্রেস থেকে প্রকাশিত হলে বিজ্ঞানী মহলে ব্যাপক সাড়া ফেলতে সক্ষম হয়।

MCQ Solution

১. **Sir Jagadis Chandra Bosu is famous for his contribution the field of -/ স্যার জগদীশ চন্দ্র বসু কোন ক্ষেত্রে অবদানের জন্য বিখ্যাত?** [Premier Bank Ltd. MTO : 09/ Prime Bank Ltd. Officer: 09]

ⓐ Physics ⓑ Biology
ⓒ Bengali Literature ⓓ All of the previous **Ans.** b

২. **'*That plants also have life*' was discovered by -** [IFIC Bank Ltd. Probationary Officer: 92] **Or,**
গাছের প্রাণ আছে - কে প্রমাণ করেন? [আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের অধীনে হাইকোর্টের রেজিস্ট্রার : ৯৪]

ⓐ Einstein ⓑ Jagadish Chandra Bose
ⓒ Hemingway ⓓ Darwin **Ans.** b

৩. **জগদীশচন্দ্র বসু রচিত গ্রন্থ কোনটি?** [তথ্য মন্ত্রণালয়ের অধীনে টেলিভিশন প্রকৌশলী গ্রেড-২ : ০৪]

ⓚ বিজ্ঞানের কথা ⓛ অব্যক্ত
ⓜ বক্তব্য ⓝ বিশ্ব-পরিচয় **উত্তর: খ**

BCS Spotlight

Scanned by CamScanner

৪. যে বাঙালি বিজ্ঞানী 'ফাদার অব মডার্ন অ্যাসট্রোফিজিকস' হিসেবে পরিচিত - [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৫-০৬]
ক সত্যেন সাহা খ জগদীশচন্দ্র বসু
গ মেঘনাদ সাহা ঘ এফ আর খান উত্তর: গ

৫. জনাব এফ. আর. খান (ফজলুর রহমান খান) ছিলেন বাংলাদেশের গৌরব। তিনি কি ছিলেন? [১৮তম বিসিএস/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (পদ্ম) : ০৯]
ক আণবিক বিজ্ঞানী খ স্থপতি
গ কম্পিউটার বিজ্ঞানী ঘ ক্যান্সার চিকিৎসক উত্তর: খ

৬. F. R Khan was — [Janata Bank Ltd. AEO (Teller) : 15]
ⓐ A film director ⓑ A music director
ⓒ An architect ⓓ A writer Ans. c

৭. পৃথিবীর বিখ্যাত একজন বাঙ্গালী স্থপতি- [জাতীয় সংসদ সচিবালয়ের অধীনে সহকারী সচিব : ৯৬]
ক মুবাসসার আলী খ এফ. আর খান
গ মাযহারুল ইসলাম ঘ মুহম্মদ শহীদুল্লাহ উত্তর: খ

৮. বাংলাদেশের কোন স্থপতি সবচেয়ে বেশি আন্তর্জাতিক পুরস্কার ও সম্মাননা পেয়েছেন?
ক হামিদুর রহমান খ ফজলুর রহমান খান [বাতিলকৃত ২৪ তম বিসিএস]
গ নভেরা আহমদ ঘ জুলফিকার আলী খান উত্তর: খ

৯. ড. আব্দুল্লাহ আল মুতী শরফুদ্দীন রচিত বই - [প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তরে সহকারী পরিচালক : ০১]
ক আজব প্রাণী আজব গাছ খ সাগরের রহস্যপুরী
গ জলে-ডাঙ্গায় ঘ বাঘের ঘরে ঘোগের বাস উত্তর: খ

১০. বাংলাদেশের কোন বিজ্ঞানী কলিঙ্গ পুরস্কার পান? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (পদ্মা) : ১২ / শ্রম পরিদপ্তরের মেডিক্যাল অফিসার : ০৫ / ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৪-০৫/ সাব- রেজিস্ট্রার : ০৩]
ক ড. আবদুল্লাহ আল-মুতী শরফুদ্দীন খ ড. কুদরত-ই-খুদা
গ ড. জগদীশ চন্দ্র বসু ঘ ড. কামাল উদ্দীন আহমদ উত্তর: ক

১১. যে বাঙালি বৈজ্ঞানিকের নামের সঙ্গে আইনস্টাইনের নাম জড়িত - [ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের হিসাবরক্ষণ কর্মকর্তা : ০৩/ বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক : ০০]
ক এসএন বোস খ জগদীশ চন্দ্র ঘোষ
গ মতিন চৌধুরী ঘ কেউই নন উত্তর: ক

১২. ঢাকা বিশ্বদ্যালয়ের শিক্ষক ছিলেন কোন বিজ্ঞানী? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৪ -১৫]
ক জগদীশচন্দ্র খ সত্যেন্দ্রনাথ বসু
গ আব্দুল সালাম ঘ আব্দুল কাদির উত্তর: খ

১৩. জামাল নজরুল ইসলাম কে? [৩৪তম বিসিএস]
ক ফুটবল খেলোয়াড় খ অর্থনীতিবিদ
গ কবি ঘ বৈজ্ঞানিক উত্তর: ঘ

১৪. The Book titled '*The Ultimate Fate of the Universe*' is written by the scientist- [Shahjalal Islami Bank Ltd. Trainee Senior Officer: 13]
ⓐ Satyendra Nath Bose ⓑ Jamal Nazrul Islam
ⓒ Abdus Salam ⓓ C.V. Raman
ⓔ Meghnad Saha Ans. b

BCS Spotlight

Scanned by CamScanner

১৫. **Which Bangladeshi engineer is the designer of record (DOR) of the planned large US civil work in Louisiana?** [Bangladesh Bank Asst. Director : 11]

ⓐ A.F Rahman ⓑ Jamilur Chowdhury
ⓒ Ainun Nishat ⓓ Anwar Zahid
ⓔ Mahbubul Azam

Ans. d

বাঙালি সঙ্গীতশিল্পী

ফকির লালন শাহ

লালন ফকির (Fakir Lalon Shah) ১৭৭৪ খ্রিস্টাব্দে ঝিনাইদহ জেলার হরিশপুরগ্রামে এক কায়স্থ হিন্দু পরিবারে জন্মগ্রহণ করেন। কিন্তু ছেলেবেলায় অসুস্থ অবস্থায় তার পবিরার তাকে ত্যাগ করে। তখন সিরাজ সাই নামের এক মুসলমান বাউল তাঁকে আশ্রয় দেন এবং সুস্থ করে তোলেন। লালন শাহ ছিলেন একাধারে বাউল সাধক, বাউল গানের গীতিকার, সুরকার ও গায়ক। তাঁকে 'বাউল সম্রাট' হিসাবেও অভিহিত করা হয়। লালন কুষ্টিয়া জেলার ছেউড়িয়া গ্রামে একটি আখড়া গড়ে তোলেন, যেখানে তিনি তাঁর শিষ্যদের শিক্ষা দিতেন। ১৮৯০ সালের ১৭ অক্টোবর কুষ্টিয়ায় নিজ আখড়ায় মৃত্যুবরণ করেন।

বিখ্যাত কয়েকটি লালনগীতি:

* "খাঁচার ভিতর অচিন পাখী ..... ।"
* "মিলন হবে কত দিনে ..... ।"
* "আমার বাড়ীর কাছে আরশী নগর, এক পরশী বসত করে।"
* "সব লোকে কয় লালন কি জাত সংসারে..... "
* "জাত গেল জাত গেল বলে....."
* "কেউ মালা, কেউ তসবি গলায়, তাইতো জাত ভিন্ন বলায়....."
* "আমি অপার হয়ে বসে আছি, ওহে দয়াময় পাড়ে লয়ে যাও আমায়....
* "দেখ না মন ঝক মারিয়া দুনিয়া দারি ....."
* "তিন পাগলের হলো মেলা....."





হাসন রাজা

দেওয়ান হাসন রাজা (Hason Raja) উনিশ শতকের সর্বাপেক্ষা খ্যাতনামা বাউল। তিনি ১৮৫৫ সালে সুনামগঞ্জে জন্মগ্রহণ করেন। হাসন রাজার বিখ্যাত গানের পঙ্‌ক্তি-

* "লোকে বলে, বলে রে, ঘর বাড়ী ভালা নয় আমার....."
* "মাটির পিঞ্জিরার মাঝে বন্দী হইয়ারে....."
* "সোনা বন্ধে আমারে দেওয়ানা বানাইল....."
* "আঁখি মুঞ্জিয়া দেখ রূপরে....."

BCS Spotlight

Scanned by CamScanner

ওস্তাদ আলাউদ্দিন খাঁ (১৮৮১-১৯৭২ খ্রি.)



ওস্তাদ আলাউদ্দিন খাঁ (Ustad Alauddin Khan) সেতার-সানাই এবং রাগসঙ্গীতে বিখ্যাত ঘরানার গুরু হিসাবে সারা বিশ্বে বিখ্যাত। মূলত সরোদই ছিল তাঁর শাস্ত্রীয় সঙ্গীতের বহন। আলাউদ্দিন খাঁর জন্ম বর্তমান ব্রাহ্মণবাড়িয়া জেলার শিবপুর গ্রামে। তাঁর সন্তান ওস্তাদ আলী আকবর খাঁ ও অন্নপূর্ণাদেবী নিজ নিজ ক্ষেত্রে উজ্জ্বল নক্ষত্র হিসাবে প্রতিষ্ঠিত। আচার্যের বিখ্যাত শিষ্য হলেন পণ্ডিত রবি শংকর।

আব্বাস উদ্দীন আহমদ (১৯০১ -১৯৫৯ খ্রি.)



বিখ্যাত লোকসঙ্গীত আব্বাস উদ্দীন আহমদ (Abbas Uddin) পশ্চিমবঙ্গের কুচবিহার জেলার অন্তর্গত বলরামপুরে জন্মগ্রহণ করেন। তিনি ভাওয়াইয়া, চটকা, জারি, সারি, ভাটিয়ালী, মুর্শিদী প্রভৃতি গানের জন্য খ্যাতি লাভ করেন। তাঁর আত্মজীবনীমূলক গ্রন্থ 'আমার শিল্পী জীবনের কথা'।

শাহ আবদুল করিম



'বাউল সম্রাট' হিসেবে খ্যাত শাহ আবদুল করিম (Shah Abdul Karim) সুনামগঞ্জ জেলার উজানধল গ্রামে জন্মগ্রহণ করেন। তাঁর কিছু অবিস্মরণীয় গান-

* গাড়ি চলে না, চলে না, চলে না রে.....
* আগে কি সুন্দর দিন কাটাইতাম.....
* কেমনে ভুলিব আমি বাঁচি না তারে ছাড়া.....
* আমি কুলাহারা কলঙ্কিনী.....
* বন্ধে মায়া লাগাইছে পিরিতি শিখাইছে.....
* আসি বলে গেল বন্ধু আইল না .....
* মন কান্দে প্রাণ কান্দে রে, কান্দে আমার হিয়া .....

আবদুল আলীম



আবদুল আলীম (Abdul Alim) বাংলা লোকসঙ্গীতের এক অমর শিল্পী। তিনি পশ্চিমবঙ্গের মুর্শিদাবাদের তালিবপুর গ্রামে জন্মগ্রহণ করেন। তাঁর কিছু অবিস্মরণীয় গান-

* নাইয়ারে নায়ের বাদাম তুইলা .....
* এই যে দুনিয়া কিসেরও লাগিয়া.....
* সর্বনাশা পদ্মা নদী, তোর কাছে .....
* হলুদিয়া পাখী সোনারও বরণ, পাখিটি ছাড়িল কে.....

আজম খান (১৯৫০ - ২০১১ খ্রি.)



বাংলা পপগানের জনক আজম খান (Azam Khan) ঢাকার আজিমপুরে জন্মগ্রহণ করেন। ১৯৭২ সালে 'উচ্চারণ' নামক ব্যান্ড দিয়ে তাঁর যাত্রা শুরু হয়েছিল। তিনি ছিলেন একজন বীর মুক্তিযোদ্ধা (২নং সেক্টর)। তাঁর কিছু অবিস্মরণীয় গান-

* এত সুন্দর দুনিয়ার কিছুই .....
* চার কলেমা সাক্ষী দেবে.....
* ওরে সালেকা ওরে মালেকা .....

Scanned by CamScanner

MCQ Solution

১. লালন ফকির সমধিক পরিচিত- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ফোকলোর বিভাগ) : ০৮-০৯]
ক বাউল খ আউল
গ সুফি ঘ দরবেশ হিসেবে
উত্তর: ক

২. লালন শাহ ছিলেন একজন- [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১২-১৩]
ক গীতি কবি খ লোক কবি
গ মরমি কবি ঘ কোনোটিই নয়
উত্তর: গ

৩. ছেউড়িয়া কেন বিখ্যাত? [ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৪ -১৫]
ক রবীন্দ্রনাথের কুঠিরবাড়ি খ লালন ফকিরের আখড়া
গ প্রাচীন বৌদ্ধ মন্দির ঘ বনাঞ্চল
উত্তর: খ

৪. লালন শাহের আখড়া কোথায় অবস্থিত? [পরিবেশ অধিদপ্তরের রিসার্চ অ্যাসিটেন্ট : ০৬]
ক সিলেট খ চট্টগ্রাম
গ রাজশাহী ঘ কুষ্টিয়া
উত্তর: ঘ

৫. লালন শাহের মাজার কোন জেলায়? [পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্মচারী : ১৩]
ক কুষ্টিয়া খ সাতক্ষীরা
গ নওগাঁ ঘ বগুড়া
উত্তর: ক

৬. "কেউ মালা, কেউ তসবি গলায়, তাইতো জাত ভিন্ন বলায়" এই পংক্তি নিচের একজনের - [১৭তম বিসিএস]
ক লালন শাহ খ সিরাজ সাঁই
গ মদন বাউল ঘ পাগলা কানাই
উত্তর: ক

৭. 'খাঁচার ভিতর অচিন পাখী কেমনে আসে যায়'- এ পংক্তিটি- [বাংলাদেশ টেলিভিশন-এর প্রযোজক : ০৬]
ক বাউল পদাবলীর অন্তর্গত খ শাক্ত পদাবলীর অন্তর্গত
গ বৈষ্ণব পদাবলীর অন্তর্গত ঘ কোনটিই নয়
উত্তর: ক

৮. 'খাঁচার ভিতর অচিন পাখী কেমনে আসে যায়'- পংক্তিটি কার রচনা? [শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী প্রধান পরিদর্শক : ০৯]
ক হাছন রাজা খ লালন শাহ
গ পাগলা কানাই ঘ কাঙ্গাল হরিনাথ
উত্তর: খ

৯. 'আমি অপার হয়ে বসে আছি' কার রচনাংশ? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (গণযোগাযোগ ও সাংবাদিকতা) : ০৫-০৬]
ক হাছন রাজার খ লালন ফকিরের
গ পাগলা কানাইয়ের ঘ মনজুশাহের
উত্তর: খ

১০. ''জাত গেল জাত গেল বলে, একি আজব কারখানা, সত্য কাজে কেউ নয় রাজী, সবই দেখি তা না না না''- লালন এই গানে কোন ব্যবস্থার প্রতিবাদ করেছেন? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (নৃবিজ্ঞান) : ১৩-১৪]
ক শ্রেণি বৈষম্যের খ বর্ণ বৈষম্যের
গ লিঙ্গীয় বৈষম্যের ঘ কোনোটিই নয়
উত্তর: খ

১১. উনিশ শতকের সর্বাপেক্ষা খ্যাতনামা বাউল কে? [মহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের সহকারী পরিসংখ্যান কর্মকর্তা : ৯৮]
ক পাগলা কানাই খ হাসন রাজা
গ আব্বাস উদ্দিন ঘ লালন শাহ্
উত্তর: খ

BCS Spotlight

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

১২. সঙ্গীত শিল্পী আব্বাসউদ্দিন আহমেদ কত সালে জন্মগ্রহণ করেন? [গ্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক : ১৫]
ক ১৯০১ খ ১৯১০
গ ১৯১৭ ঘ ১৮৮৯ উত্তর: ক

১৩. সুরসম্রাট ওস্তাদ আলাউদ্দিন খাঁ কোথায় জন্মগ্রহণ করেন? [ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৪ -১৫ / প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (ক্রিসানথিয়াম) : ১২/ খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক : ০৯ / জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৮-০৯]
ক ব্রাহ্মণবাড়িয়া খ চট্টগ্রাম
গ মুর্শিদাবাদ ঘ কোলকাতা উত্তর: ক

১৪. বাদ্যযন্ত্র 'সরোদ' এর বর্তমান রূপ দেন-[জাতীয় সংসদ সচিবালয়ের অধীনে সহকারী সচিব : ৯৬]
ক ওস্তাদ রবিশংকর খ ওস্তাদ আয়াত আলী খান
গ ওস্তাদ গোলাম আলী ঘ ওস্তাদ আলাউদ্দিন খান উত্তর: ঘ

১৫. বিশ্ববরেণ্য সঙ্গীতজ্ঞ আলি আকবর খাঁর পিতা- [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৭-০৮]
ক আলাউদ্দিন খাঁ খ আফতাবুদ্দিন খাঁ
গ আয়াত আলি খাঁ ঘ বিসমিল্লাহ খাঁ উত্তর: ক

১৬. 'গাড়ি চলে না চলে না রে'- গানটির রচয়িতা কে? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সাংবাদিকতা এবং গণমাধ্যম) : ১৩-১৪]
ক বাপ্পা মজুমদার খ সঞ্জীব চৌধুরী
গ হাছন রাজা ঘ শাহ আব্দুল করিম উত্তর: ঘ

১৭. শিল্পী আবদুল আলীম নিম্নোক্ত কোন সঙ্গীতে খ্যাতি অর্জন করেছেন? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (কলা ও মানবিক অনুষদ) : ১২-১৩]
ক পল্লীগীতি খ রবীন্দ্র সঙ্গীত
গ লালনগীতি ঘ ভাওয়াইয়া উত্তর: ক

১৮. বাংলাদেশের বিশিষ্ট উচ্চাঙ্গ সঙ্গীতশিল্পী- [তথ্য মন্ত্রণালয়ের অধীনে গণযোগাযোগ অধিদপ্তরে সহকারী তথ্য অফিসার : ০৫ / ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০২-০৩]
ক বারীণ মজুমদার খ আবদুল আলিম
গ সোহরাব হোসেন ঘ সৈয়দ আবদুল হামিদ উত্তর: ক

১৯. বিখ্যাত শিল্পী মান্না দে-র প্রকৃত নাম কী? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (বাংলা) : ১৩-১৪]
ক প্রভাতকুমার দে খ প্রবোধচন্দ্র দে
গ প্রবোধচন্দ্র দত্ত ঘ প্রতুলকুমার দে উত্তর: খ

২০. বুলবুল আহমেদ ছিলেন একজন– [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১০ - ১১]
ক ক্রিকেট খেলোয়াড় খ গায়ক
গ সংসদ সদস্য ঘ অভিনেতা উত্তর: ঘ

BCS Spotlight

Scanned by CamScanner

বাঙালি চিত্রশিল্পী

বাংলাদেশের বিশ্ববরণ্য চিত্রশিল্পীদের মধ্যে উল্লেখযোগ্য হলেন- জয়নুল আবেদিন, এস.এম. সুলতান, কামরুল হাসান, হাশেম খান, শাহাবুদ্দিন আহমেদ, শফিউদ্দিন আহমেদ প্রমুখ, মুর্তজা বশীর, শিশির ভট্টাচার্য, রশীদ চৌধুরী, নিতুন কুণ্ডু, রণবী, মুস্তফা মনোয়ার প্রমুখ।


জয়নুল আবেদিন (১৯১৪ - ১৯৭৬ খ্রি:)

শিল্পাচার্য জয়নুল আবেদিন (Zainul Abedin) বাংলাদেশের বিখ্যাত চিত্রশিল্পী। তিনি ১৯৪৩ খ্রিস্টাব্দে বাংলার ভয়াবহ দুর্ভিক্ষ (পঞ্চাশের মন্বন্তর)-এর ছবি একে আন্তর্জাতিক খ্যাতি অর্জন করেন। তাঁর বিখ্যাত চিত্রকর্মের মধ্যে রয়েছে 'সংগ্রাম', 'মনপুরা-৭০', 'ম্যাডোনা-৪৩', 'বিদ্রোহী গরু', 'সাঁওতাল রমনী', 'গায়ের বধূ', 'নবান্ন' প্রভৃতি। তিনি লোকশিল্প জাদুঘর (সোনারগাঁ) এবং ঢাকা আর্ট ইনস্টিটিউট (বর্তমান চারুকলা ইনস্টিটিউট) এর প্রতিষ্ঠাতা।


জয়নুল আবেদিনের বিখ্যাত চিত্রকর্ম



দুর্ভিক্ষ (Famine)



মইটানা (Harrowing)



বিদ্রোহী গরু (Rebel Cow)



সাওতাল রমণী (Santhal Women)



সংগ্রাম (The Struggle)

BCS Spotlight

Collected by : Mohammad Ruhul Kabir Reza
Edited by : Ajgar Ali
Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

কামরুল হাসান



চিত্রশিল্পী কামরুল হাসান (Quamrul Hassan) নিজেকে পটুয়া বলতেন। স্বাধীনতা যুদ্ধকালীন সময়ে জেনারেল ইয়াহিয়ার মুখের ছবি দিয়ে আঁকা পোস্টারটি (এই জানোয়ারদের হত্যা করতে হবে) খুব বিখ্যাত। কামরুল হাসান ১৯৭২ সালে তৎকালীন সরকারের অনুরোধে শিবনারায়ণ দাশ কর্তৃক ডিজাইনকৃত পতাকার বর্তমান রূপ দেন। তিনি ১৯৮৮ সালে স্বৈরশাসক এরশাদকে ব্যঙ্গ করে 'দেশ আজ বিশ্ব বেহায়ার খপ্পরে' পোস্টারটি স্কেচ আঁকেন। তাঁর বিখ্যাত চিত্রকর্ম 'তিন কন্যা', 'রায়বেঁশে নৃত্য' এবং 'নাইওর'।

এস. এম সুলতান

শেখ মোহাম্মদ সুলতান (S.M Sultan) বিখ্যাত চিত্রকর্ম 'হত্যাযজ্ঞ', 'প্রথম বৃক্ষরোপণ' এবং 'চরদখল'। শেষ বয়সে নড়াইলের নিজবাড়ীতে তিনি শিশুদের জন্য 'শিশুস্বর্গ'ও 'চারুপীঠ' নামে দুটি চিত্র অঙ্কন প্রতিষ্ঠান গড়ে তোলেন।


চর দখল

নিতুন কুণ্ডু


সার্ক ফোয়ারা

নিতুন কুণ্ডু (Nitun Kundu) বাংলাদেশের একজন বিখ্যাত চিত্রশিল্পী। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের 'সাবাস বাংলাদেশ', ঢাকার কাউরানবাজারের 'সার্ক ফোয়ারা', ঢাকার হাইকোর্ট সংলগ্ন 'কদম ফোয়ারা' তাঁর উল্লেখযোগ্য ভাস্কর্য ও শিল্পকর্ম। তাঁর প্রণীত পোস্টারগুলোর মধ্যে উল্লেখযোগ্য হল 'সদা জাগ্রত বাংলার মুক্তিবাহিনী ও বাংলার বীর মুক্তিযোদ্ধা'।

রনবী

রফিকুন্নবী উপনাম রনবী (Ranabi) বাংলাদেশের খ্যাতনামা ব্যঙ্গচিত্রশিল্পী ও কার্টুনিস্ট। 'টোকাই' নামক কার্টুন চরিত্রটি তার অনবদ্য সৃষ্টি।


টোকাই

মুস্তফা মনোয়ার

মুস্তফা মনোয়ারের (Mustofa Monowar) বাংলাদেশের একজন গুণী চিত্রশিল্পী। দ্বিতীয় সাফ গেমসের প্রতীক 'মিশুক' নির্মাণ এবং ঢাকা কেন্দ্রীয় শহীদ মিনারের পিছনে লাল রঙের সূর্যের প্রতিরূপ স্থাপনায় তাঁর সৃজনশীল প্রতিভার পরিচয় মেলে। শিক্ষামূলক কার্টুন 'মীনা' তাঁর অমর সৃষ্টি। মীনা দক্ষিণ এশিয়ার বিভিন্ন ভাষায় নির্মিত একটি জনপ্রিয় টিভি কার্টুন ধারাবাহিক এবং কমিক বই। মীনার জনপ্রিয়তা এবং গ্রহণযোগ্যতার জন্য সার্কের পক্ষ থেকে ২৪ সেপ্টেম্বর 'মীনা দিবস' ঘোষণা করা হয়। সামাজিক সচেতনতা বাড়ানোর লক্ষ্যে ইউনিসেফের সহযোগিতায় 'মীনা' কার্টুন তৈরি করা হয়।



Scanned by CamScanner

হামিদুজ্জামান খান

বহুমাত্রিক শিল্পী হামিদুজ্জামান খান জলরঙ এবং তৈলচিত্রের পাশাপাশি ভাস্কর্য শিল্পে অসামান্য দক্ষতার স্বাক্ষর রেখেছেন। ১৯৮১ সালে বঙ্গভবনে 'পাখি পরিবার', ১৯৮৮ সালে সিউল অলিম্পিকে 'স্টেপস', ১৯৯০ সালে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে 'সংশপ্তক' এবং ২০০৩ সালে দক্ষিণ কোরিয়ার জাতীয় ভাস্কর্য উদ্যানে তাঁর ভাস্কর্য স্থান পায়।

MCQ Solution

১. ২০১৪ কোন শিল্পীর শততম জন্মবার্ষিকী? [ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৪ -১৫ / জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (বাংলা) : ১৩-১৪]

ক সফিউদ্দিন আহমেদ খ এস এম সুলতান
গ কামরুল হাসান ঘ জয়নুল আবেদিন
উত্তর: ঘ

২. শিল্পাচার্য বলতে কাকে বুঝায়? [সোনালী, জনতা, অগ্রণী এবং রূপালী ব্যাংকের সিনিয়র অফিসার : ০০]

ক জয়নুল আবেদিন খ কামরুল হাসান
গ হাশেম খান ঘ আমিনুল ইসলাম
উত্তর: ক

৩. 'ম্যাডোনা-৪৩' কি? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (গামা) : ১৪/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (সমাজকর্ম বিভাগ) : ০৪-০৫]

ক প্রখ্যাত মডেল খ একটি বিখ্যাত ভাস্কর্য
গ অস্কার জয়ী ফিল্ম ঘ একটি চিত্রকর্ম
উত্তর: ঘ

৪. 'ম্যাডোনা ১৯৪৩' হলো- [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৪-০৫]

ক কামরুল হাসানের চিত্রকর্ম খ রশীদ চৌধুরীর টেরাকোটা
গ জয়নুল আবেদিন চিত্রকর্ম ঘ জহির রায়হানের চলচ্চিত্র
উত্তর: গ

৫. বাংলার ১৯৪৩ সালের দুর্ভিক্ষের উপর ছবি এঁকে বিখ্যাত হন কোন শিল্পী? [২০তম বিসিএস / উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা : ১৫ / জগন্নাথ বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৪ - ১৫ / প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (খোলাপ) : ০৯]

ক শিল্পাচার্য জয়নুল আবেদিন খ শিল্পী কামরুল হাসান
গ শিল্পী এস এম সুলতান ঘ শিল্পী শাহাবুদ্দিন
উত্তর: ক

৬. দুর্ভিক্ষের উপর আঁকা বিখ্যাত 'ম্যাডোনা-১৯৪৩' ছবিটির চিত্রশিল্পী কে ছিলেন? [মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অধীন জুনিয়র অডিটর : ১৪/ ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৩- ১৪ / বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের অফিস সহকারী : ১২/ পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সহকারী পরিকল্পনা কর্মকর্তা : ১২ / টেলিফোন বোর্ডের সহকারী পরিচালক : ০৪]

ক রফিকুন্নবী খ কামরুল হাসান
গ জয়নুল আবেদিন ঘ হাশেম খান
উত্তর: গ

৭. **The series of sketches known as 'Famine Sketches' was drawn by - / 'দুর্ভিক্ষের চিত্রমালা' এঁকেছিলেন কোন শিল্পী?** [Bangladesh Bank Assistant Director : 14]

ⓐ S. M. Sultan ⓑ kamrul Hassan
ⓒ Qaiyum Chowdhury ⓓ Zainul Abedin
Ans: d

৮. শিল্পাচার্য জয়নুল আবেদিন 'দুর্ভিক্ষের চিত্রমালা' এঁকেছিলেন কোন মন্বন্তরকে অবলম্বন করে? [ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৪ -১৫]

ক ছিয়াত্তরের মন্বন্তর খ তেতাল্লিশের মন্বন্তর
গ চুয়াত্তরের মন্বন্তর ঘ সত্তরের মন্বন্তর
উত্তর: খ

৯. শিল্পাচার্য জয়নুল আবেদিনের চিত্রকর্ম কোনটি? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ভূগোল ও পরিবেশ বিদ্যা বিভাগ) : ০৫-০৬]

ক সংগ্রাম খ নবান্ন
গ ম্যাডোনা-৪৩ ঘ বর্ণিত সবকয়টি
উত্তর: ঘ

BCS Spotlight

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

১০. কোনটি শিল্পাচার্য জয়নুল আবেদিনের চিত্রকর্ম নয়? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সাংবাদিকতা এবং গণমাধ্যম) : ১৩-১৪]
ক দুঃসহ জীবন খ সংগ্রাম
গ নবান্ন ঘ গায়ের বধূ উত্তর: ক

১১. 'মনপুরা-৭০' কি? [২৬তম বিসিএস/ অগ্রণী ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১৫ / জাতীয় রাজস্ব বোর্ডের সহকারী রাজস্ব কর্মকর্তা : ১২/ বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক : ১১]
ক একটি উপজেলা খ একটি নদী বন্দর
গ একটি উপন্যাস ঘ একটি চিত্র শিল্প উত্তর: ঘ

১২. 'সংগ্রাম' চিত্রকর্মের শিল্পী- [কেন্দ্রীয়ার জেনারেল ডিফেন্স ফাইনান্স- এর কার্যালয়ের অধীন জুনিয়র অডিটর : ১৪/ ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৬-০৭]
ক এসএম সুলতান খ জয়নুল আবেদিন
গ কামরুল হাসান ঘ যামিনী রায় উত্তর: খ

১৩. ঢাকার চারুকলা ইনস্টিটিউট প্রতিষ্ঠা করেন - [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (কলা ও মানবিক অনুষদ) : ১২-১৩]
ঝালকাঠি	বিশখালী	ঢাকা	বুড়িগঙ্গা
বরগুনা	বিশখালী ও হরিণঘাটা	লালবাগের কেল্লা	বুড়িগঙ্গা
খুলনা	ভৈরব ও রূপসার মিলনস্থল	টঙ্গী	তুরাগ
ফেনী	ফেনী	গাজীপুর	তুরাগ
বরিশাল	কীর্তন খোলা	ভোলা	তেতুলিয়া ও বলেশ্বর
দিনাজপুর	পুনর্ভবা	পিরোজপুর	বলেশ্বর
মাদারীপুর	আড়িয়াল খাঁ	কুঁড়িগ্রাম	ধরলা
মৌলভীবাজার	মনু	যশোর	কপোতাক্ষ নদী
ব্রাহ্মণবাড়ীয়া	তিতাস	ঝিনাইদহ	নবগঙ্গা
ঠাকুরগাঁও	টাঙ্গন	হবিগঞ্জ	খোয়াই
সাতক্ষীরা	পাঙ্গাশিয়া	পটুয়াখালী	পায়রা

ফেরীঘাটের অবস্থান

ফেরীঘাট	অবস্থান	ফেরীঘাট	অবস্থান
বাহদুরাবাদ	জামালপুর	পাটুরিয়া	মানিকগঞ্জ
জগন্নাথগঞ্জ	জামালপুর	আরিচা	মানিকগঞ্জ
দৌলতদিয়া	রাজবাড়ী	মাওয়া	মুন্সিগঞ্জ
নগরবাড়ি	পাবনা	কাওরাকান্দি	মাদারীপুর

MCQ Solution

১. মাওয়া ফেরিঘাট কোন জেলায় অবস্থিত? [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৮-০৯]

ক শরীয়তপুর খ মাদারীপুর

গ ঢাকা ঘ মুন্সিগঞ্জ

উত্তর: ঘ

Scanned by CamScanner

২. মাওয়া ফেরিঘাট কোন নদীর তীরে অবস্থিত? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০১-০২]
ক ভৈরব খ মেঘনা
গ রূপসা ঘ পদ্মা
উত্তর: ঘ

৩. ঢাকা যে নদীর তীরে অবস্থিত – [পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্মচারী : ১৩/ খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক : ০৯/ খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক : ০৯/ বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক : ০০]
ক ইরাবতী খ বুড়িগঙ্গা
গ শীতলক্ষ্যা ঘ ব্রহ্মপুত্র
উত্তর: খ

৪. চট্টগ্রাম কোন নদীর তীরে অবস্থিত? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (হেমন্ত) : ১০]
ক হুসাই খ গোমতি
গ সুরমা ঘ কর্ণফুলী
উত্তর: ঘ

৫. সিলেট কোন নদীর তীরে অবস্থিত? [২২তম বিসিএস/ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ই ইউনিট): ১৩-১৪/ Sonali, Janata, Agrani and Rupali Bank Senior Officer : 99]
ক আড়িয়াল খাঁ খ সুরমা
গ চন্দনা ঘ রূপসা
উত্তর: খ

৬. বরিশাল কোন নদীর তীরে অবস্থিত? [খাদ্য অধিদপ্তরের খাদ্য পরিদর্শক : ০৯]
ক কীর্তনখোলা খ মেঘনা
গ আড়িয়াল খাঁ ঘ কোনোটিই নয়
উত্তর: ক

৭. কীর্তনখোলা নদী কোন জেলায়? [পরিবার পরিকল্পনা অধিদপ্তর হিসাব রক্ষক : ১১]
ক মাদারীপুর খ বরিশাল
গ খুলনা
উত্তর: খ

৮. যশোর কোন নদীর তীরে অবস্থিত? [পরিবেশ ও বন মন্ত্রণালয়ের পরিবেশ অধিদপ্তরের সহ-পরিচালক(কারিগরী), সহ-পরিচালক(প্রশাসন) ও রিসার্চ অফিসার : ০৭]
ক পশুর খ গড়াই
গ কপোতাক্ষ ঘ যমুনা
উত্তর: গ

৯. কপোতাক্ষ : যশোর হলে, নিচে কোন সম্পর্কটি সঠিক? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (প্রত্নতত্ত্ব) : ১৩-১৪]
ক চলন বিল : রাজশাহী খ মধুমতি : মাগুরা
গ পাহাড় : রাঙ্গামাটি ঘ চা : সিলেট
উত্তর: খ

১০. কুষ্টিয়া শহর কোন নদীর তীরে অবস্থিত? [কর্মসংস্থান ব্যাংক অফিসার (ক্যাশ) : ১৫/ শ্রম পরিদপ্তরের সহকারী শ্রম পরিচালক : ০৪]
ক গড়াই খ আত্রাই
গ পদ্মা ঘ মহানন্দা
উত্তর: ক

১১. মাদারীপুর শহর কোন নদীর তীরে অবস্থিত? [অর্থ মন্ত্রণালয়ের অধীন প্রশাসনিক কর্মকর্তা : ০৪ / ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০০-০১]
ক মধুমতি খ আড়িয়াল খাঁ
গ পদ্মা ঘ কুমার
উত্তর: খ

১২. টেকনাফ কোন নদীর তীরে অবস্থিত? [২৯তম বিসিএস]
ক পদ্মা খ যমুনা
গ নাফ ঘ কর্ণফুলি
উত্তর: গ

BCS Spotlight

Scanned by CamScanner

১৩. বাংলাদেশের এই শহর নদীর তীরে অবস্থিত নয়- [বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড সহকারী সচিব : ১৫/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক : ৯৯]

ক সিলেট খ ঝালকাঠি
গ গোপালগঞ্জ ঘ নোয়াখালী উত্তর:

ব্যাখ্যা: সঠিক উত্তর নেই। কারণ, সিলেট - সুরমা, ঝালকাঠি - বিশখালী, গোপালগঞ্জ - মধুমতি এবং নোয়াখালী - মেঘনা ও ডাকাতিয়া নদীর তীরে অবস্থিত।

১৪. সিরাজগঞ্জ শহর কোন নদীর তীরে অবস্থিত? [বহির্গমন ও পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক : ১৪]

ক মেঘনা খ যমুনা
গ পদ্মা ঘ ধলেশ্বরী উত্তর: খ

১৫. কুমিল্লা জেলা কোন নদীর তীরে অবস্থিত? [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স-এর কার্যালয়ের অধীন জুনিয়র অডিটর : ১৪]

ক পশুর খ মাতামহুরী
গ গোমতী ঘ সুরমা উত্তর: গ

১৬. রংপুর দিয়ে প্রবাহিত নদীর নাম – [তথ্য মন্ত্রণালয়ের অধীনে তথ্য অফিসার : ০৫]

ক ঘানট খ বাসলী
গ তিস্তা ঘ ধরলা উত্তর: গ

১৭. গোয়ালপাড়া বিদ্যুৎ কেন্দ্র কোন নদীর তীরে অবস্থিত? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০০-০১]

ক ভৈরব খ মেঘনা
গ রূপসা ঘ সুরমা উত্তর: ক

১৮. সারদা পুলিশ একাডেমি কোন নদীর তীরে অবস্থিত? [জাতীয় সংসদে সচিবালয়ে সহকারী গবেষণা অফিসার : ০৫]

ক পদ্মা খ যমুনা
গ করতোয়া ঘ আত্রাই উত্তর: ক

১৯. নদীর তীরবর্তী শহর-বন্দর নিম্নের কোনটি সঠিক? [এমবিবিএস : ০৮-০৯]

ক শিলাইদহ-মেঘনা খ চালনা-যমুনা
গ সারদা-পদ্মা ঘ ঠাকুরগাঁও-পশুর উত্তর: গ

২০. 'মহানন্দা' নদী কোন জেলায়? [পরিবেশ অধিদপ্তরে রিসার্চ অ্যাসিসটেন্ট : ০৬]

ক দিনাজপুর খ রংপুর
গ বগুড়া ঘ পাবনা উত্তর: ক

২১. 'ভৈরব' নদীর তীরে কোন শহর অবস্থিত? [যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক : ১৪]

ক ভৈরব বাজার খ আশুগঞ্জ
গ মুন্সীগঞ্জ ঘ খুলনা উত্তর: ঘ

২২. 'ভৈরব' নদীর অবস্থান কোথায়? [সংস্থাপন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা : ০৭]

ক কিশোরগঞ্জ খ পঞ্চগড়
গ বরিশাল ঘ ঝিনাইদহ উত্তর: ক

২৩. চেঙ্গী নদী কোন জেলায় অবস্থিত? [৩য় বিজেএস (সহকারী জজ) : ০৭]

ক বান্দরবান খ খাগড়াছড়ি
গ পার্বত্য চট্টগ্রাম ঘ সিলেট উত্তর: খ

২৪. ধান সিঁড়ি নদী কোন জেলায় অবস্থিত? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১০ - ১১ / শ্রম অধিদপ্তরের রেজিস্ট্রার : ০০]

ক ঢাকা খ রাজশাহী
গ নোয়াখালী ঘ বরিশাল উত্তর: ঘ

BCS Spotlight

Scanned by CamScanner

২৫. **In which district of Bangladesh is the river 'Rajat Rekha' located?** [Sonali Bank Ltd Senior Officer : 10]

ⓐ Thakurgaon ⓑ Munshigonj
ⓒ Patuakhali ⓓ Narail
ⓔ None of these

Ans: b

২৬. **Piyan River is located in-** [National Bank Ltd. Probtionary Officer : 14]

ⓐ Rangamati ⓑ Sylhet
ⓒ Cox's Bazar ⓓ Barisal

Ans: b

২৭. **কোন নদীগুলো বাংলাদেশের?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (নাটক ও নাট্যতত্ত্ব) : ১৩-১৪]

ⓚ হুগলি, গঙ্গা, পদ্মা, মেঘনা
ⓚ কালিগঙ্গা, ইছামতি, শীতলক্ষ্যা, কিত্তনখোলা
ⓖ ভাগীরথী, আঁড়িয়াল খাঁ, সুরমা, নর্দমা
ⓖ পদ্মা, মেঘনা, যমুনা, ভাগীরথী

উত্তর: খ

BCS Spotlight

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/...spotlight
Scanned by CamScanner

বাংলাদেশের ঐতিহাসিক স্থান ও নিদর্শন
Historical Places & Patterns in Bangladesh

উয়ারী বটেশ্বর (Wari-Bateshwar ruins)

উয়ারী ও বটেশ্বর নরসিংদীর বেলাব উপজেলায় অবস্থিত দুটি পাশাপাশি গ্রাম। গ্রাম দুটির পাশ দিয়ে প্রাচীনকাল থেকে বয়ে গেছে পুরাতন ব্রহ্মপুত্র নদ ও এর শাখা আড়িয়াল খাঁ, গঙ্গাজলি ও কয়রা নদী। এখানে গুরুত্বপূর্ণ প্রত্নস্থলের সন্ধান পাওয়া গেছে। এটি উয়ারী-বটেশ্বর নামে পরিচিত। ধারণা করা হয় চার খ্রিষ্টপূর্ব অব্দে মৌর্য যুগে এখানে একটি সভ্যতার যাত্রা শুরু হয়। পরীক্ষা করে দেখা গেছে, পুণ্ড্রনগরে সভ্যতা গড়ার কিছু আগে এখানে নগর সভ্যতা নির্মাণ করা হয়েছিল। এটি মাটির নিচে একটি দূর্গ নগরী।



প্রত্নতাত্ত্বিকদের অনেকেই উয়ারী বটেশ্বরকে টলেমির 'সৌনাগড়া' বলে উল্লেখ করে থাকেন। এখানে প্রাপ্ত চারটি পাথরে নিদর্শন প্রস্তর যুগের বলে মনে করা হয়। ২০১০ সালে এখানে আবিষ্কৃত হয় ১৪০০ বছরের প্রাচীন প্রাচীন ইঁট নির্মিত বৌদ্ধ পদ্মমন্দির। ১৯৩০ সালের দিকে স্থানীয় স্কুল শিক্ষক জনাব মোহাম্মদ হানিফ পাঠান প্রথম উয়ারি বটেশ্বরকে সুধী সমাজের নজরে আনেন। ২০০০ সালে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রত্নতত্ত্ববিভাগের উদ্যোগে শুরু হয় এর প্রথম খনন কাজ। খনন কাজের নেতৃত্ব দেন বিভাগের প্রধান সুফী মোস্তাফিজুর রহমান।

পুণ্ড্রনগর (Mohasthangarh)

বগুড়া জেলার শিবগঞ্জ উপজেলায় অবস্থিত মহাস্থানগড় বাংলাদেশের অন্যতম প্রাচীন পুরাকীর্তি। বাংলার প্রাচীনতম জনপদ ছিল পুণ্ড্র বা পৌণ্ড্র। পুণ্ড্রদের আবাসস্থলই পুণ্ড্র বা পুণ্ড্রবর্ধন নামে পরিচিত।



এই পুণ্ড্র রাজ্যের রাজধানী ছিল পুণ্ড্রনগর। আনুমানিক খ্রিষ্টপূর্ব চার শতকে এই নগর গড়ে উঠেছিল। পুণ্ড্রনগরের বর্তমান নাম মহাস্থানগড়। এটি মৌর্য ও গুপ্ত রাজবংশের প্রাদেশিক রাজধানী ছিল। কথিত আছে, এখানে পরশুরামের সাথে ফকির বেশী আধ্যাত্মিক শক্তির অধিকারী হযরত শাহ্ সুলতান মাহমুদ বলখী (র.) এর যুদ্ধ হয়। যুদ্ধে (১২০৫- ১২২০ খ্রি.) পরশুরাম পরাজিত ও নিহত হন। শাহ সুলতান বলখী (র.) এ অঞ্চলে ইসলামের পতাকা উড্ডীন করেন। গড়ের পূর্ব পার্শ্বে রয়েছে করতোয়া নদীর তীরে অবস্থিত শীলাদেবীর

Scanned by CamScanner

ঘাট। এখানে রয়েছে সম্রাট অশোক নির্মিত বৌদ্ধ স্তম্ভ যা 'বেহুলার বাসর ঘর' নামে পরিচিত। মহাস্থানগড়ে একটি ব্রাহ্মী লিপি পাওয়া গেছে। এটি হচ্ছে বাংলার প্রাচীনতম শিলালিপি। মহাস্থানগড়ের দর্শনীয় স্থান শাহ সুলতান বলখীর মাজার, পরশুরামের প্রাসাদ, খোদার পাথর ভিটা, বৈরাগীর ভিটা, গোবিন্দ ভিটা, লক্ষীন্দরের মেধ, কালীদহ সাগর, পদ্মাদেবীর বাসভবন ইত্যাদি। ১৮০৮ সালে বুকানন হ্যামিল্টন সর্বপ্রথম এ স্থানটি আবিষ্কার করেন। ১৮৭৯ সালে আলেকজান্ডার কানিংহাম স্থানটিকে প্রাচীন পুণ্ড্রবর্ধনের রাজধানী হিসাবে সনাক্ত করেন।

স্থান	অবস্থান
বৈরাগীর ভিটা	মহাস্থানগড়, বগুড়া
বৈরাগীর চাল	শ্রীপুর, গাজীপুর

কোটিবর্ষ

দেবকোট (বা কোটিবর্ষ) ছিল বাংলার এক প্রাচীন শহর। কোটিবর্ষ ছিল পুণ্ড্রবর্ধন ভুক্তির একটি অংশ। অধুনা ভারতের পশ্চিমবঙ্গ রাজ্যের দক্ষিণ দিনাজপুর জেলার বাণগড় গ্রামে এই শহরের ধ্বংসাবশেষ আবিষ্কৃত হয়েছে।

নোয়াপাড়া ঈষাণচন্দ্রনগর

কুমিল্লা জেলার চৌদ্দগ্রাম উপজেলায় অন্যতম বৃহৎ অনাবিষ্কৃত প্রত্নতাত্ত্বিক স্থান। ধ্বংসাবশেষের বেশির ভাগ এলাকা বৌদ্ধ আমলের। পন্ডিতগণ মনে করেন এই নিদর্শনগুলো হারিয়ে যাওয়া নগরী কর্মান্ত ভাসাকর - যা সপ্তম শতকের সমতটের রাজধানী খাদগা।

MCQ Solution

১. নিচের কোন প্রত্নস্থানটি আদি ঐতিহাসিক সময়ের প্রতিনিধিত্ব করে? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (প্রত্নতত্ত্ব) : ১২-১৩]

ক চাকলাপুঞ্জি খ উয়ারী–বটেশ্বর
গ কোটালিপাড়া ঘ সোনারগাঁ

উত্তর: খ

২. বাংলাদেশে সর্বশেষ প্রত্নতাত্ত্বিক নিদর্শন আবিষ্কৃত হয়েছে– [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১০ -১১]

ক মহাস্থানগড় খ বান্দরবান
গ উয়ারী-বটেশ্বর ঘ ময়নামতি

উত্তর: গ

৩. উয়ারী-বটেশ্বর কেন আলোচিত? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (নৃবিজ্ঞান) : ১৩-১৪]

ক পর্যটন স্থান খ প্রশাসনিক কেন্দ্র
গ তীর্থস্থান ঘ প্রত্নতাত্ত্বিক স্থান

উত্তর: ঘ

৪. উয়ারী–বটেশ্বর কোথায় অবস্থিত? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক : ১৫ / জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৪ - ১৫ / রাজশাহী বিশ্ববিদ্যালয় (সমাজ বিজ্ঞান) : ০৮-০৯]

ক নারায়ণগঞ্জ খ মুন্সিগঞ্জ
গ দাউদকান্দি ঘ নরসিংদী

উত্তর: ঘ

৫. উয়ারী-বটেশ্বরের প্রত্নাবশেষ কোন সময়কার? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ-ইউনিট) : ০৮-০৯]

ক ৩০০ খ্রি:পূ: খ ৪০০ খ্রি:পূ:
গ ৫০০ খ্রি:পূ: ঘ ৬০০ খ্রি:পূ:

উত্তর: খ

BCS Spotlight

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

৬. **The most ancient historical place of Bangladesh is -** [Shahjalal Islami Bank Ltd. Trainee Officer: 13/Agrani Bank Ltd. Senior Officer: 13/RAKUB Officer: 11/Bangladesh Bank AD: 04]

Or,

বাংলাদেশের প্রাচীনতম ঐতিহাসিক স্থান কোনটি? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (নাগরিলয়) : ১২/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (ভূগোল ও পরিবেশ বিদ্যা বিভাগ) : ০৫-০৬/ মহিলা বিষয়ক অধিদপ্তরের অধীনে উপজেলা মহিলা কর্মকর্তা : ০৫]

ⓐ Paharpur ⓑ Mohasthangarh
ⓒ Sonargaon ⓓ Moynamoti
ⓔ Jagannathgonj **Ans. b**

৭. **মহাস্থানগড় এক সময় বাংলার রাজধানী ছিল, তখন তার নাম ছিল-** [১২তম বিসিএস / প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (যমুনা) : ১২ / থানা সহকারী শিক্ষা অফিসার : ১৫]

ক মহাস্থান খ কর্ণসুবর্ণ
গ পুণ্ড্রনগর ঘ রামাবতী **উত্তর: গ**

৮. **পুণ্ড্রবর্ধনের বর্তমান নাম-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (সমাজকর্ম বিভাগ) : ০৩-০৪]

ক পাবনা খ কুমিল্লা
গ মহাস্থানগড় ঘ পাহাড়পুর **উত্তর: গ**

৯. **প্রাচীন 'পুণ্ড্রনগর' কোথায় অবস্থিত?** [২৫তম বিসিএস/ ১৩তম বিসিএস/ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (গামা) : ১৪/ / জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (নৃবিজ্ঞান) : ১৩-১৪ / খাদ্য অধিদপ্তরের উপ-খাদ্য পরিদর্শক : ১২ / প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (ডালিয়া) : ১২]

Or,

Which is the ancient capital of Pundravardhana? [Jahangirnagar University (International Affairs) : 13-14]

ক ময়নামতি খ বিক্রমপুর
গ মহাস্থানগড় ঘ পাহাড়পুর **উত্তর: গ**

১০. **মহাস্থানগড় কোন জেলায় অবস্থিত?** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৬-০৭/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ৯২]

Or,

In which district is the historic 'Mohasthangar' situated? [NCC Bank Ltd. Officer : 02]

ক রাজশাহীতে খ কুমিল্লায়
গ সোনারগাঁওয়ে ঘ বগুড়ায় **উত্তর: ঘ**

১১. **বাংলাদেশের প্রাচীনতম শহর কোনটি?** [পরিবেশ ও বন মন্ত্রণালয়ের অধীন গবেষণা কর্মকর্তা : ০৬ / স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন সহকারী পরিচালক (মাদক) : ০৬ / চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৫-০৬]

ক সোনারগাঁ খ রামপাল
গ বিক্রমপুর ঘ পুণ্ড্র **উত্তর: ঘ**

১২. **বাংলাদেশের প্রাচীনতম নগর কেন্দ্র কোনটি?** [যোগাযোগ মন্ত্রণালয়ের অধীন প্রশাসনিক কর্মকর্তা : ০৬]

ক ময়নামতি খ পাহাড়পুর
গ মহাস্থানগড় ঘ সোনারগাঁ **উত্তর: গ**

১৩. **প্রাচীন বাংলায় পুণ্ড্র নামটি ছিল একটি-** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৭-০৮]

ক জনপদের খ প্রদেশের
গ গ্রামের ঘ নগরের **উত্তর: ক, ঘ**

BCS Spotlight

Scanned by CamScanner

১৪. মৌর্য ও গুপ্ত বংশের রাজধানী কোথায় ছিল? [থানা শিক্ষা অফিসার : ৯৬]
ক গৌড়ে খ ময়নামতিতে
গ মহাস্থানগড়ে ঘ সোনারগাঁওয়ে
উত্তর: গ

১৫. মহাস্থানগড় কোন বংশের প্রত্নতাত্ত্বিক নিদর্শন? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৬-০৭]
ক মৌর্য বংশ খ পাল বংশ
গ সেন বংশ ঘ গুপ্ত বংশ
উত্তর: ক,ঘ

১৬. বাংলাদেশের কোথায় মৌর্যযুগের শিলালিপি পাওয়া গেছে? [রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (হাসনাহেনা) : ১১ / বেসামরিক বিমান ও পর্যটন মন্ত্রণালয়ের অধীন প্রশাসনিক কর্মকর্তা : ০৫ / সাব-রেজিস্ট্রার : ০৩]
ক পাহাড়পুর খ ময়নামতি
গ মহাস্থানগড় ঘ রাজশাহী
উত্তর: গ

১৭. বিখ্যাত সাধক শাহ সুলতান বলখীর মাজার কোথায়? [১২তম বিসিএস/১০ম বিসিএস / প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (জবা) : ০৯]
ক মহাস্থানে খ শাহ্জাদপুরে
গ নেত্রকোনায় ঘ রামপালে
উত্তর: ক

১৮. 'বৈরাগীর ভিটা' অবস্থিত- [ইসলামী বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৩-০৪]
ক বগুড়া খ ময়নামতি
গ সোনারগাঁও ঘ বান্দরবানে
উত্তর: ক

১৯. মহাস্থানগড় কোন নদীর তীরে অবস্থিত? [১১তম বিসিএস/ পরিবার পরিকল্পনা অধিদপ্তর উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার : ১৪/ বাংলাদেশ রেলওয়ের উপ-সহকারী প্রকৌশলী : ১৩/ খাদ্য অধিদপ্তরের উপ-খাদ্য পরিদর্শক : ১২]
ক করতোয়া খ গঙ্গা
গ ব্রহ্মপুত্র ঘ মহানন্দা
উত্তর: ক

২০. বাংলাদেশের মহাস্থান গড়ের পূর্বদিক দিয়ে প্রবাহিত নদীটির নাম কি? [বাংলাদেশ রেলওয়ে সহকারী কমান্ডেন্ট : ০৭]
ক কাঞ্চন খ কালীগঙ্গা
গ কপোতাক্ষ ঘ করতোয়া
উত্তর: ঘ

২১. 'শীলাদেবীর ঘাট' কোথায় অবিস্থত? [মাধ্যমিক সহকারী শিক্ষক : ০৯]
ক বগুড়া খ কুমিল্লা
গ শিলিগুড়ি ঘ নওগাঁ
উত্তর: ক

২২. মহাস্থানগড় এবং প্রাচীন পুন্ড্রবর্ধন নগরী যে একই কে এই শনাক্ত করণ করেন? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ-ইউনিট) : ০৮-০৯]
ক কানিংহাম খ মার্শাল
গ রাখালদাস ঘ রেনেল
উত্তর: ক

২৩. দক্ষিণ দিনাজপুরের বানগড়ে চিহ্নিত হয়েছে যে প্রাচীন নগর তার নাম - [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (প্রত্নতত্ত্ব) : ১৩-১৪]
ক কর্ণসুবর্ণ খ পুন্ড্রনগর
গ রামাবতী ঘ কোটিবর্ষ
উত্তর: ঘ

সোনারগাঁও (Sonargoan)

সোনারগাঁও বর্তমানে নারায়ণগঞ্জ জেলার একটি উপজেলা। পূর্বে মেঘনা, পশ্চিমে শীতলক্ষ্যা, দক্ষিণে ধলেশ্বরী এবং উত্তরে ব্রহ্মপুত্র নদ দ্বারা বেষ্টিত একটি বিস্তৃত জনপদ সোনারগাঁও। এর পূর্ব নাম সুবর্ণগ্রাম। ঈসা খাঁর স্ত্রী সোনা বিবির নামানুসারে সোনারগাও এর নামকরণ করা হয়। সোনারগাঁর

BCS Spotlight

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner


দর্শনীয় স্থান - সোনাবিবির মাজার, পাঁচবিবির মাজার, পাঁচপীরের মাজার, গিয়াস উদ্দিন আজম শাহের মাজার, হোসেন শাহ নির্মিত একটি সদৃশ্য মসজিদ, ঈসা খাঁর স্মৃতি বিজড়িত লোক ও কারুশিল্প জাদুঘর, গ্রান্ড-ট্রাঙ্ক রোড ইত্যাদি। সোনারগাঁও এর পানাম নগরী উনিশ শতকে উচ্চবিত্ত ব্যবসায়ীদের বাসস্থান ছিল।



পানাম নগরী

লালবাগের কেল্লা (Lalbagh Fort)

লালবাগের কেল্লা মুঘল আমলের ঐতিহাসিক নিদর্শন। এটি পুরোনো ঢাকার লালবাগে অবস্থিত একটি দুর্গ। এই কেল্লার পূর্ব নাম আওরঙ্গবাদ দুর্গ। সম্রাট আওরঙ্গজেবের শাসনামলে তার তৃতীয় পুত্র শাহজাদা মোহম্মদ আযম শাহ ১৬৭৮ খ্রিস্টাব্দে এর নির্মাণ কাজ শুরু করেন। সুবেদার শায়েস্তা খাঁর আমলে এর নির্মাণ কাজ অব্যাহত থাকে। তবে তার কন্যা পরিবিবি (প্রকৃত নাম ইরান দুখত) এর মৃত্যুর পর ১৬৮৪ খ্রিস্টাব্দে এর নির্মাণ কাজ বন্ধ করে দেন। কেল্লা এলাকাতে পরিবিবির সমাধি অবস্থিত।



কেল্লার উত্তর-পশ্চিমাংশে বিখ্যাত শাহী মসজিদ অবস্থিত।

ঐতিহাসিক স্থান	অবস্থান	নির্মাতা
লালবাগের কেল্লা	ঢাকার লালবাগ, ঢাকা	শাহজাদা মোহম্মদ আযম শাহ এবং শায়েস্তা খাঁ
লালকেল্লা	দিল্লি, ভারত	সম্রাট শাহজাহান

বড় কাটরা এবং ছোট কাটরা (Bara Katra & Choto Katra)

বড় কাটরা (Bara Katra) ঢাকার চকবাজারে অবস্থিত মুঘল আমলের নিদর্শন। সম্রাট শাহজাহানের পুত্র শাহসুজার নির্দেশে আবুল কাসেম ১৬৪১ খ্রিস্টাব্দে বুড়িগঙ্গা নদীর তীরে এই ইমারতটি নির্মাণ করেন। ছোট কাটরা ঢাকার চকবাজারে অবস্থিত শায়েস্তা খাঁর আমলে তৈরি একটি ইমারত। তিনি এটি সরাইখানা বা প্রশাসনিক কাজে ব্যবহারের জন্য নির্মাণ করেন। ১৬৬৩ সালে এর নির্মাণ কাজ শুরু হয় এবং ১৬৭১ সালে এর নির্মাণ কাজ শেষ হয়।



বড় কাটরা



ছোট কাটরা

Scanned by CamScanner

হুসেনি দালান



হোসেনি দালান বা ইমাম বাড়া ঢাকা শহরের বকশিবাজার এলাকার একটি শিয়া উপাসনালয়। মুঘল সম্রাট শাহজাহানের আমলে এটি নির্মিত হয়। হিজরী ১০৫২ সনে সৈয়দ মীর মুরাদ এটি নির্মাণ করেন।

MCQ Solution

১. সোনারগাঁও কেন বিখ্যাত? [শ্রম অধিদপ্তরের দ্বিতীয় শ্রেণিভুক্ত শ্রম কর্মকর্তা : ০৪]
ক শিল্প নগরী খ লোকশিল্প যাদুঘর
গ সোনার প্রস্তর পাওয়া যায় ঘ একটি স্থল বন্দর
উত্তর : খ

২. পাঁচ বিবির মাজার কোথায়? [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০১-০২]
ক সোনারগাঁও খ লালবাগ
গ চট্টগ্রাম ঘ সিলেট
উত্তর: ক

৩. পাঁচ পীরের মাজার কোথায়? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (চট্টগ্রাম বিভাগ) : ০৫]
ক সোনারগাঁয়ে খ রাজশাহীতে
গ ঢাকা শহরে ঘ খুলনা বিভাগ
উত্তর: ক

৪. 'পানাম' কোন জেলায় অবস্থিত? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইসলামী ইতিহাস ও সংস্কৃতি) : ০৫-০৬]
ক নারায়ণগঞ্জ খ ঢাকা
গ কুমিল্লা ঘ মুন্সীগঞ্জ
উত্তর: ক

৫. ঢাকা শহরের প্রধান মুঘল স্থাপত্য কোনটি? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক : ১৫ / জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১০ - ১১]
ক বর্ধমান হাউস খ লালবাগ
গ আহসান মঞ্জিল ঘ বড় কাটারা
উত্তর: খ

৬. বিখ্যাত লালবাগ কেল্লা অবস্থিত- [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ৯২]
ক ঢাকায় খ গাজীপুরে
গ নারায়ণগঞ্জে ঘ কুমিল্লায়
উত্তর: ক

৭. লালবাগের কেল্লা কোন থানায়? [শ্রম অধিদপ্তরের দ্বিতীয় শ্রেণিভুক্ত শ্রম কর্মকর্তা : ০৪]
ক রমনা খ কোতয়ালী
গ ধানমন্ড ঘ লালবাগ
উত্তর: ঘ

৮. লালবাগ কেল্লা নির্মাণ করা হয় - [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৯-১০]
ক ১৬০৫ সালে খ ১৬৭৮ সালে
গ ১৭৫৭ সালে ঘ ১৫২৭ সালে
উত্তর: খ

৯. **Lalbagh Fort at Dhaka was constructed by- / ঢাকার লালবাগের দুর্গ কে নির্মাণ করেন?** [IFIC Bank Ltd. Probationary Officer : 92]
ⓐ Prince Azam, the third son of Aurangazeb
ⓑ Shaista Khan, the Mughul Governor of Bengal
ⓒ Bibi Pari, the daughter of Shaista khan
ⓓ Both (a) & (b)
Ans. d

BCS Spotlight

Scanned by CamScanner

১০. লালবাগ কেল্লার নির্মাণ কাজ আরম্ভ করেন কে? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (ফিলাম) : ১৩ / প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (শীতলক্ষ্যা) : ১৩ / প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক : ০৫ / প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (শিউলি) : ০৯]

ক) ইসলাম খান খ) শায়েস্তা খান
গ) যুবরাজ মোহাম্মদ আযম ঘ) মীর জুমলা উত্তর: গ

১১. ঢাকার লালবাগের দুর্গ নির্মাণ করেন- [৩৬তম বিসিএস/ ১৬তম বিসিএস/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (যমুনা) : ১২ / জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ব্যক্তিগত সহকারী : ১৩/ পাবলিক সার্ভিস কমিশন সচিবালয়ে সহকারী সচিব : ০৫]

ক) শাহ সুজা খ) শায়েস্তা খান
গ) মীর জুমলা ঘ) সুবেদার ইসলাম খান উত্তর: খ

১২. আমাদের রাজধানীর লালবাগের কেল্লা কার সময় তৈরি হয়? [তথ্যমন্ত্রণালয়ের অধীনে টেলিভিশন প্রকৌশলী গ্রেড-২:০৪]

ক) সম্রাট বাবর খ) সম্রাট আকবর
গ) সম্রাট শাহজাহান ঘ) সম্রাট আওরঙ্গজেব উত্তর: ঘ

১৩. লালবাগ কেল্লার আদি নাম- [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৪ -১৫ / প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (দাজলা) : ১৩ / প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (নাগলিঙ্গম) : ১২]

ক) পরীবিবির দুর্গ খ) আজম দুর্গ
গ) আওরঙ্গবাদ দুর্গ ঘ) শায়েস্তা খান দুর্গ উত্তর: গ

১৪. বিবি পরি কে ছিলেন? [বাতিলকৃত ২৪ তম বিসিএস / প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (বুড়িগঙ্গা) : ১৩]

ক) আওরঙ্গজেবের কন্যা খ) শায়েস্তা খানের কন্যা
গ) মুর্শিদকুলি খানের স্ত্রী ঘ) আজিমুসশানের মাতা উত্তর: খ

১৫. লালবাগ কেল্লা কার সমাধিস্থল? [কুমিল্লা বিশ্ববিদ্যালয় : ০৭-০৮]

ক) আমেনা বেগম খ) জিনাতমহল
গ) পরিবানু ঘ) পরিবিবি উত্তর: ঘ

১৬. লালবাগ দুর্গের অভ্যন্তরে সমাধিতে সমাহিত শায়েস্তা খানে এক কন্যার আসল নাম- [১৭তম বিসিএস]

ক) পরিবিবি খ) ইরান দুখত
গ) জাহানারা ঘ) মরিয়ম উত্তর: খ

১৭. নিচের কোনটি লালবাগ দুর্গের অভ্যন্তরে অবস্থিত? [খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক/ অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক : ১২ / রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (জবা) : ১১]

ক) পরি বিবির মাজার খ) ছোটকাটরা
গ) ষাট গম্বুজ মসজিদ ঘ) বড়কাটরা উত্তর: ক

১৮. 'হুসেনী দালান' কে নির্মাণ করেন? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৯-১০]

ক) শায়েস্তা খান খ) শাহ মোহাম্মদ আজম
গ) সুবাদার ইসলাম খান ঘ) মীর মুরাদ উত্তর: ঘ

রাজশাহীর বড়কুঠি



বড়কুঠি বাংলাদেশের রাজশাহী অঞ্চলের সর্বপ্রাচীন এবং সবচেয়ে আকর্ষণীয় ইমারত। অষ্টাদশ শতাব্দীর প্রথমে এটি নির্মিত হয় বলে ধারনা করা হয়। এটি প্রথমে ওলন্দাজ বা ডাচদের ব্যবসা কেন্দ্র ছিল।

BCS Spotlight

Scanned by CamScanner

উত্তরা গণভবন (Uttara Ganobhaban)



দিঘাপাতিয়া রাজবাড়ী (উত্তরা গণভবন) নাটোর জেলায় অবস্থিত এককালে দিঘাপাতিয়া মহারাজাদের বাসস্থান। এটি বর্তমানে বাংলাদেশ সরকারের উত্তরাঞ্চলীয় সচিবালয়। ১৭৪৩ সালে রাজা দয়ারাম রায় এটি নির্মাণ করেন। ১৮৯৭ সালে প্রলয়ংকরী ভূমিকম্পে রাজপ্রাসাদটি ধ্বংসস্তূপে পরিণত হয়। পরে রাজা প্রমদা নাথ রায় এটি পুনঃনির্মাণ করেন। ১৯৬৭ সালে তৎকালীন গভর্নর মোনায়েম খান একে গভর্নরের বাসভবন হিসাবে উদ্বোধন করেন। ১৯৭২ সালে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এই রাজবাড়ীর নামকরণ করেন 'উত্তরা গণভবন'।

আহসান মঞ্জিল (Ahsan Manzil)



আহসান মঞ্জিল ঢাকার নবাবদের প্রাসাদ ছিল। এটি বুড়িগঙ্গা নদীর তীরে ঢাকার কুমারটুলিতে অবস্থিত। মুঘল আমে বরিশালের জমিদার শেখ এনায়েতউল্লাহ এ প্রাসাদটি তৈরি করেন। তার পুত্রের নিকট হতে ফরাসিরা এটি ক্রয় করে ব্যবসা কেন্দ্রে পরিণত করে। ঢাকার নবাব খাজা আলিমউল্লাহ ১৮৩০ সালে ফরাসিদের নিকট হতে ক্রয় করে এটিকে আবার প্রাসাদে পরিণত করেন। নবাব আব্দুল গণি নিজ পুত্র খাজা আহসানউল্লাহর নামানুসারে এটিকে 'আহসান মঞ্জিল' নামকরণ করেন। ১৮৯৭ সালে ঢাকায় ভূমিকম্প আঘাত হানলে আহসান মঞ্জিলের ব্যাপক ক্ষতি হয়। পরবর্তীকালে নবাব আহসানউল্লাহ তা পুনঃনির্মাণ করেন। ১৯০৬ সালে আহসান মঞ্জিলে অনুষ্ঠিত এক সভায় মুসলিম লীগ প্রতিষ্ঠিত হয়। ১৯৯২ সালে আহসান মঞ্জিলকে 'আহসান মঞ্জিল জাদুঘরে' রূপান্তর করা হয়।

ঢাকা কেন্দ্রীয় কারাগার (Dhaka Central Jail)

ঢাকা কেন্দ্রীয় কারাগার ঢাকা শহরের প্রধান কারাগার। এটি ঢাকার চানখারপুল এলাকায় অবস্থিত। মুঘল আমলে এখানে একটি দুর্গ ছিল। ব্রিটিশ শাসনামলে তা কারাগারে রূপান্তরিত করা হয়।

কার্জন হল (Curzon Hall)



কার্জন হল ঢাকার একটি ঐতিহাসিক ভবন। ১৯০৪ সালের ১৯ ফেব্রুয়ারি ভারতের তৎকালীন ভাইসরয় ও বড়লাট লর্ড কার্জন এর ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। এটি নির্মিত হয় ঢাকা কলেজের পাঠাগার হিসাবে। ১৯২১ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হলে কার্জন হল অন্তর্ভুক্ত হয় ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান বিভাগের জন্য - যা আজও ব্যবহৃত হয়।

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

বঙ্গভবন (Bangabhaban)



বাংলাদেশের রাষ্ট্রপতির সরকারী বাসভবন বঙ্গভবন। এটি ঢাকার দিলকুশা এলাকায় অবস্থিত। ১৯০৫ সালে পূর্ববঙ্গ ও আসামের সরকার এ স্থানটি কিনে নেয় এবং প্রসাদোপম বাড়ি তৈরি করে। এটি ব্রিটিশ ও পাকিস্তান আমলে 'গভর্নর হাউস' নামে পরিচিত ছিল। স্বাধীনতা যুদ্ধের পর ১৯৭২ সালের ১২ জানুয়ারি গভর্নর হাউজের নাম পরিবর্তন করে 'বঙ্গভবন' করা হয়। ঐ দিনই আবু সাঈদ চৌধুরী বাংলাদেশের প্রথম সাংবিধানিক রাষ্ট্রপতি হন এবং এ স্থানটিকে রাষ্ট্রপতির ভবন হিসেবে ব্যবহার করেন।

কমনওয়েলথ সমাধি

দ্বিতীয় বিশ্বযুদ্ধে (১৯৪১ - ১৯৪৫খ্রি.) বার্মায় সংঘটিত যুদ্ধে ৪৫০০০ কমনওয়েলথ সৈনিক নিহত হয়। তাদের স্মৃতি রক্ষার্থে তৈরি করা হয় রণ সমাধিক্ষেত্র (War cemetery)। বাংলাদেশে ২টি কমনওয়েলথ সমাধি ক্ষেত্র রয়েছে। একটি চট্টগ্রামে এবং অপরটি কুমিল্লার ময়নামতিতে।



কমনওয়েলথ ওয়ার সেমেট্রি, চট্টগ্রাম



ময়নামতি ওয়ার সেমেট্রি, কুমিল্লা

তিন নেতার মাজার

তিন নেতার মাজার ঢাকা বিশ্ববিদ্যালয় (শাহবাগ থানা) এলাকায় অবস্থিত স্বাধীনতা পূর্ব বাংলার তিন বিখ্যাত নেতা হোসেন শহীদ সোহরাওয়ার্দী, খাজা নাজিমুদ্দিন এবং শেরে বাংলা একে ফজলুল হকের কবরের উপর নির্মিত ঢাকার অন্যতম স্থাপত্য নিদর্শন।



MCQ Solution

১. রাজশাহীর বড়কুঠি নির্মিত হয়- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (আইন বিভাগ) : ০৮-০৯]

ক ইংরেজদের আমলে খ ডাচ আমলে
গ রানী ভবানীর আমলে ঘ শায়েস্তা খাঁর আমলে **উত্তর: খ**

২. **Where is the 'Uttara Ganobhaban' situated?** [Titas Gas Transmission & Distribution Co. Ltd. Deputy Asst Engineer : 11/ Sonali, Janata & Agrani Bank Ltd. Officer (Cash) : 08/ Bangladesh Bank Asst. Director : 04]

Or,

উত্তরা গণভবন কোথায় অবস্থিত? [১৯তম বিসিএস/ পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্মচারী : ১৩/ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (মেহেনা) : ১৩ / বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক : ১১/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (দর্শন) : ০৭-০৮]

ⓐ Chapai Nawabganj ⓑ Rajshahi ⓒ Naogaon
ⓓ Natore ⓔ Bogra **Ans.** d

BCS Spotlight

Scanned by CamScanner

৩. **How old is the Dighapatia palace now known as the Uttara Ganabhaban?/ দিঘাপাতিয়া প্রাসাদ (বর্তমানে উত্তরা গণভবন নামে পরিচিত) কত বছরের পুরানো?** [Agrani Bank Ltd Officer : 11]

ⓐ 150 years ⓑ 175 year ⓒ 225 years
ⓓ 250 years ⓔ 300 years **Ans. e**

৪. **ঢাকার ঐতিহাসিক আহসান মঞ্জিল নির্মিত হয় কবে?** [সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার : ০৬/ কারিগরি শিক্ষা অধিদপ্তরের অধীনে কারিগরি শিক্ষা জুনিয়র ইনস্ট্রাক্টর : ০৫ / কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তরের সহকারী পরিদর্শক (প্রকৌশল) : ০৫]

ⓚ ১৭৭২ সালে ⓛ ১৮৭২ সালে
ⓜ ১৯০৫ সালে ⓝ ১৯১৭ সালে **উত্তর: খ**

৫. **ঢাকার আহসান মঞ্জিল কে নির্মাণ করেন?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৫-০৬]

ⓚ নবাব কুতুব উদ্দিন ⓛ নবাব হাফিজুর রহমান
ⓜ নবাব আবদুল গণি ⓝ নবাব আব্দুল লতিফ **উত্তর: গ**

৬. **আহসান মঞ্জিল কোন জেলায় অবস্থিত?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্মচারী : ১৩]

ⓚ ঢাকা ⓛ চট্টগ্রাম
ⓜ রংপুর ⓝ সিলেট **উত্তর: ক**

৭. **ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান অনুষদ যে এলাকায় অবস্থিত একে বলা হয়-** [Sonali, Janata, Agrani and Rupali Bank Ltd. Senior Officer : 99]

ⓚ শহীদুল্লাহ হল ⓛ এস এম হল
ⓜ কার্জন হল ⓝ এর কোনোটিই নয় **উত্তর: গ**

৮. **লর্ড কার্জন কবে 'কার্জন হল' এর ভিত্তিপ্রস্তর স্থাপন করেন?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৪ -১৫]

ⓚ ১৯০৬ সালের ১৪ ফেব্রুয়ারি ⓛ ১৯০৮ সালের ১৪ ফেব্রুয়ারি
ⓜ ১৯১৪ সালের ১৪ ফেব্রুয়ারি ⓝ ওপরের কোনোটিই নয় **উত্তর: ঘ**

৯. **Dhaka Carzon Hall was built in the year-** [Shahjalal Islami Bank Ltd. Trainee Officer : 13]

Or,

ঢাকা কার্জন হল কত সালে নির্মিত হয়েছিল? [জাতীয় বিশ্ববিদ্যালয় : ০৭-০৮]

ⓐ 1911-12 ⓑ 1946-47 ⓒ 1904-05
ⓓ 1952-53 ⓔ 1920-21 **Ans. c**

১০. **কার্জন হল কোন সালে নির্মিত হয়?** [তথ্য মন্ত্রণালয়ের অধীনে টেলিভিশন প্রকৌশলী (গ্রেড-২) : ০৪/ ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ৯৯-০০]

ⓚ ১৯০৪ ⓛ ১৯০৫
ⓜ ১৯০৬ ⓝ ১৯০৭ **উত্তর: ক**

১১. **বাংলাদেশের রাষ্ট্রপতির সরকারী বাসভবনের নাম কি?** [কর্মসংস্থান ব্যাংক অফিসার (ক্যাশ) : ১৫/ মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অধীনে অডিটর : ১৪/ দুর্নীতি দমন কমিশনের উপ-সহকারী পরিচালক : ১০]

ⓚ গণভবন ⓛ রাষ্ট্রপতি ভবন
ⓜ বঙ্গভবন ⓝ ইডেন ভবন **উত্তর: গ**

১২. **বাংলাদেশের কোথায় কমনওয়েলথ সমাধি রয়েছে?** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৩ - ১৪]

ⓚ চট্টগ্রাম ও কুমিল্লা ⓛ কুমিল্লা ও লক্ষ্মীপুর
ⓜ ঢাকা ও গাজীপুর ⓝ কোনোটিই নয় **উত্তর: ক**

BCS Spotlight

Scanned by CamScanner

১৩. 'তিন নেতার মাজার' রাজধানীর কোন থানার অন্তর্গত? [তথ্য মন্ত্রণালয়ের অধীনে টেলিভিশন প্রকৌশলী (গ্রেড-২) : ০৪]

ক লালবাগ খ রমনা

গ সূত্রাপুর ঘ ধানমণ্ডি উত্তর:

ব্যাখ্যা: তিন নেতার মাজার পূর্বে রমনা থানা এলাকাভুক্ত হলেও বর্তমানে তা শাহবাগ থানায় অবস্থিত।

বাংলাদেশের প্রাচীন এবং বিখ্যাত মসজিদ

ষাট গম্বুজ মসজিদ	বাগেরহাট জেলায় অবস্থিত। পঞ্চদশ শতাব্দীতে পীর খান জাহান আলী এটি নির্মাণ করেন।
বিনত বিবির মসজিদ	প্রাক-মুঘল আমলে নির্মিত ঢাকা শহরের প্রাচীনতম মসজিদ। নারিন্দা পুলের উত্তর দিকে অবস্থিত। ১৪৫৭ খ্রিস্টাব্দে সুলতান নাসিরউদ্দিন মাহমুদ শাহের শাসনামলে মুসাম্মত বখত বিনত বিবি এটি নির্মাণ করেন।
মুসা খান মসজিদ	ঢাকা শহরের প্রাকমুঘল আমলের একটি মসজিদ। এটি ঢাকা বিশ্ববিদ্যালয়ের শহীদুল্লাহ হলের নিকটে কার্জন হলের পিছনে অবস্থিত। ঈসা খাঁর পুত্র মুসা খাঁ এটি নির্মাণ করেন।
দারাসবাড়ি মসজিদ	চাঁপাইনবাবগঞ্জ জেলায় অবস্থিত। ১৪৭৯ খ্রিস্টাব্দে শামসুদ্দিন আবুল মোজাফ্ফর ইউসুফ শাহের আমলে নির্মিত হয়।
রাজবিবি মসজিদ	চাঁপাইনবাবগঞ্জ জেলায় অবস্থিত। ১৪৮০ খ্রিস্টাব্দে নির্মিত হয়।
ছোট সোনা মসজিদ	চাঁপাইনবাবগঞ্জ জেলার শিবগঞ্জ থানায় অবস্থিত। সুলতান আলাউদ্দিন হুসেন শাহের আমলে (১৪৯৩-১৫১৯ খ্রি:) ওয়ালী মোহাম্মদ নামক এক ব্যক্তি মসজিদটি নির্মাণ করেন।
চামচিকা মসজিদ	চাপাইনবাবগঞ্জ জেলায় অবস্থিত। ১৪৫০-১৫১৫ খ্রিস্টাব্দের মধ্যে এটি নির্মিত হয়।
বাঘা মসজিদ	রাজশাহী জেলায় অবস্থিত। ১৫২৩ সালে সুলতান নুসরত শাহ এটি নির্মাণ করেন। ৫০ টাকার নোটে এই মসজিদের ছবি আছে।
আশরাফপুর মসজিদ	নরসিংদী জেলায় অবস্থিত। সুলতান নুসরত শাহের রাজত্বকালে ১৫২৪ খ্রিস্টাব্দে দিলওয়ার খান এটি নির্মাণ করেন।
আওলাদ হোসেন লেনের মসজিদ	মুঘল আমলে নির্মিত ঢাকা শহরের প্রাচীনতম মসজিদ। সুবেদার ইসলাম খান এটি নির্মাণ করেন।
গোয়ালদিহির গায়েবী মসজিদ	সোনারগাঁওয়ে অবস্থিত। সুলতান আলাউদ্দিন হুসেন শাহের আমলে মোল্লা হিজাবর খান ১৫১৯ খ্রিস্টাব্দে এটি নির্মাণ করেন।
কুসুম্বা মসজিদ	নওগাঁ জেলার মান্দা থানার কুসুম্বা গ্রামের একটি প্রাচীন মসজিদ। শূর বংশের শাসক গিয়াসউদ্দিন বাহাদুর শাহের আমলে সুলাইমান নামের একব্যক্তি ১৫৫৮-১৫৫৯ খ্রিস্টাব্দে মসজিদটি নির্মাণ করেন।

Scanned by CamScanner

চকবাজার শাহী মসজিদ	ঢাকা শহরের চকবাজারে অবস্থিত একটি মোঘল আমলের মসজিদ। মুঘল সুবেদার শায়েস্তা খান ১৬৭৬ খ্রিস্টাব্দে এটি নির্মাণ করেন।
হাজী শাহবাজের মসজিদ	ঢাকার রমনা এলাকায় অবস্থিত। মুঘল সুবেদার শাহযাদা আযমের শাসনামলে ১৬৭৯ খ্রিস্টাব্দে হাজী শাহবাজ কর্তৃক মসজিদটি নির্মিত হয়।
সাত গম্বুজ মসজিদ	সাতগম্বুজ ঢাকার জাফরাবাদ এলাকায় অবস্থিত। মসজিদে চারটি মিনার + তিনটি গম্বুজ = মোট সাত, এই কারণে মসজিদের নাম হয়েছে 'সাত গম্বুজ মসজিদ'। মুঘল সুবেদার শায়েস্তা খাঁর আমলে তাঁর পুত্র উমিদ খাঁ ১৬৮০ সালে মসজিদটি নির্মাণ করেন।
লালদীঘি শাহী মসজিদ	রংপুর জেলায় অবস্থিত একটি প্রাচীন মসজিদ।
বেগমবাজার মসজিদ	পুরনো ঢাকার বেগম বাজারে অবস্থিত একটি মসজিদ। ১৭০০-১৭০৪ খ্রিস্টাব্দের মধ্যে এটি নির্মিত হয়।
লালবাগ শাহী মসজিদ	ঢাকার লালবাগ কেল্লার সন্নিহিত স্থানে অবস্থিত মুঘল আমলের একটি মসজিদ। ১৭০৩ খ্রিস্টাব্দে ফখরুখশিয়রের পৃষ্ঠপোষকতায় মসজিদটি নির্মিত হয়।
খান মহম্মদ মির্ধার মসজিদ	পুরান ঢাকার আতশখানায় অবস্থিত মুঘল আমলের একটি প্রাচীন মসজিদ। ১৭০৬ খিস্টাব্দে খান মহম্মদ মির্ধা এটি নির্মাণ করেন।
ওয়ালী খানের মসজিদ	চট্টগ্রাম জেলার চকবাজারে অবস্থিত। মুঘল ফৌজদার ওয়ালী বেগ খান ১৭১৩ থেকে ১৭১৬ খ্রিস্টাব্দের মধ্যে মসজিদটি নির্মাণ করেন।
বাজরা শাহী মসজিদ	নোয়াখালী জেলার বেগমগঞ্জ উপজেলার বাজরা ইউনিয়নে দিল্লির শাহী মসজিদের অনুকরণে নির্মিত বাজরা শাহী মসজিদ মুঘল সাম্রাজ্যের স্মৃতি বহন করে। মুঘল সম্রাট মুহম্মদ শাহের আমলে ১৭৩২ সালে জমিদার আমানউল্লাহ কর্তৃক নির্মিত হয়।
তারা মসজিদ	পুরান ঢাকার আরমানিটোলায় আবুল খয়রাত রোডে অবস্থিত। ১৮ শতকের শেষের দিকে নির্মিত হয়। মীর্জা গোলাম পীর (অন্য নাম মীর্জা আহমদ জান) এটি নির্মাণ করেন।
নয়াবাদ মসজিদ	দিনাজপুর জেলায় অবস্থিত। মুঘল সম্রাট দ্বিতীয় শাহ আলমের আমলে ১৭৯৩ সালে এটি নির্মিত হয়।
হিন্দা কসবা শাহী জামে মসজিদ	জয়পুরহাট জেলায় অবস্থিত। পীর হযরত আবদুল গফুর চিশতীর (রহ) নির্দেশে ১৩৬৫ বঙ্গাব্দে মওলানা আবদুল খালেক চিশতী এটি নির্মাণ করেন।
আতিয়া জামে মসজিদ	টাঙ্গাইল জেলায় অবস্থিত। ১০ টাকার নোটে এ মসজিদের ছবি আছে।
বায়তুল মোকাররম	ঢাকার গুলিস্তানে অবস্থিত বাংলাদেশের জাতীয় এবং বৃহত্তম মসজিদ। ১৯৬০ সালে নির্মিত মসজিদটির স্থপতি আবুল হোসেন মোহাম্মদ থারিয়ানী।
বায়তুল ফালাহ	চট্টগ্রামের বৃহত্তম মসজিদ।

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

MCQ Solution

১. **In which district of Bangladesh, is the Mosque of Binot Bibi located?/ বিনত বিবির মসজিদ কোন জেলায় অবস্থিত?** [EXIM Bank Ltd. MTO : 13/ Dhaka Bank Ltd. MTO : 11]

ⓐ Chittagong ⓑ Sylhet
ⓒ Dhaka ⓓ Rajshahi
ⓔ None of these **Ans. c**

২. বিনত বিবির মসজিদ কোথায় অবস্থিত? [তথ্য মন্ত্রণালয়ের অধীনে গণযোগাযোগ অধিদপ্তরে সহকারী তথ্য অফিসার : ০৫]

ক ঢাকার নারিন্দায় খ রাজশাহীর পুঠিয়ায়
গ জয়পুরহাটের পাঁচবিবিতে ঘ নওগাঁর কুসুম্বায় **উত্তর: ক**

৩. ঢাকা শহরের প্রথম মসজিদ কোনটি- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (সমাজকর্ম বিভাগ) : ০৩-০৪]

ক চকবাজার মসজিদ খ বিনত বিবির মসজিদ
গ লালবাগ শাহী মসজিদ ঘ তারা মসজিদ **উত্তর: খ**

৪. মোগল আমলে ঢাকা শহরের প্রাচীনতম মসজিদ - [আবহাওয়া অধিদপ্তরের অধীন সহকারী আবহাওয়াবিদ : ০৪]

ক সাত গম্বুজ মসজিদ খ লালবাগ শাহী মসজিদ
গ আওলাদ হোসেন লেনের জামে মসজিদ ঘ চকের মসজিদ **উত্তর: গ**

৫. ঢাকার বিখ্যাত 'তারা মসজিদ' তৈরি করেন- [১২তম বিসিএস/ ১০ম বিসিএস]

ক শায়েস্তা খান খ নওয়াব সলিমুল্লাহ
গ মির্জা আহমেদ জান ঘ খান সাহেব আবুল হাসনাত **উত্তর: গ**

৬. ঢাকার বিখ্যাত 'তারা মসজিদ' তৈরি করেছিলেন- [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (দানিদুব) : ১৩ / প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (ক্যামেলিয়া) : ১২ / রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (টগর) : ১১]

ক নবাব সলিমুল্লাহ খ মির্জা আহমদ জান
গ মির্জা গোলাম পীর ঘ শায়েস্তা খান **উত্তর: খ,গ**

৭. ঢাকার তারা মসজিদ কে তৈরি করেছেন? [প্রধানমন্ত্রীর কার্যালয়ে পার্সোনাল অফিসার : ০৪]

ক সুবেদার ইসলাম খান খ শায়েস্তা খান
গ ঈশা খান ঘ নওয়াব সলিমুল্লাহ **উত্তর:**

ব্যাখ্যা: সঠিক উত্তর হবে মীর্জা আহমেদ জান।

৮. সাত গম্বুজ মসজিদের নির্মাতা কে? [সোনালী ব্যাংক লি. অফিসার (ক্যাশ) : ১৪ / প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (ঝিলাম) : ১৩ / রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (হাসনাহেনা) : ১১ / নির্বাচন কমিশন সচিবালয়ে সহকারী পরিচালক : ৯৫]

ক সুবাদার ইসলাম খান খ মীর জুমলা
গ মুরশীদ কুলী খান ঘ শায়েস্তা খান **উত্তর: ঘ**

৯. সাত গম্বুজ মসজিদ কোথায় অবস্থিত? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ১৩-১৪/ কুমিল্লা বিশ্ববিদ্যালয় : ০৬-০৭ / তথ্য মন্ত্রণালয়ের অধীনে তথ্য অফিসার : ০৫]

ক বাগের হাট খ রাজশাহী
গ ঢাকা ঘ সিলেট **উত্তর: গ**

১০. সাত গম্বুজ মসজিদ কোন সুবেদারের আমলে নির্মিত হয়? [শ্রম পরিদপ্তরের মেডিক্যাল অফিসার : ০৫]

ক ইসলাম খান খ শায়েস্তা খান
গ মুর্শিদকুলী খান ঘ শের আপগান **উত্তর: খ**

BCS Copyright

Scanned by CamScanner

১১. ঢাকা মোহাম্মদপুরে অবস্থিত সাত গম্বুজ মসজিদটি কবে নির্মিত হয়েছিল? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (সুরমা) : ১০]

ক সপ্তদশ শতাব্দী খ ষোড়শ শতাব্দী
গ ঊনবিংশ শতাব্দী ঘ পঞ্চদশ শতাব্দী
উত্তর: ক

১২. ঢাকার মোহাম্মদপুরে অবস্থিত সাতগম্বুজ মসজিদের গম্বুজের সংখ্যা– [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (ঝিনাম) : ১৩ / প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (ভিন্ন) : ১০ / প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (রাজশাহী বিভাগ) : ০৭]

ক ৩ টি খ ৪ টি
গ ৬ টি ঘ ৭ টি
উত্তর: ক

১৩. খাজা শাহবাজ মসজিদ অবস্থিত– [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, প্রত্নতত্ত্ব বিভাগ : ০৯-১০]

ক সোনারগাঁও খ রাজশাহী
গ টাঙ্গাইল ঘ ঢাকা
উত্তর: ঘ

১৪. কোনটি মোগল আমলের স্থাপত্য কীর্তি? [নির্বাচন কমিশন সচিবালয়ে সহকারী পরিচালক : ৯৫]

ক আদিনা মসজিদ খ লালবাগ শাহী মসজিদ
গ সোনা মসজিদ ঘ কার্জন হল
উত্তর: খ

১৫. **The Laldighi Mosque is situated in the district of-** [MidlandBankLtd.MTO:15]

ⓐ Bogra ⓑ Rangpur
ⓒ Pabna ⓓ Chittagong
Ans. b

১৬. কুসুম্বা মসজিদ কোথায় অবস্থিত? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৪ - ১৫ / রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৮-০৯]

ক কুমিল্লা খ ঢাকা
গ টাঙ্গাইল ঘ নওগাঁ
উত্তর: ঘ

১৭. গোয়ালদি মসজিদ অবস্থিত - [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (প্রত্নতত্ত্ব বিভাগ) : ০৯-১০]

ক ঢাকা খ সোনারগাঁও
গ ফরিদপুর ঘ মাগুরা
উত্তর: খ

১৮. সোনা মসজিদ কোন জেলায় অবস্থিত? [নির্বাচন কমিশন সচিবালয়ে উপজেলা বা থানা নির্বাচন অফিসার : ০৮]

ক নাটোর খ নওগাঁ
গ চাঁপাইনবাবগঞ্জ ঘ রাজশাহী
উত্তর: গ

১৯. বাংলাদেশের বৃহত্তম মসজিদ - [তথ্য মন্ত্রণালয়ের অধীনে তথ্য অফিসার : ০৫]

ক তারা মসজিদ খ বায়তুল মোকাররম
গ ষাট গম্বুজ মসজিদ ঘ শাহ মখদুম মসজিদ
উত্তর: খ

২০. **Which one is not in Bangladesh?/ নিচের কোন মসজিদটি বাংলাদেশে অবস্থিত নয়?** [Mercantile Bank Ltd. Officer : 04/ SIBL Officer : 04]

ⓐ Sona Masjid ⓑ Tara Masjid
ⓒ Babri Masjid ⓓ Pari Bibir Masjid
Ans. c

BCS Spotlight

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

প্রাচীন বৌদ্ধ বিহার

বৌদ্ধ বিহার	অবস্থান	নির্মাতা	নির্মাণকাল
সীতাকোট বিহার	নবাবগঞ্জ, দিনাজপুর		পঞ্চম বা ষষ্ঠ শতকে
সোমপুর বিহার	পাহাড়পুর, নওগাঁ	পাল রাজা ধর্মপাল	৭৮১ - ৮২১ খ্রি।
শালবন বিহার	ময়নামতি, কুমিল্লা	দেবরাজা ভবদেব	অষ্টম শতক
আনন্দ বিহার		দেবরাজা আনন্দদেব	অষ্টম শতক
ভোজ বিহার			
মহামুনি বিহার	রাউজান, চট্টগ্রাম		
রাজবন বৌদ্ধবিহার	কাপ্তাই, রাঙামাটি		
জগদ্দল বিহার	ধামুইরহাট, নওগাঁ	রাজা রামপাল	
হলুদ বিহার	নওগাঁ		
ভাসু বা বসু বিহার	মহাস্থানগড়, বগুড়া		
শাক্যমুনি বিহার	মিরপুর, ঢাকা		
বিক্রমশীলা মহাবিহার	অন্তিচক, বিহার, ভারত		

সোমপুর বিহার (Somapura Mahavihara)



ধর্মপাল নওগাঁ জেলার (বদলগাছী উপজেলার) পাহাড়পুরে একটি বিহার বা শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন করেন। বিহারটির নাম ছিল সোমপুর বিহার। অষ্টম শতাব্দীতে তিনি এটি নির্মাণ করেন। ভারতীয় উপমহাদেশে প্রত্নতাত্ত্বিক খনন কাজের ফলে যত বৌদ্ধবিহার আবিষ্কৃত হয়েছে তার মধ্যে এটি আয়তনে বৃহত্তম । ১৮০৭-১৮১২ সালের মধ্যে কোনো এক সময়ে বুকানন হ্যামিল্টন পাহাড়পুর পরিদর্শন করেন। এটি ছিল পাহাড়পুরের প্রথম প্রত্নতাত্ত্বিক পরিদর্শন। সেই সূত্র ধরে ১৮৭৯ সালে কানিংহাম এই বিশালকীর্তি আবিষ্কার করেন। 'সত্য পীরের ভিটা' সোমপুর বিহারের একটি উল্লেখযোগ্য স্থান। সোমপুর বিহারে বাগদাদের খলিফা হারুন-অর রশিদের ১২৭ হিজরি (৭৮৮খ্রি.) সনের রৌপ্য মুদ্রা পাওয়া গেছে।

ময়নামতি



কুমিল্লার বিখ্যাত ঐতিহাসিক স্থান 'ময়নামতি' (Moynamoti)। এ এলাকাটি প্রকৃতপক্ষে একটি প্রাচীন নগরী এবং বৌদ্ধ বিহারের অবশিষ্টাংশ। সপ্তম-দ্বাদশ শতাব্দীর মধ্যে এই নগরী

Scanned by CamScanner

ও বিহারগুলো নির্মিত হয়েছিল। রাজা মানিকচন্দ্রের স্ত্রী রানী ময়নামতির নামানুসারে এ স্থানের নামকরণ করা হয়। ময়নামতির পূর্ব নাম ছিল রোহিতগিরি। প্রত্নতাত্ত্বিকদের মতে, ময়নামতি জয়কর্মাঙ্কবসাক নামক একটি প্রাচীন নগরীর ধ্বংসাবশেষ। এখানকার উল্লেখযোগ্য স্থাপনা হলো শালবন বিহার, আনন্দ বিহার, ভোজ বিহার, লালমাই পাহাড়, কুটিলা মুড়া, ইটাখোলা মুড়া, রূপবান মুড়া, চারপত্র মুড়া, রানির বাংলো ইত্যাদি।

অতীশ দীপঙ্করের জন্মস্থানে বৌদ্ধবিহারের সন্ধান

প্রখ্যাত বৌদ্ধ ধর্মপ্রচারক ও পণ্ডিত অতীশ দীপঙ্কর শ্রীজ্ঞানের জন্মস্থলে প্রাচীন বিক্রমপুর (বর্তমান মুন্সিগঞ্জ জেলা) এর বজ্রযোগিণী গ্রামে একটি বৌদ্ধ বিহারের সন্ধান পাওয়া গেছে। ইতিহাসবিদেরা এতদিন যে বিক্রমপুরি বিহারের কথা বলেছেন, এটি সেই বিহার। প্রাক-মধ্যযুগীয় এ স্থাপনাটি খ্রিষ্টীয় অষ্টম বা নবম শতকে নির্মিত।

MCQ Solution

১. বাংলাদেশের সবচেয়ে প্রাচীন বিহার কোনটি? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (চেলটা) : ১৪/ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (দাজলা) : ১৩ / প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (করতোয়া) : ১৩ / প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (রাজশাহী বিভাগ) : ০৭]

ক সোমপুর বিহার খ শালবন বিহার
গ সীতাকোট বিহার ঘ আনন্দ বিহার **উত্তর: গ**

২. সীতাকোট বিহারের অবস্থান– [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৪ - ১৫]

ক কুমিল্লায় খ বগুড়ায়
গ দিনাজপুরে ঘ চট্টগ্রামে **উত্তর: গ**

৩. সপ্তম শতাব্দীতে নির্মিত পাহাড়পুরের বৌদ্ধ বিহারটি কী নামে পরিচিত ছিল? [১০ম বিসিএস/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (যমুনা) : ১২]

ক শ্রী বিহার খ সোমপুর বিহার
গ ধর্মপাল বিহার ঘ জগদ্দল বিহার **উত্তর: খ**

৪. পাহাড়পুরের বৌদ্ধ বিহারের পূর্বনাম ছিল – [বেসামরিক বিমান ও পর্যটন মন্ত্রণালয়ের অধীন প্রশাসনিক কর্মকর্তা : ০৫]

ক ময়নামতি বিহার খ নাটোর বিহার
গ মহাস্থানগড় বিহার ঘ সোমপুর বিহার **উত্তর: ঘ**

৫. **In which district is the historic '*Paharpur*' situated?** [BASIC Bank Officer: 02]

Or,

Paharpur Monastery is in- [Pubali Bank Ltd. Junior Officer : 05]

Or,

পাহাড়পুর বৌদ্ধবিহার বাংলাদেশের কোন জেলায় অবস্থিত? [সহকারী থানা শিক্ষা অফিসার : ১৫/প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (কুমিল্লা বিভাগ) : ০৭]

ⓐ Rajshahi ⓑ Bogra ⓒ Naogaon
ⓓ Comilla ⓔ None of these **Ans. c**

৬. সোমপুর বিহার কোথায় অবস্থিত? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (সিলেট বিভাগ) : ০৬ / মহিলা বিষয়ক অধিদপ্তরের অধীনে উপজেলা মহিলা কর্মকর্তা : ০৫ / ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৩-০৪]

ক নওগাঁ খ দিনাজপুর
গ বগুড়া ঘ রাজশাহী **উত্তর: ক**

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

৭. পাহাড়পুরের বৌদ্ধ বিহারের নির্মাতা কে? [বাতিলকৃত ২৪ তম বিসিএস/ প্রধানমন্ত্রীর কার্যালয়ে সহকারী পরিচালক : ১৫/ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক : ১৫ / আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সাব-রেজিস্ট্রার : ১২]

ক রামপাল খ ধর্মপাল
গ চন্দ্রগুপ্ত ঘ আদিশূর **উত্তর: খ**

৮. নওগাঁ জেলার পাহাড়পুর প্রত্নস্থলটি কে আবিষ্কার করেন? [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০৮]

ক এডমাউন্ড এস ফিলিপস খ এনড্রো জেড ফায়ার
গ জন সি মেথার গোমেজ ঘ বুকানন হ্যামিল্টন **উত্তর: ঘ**

৯. **Paharpur is an archeological remins-** [IFIC Bank Ltd. Probationary Officer : 92]

ⓐ in the district of Rajshahi famous for its Buddhist temples and monasteries
ⓑ situated in the district of naogaon, an old city site built in pal period
ⓒ a site in Comilla famous for its rich stone bronze sculptures, terracopta plaques, ornaments, pots and pans etc.
ⓓ A small hilly city in the border of Burma and Bangladesh **Ans.** b

১০. পাহাড়পুর কোন সভ্যতার নিদর্শন? [সোনালী ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১৪]

ⓐ বৌদ্ধ সভ্যতার ⓑ হিন্দু সভ্যতার
ⓒ খ্রিষ্টীয় সভ্যতার ⓓ মুসলিম সভ্যতার **Ans: a**

১১. পাহাড়পুর খনন কার্যের ফলে প্রাপ্ত ধ্বংসাবশেষ থেকে কাদের সাংস্কৃতিক নিদর্শন পাওয়া গেছে- [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ০৬-০৭/ ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০০-০১]

ক হিন্দু খ মুসলিম
গ বৌদ্ধ ঘ খ্রিস্টান **উত্তর: গ**

১২. 'সত্যপীরের ভিটা' কোথায় অবস্থিত? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাষ্ট্রবিজ্ঞান) : ০৭-০৮]

ক সোমপুর বিহার, নওগাঁ খ পুঠিয়া, রাজশাহী
গ ময়নামতি বিহার, কুমিল্লা ঘ আনন্দ বিহার, কুমিল্লা **উত্তর: ক**

১৩. বাগদাদের প্রসিদ্ধ খলিফা হারুন অর রশিদের মুদ্রা পাওয়া গিয়েছে - [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (প্রত্নতত্ত্ব) : ১২-১৩]

ক উয়ারী–বটেশ্বর খ পাহাড়পুর
গ মহাস্থানগড় ঘ ভারত ভায়না **উত্তর: খ**

১৪. অষ্টম শতাব্দীতে নির্মিত 'শালবন বিহার' কোথায় অবস্থিত? [৩৩তম বিসিএস/ রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (শিউলি) : ১১ / কুমিল্লা বিশ্ববিদ্যালয় (বিবিএ) : ০৮-০৯ / রাজশাহী বিশ্ববিদ্যালয় (আইন) : ০৭-০৮]

ক পাহাড়পুর খ ময়নামতি
গ খাগড়াছড়ি ঘ রাঙামাটি **উত্তর: খ**

১৫. 'শালবন বিহার' কোন রাজবংশের কীর্তি? [জাতীয় বিশ্ববিদ্যালয় (মানবিক) : ০৭-০৮]

ক পাল খ দেব
গ চন্দ্র ঘ রাঢ় **উত্তর: খ**

১৬. 'ভাসুবিহার' কোন জেলায় অবস্থিত? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইসলামী ইতিহাস ও সংস্কৃতি) : ০৫-০৬]

ক নওগাঁ খ বগুড়া
গ জয়পুরহাট ঘ দিনাজপুর **উত্তর: খ**

BCS Spotlight

Scanned by CamScanner

১৭. **'আনন্দ বিহার' কোথায় অবস্থিত?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (প্রত্নতত্ত্ব) : ১৩-১৪ / প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (মিসিসিপি, দাজলা, শীতলক্ষ্যা) : ১৩/ রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (শাপলা) : ১১ / আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ : ০৭/ সঞ্চয় পরিদপ্তরের সহকারী পরিচালক : ০৭ / ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৩-০৪]

ক ঢাকার মালিবাগে খ কুমিল্লার ময়নামতিতে
গ দিনাজপুরের ফুলবাড়িতে ঘ চট্টগ্রামের রাউজানে
উত্তর: খ

১৮. **'জগদ্দল বিহার' কোথায় অবস্থিত?** [শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় : ০৯-১০]

ক বগুড়া জেলায় খ রাজশাহী জেলায়
গ পাবনা জেলায় ঘ নওগাঁ জেলায়
উত্তর: ঘ

১৯. **মহামুনি বিহার কোথায় অবস্থিত?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (বুড়িগঙ্গা) : ১৩ / রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (শাপলা) : ১১ / প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (তিস্তা) : ১০ / রাজশাহী বিশ্ববিদ্যালয় (দর্শন বিভাগ) : ০৮-০৯]

ক দিনাজপুরের ফুলবাড়িতে খ চট্টগ্রামের রাউজানে
গ জামালপুরের দেওয়ানগঞ্জে ঘ সিলেটের হবিগঞ্জে
উত্তর: খ

২০. **ভোজ বিহার অবস্থিত-** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৮-০৯]

ক দিনাজপুরে খ রাজশাহীতে
গ চট্টগ্রামে ঘ কুমিল্লায়
উত্তর: ঘ

২১. **হলুদ বিহার অবস্থিত-** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (প্রত্নতত্ত্ব বিভাগ) : ০৯-১০]

ক রাজশাহী খ দিনাজপুর
গ রংপুর ঘ নওগাঁ
উত্তর: ঘ

২২. **'শাক্যমুনি' বৌদ্ধ বিহার কোথায় অবস্থিত?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাষ্ট্রবিজ্ঞান) : ০৭-০৮]

ক মিরপুর, ঢাকা খ সীতাকুণ্ড, চট্টগ্রাম
গ ময়নামতি, কুমিল্লা ঘ পাহাড়পুর, নওগাঁ
উত্তর: ক

২৩. **প্রত্নতাত্ত্বিক নিদর্শনের জন্য বিখ্যাত স্থান-** [প্রধানমন্ত্রীর কার্যালয় ও মন্ত্রিপরিষদ কার্যালয়ের প্রশাসনিক কর্মকর্তা : ০৪]

ক ময়নামতি খ কালুরঘাট
গ কক্সবাজার ঘ সুন্দরবন
উত্তর: ক

২৪. **ময়নামতির ধ্বংসস্তূপে প্রাপ্ত নিদর্শনসমূহ কোন শতাব্দীর?** [মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ে সহকারী পরিসংখ্যান কর্মকর্তা : ৯৮]

ক নবম শতাব্দীর খ সপ্তম শতাব্দীর
গ অষ্টম শতাব্দীর ঘ দশম শতাব্দীর
উত্তর: খ

২৫. **ময়নামতিতে কোন সভ্যতার নিদর্শন রয়েছে?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১১ - ১২ / জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৮-০৯]

ক হিন্দু সভ্যতা খ বৌদ্ধ সভ্যতা
গ খ্রিস্টান সভ্যতা ঘ জৈন সভ্যতা
উত্তর: খ

২৬. **ময়নামতির পূর্ব নাম কি?** [প্রধানমন্ত্রীর কার্যালয়ের সহকারী পরিচালক : ১৩/ ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১১ - ১২ / রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইসলামী ইতিহাস ও সংস্কৃতি) : ০৫-০৬]

ক লালমাই খ রোহিতগিরি
গ বড় কামতা ঘ কোনোটিই নয়
উত্তর: খ

২৭. **'রোহিতগিরি' কোন স্থানের পূর্ব নাম-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (সমাজকর্ম বিভাগ) : ০৩-০৪]

ক বরিশালের খ বগুড়ার
গ সিলেটের ঘ ময়নামতির
উত্তর: ঘ

BCS Spotlight

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

২৮. ময়নামতি বৌদ্ধ বিহার কত সালে খনন করা হয়? [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ৯৭-৯৮]
ক ১৯৫৫ খ ১৯৭২
গ ১৯৪০ ঘ ১৯৪৮ উত্তর: ক


২৯. সম্প্রতি কোথায় বৌদ্ধবিহারের সন্ধান পাওয়া গেছে? [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৩ -১৪]
ক বজ্রযোগিনীতে খ সোনারগাঁওয়ে
গ টেকনাফে ঘ কালিয়াকৈরে উত্তর: ক

৩০. সম্প্রতি যে স্থানে বৌদ্ধ বিহারের সন্ধান পাওয়া গেছে– [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৪- ১৫]
ক মুন্সীগঞ্জে খ নারায়ণগঞ্জে
গ কক্সবাজারে ঘ গাজীপুরে উত্তর: ক

৩১. ভারতের বিহারের অস্তিচকে চিহ্নিত হয়েছে যে প্রাচীন বৌদ্ধবিহারে তার নাম - [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (প্রত্নতত্ত্ব) : ১৩-১৪]
ক সোমপুর মহাবিহার খ নালান্দা মহাবিহার
গ বিক্রমশীলা মহাবিহার ঘ নন্দদীর্ঘিকা উদরঙ্গ বিহার উত্তর: গ

৩২. নিচের কোন স্থানটি বৌদ্ধ প্রত্নতাত্ত্বিক নির্দেশনের জন্য খ্যাত নয়? [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স- এর কার্যলয়ের অধীন জুনিয়র অডিটর : ১৪]
ক শিলাইদহ খ মহাস্থানগড়
গ পাহাড়পুর ঘ ময়নামতি উত্তর: ক

মন্দির (Temple)

ঢাকেশ্বরী মন্দির	ঢাকা শহরের পলাশী ব্যারাক এলাকায় অবস্থিত একটি সুপ্রাচীন মন্দির। ধারণা করা হয় সেন বংশের রাজা বল্লাল সেন দ্বাদশ শতাব্দীতে এটি নির্মাণ করেন।
 কান্তাজীউ মন্দির	কান্তাজীউ মন্দির বা কান্তাজির মন্দির বা কান্তনগর মন্দির দিনাজপুর জেলার কাহারোল উপজেলার টেঁপা নদীর তীরে অবস্থিত একটি প্রাচীন মন্দির। এটি নবরত্ন মন্দির নামেও পরিচিত কারণ তিনতলা বিশিষ্ট এ মন্দিরে নয়টি চূড়া বা রত্ন ছিল। মহারাজা প্রাণনাথ রায় এর নির্মাণ কাজ শুরু করেন। তাঁর পোষ্যপুত্র রামনাথ ১৭৫২ খ্রিস্টাব্দে এর নির্মাণ কাজ শেষ করেন।
সোনারং জোড়া মঠ	বাংলাদেশের অষ্টাদশ শতাব্দীর একটি প্রত্নতত্ত্ব নিদর্শন। এটি মুন্সিগঞ্জ জেলার টুঙ্গিবাড়ী উপজেলায় অবস্থিত। রূপচন্দ্র নামক একজন হিন্দু ব্যক্তি এটি নির্মাণ করেন।
বেল আমলা বড় শিবালয়	বারো শিবালয় মন্দিরের অবস্থান জয়পুরহাটের বেল আমলা গ্রামে। সেন রাজা বল্লাল সেন এটি নির্মাণ করেন।
জয়কালীমন্দির	টিকাটুলী, ঢাকা
শোয়ামি বাগ মন্দির	ঢাকা
গুরুদুয়ারা নানকশাহী	ঢাকা বিশ্ববিদ্যালয়

Scanned by CamScanner

ধামরাই জগন্নাথ রথ	ধামরাই, ঢাকা
জগন্নাথ মন্দির	পাবনা
বিশ্বনাথ মন্দির	ময়মনসিংহ
বড় কালিবাড়ি মন্দির	ময়মনসিংহ
রাঘুনাথ মন্দির	শেরপুর
রামু মন্দির	কক্সবাজার
পুঠিয়া মন্দির	রাজশাহী
রাজা কংস নারায়ণের মন্দির	তাহিরপুর, রাজশাহী

MCQ Solution

১. **'কান্তজীর মন্দির' কোন জেলায় অবস্থিত?** [২৬তম বিসিএস/ পল্লী উন্নয়ন বোর্ডের হিসাব সহকারী : ১৪/ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (বাংলা) : ১৩-১৪ / পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্মচারী : ১৩/ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (ভলগা) : ১৩]

ক জয়পুরহাট খ কুমিল্লা
গ রাঙ্গামাটি ঘ দিনাজপুর **উত্তর: ঘ**

২. **পুঠিয়া মন্দির অবস্থিত-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৮-০৯]

ক নাটোর খ নওগাঁ
গ রাজশাহী ঘ পাবনা **উত্তর: গ**

৩. **গুরুদুয়ারা শিখ মন্দির কোথায় অবস্থিত?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (দর্শন বিভাগ) : ০৫-০৬ / তথ্য মন্ত্রণালয়ের অধীনে তথ্য অফিসার : ০৫]

ক শাখারী বাজার খ আরমানিটোলা
গ ঢাকা বিশ্ববিদ্যালয় ঘ নবাবপুর **উত্তর: গ**

ঐতিহাসিক নিদর্শন

নাম	অবস্থান	নির্মাতা
রাজা সীতারাম রায়ের প্রাসাদ দুর্গ	মাগুড়া	সীতারাম রায়
তাজহাট রাজবাড়ী	রংপুর	মহারাজা কুমার গোপাল লাল রায়
ঢাকা গেইট	ঢাকা বিশ্ববিদ্যালয়	মীর জুমলা
সোনাকান্দা দুর্গ	নারায়ণগঞ্জ	
রোজ গার্ডেন	টিকাটুলি, ঢাকা	হৃষিকেশ দাস

MCQ Solution

১. **The sonakanda fort situated in the district of- / সোনাকান্দা দুর্গ কোন জেলায় অবস্থিত?** [Midland Bank Ltd.. Trainee Assistant Officer : 15 / BASIC Bank Ltd. Assistant Officer (Cash) : 14]

ⓐ Munshigonj ⓑ Hajigonj
ⓒ Narayangonj ⓓ Kushtia **Ans: c**

BCS Spotlight

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

২. 'ঢাকা গেট' কে নির্মাণ করেন? [বরিশাল বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৪ -১৫/ জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৮-০৯]

ক শায়েস্তা খান খ ইসলাম খান

গ মীর জুমলা ঘ খিযির হায়াত খান

উত্তর: গ

বর্তমান -পূর্বতন নাম

বর্তমান নাম	পুরাতন নাম	বর্তমান নাম	পুরাতন নাম
বাংলাদেশ	পূর্ব পাকিস্তান	দিনাজপুর	গঙ্গোয়ানাল্যান্ড
ঢাকা	জাহাঙ্গীরনগর	মহাস্থানগড়	পুন্ড্রবর্ধন
বরিশাল	চন্দ্রদ্বীপ / বাকলা / ইসমাইলপুর	ময়নামতি	রোহিতগিরি
চট্টগ্রাম	ইসলামাবাদ	সোনারগাঁও	সুবর্ণগ্রাম
খুলনা	জাহানাবাদ	মুজিবনগর	বৈদ্যনাথতলা
সিলেট	জালালাবাদ	প্রধানমন্ত্রী ভবন	গণভবন (করতোয়া)
যশোর	খলিফাতাবাদ	প্রধানমন্ত্রীর কার্যালয়	পুরাতন সংসদ ভবন
বাগেরহাট	খলিফাবাদ	সুপ্রিম কোর্ট ভবন	গভর্নরের বাসভবন
ময়মনসিংহ	নাসিরাবাদ	বঙ্গভবন	গভর্নর হাউজ
ফরিদপুর	ফাতেহাবাদ	পররাষ্ট্র মন্ত্রণালয়	রমনা হাউজ
নোয়াখালী	সুধারাম/ভুলুয়া	সিরডাপ কার্যালয়	চামেলি হাউজ
কুমিল্লা	ত্রিপুরা	রাজউক	ডি.আই.টি.
কুষ্টিয়া	নদীয়া	শেরে বাংলা নগর	আইয়ুব নগর
ফেনী	শমসের নগর	আসাদ গেইট	আইয়ুব গেইট
কক্সবাজার	পালংকি	বাহাদুর শাহ পার্ক	ভিক্টোরিয়া পার্ক
জামালপুর	সিংহজানী	লালবাগ কেল্লা	আওরঙ্গবাদ দুর্গ
গাইবান্ধা	ভবানীগঞ্জ	বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়	পি.জি হাসপাতাল
মুন্সিগঞ্জ	বিক্রমপুর	রাষ্ট্রীয় অতিথি ভবন-পদ্মা	শেখ মোহাম্মদ আদমজীর বাসভবন
ভোলা	শাহবাজপুর	রাষ্ট্রীয় অতিথি ভবন - মেঘনা	হানিফ আদমজীর বাসভবন
গাজীপুর	জয়দেবপুর	নাটক সরণি	বেইল রোড
সাতক্ষীরা	সাতঘরিয়া	জিরো পয়েন্ট	নূর হোসেন স্কোয়ার
রাজবাড়ী	গোয়ালন্দ	কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরি	বেগম সুফিয়া কামাল পাবলিক লাইব্রেরি
রাজশাহী	রামপুর বোয়ালিয়া		

BCS Spotlight

Scanned by CamScanner

MCQ Solution

১. **Which one is the ancient name of Barisal?** [Dutch Bangla Bank Ltd. Trainee Officer: 10]

Or,

বরিশালের প্রাচীন নাম কি? [আনসার ও ভিডিপি অধিদপ্তরের সার্কেল অ্যাডজুটেন্ট : ১৫ / জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (প্রত্নতত্ত্ব) : ১৩-১৪ / বিসিআইসি'র সহকারী ব্যবস্থাপক (প্রশাসন) : ১১ / ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৫-০৬ / শ্রম অধিদপ্তরে অফিসার : ৯৪]

ⓐ Murshidabad ⓑ Islampur
ⓒ Chandradeep ⓓ Fatehabad
ⓔ None of these

Ans. c

২. **প্রাচীন 'চন্দ্রদ্বীপ' এর বর্তমান নাম-** [৩০তম বিসিএস/ ১১তম বিসিএস / রাজশাহী বিশ্ববিদ্যালয় (ঙ ইউনিট) : ১৩-১৪/ জাতীয় বিশ্ববিদ্যালয় (মানবিক শাখা) : ১৩ - ১৪ / বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা : ১৩]

ⓚ মালদ্বীপ ⓛ সন্দ্বীপ
ⓜ বরিশাল ⓝ হাতিয়া

উত্তর: গ

৩. **কোনটি বরিশালের পূর্বনাম নয়?** [ইসলামী বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০২-০৩]

ⓚ বাকলা ⓛ চন্দ্রদ্বীপ
ⓜ ইসমাইলপুর ⓝ সুধারাম

উত্তর: ঘ

৪. **নোয়াখালীর পূর্বনাম কি ছিল?** [জাতীয় রাজস্ব বোর্ডের সহকারী রাজস্ব কর্মকর্তা : ১২/ রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (হাসনাহেনা) : ১১/ ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০১-০২/ পাবলিক সার্ভিস কমিশনে সহকারী পরিচালক : ৯৪]

ⓚ সুজানগর ⓛ নাসিরাবাদ
ⓜ পূর্বাশা ⓝ সুধারাম

উত্তর: ঘ

৫. **'সুধারাম' কোন জেলার পূর্বনাম?** [সহকারী থানা শিক্ষা অফিসার : ০৯]

ⓚ যশোহর ⓛ নোয়াখালী
ⓜ বরিশাল ⓝ দিনাজপুর

উত্তর: খ

৬. **কুমিল্লার পূর্ব নাম কি?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সহকারী পরিকল্পনা কর্মকর্তা : ১২/ ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৯-১০/ বহিরাগমন এবং পাসপোর্ট অধিদপ্তরে সহকারী পরিচালক : ০৬ / ভূ-তাত্ত্বিক জরিপ অধিদপ্তরের সহকারী পরিচালক (সহ-ভূতত্ত্ববিদ) : ০৬]

ⓚ ত্রিপুরা ⓛ জাহাঙ্গীরনগর
ⓜ নসিরাবাদ ⓝ ইসলামপুর

উত্তর: ক

৭. **বর্তমান কুমিল্লা এক সময়ে ভারতের কোন জেলার অংশ ছিল?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ৯৯-০০]

ⓚ মেঘালয় ⓛ আসাম
ⓜ ত্রিপুরা ⓝ নদীয়া

উত্তর: গ

৮. **ময়মনসিংহ জেলার পূর্ব নাম –** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (হোয়াহো) : ১৩]

ⓚ জালালাবাদ ⓛ ইসলামাবাদ
ⓜ নাসিরাবাদ ⓝ সিংহগ্রাম

উত্তর: গ

৯. **নাসিরাবাদের বর্তমান নাম কি?** [১২তম বেসরকারি প্রভাষক নিবন্ধন : ২০১৫]

ⓚ ময়মনসিংহ ⓛ জাহাঙ্গীর নগর
ⓜ বরিশাল ⓝ চট্টগ্রাম

উত্তর: ক

১০. **কোনটি ঢাকা বা চট্টগ্রাম বা সিলেটের অপর নাম নয়?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৩-০৪]

ⓚ জাহাঙ্গীরনগর ⓛ ইসলামাবাদ
ⓜ ইসলামপুর ⓝ জালালাবাদ

উত্তর: গ

BCS Spotlight

Scanned by CamScanner

১১. ইসলামাবাদ কোন জেলার পূর্ব নাম? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (ধানসিঁড়ি) : ০৮]
ক ময়মনসিংহ খ নোয়াখালী
গ চট্টগ্রাম ঘ সিলেট উত্তর: গ

১২. সিলেটের প্রাচীন নাম ছিল- [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (মিসিসিপি) : ১৩ / জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৯-১০/ বাংলাদেশ রেলওয়ে হাসপাতালসমূহে সহকারী সার্জন : ০৫]
ক শ্রীহট্ট খ জালালাবাদ
গ শ্রীভূমি ঘ আফজালাবাদ উত্তর: খ

১৩. 'গভোয়ানাল্যান্ড' কোন স্থানে পূর্ব নাম? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৩- ১৪]
ক দিনাজপুর খ বাগেরহাট
গ কক্সবাজার ঘ নোয়াখালী উত্তর: ক

১৪. রাজশাহী আদি নাম কী ছিল? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৩- ১৪]
ক সমতট খ রামপুর বোয়ালিয়া
গ হরিকেল ঘ মহাস্থানগড় উত্তর: খ

১৫. ঢাকার গুলিস্তানে অবস্থিত 'জিরো পয়েন্ট' এর বর্তমান নাম কি? [সংস্থাপন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা : ০৭]
ক এলিফ্যান্ট পয়েন্ট খ দোয়েল চত্বর
গ নূর হোসেন স্কোয়ার ঘ বিজয় উল্লাস উত্তর: গ

১৬. বেইলি রোড এর নতুন নাম- [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (নাটক ও নাট্যতত্ত্ব বিভাগ) : ০৯-১০]
ক থিয়েটার এভিনিউ খ নাট্য সদন
গ নাটক সরণি ঘ ব্রডওয়ে উত্তর: গ

১৭. 'রূপসী বাংলা' হোটেলের প্রতিষ্ঠাকালীন নাম কী ছিল? [বরিশাল বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৪ -১৫]
ক হোটেল শেরাটন খ হোটেল সোনারগাঁও
গ হোটেল ইন্টারকন্টিনেন্টাল ঘ হোটেল রিজেন্সি উত্তর: গ

১৮. ঢাকার কোন সড়কের নাম পরিবর্তন করে 'নাটক সরণি' রাখা হয়েছে? [বাংলাদেশ টেলিভিশনের বিজ্ঞাপন অধিকারিক (গ্রেড-২) : ০৬]
ক মিন্টো রোড খ টিপু সুলতান রোড
গ বেইলি রোড ঘ জনসন রোড উত্তর: গ

১৯. ঢাকাস্থ কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরির নতুন নাম - [শ্রম অধিদপ্তরে জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো উপসহকারী পরিচালক (শ্রম) : ০১]
ক বেগম রোকেয়া সাখাওয়াৎ মেমোরিয়াল লাইব্রেরি
খ বেগম সুফিয়া কামাল পাবলিক লাইব্রেরি
গ শেখ ফজিলাতুন্নেছা পাবলিক লাইব্রেরি
ঘ জাহানারা ইমাম পাবলিক লাইব্রেরি উত্তর: খ

বিভিন্ন শহরের অন্য নাম

সিলেট	সাইবার সিটি	রাজশাহী	সিল্ক সিটি বা গ্রিন সিটি
ঢাকা	ক্লিন সিটি	বরিশাল	ইডিয়োপলিশ (সৃজনশীল আদর্শ শহর)
চট্টগ্রাম	হেলদি সিটি		

BCS Spotlight

Scanned by CamScanner

ভৌগোলিক উপনাম

ভৌগোলিক উপনাম	স্থান	ভৌগোলিক উপনাম	স্থান
নদীমাতৃক দেশ	বাংলাদেশ	পশ্চিমা বাহিনীর নদী	ডাকাতিয়া বিল
ভাটির দেশ	বাংলাদেশ	বাংলার শস্য ভান্ডার	বরিশাল
সোনালী আঁশের দেশ	বাংলাদেশ	বাংলার ভেনিস	বরিশাল
মসজিদের শহর	ঢাকা	হিমালয়ের কন্যা	পঞ্চগড়
রিক্সার নগরী	ঢাকা	সাগরকন্যা	কুয়াকাটা, পটুয়াখালি
৩৬০ আউলিয়ার দেশ	সিলেট	সাগর দ্বীপ	ভোলা
১২ আউলিয়ার দেশ	চট্টগ্রাম	কুমিল্লার দুঃখ	গোমতী
বাংলাদেশের বাণিজ্যিক রাজধানী	চট্টগ্রাম	বাংলাদেশের পর্যটন রাজধানী	কক্সবাজার
বাংলাদেশের প্রবেশ দ্বার	চট্টগ্রাম বন্দর	প্রাচ্যের ডান্ডি	নারায়ণগঞ্জ
উত্তরবঙ্গের প্রবেশদ্বার	বগুড়া	বাংলাদেশের 'কুয়েত সিটি'	খুলনা অঞ্চল (চিংড়ি চাষের জন্য)

MCQ Solution

১. ..... is known as the city of mosques [Bank Alfalah Ltd. MTO : 05]

Or,

মসজিদের শহর বলা হয় কোনটিকে? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঙ ইউনিট) : ০৩-০৪ / রাজশাহী বিশ্ববিদ্যালয় (আইন বিভাগ) : ০৩-০৪]

ক Islamabad খ Istambul
গ Dhaka ঘ Jakarta

উত্তর: গ

২. সোনালী আঁশের দেশ কোনটি? [২২তম বিসিএস]

ক ভারত খ শ্রীলঙ্কা
গ পাকিস্তান ঘ বাংলাদেশ

উত্তর: ঘ

৩. সাগরকন্যা কোন এলাকার ভৌগোলিক নাম? [বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ইউনিট ই): ১৩-১৪]

ক পটুয়াখালী খ কক্সবাজার
গ সেন্টমার্টিন ঘ টেকনাফ

উত্তর: ক

৪. কোন বন্দরকে বাংলাদেশের প্রবেশদ্বার বলা হয়? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৫-০৬]

ক চট্টগ্রাম খ মংলা
গ ঢাকা ঘ চাঁদপুর

উত্তর: ক

৫. বাংলাদেশের বাণিজ্যিক রাজধানী কোন শহরকে বলা হয়? [খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক : ১২/ তুলা উন্নয়ন বোর্ডের তুলা উন্নয়ন কর্মকর্তা : ০৬]

ক ঢাকা খ খুলনা
গ চট্টগ্রাম ঘ সিলেট

উত্তর: গ

BCS Spotlight

Scanned by CamScanner

৬. বাংলাদেশের কোন অঞ্চলকে ৩৬০ আউলিয়ার দেশ বলা হয়? [৩৫তম বিসিএস / ১৫তম বিসিএস / প্রধানমন্ত্রীর কার্যালয়ে পার্সোনাল অফিসার : ০৪ / প্রাথমিক ও গণশিক্ষা বিভাগে সহকারী পরিচালক : ০১]

ক চট্টগ্রাম খ রাজশাহী
গ সিলেট ঘ খুলনা উত্তর: গ

৭. কোন জেলাকে বাংলার শস্যভান্ডার বলা হয়? [শিল্প মন্ত্রণালয়ের অধীন বিসিআইসি'র সহকারী ব্যবস্থাপক (প্রশাসন) : ১১]

ক বৃহত্তর রংপুর জেলা খ বৃহত্তর দিনাজপুর জেলা
গ বৃহত্তর বরিশাল জেলা ঘ বৃহত্তর কুষ্টিয়া জেলা উত্তর: গ

৮. প্রাচ্যের ডান্ডি নামে খ্যাত কোনটি? [কুমিল্লা বিশ্ববিদ্যালয় (বিবিএ) : ০৮-০৯]

ক মংলা খ চট্টগ্রাম
গ নারায়ণগঞ্জ ঘ টঙ্গী উত্তর: গ

৯. বাংলাদেশের কোন শহরটিকে প্রথম 'সাইবার সিটি' বলা হয়? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (বাংলা) : ০৫-০৬]

ক সিলেট খ ঢাকা
গ চট্টগ্রাম ঘ রাজশাহী উত্তর: ক

১০. **Which of the following city of South-east Asia has been declared as healthy city by WHO?** [Shahjalal Islami Bank Ltd. Trainee Officer: 13]

Or,

বিশ্বস্বাস্থ্য সংস্থা (WHO) দক্ষিণ পূর্ব এশিয়ার কোন শহরকে স্বাস্থ্যকর (Healthy City) হিসেবে ঘোষণা করেছে? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (গণযোগাযোগ ও সাংবাদিকতা) : ০৫-০৬]

ⓐ Dhaka ⓑ Khulna
ⓒ Chittagong ⓓ Rajshahi
ⓔ Barishal **Ans.** c

BCS Spotlight

Scanned by CamScanner

বাংলাদেশের স্মৃতিসৌধ-স্থাপত্য-ভাস্কর্য

Memorial-Architecture-Sculpture of Banglasesh

ভাস্কর্য (Sculpture)

ভাস্কর্য এক ধরনের শিল্পকলাবিশেষ। এটিকে অবশ্যই ত্রিমাত্রিক হতে হবে। পুতুল, মাস্ক, মাটির জিনিসপত্র ভাস্কর্যের উদাহরণ। যিনি প্রস্তরাদি, কাঠ ইত্যাদি দিয়ে মূর্তি বা ভাস্কর্য নির্মাণ করেন, তিনি ভাস্কর রূপে জনসম্মুখে পরিচিতি লাভ করেন। মূল ভাস্কর্য নির্মাণের পূর্বে ক্ষুদ্রাকার ত্রিমাত্রিক মডেল তৈরি করা, একে ম্যাকেট (maquette) বলে।

টেরাকোটা (Terracotta)



'টেরাকোটা' একটি লাতিন শব্দ। 'টেরা' অর্থ মাটি আর 'কোটা' অর্থ পোড়ানো। মানুষের ব্যবহার্য পোড়ামাটির তৈরি সকল রকম দ্রব্য টেরাকোটা নামে পরিচিত। আঠালো মাটির সঙ্গে খড়কুটো, তুষ মিশিয়ে কাদামাটি প্রস্তুত করা হয়। সেই মাটি থেকে মূর্তি, দৃশ্যাবলি তৈরি করে রোদে শুকিয়ে আগুনে পুড়িয়ে টেরাকোটা ভাস্কর্য তৈরি করা হয়।



ম্যুরাল (Mural) : দেয়াল বা ছাদে অঙ্কিত শৈল্পিক চিত্রকর্ম।

পটচিত্র (Scroll painting) : পট শব্দের প্রকৃত অর্থ হলো কাপড়। শব্দটি সংস্কৃত 'পট্ট' থেকে এসেছে। বর্তমানে এই শব্দটি ছবি, ছবি আঁকার মোটা কাপড় বা কাগজের খণ্ড ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়। পটের উপর আঁকা চিত্রকে পটচিত্র (Scroll painting) বলা হয়। যারা পটচিত্র অঙ্কন করেন, তাদের পটুয়া বলা হয়।



স্কেচ (Sketch) : পেন্সিলে আঁকা চিত্র।

BCS Spotlight

MCQ Solution

১. ভাস্কর্যে ম্যাকেপ (maquette) বলতে কী বুঝায়? [ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৪-১৫]

ক ত্রিমাত্রিক শিল্পকর্ম খ মূল ভাস্কর্য নির্মাণের পূর্বে ক্ষুদ্রাকার ত্রিমাত্রিক মডেল

গ ক্ষুদ্রাকৃতি ত্রিমাত্রিক বস্তু ঘ ভাস্কর্য তৈরির ছাঁচ

উত্তর: খ

২. লাতিন শব্দ **Terracotta**-এর অর্থ– [ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৪-১৫]

ক পোড়ামাটির ফলক খ পোড়ামাটি

গ রোদে শুকানো মাটি ঘ মৃৎশিল্প

উত্তর: খ

৩. 'টেরাকোটা' হলো - [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (কলা ও মানবিক অনুষদ) : ১২-১৩]

ক মাটির ফলক খ পোড়ামাটির ফলক

গ লাল মাটির কাজ ঘ লাল ইট

উত্তর: খ

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

৪. 'ম্যুরাল' অর্থ– [ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৪-১৫]
ক কোলাজ চিত্র খ কাঠের ওপর আঁকা চিত্র
গ দেয়াল চিত্র ঘ খসড়া চিত্র
উত্তর: গ

৫. 'পটচিত্র' কী? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (কলা ও মানবিক অনুষদ) : ১২-১৩]
ক পাটের তুলিতে আঁকা চিত্র খ মাটির পটে আঁকা চিত্র
গ দেয়ালে আঁকা চিত্র ঘ কাপড়ে আঁকা ঐতিহ্যবাহী চিত্র
উত্তর: ঘ

৬. 'স্কেচ' অর্থ– [ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৪-১৫]
ক দৃশ্য চিত্র খ পেন্সিলে আঁকা চিত্র
গ খসড়া চিত্র ঘ কাঙ্কি-কলমে আঁকা চিত্র
উত্তর: খ

৭. Design-এর অর্থ কী? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (কলা ও মানবিক অনুষদ) : ১২-১৩]
ক রেখাচিত্র খ নকশা
গ ড্রইং ঘ ভূমিচিত্র
উত্তর: খ

৮. Typography-এর শব্দগত অর্থ কি? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৪ - ১৫]
ক প্রকাশনা বা ছাপার রং খ পত্র-পত্রিকার মাপ
গ ছক কাগজের মাপ ঘ হরফ শিল্প
উত্তর: ঘ

৯. কোনটি ছাপচিত্রের সাথে সম্পর্কিত নয়? [ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৪-১৫]
ক লিনোকাট খ উড এনগ্রেভিং
গ উড কাভিং ঘ উড এচিং
উত্তর: গ

১০. 'Bas relief' এক ধরনের– [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১০ -১১]
ক অতি উঁচু রিলিফ খ অবতলভাবে খোদাই করা রিলিফ
গ অতি নিচু রিলিফ ঘ কেবল টেরাকোটায় ব্যবহৃত রিলিফ
উত্তর: খ

ভাষা স্মৃতিসৌধ, ভাস্কর্য ...

কেন্দ্রীয় শহীদ মিনার (Central Shahid Minar)



কেন্দ্রীয় শহীদ মিনার ভাষা আন্দোলনের স্মৃতিসৌধ। এটি ঢাকার কেন্দ্রস্থলে ঢাকা মেডিকেল কলেজ প্রাঙ্গনে অবস্থিত। ঢাকা মেডিকেল কলেজের ছাত্ররা ১৯৫২ সালের ২৩ ফেব্রুয়ারি রাতে ২১ ও ২২ ফেব্রুয়ারি ভাষার দাবিতে শহীদদের স্মরণে একটি শহীদ মিনারের নির্মাণ কাজ শুরু করেন। ২৪ ফেব্রুয়ারি সকালে শহীদ মিনারটির নির্মাণ কাজ শেষ হয়। ঐ দিন সকালেই শহীদ শফিউরের পিতা শহীদ মিনারটির উদ্বোধন করেন। কিন্তু পুলিশ ও সেনাবাহিনী ২৬ ফেব্রুয়ারি সন্ধ্যায় শহীদ মিনারটি ভেঙ্গে ফেলে। অবশেষে বাংলাদেশের রাষ্ট্রভাষা স্বীকৃতি দেওয়ার পর ১৯৫৭ সালে পুনরায় শহীদ মিনারটির নির্মাণ কাজ শুরু হয়। ১৯৬৩ সালে এর নির্মাণ কাজ শেষ হয়। স্বাধীনতা যুদ্ধের সময় পাকিস্তানি হানাদার বাহিনী শহীদ মিনারটি ভেঙ্গে ফেলে। ১৯৭৩ সালে শহীদ মিনারটি পুনঃনির্মাণ করা হয়। কেন্দ্রীয় শহীদ মিনারটির স্থপতি হলেন হামিদুর রহমান। যুক্তরাজ্যে কেন্দ্রীয় শহীদ মিনারের দুইটি প্রতিকৃতি স্থাপিত হয়েছে।

BCS Spotlight

Scanned by CamScanner

অন্যান্য শহীদ মিনার

শহীদ মিনার	স্থপতি	অবস্থান
মোদের গরব	অখিল পাল	বাংলা একাডেমি চত্বর
অমর একুশে (ভাষা আন্দোলন)	জাহানারা পারভীন	জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
বাংলাদেশের সর্বোচ্চ শহীদ মিনার	রবিউল হুসাইন	জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয়
স্মৃতি মিনার	হামিদুজ্জামান	জাতীয় বিশ্ববিদ্যালয়
শহীদ মিনার (রাজশাহী বিশ্ববিদ্যালয়)	শিল্পী মুর্তজা বশীর	রাজশাহী বিশ্ববিদ্যালয়

MCQ Solution

১. প্রথম শহীদ স্মৃতি স্তম্ভটি তৈরি করা হয় ১৯৫২ সালের কোন তারিখে? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (দাজলা) : ১৩]

ক ২১ ফেব্রুয়ারি খ ২২ ফেব্রুয়ারি
গ ২৩ ফেব্রুয়ারি ঘ ২৪ ফেব্রুয়ারি **উত্তর: গ**

২. ঢাকায় কেন্দ্রীয় শহীদ মিনার কে উন্মোচন করেন? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (জবা) : ০৯]

ক শহীদ শফিউর রহমানের বাবা খ শহীদ জব্বারের বাবা
গ শহীদ বরকতের মা ঘ শহীদ সালামের বাবা **উত্তর: ক**

৩. কেন্দ্রীয় শহীদ মিনারের স্থপতি কে? [২৭তম বিসিএস/ ১২তম বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১৫ / মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যলয়ের অধীনে অডিটর : ১৪/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি ১ ইউনিট) : ১৩-১৪/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (ত্রিসালখিমাম) : ১২]

Or,

The architect of 'Shahid Minar' is- [RKUB Ltd. Officer : 14 / BASIC Bank Ltd. Assistant Officer (Cash) : 14 / Bangladesh Bank Asst. Director : 10]

ক হামিদুর রহমান খ শামীম সিকদার
গ আমিনুল ইসলাম ঘ নিতুন কুণ্ডু **উত্তর: ক**

৪. **Who was the designer of Central Shahid Minar of Bangladesh? / কেন্দ্রীয় শহীদ মিনারের নকশাকারী কে?** [Southeast Bank Ltd. Officer : 11/ Bangladesh Bank Assistant Director : 08]

ⓐ Shamim Shikdar ⓑ Hamidur Rahman
ⓒ Jainul Abedin ⓓ Kamrul Hasan
ⓔ None on them **Ans.** b

৫. **What is the name of the sculpture situated in Bangla Academy that has been built in the memory of the martyrs of the language movement?** [Probashi Kallyan Bank Ltd. Officer (cash) : 14]

Or,

বাংলা একাডেমিতে ভাষা আন্দোলনের শহীদদের স্মরণে নির্মিত ভাস্কর্যের নাম কি? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৩- ১৪ / রাজশাহী বিশ্ববিদ্যালয় (ব্যবস্থাপনা) : ০৭-০৮]

ⓐ Vashar Kotha ⓑ Vashar Shadhinota
ⓒ Moder Asha ⓓ Moder Gorob **Ans:** d

BCS Spotlight

Scanned by CamScanner

৬. ভাষা শহীদদের স্মরণে নির্মিত ভাস্কর্য কোনটি? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৭-০৮]
ক অপরাজেয় বাংলা খ অঙ্গীকার
গ মোদের গরব ঘ দুরন্ত উত্তর: গ

৭. দেশের সর্বোচ্চ (৭১ ফুট) শহীদ মিনার কোনটি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (খুলনা বিভাগ) : ০৭]
ক কেন্দ্রীয় শহীদ মিনার খ ইসলামী বিশ্ববিদ্যালয় শহীদ মিনার
গ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শহীদ মিনার ঘ বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় শহীদ মিনার উত্তর: গ

৮. **In whichpleace of Bangladesh the highest Shahid Miner is situated?** [বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন সহকারী ব্যবস্থাপক : ১৩]

Or,

বাংলাদেশের সর্বোচ্চ শহীদ মিনার কোথায় অবস্থিত? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ): ০৯-১০]
ক University of Dhaka খ Chittagonj University
গ Jahangirnagar University ঘ BM College
ঙ None of these উত্তর: গ

৯. রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শহীদ মিনারের নকশা কে করেন? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৩-১৪]
ক শিল্পী ফনিভূষণ খ শিল্পী মুর্তজা বশীর
গ শিল্পী নিতুন কুণ্ডু ঘ শিল্পী মৃণাল হক উত্তর: খ

মুক্তিযুদ্ধের স্মৃতিসৌধ, ভাস্কর্য ...

মুজিবনগর স্মৃতিসৌধ



১৯৭১ সালের ১৭ এপ্রিল মেহেরপুরের মুজিবনগরে প্রবাসী সরকার শপথ গ্রহণ করে। এই ঘটনাকে চিরস্মরণীয় করে রাখতে ১৯৮৭ সালের ১৭ এপ্রিল এখানে উদ্বোধন করা হয় মুজিবনগর স্মৃতিসৌধ। স্মৃতিসৌধটির ডিজাইনের নকশা করেন স্থপতি তানভীর করিম।

শহীদ বুদ্ধিজীবী স্মৃতি সৌধ (Martyred Intellectuals Memorial)



শহীদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধ ঢাকার মিরপুরে অবস্থিত। ১৯৭১ সালের ১৪ ডিসেম্বর পাক হানাদার বাহিনী নির্বিচারে এদেশের সূর্যসন্তানদের হত্যা করে। ১৯৭২ সালের ২২ ডিসেম্বর বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এ সৌধটি উদ্বোধন করেন। এর স্থপতি মোস্তফা হারুন কুদ্দুস হিলি।

রায়েরবাজার বধ্যভূমি স্মৃতিসৌধ



ঢাকা শহরের পশ্চিমে বন্যা নিয়ন্ত্রণ বাঁধের পাশেই এই স্মৃতিসৌধটি অবস্থিত। ১৯৭১ সালের ১৪ ডিসেম্বর দেশের প্রখ্যাত সন্তানদের হত্যা করে এই স্থানে পরিত্যক্ত ইটের ভাটার পশ্চাতে ফেলে রাখা হয়েছিল। এই সকল সূর্য সন্তানদের স্মরণে ইটের ভাটার আদলে এই স্মৃতিসৌধ নির্মিত হয়। এর স্থপতি ছিলেন ফরিদ উদ্দিন আহমেদ ও জামি আল শাফি।

BCS Spotlight

Scanned by CamScanner

শিখা অনির্বাণ এবং শিখা চিরন্তন

শিখা অনির্বাণ বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের স্মৃতিস্তম্ভ। যুদ্ধে আত্মোৎসর্গকারী সৈনিকদের স্মৃতিকে জাতির জীবনে চির উজ্জ্বল করে রাখার জন্য এই স্মৃতিস্তম্ভে সার্বক্ষণিকভাবে শিখা প্রজ্জ্বলন করে রাখা হয়। ঢাকা সেনানিবাস এলাকায় এটি অবস্থিত। এর স্থাপত্য পরিকল্পনা করেছে ঢাকা ডিজাইন ডেভেলপমেন্ট সেন্টার।



শিখা অনির্বাণ



শিখা চিরন্তন

শিখা চিরন্তন রাজধানী ঢাকার সোহরাওয়ার্দী উদ্যানে অবস্থিত একটি স্মরণ স্থাপনা। ১৯৭১ সালের ৭ মার্চ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এই স্থানটিতে দাড়িয়ে ঐতিহাসিক ৭ মার্চের ভাষণ প্রদান করেন।

জাগ্রত চৌরঙ্গী



মহান মুক্তিযুদ্ধের অসামান্য আত্মত্যাগের স্মরণে নির্মিত ভাস্কর্য জাগ্রত চৌরঙ্গী। শিল্পী আব্দুর রাজ্জাক জাগ্রত চৌরঙ্গীর ভাস্কর। ১৯৭৩ সালে এটি নির্মাণ করা হয়। মুক্তিযুদ্ধের প্রেরণায় নির্মিত এটিই প্রথম ভাস্কর্য। জয়দেবপুর চৌরাস্তার সড়কদ্বীপে দৃষ্টি নন্দন এই স্থাপত্যকর্মটি স্থাপন করা হয়।

অপরাজেয় বাংলা



অপরাজেয় বাংলা ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলাভবনের সামনে অবস্থিত একটি ভাস্কর্য। এটি নির্মাণ করেন মুক্তিযোদ্ধা ভাস্কর সৈয়দ আবদুল্লাহ খালেদ। কাঁধে কাঁধ মিলিয়ে বাংলার নারী-পুরুষের মুক্তিযুদ্ধে অংশগ্রহণ ও বিজয়ের প্রতীক এই ভাস্কর্য। ১৯৭৩ সালে ভাস্কর্যটির নির্মাণ কাজ শুরু হয়। ১৯৭৯ সালে এর উদ্বোধন করা হয়। ৬ ফুট বেদির নির্মিত এ ভাস্কর্যটির উচ্চতা ১২ ফুট।

স্বোপার্জিত স্বাধীনতা



ঢাকা বিশ্ববিদ্যালয়ের টি.এস.সি.র সড়কদ্বীপে রয়েছে স্বোপার্জিত স্বাধীনতা (Swoparjito Swadhinota) ভাস্কর্যটি। ১৯৮৮ সালের ২৫ মার্চ এ ভাস্কর্যটির উদ্বোধন করা হয়। এ ভাস্কর্যের নির্মাতা চারুকলা ইন্সটিটিউটের অধ্যাপক শামীম শিকদার।

স্বাধীনতা সংগ্রাম



ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফুলার রোডের সড়ক দ্বীপে 'স্বাধীনতা সংগ্রাম' ভাস্কর্যটি নির্মিত হয়েছে। এটি বাংলাদেশের সর্ববৃহৎ ভাস্কর্য। ১৯৯৯ সালের ৭ মার্চ তৎকালীন প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভাস্কর্যটির উদ্বোধন করেন। এ ভাস্কর্যের নির্মাতা শামীম শিকদার। বাঙালির ইতিহাসে বায়ান্নর ভাষা আন্দোলন থেকে শুরু করে স্বাধীনতা আন্দোলন পর্যন্ত সমস্ত বীরত্বকে ধারণ করে তৈরি করা হয়েছে এ ভাস্কর্য।

BCS Spotlight

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

সংশপ্তক



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ১৯৯০ সালের ২৬ মার্চ নির্মিত হয়েছিল স্মারক ভাস্কর্য সংশপ্তক। এ ভাস্কর্যের মাধ্যমে ফুটিয়ে তোলা হয়েছে যুদ্ধে শত্রুর আঘাতে এক হাত এক পা হারিয়েও রাইফেল হাতে লড়ে যাচ্ছেন দেশ মাতৃকার বীরসন্তান। যুদ্ধে পরাজয় নিশ্চিত জেনেও লড়ে যান যে অকুতোভয় বীর সেই সংশপ্তক। কেন্দ্রীয় গ্রন্থাগারে সামনে এক পায়ে ভর করে দাঁড়িয়ে আছে ভাস্কর্যটি। এর ভাস্কর ছিলেন হামিদুজ্জামান খান।

শাবাশ বাংলাদেশ



শাবাশ বাংলাদেশ বাংলাদেশের স্মৃতিবিজড়িত ভাস্কর্যগুলোর মধ্যে অন্যতম। এটি বাংলাদেশের অন্যতম বৃহৎ ভাস্কর্য। এই ভাস্কর্যটি রাজশাহী বিশ্ববিদ্যালয়ে অবস্থিত। এর স্থপতি শিল্পী নিতুন কুন্ডু। ১৯৯২ সালের ১০ ফেব্রুয়ারি শহীদ জননী জাহানারা ইমাম ভাস্কর্যটির উদ্বোধন করেন ।

বিজয় - ৭১



মহান মুক্তি সংগ্রামে বাংলার সর্বস্তরের মানুষের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের মূর্ত প্রতীক ময়মনসিংহের বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের মুক্তিযুদ্ধের ভাস্কর্য বিজয়-৭১। বিখ্যাত ভাস্কর্য শিল্পী শ্যামল চৌধুরীর তত্ত্বাবধানে ২০০০ সালে ভাস্কর্যটির নির্মাণ কাজ সমাপ্ত হয়।

বিজয় কেতন (Bijoy Keton)

ঢাকা সেনানিবাসে অবস্থিত মুক্তিযুদ্ধ জাদুঘরের নাম 'বিজয় কেতন'। এর মূল ফটকে অবস্থিত ভাস্কর্যটির নামও 'বিজয় কেতন'। এই ভাস্কর্যে রয়েছে সাতজন মুক্তিযোদ্ধার মূর্তি; এদের একজন হলেন বাংলাদেশের পতাকাবাহী নারী।

মুক্তিযুদ্ধ সম্পর্কিত বিবিধ ভাস্কর্য

ভাস্কর্য / স্মৃতিফলক	স্থপতি (ভাস্কর)	অবস্থান
বীরের প্রত্যাবর্তন	সুদীপ্ত মল্লিক সুইডেন	বাড্ডা, ঢাকা
স্বাধীনতা	হামিদুজ্জামান খান	কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা
মুক্তবাংলা	রশিদ আহমেদ	ইসলামী বিশ্ববিদ্যালয়
স্মারক ভাস্কর্য	মুর্তজা বশীর	চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
৭১ এর গণহত্যা ও মুক্তিযুদ্ধের প্রস্তুতি	ভাস্কর রাশা	জগন্নাথ বিশ্ববিদ্যালয়
অদম্য	গোপাল চন্দ্র পাল	খুলনা বিশ্ববিদ্যালয়
চেতনা-৭১	মোহাম্মদ ইউনুস	পুলিশ লাইন, কুষ্টিয়া

BCS Spotlight

Scanned by CamScanner

ভাস্কর্য / স্মৃতিফলক	স্থপতি (ভাস্কর)	অবস্থান
দুর্জয়	মৃণাল হক	রাজারবাগ পুলিশ লাইন, ঢাকা
প্রত্যাশা		ফুলবাড়ীয়া, ঢাকা
রক্তসোপান		রাজেন্দ্রপুর সেনানিবাস, গাজীপুর
অঙ্গীকার	সৈয়দ আবদুল্লাহ খালেদ	চাঁদপুর
স্মৃতি অম্লান	রাজিউদ্দিন আহমদ	ভদ্রা, রাজশাহী

MCQ Solution

১. **মুজিবনগর স্মৃতি সৌধের স্থপতি কে?** [ইসলামী বিশ্ববিদ্যালয় (এইচ ইউনিট) : ১৩-১৪/ জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১১-১২ / ইসলামী বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৩-০৪]

ক) তানভীর কবির খ) সৈয়দ আবদুল্লাহ খালেদ
গ) হামিদুর রহমান ঘ) মঈনুল হোসেন **উত্তর: ক**

২. **মুজিনগর স্মৃতিসৌধ কোন জেলায় অবস্থিত?** [সহকারী থানা শিক্ষা অফিসার : ১৫]

ক) কুষ্টিয়া খ) বাগেরহাট
গ) যশোর ঘ) মেহেরপুর **উত্তর: ঘ**

৩. **ঢাকার মিরপুরের শহীদ 'বুদ্ধিজীবী স্মৃতিসৌধ' এর স্থপতি কে?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (বাংলা পরীক্ষা) : ০২]

ক) শামীম শিকদার খ) হামিদুজ্জামান খান
গ) হামিদুর রহমান ঘ) মোস্তফা হারুন কুদ্দুস **উত্তর: ঘ**

৪. **বধ্যভূমি স্মৃতিসৌধ, রায়েরবাজার - এর নকশাবিদ কে ছিলেন?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (সুরমা) : ১০]

ক) হামিদুর রহমান খ) ফরিদউদ্দিন আহমেদ ও জামি আল সাফি
গ) নিতুন কুণ্ডু ঘ) মৃণাল হক **উত্তর: খ**

৫. **'শিখা অনির্বাণ' ও 'শিখা চিরন্তন' অবস্থিত যথাক্রমে-** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীনে সাইকার অফিসার : ৯৯]

ক) ঢাকা সেনানিবাসে ও সোহরাওয়ার্দী উদ্যানে খ) সোহরাওয়ার্দী উদ্যান ও ঢাকা সেনানিবাসে
গ) ঢাকা সেনানিবাস ও চট্টগ্রাম সেনানিবাসে ঘ) সাভার স্মৃতি সৌধ ও বগুড়া সেনানিবাসে **উত্তর: ক**

৬. **'শিখা চিরন্তন' কোথায় অবস্থিত?** [বাংলাদেশ রেলওয়ে সহ-কমান্ডেন্ট : ০০]

ক) ঢাকা সেনানিবাসে খ) সোহরাওয়ার্দী উদ্যানে
গ) শেরে বাংলা নগরে ঘ) সাভারে **উত্তর: খ**

৭. **'শিখা অনির্বাণ' কোথায় অবস্থিত?** [মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যলয়ের অধীনে অডিটর : ১৪]

ক) সোহরাওয়ার্দী উদ্যানে খ) মিরপুর বুদ্ধিজীবী কবরস্থান
গ) মুজিবনগর ঘ) রায়েরবাজার বধ্যভূমি **উত্তর:**

ব্যাখ্যা : শিখা অনির্বাণ ঢাকা সেনানিবাসে অবস্থিত।

৮. **'জাগ্রত চৌরঙ্গী' হলো-** [শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ইউনিট এ) মানবিক শাখা : ১৩-১৪]

ক) একটি বিখ্যাত রাস্তার নাম খ) একটি জনবহুল রাস্তা
গ) ভারতের একটি সিনেমার নাম ঘ) সোহরাওয়ার্দী উদ্যানের পূর্বনাম
ঙ) একটি ভাস্কর্যের নাম **উত্তর: ঙ**

BCS Spotlight

Scanned by CamScanner

৯. স্বাধীনতার স্মরণে নির্মিত ভাস্কর্য 'জাগ্রত চৌরঙ্গী' কোথায় অবস্থিত? [মহিলা বিষয়ক অধিদপ্তরের অধীনে উপজেলা মহিলা কর্মকর্তা : ০৫]

ক) জয়দেবপুরে খ) রাজশাহী বিশ্ববিদ্যালয়ে
গ) চাঁদপুরে ঘ) ঢাকা বিশ্ববিদ্যালয়ে **উত্তর: ক**

১০. 'জাগ্রত চৌরঙ্গী' ভাস্কর্যের ভাস্কর কে? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (বাংলা) : ১৩-১৪]

ক) নিতুন কুন্ডু খ) হামিদুর রহমান
গ) আবদুর রাজ্জাক ঘ) নভেরা আহমেদ **উত্তর: গ**

১১. ঢাবি'র কলা ভবনের সামনে অবস্থিত ভাস্কর্যটির নাম কী? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ৯৫-৯৬]

ক) যুদ্ধবিধ্বস্ত বাংলা খ) সংগ্রাম বাংলা
গ) অপরাজেয় বাংলা ঘ) রূপসী বাংলা **উত্তর: গ**

১২. 'অপরাজেয় বাংলা' কী? [থানা শিক্ষা অফিসার : ৯৬]

ক) মুক্তিযোদ্ধাদের একটি প্রতীক খ) মুক্তিযোদ্ধাদের তৈরি একটি ভাস্কর্য
গ) মুক্তিযোদ্ধাদের সর্বাধিনায়ক ঘ) মুক্তিযোদ্ধাদের একটি ভাস্কর্য **উত্তর: ঘ**

১৩. 'অপরাজেয় বাংলা' কী? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (নাটক ও নাট্যতত্ত্ব) : ১৩-১৪ / পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা : ০৪/ সড়ক ও জনপথ অধিদপ্তরের উপসহকারী প্রকৌশলী (সিভিল) : ০৩]

ক) একটি পুস্তকের নাম খ) মুক্তিযুদ্ধের স্মৃতিবাহী একটি ভাস্কর্য
গ) একটি সড়কের নাম ঘ) একটি ছায়াছবির নাম **উত্তর: খ**

১৪. 'অপরাজেয় বাংলা' কী? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (হোয়াহো) : ১৩]

ক) মুক্তিযুদ্ধভিত্তিক চিত্রকর্ম খ) মুক্তিযুদ্ধভিত্তিক ভাস্কর্য
গ) মুক্তিযুদ্ধভিত্তিক ম্যুরালচিত্র ঘ) একটি মুক্তিযুদ্ধ বিষয়ক স্থাপনা **উত্তর: খ**

১৫. স্থাপত্য 'অপরাজেয় বাংলার' স্থপতি (ভাস্কর) কে? [অগ্রণী ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১৫ / প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (ঝিলাম) : ১৩/ ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৭-০৮/ বাংলাদেশ জরিপ অধিদপ্তরের সহকারী সুপরিনটেন্ট অব সার্ভে : ০৫]

ক) লুই কান খ) নিতুন কুণ্ডু
গ) শামীম সিকদার ঘ) সৈয়দ আবদুল্লাহ খালেদ **উত্তর: ঘ**

১৬. অপরাজেয় বাংলা কবে উদ্বোধন করা হয়? [২৮তম বিসিএস/ মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অডিটর : ১১]

ক) ১৬ই ডিসেম্বর, ১৯৭৯ খ) ২৬শে ডিসেম্বর, ১৯৭৯
গ) ১লা জানুয়ারি, ১৯৮০ ঘ) ২১ ফেব্রুয়ারি, ১৯৮০ **উত্তর: ক**

১৭. 'স্বোপার্জিত স্বাধীনতা'র স্থপতির নাম– [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ঙ ইউনিট) : ১৩-১৪]

ক) মৃণাল হক খ) নিতুন কুণ্ডু
গ) শামীম শিকদার ঘ) কাইয়ুম চৌধুরী **উত্তর: গ**

১৮. 'সংশপ্তক' ভাস্কর্যটি কোথায় অবস্থিত? [জেলা প্রাথমিক শিক্ষা অফিসার : ৯৩]

ক) ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসির সামনে খ) জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে
গ) রাজশাহী বিশ্ববিদ্যালয় এলাকায় ঘ) ঢাকা চারু ও কারুকলা ইনস্টিটিউটে **উত্তর: খ**

১৯. জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় গ্রন্থাগারের সম্মুখে স্থাপিত ভাস্কর্য 'সংশপ্তক' এর ভাস্কর – [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (কলা ও মানবিক অনুষদ) : ১২-১৩]

ক) আবদুর রাজ্জাক খ) মৃণাল হক
গ) হামিদুজ্জামান খান ঘ) শামীম শিকদার **উত্তর: গ**

BCS Spotlight

Scanned by CamScanner

২০. **The sculptor of the Sangsaptak at Jahangirnagar University is-**
[জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইংরেজি বিভাগ) : ০৯-১০]
ক Azizul Jalil Pasha খ Jahanara parvin
গ Alauddin Bulbul ঘ Hamiduzzaman Khan **উত্তর: ঘ**

২১. **নিচের কোন ভাস্কর্যটি হামিদুজ্জামান খান নির্মাণ করেছেন?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ভূগোল এবং পরিবেশবিদ্যা) : ১৩-১৪]
ক সংশপ্তক খ রক্তিম নিথর
গ সাবাস বাংলাদেশ ঘ অপরাজেয় বাংলা **উত্তর: ক**

২২. **'শাবাশ বাংলাদেশ' ভাস্কর্যটি কোথায় অবস্থিত?** [৩৩তম বিসিএস / ১২তম বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১৫ /পল্লী উন্নয়ন বোর্ডের হিসাব সহকারী : ১৪/ বাংলাদেশ রেলওয়ের উপ-সহকারী প্রকৌশলী : ১৩]
ক টি এস সি মোড়ে খ ঢাকা বিশ্ববিদ্যালয়ে
গ রেডক্রস ময়দানে ঘ রাজশাহী বিশ্ববিদ্যালয়ে **উত্তর: ঘ**

২৩. **'শাবাশ বাংলাদেশ' ভাস্কর্যটির শিল্পী বা ভাস্কর কে?** [২৬তম বিসিএস / জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (নাটক ও নাট্যতত্ত্ব) : ১৩-১৪ / বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ই ইউনিট): ১৩-১৪/ বিআরডিবি'র উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা : ১২]
ক হামিদুজ্জামান খ নিতুন কুন্ডু
গ মৃণাল হক ঘ শামিম শিকদার **উত্তর: খ**

২৪. **মুক্তিযুদ্ধের স্মারক ভাস্কর্য 'বিজয়-৭১' কোথায় অবস্থিত?** [জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর উপ-পরিচালক : ০৭ / শ্রম পরিদপ্তরের সহকারী শ্রম পরিচালক : ০৬]
ক কৃষি বিশ্ববিদ্যালয় খ প্রকৌশল বিশ্ববিদ্যালয়
গ রাজশাহী বিশ্ববিদ্যালয় ঘ খুলনা বিশ্ববিদ্যালয় **উত্তর: ক**

২৫. **'বিজয় ৭১' স্থাপত্যের স্থপতি কে?** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৩ - ১৪]
ক পল রুডলফ খ খন্দকার বদরুল ইসলাম নানু (নান্নু)
গ অনীক রেজা ঘ হামিদুজ্জান খান **উত্তর:**
Note: বিখ্যাত ভাস্কর্য শ্যামল চৌধুরির তত্ত্বাবধানে 'বিজয় ৭১' ভাস্কর্যটির নির্মাণ কাজ শেষ হয়।

২৬. **'বিজয় কেতন' কি?** [জাতীয় সংসদে প্রশাসনিক কর্মকর্তা ও প্রটোকল অফিসার: ০৬/রাজশাহী বিশ্ববিদ্যালয় (গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান): ০৫-০৬]
ক শহীদ স্মৃতিসৌধ খ জাতীয় জাদুঘর
গ ওসমানী জাদুঘর ঘ মুক্তিযুদ্ধ জাদুঘর **উত্তর: ঘ**

২৭. **মুক্তিযুদ্ধ স্মৃতিস্তম্ভ 'বিজয়কেতন' কোথায় অবস্থিত?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীনে সাইকার অফিসার : ৯৯]
ক চট্টগ্রাম সেনানিবাসে খ ঢাকা সেনানিবাসে
গ সাভারে ঘ মহাস্থানগড়ে **উত্তর: খ**

২৮. **ঢাকা সেনানিবাসে অবস্থিত মুক্তিযুদ্ধের স্মৃতিস্তম্ভের নাম কি?** [এমবিবিএস : ০৮-০৯ / প্রধানমন্ত্রীর কার্যালয় ও মন্ত্রিপরিষদ কার্যালয়ের প্রশাসনিক কর্মকর্তা : ০৪] **অথবা,**
ঢাকা সেনানিবাসস্থ মুক্তিযুদ্ধ জাদুঘরের নাম- [বরিশাল বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৪-১৫]
ক বিজয় স্তম্ভ খ বিজয় কেতন
গ রক্ত সোপান ঘ স্বাধীনতা সোপান **উত্তর: খ**

২৯. **ইসলামী বিশ্ববিদ্যালয়ের মুক্তিযুদ্ধ স্মারক ভাস্কর্যের ভাস্কর কে?** [শ্রম পরিদপ্তরের জনসংখ্যা ও পরিবারকল্যাণ কর্মকর্তা : ০৯]
ক নিতুন কুণ্ডু খ আব্দুর রাজ্জাক
গ মাইনুল হোসেন ঘ রশিদ আহমেদ **উত্তর: ঘ**

BCS Spotlight

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

৩০. রাজারবাগ পুলিশ লাইনে 'দুর্জয়' ভাস্কর্যটির শিল্পী কে? [২৭তম বিসিএস / পল্লী উন্নয়ন বোর্ডের হিসাব সহকারী : ১৪ / ইসলামী বিশ্ববিদ্যাল (খ ইউনিট) : ০৮-০৯]

ক) হামিদুর রহমান খ) মৃণাল হক
গ) শামিম শিকদার ঘ) নভেরা আহমেদ

উত্তর: খ

৩১. রাজেন্দ্রপুর সেনানিবাসে অবস্থিত মুক্তিযুদ্ধের স্মৃতিস্তম্ভের নাম কি? [২৭তম বিসিএস/ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (দানিয়ুব) : ১৩ / ইসলামী বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৮-০৯]

ক) বিজয় স্তম্ভ খ) বিজয় কেতন
গ) স্বাধীনতা সোপান ঘ) রক্ত সোপান

উত্তর: ঘ

৩২. মুক্তিযুদ্ধের স্মৃতিস্তম্ভ 'রক্তসোপান' কোথায় অবস্থিত? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (সমাজকর্ম বিভাগ) : ০৫-০৬]

ক) ঢাকা সেনানিবাসে খ) সৈয়দপুর সেনানিবাসে
গ) সারদা পুলিশ একাডেমিতে ঘ) রাজেন্দ্রপুর সেনানিবাসে

উত্তর: ঘ

৩৩. ঢাকা বিশ্ববিদ্যালয়ের শহীদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধের স্থপতি কে? [পুলিশ সহকারী রাসায়নিক পরীক্ষক : ০২]

ক) শামীম শিকদার খ) অলক রায়
গ) আলাউদ্দীন বুলবুল ঘ) কেউই নয়

উত্তর: ঘ

৩৪. স্বাধীনতা যুদ্ধের প্রতীক হিসাবে পরিচিত ভাস্কর্য 'অঙ্গীকার' এর অবস্থান কোথায়? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (গামা) : ১৪ / বাংলাদেশ টেলিভিশন এর প্রযোজক : ০৬]

ক) জয়দেবপুর খ) চাঁদপুর
গ) রংপুর ঘ) মেহেরপুর

উত্তর: খ

৩৫. **Who is the architect of 'Adommo Bangla' Sculpture located in Khulna University?** [খুলনা বিশ্ববিদ্যালয় (এস ইউনিট) : ১৩-১৪]

ⓐ Mrinal Sen ⓑ Aroti Pal
ⓒ Ashik Ahmed ⓓ Gopal Chandra
ⓔ None of thes


Ans: d

রাজসিক বিহার



২০০৮ সালের ১৯ জানুয়ারি ঢাকা মহানগরীর ৪০০ বছর পূর্তি উপলক্ষে কাজী নজরুল ইসলাম এভিনিউ'র রূপসী বাংলা হোটেল (হোটেল শেরাটন) এর সামনে নির্মাণ করা হয় 'রাজসিক বিহার' নামক একটি ভাস্কর্য। শিল্পী মৃণাল হক এটির নির্মাতা। এক সময় ঢাকার নবাব-জমিদাররা পরিবার পরিজন নিয়ে রাজসিক বিহারে বের হতেন। তাদের গাড়িতে দ্রুতগতি সম্পন্ন দুটি ঘোড়া থাকত। রাজসিক বিহার শিরোনামে এ স্থাপত্যে দেখানো হয়েছে : নবাব সলিমুল্লাহ স্ত্রী, ছেলে ও পেয়াদাসহ এমনই এক বিহারে বের হয়েছেন।

মুক্তি ও গণতন্ত্র তোরণ



নীলক্ষেত সংলগ্ন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রবেশমুখে 'মুক্তি ও গণতন্ত্র' নামক তোরণ নির্মিত হচ্ছে। তোরণটির নকশা প্রণয়ন করেন স্থপতি রবিউল হুসাইন।

BCS Spotlight

Scanned by CamScanner

MCQ Solution

১. **Who is the sculptor of the sculpture '*Rajoshik Bihar*'? / 'রাজসিক বিহার' ভাস্কর্যটির ভাস্কর কে?** [Mercantile Bank Ltd. Probationary Officer : 10]

ⓐ Mahbubur Rahman ⓑ Nitun Kundu
ⓒ Rasha ⓓ Mrinal Sen
ⓔ None of these

Ans. d

২. **'মুক্তি ও গণতন্ত্র তোরণ' কোথায় নির্মিত হবে?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৪- ১৫]

ⓚ ঢাকা বিশ্ববিদ্যালয়ে ⓛ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে
ⓜ জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ⓝ রাজশাহী বিশ্ববিদ্যালয়ে

উত্তর: ক

স্থাপত্য	অবস্থান	স্থপতি/ নির্মাতা
টি.এস.সি ভবন	ঢাকা বিশ্ববিদ্যালয়	কনস্টানটাইন ডক্সাইড
শাপলা চত্বর	মতিঝিল, ঢাকা	আজিজুল জলিল পাশা
দোয়েল চত্বর	কার্জন হল, ঢাকা	
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার *	বিজয় সরণি, ঢাকা	আলী ইমাম
গোল্ডেন জুবলি টাওয়ার	রাজশাহী বিশ্ববিদ্যালয়	মৃণাল হক
বাংলার তাজমহল	সোনারগাঁ, নারায়ণগঞ্জ	আহসানউল্লাহ মনি
হাতির ঝিল	ঢাকা	এহসান খান
স্টেপস	সিউল অলিম্পিক	হামিদুজ্জামান খান

* পূর্বনাম ভাসানী নভোথিয়েটার।

MCQ Solution

১. **নভোথিয়েটারের স্থপতি কে?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১০ -১১]

ⓚ আবদুল্লাহ খালেদ ⓛ শামীম শিকদার
ⓜ আলী ইমাম ⓝ কামরুল হাসান

উত্তর: গ

২. **"হাতির ঝিল" -এ নকশার পরিকল্পনা করেন কে?** [১২তম বেসরকারি প্রভাষক নিবন্ধন : ১৫]

ⓚ শিল্পী হামিদুজ্জামান খান ⓛ নিতুন কুন্ডু
ⓜ স্থপতি এহসান খান ⓝ শামীম শিকদার

উত্তর: গ

৩. **শাপলা চত্বরের স্থপতি কে?** [বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা : ১৩ / রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (শাপলা) : ১১ / রাজশাহী বিশ্ববিদ্যালয় (মার্কেটিং বিভাগ) : ০৪-০৫]

ⓚ মৃণাল হক ⓛ মাসুদ আহমেদ
ⓜ আবুল হোসেন ⓝ আজিজুল জলিল পাশা

উত্তর: ঘ

৪. **'গোল্ডেন জুবিলি টাওয়ার' এর অবস্থান কোথায়?** [জাতীয় সংসদে প্রশাসনিক কর্মকর্তা ও প্রটোকল অফিসার : ০৬]

ⓚ ঢাকা ⓛ চট্টগ্রাম
ⓜ রাজশাহী ⓝ খুলনা

উত্তর: গ

BCS Spotlight

Scanned by CamScanner

বাঙালির সংস্কৃতি ও শিল্পকলা
Bengali Culture & Art

সংস্কৃতি

মানুষ যেভাবে জীবনযাপন করে, যেসব জিনিস ব্যবহার করে, যে সব আচার অনুষ্ঠান পালন করে, যা কিছু সৃষ্টি করে, সব নিয়েই তার সংস্কৃতি। খাদ্য, বাসস্থান, তৈজসপত্র, যানবাহন, পোষাক, অলঙ্কার, উৎসব, গীতিবাদ্য, ভাষা-সাহিত্য, ধর্মীয় রীতি-নীতি, সঙ্গীত, নৃত্য সবই তার সংস্কৃতির অংশ। তবুও এর মধ্যে সৃষ্টিশীল কিছু কাজ সংস্কৃতির বিচারে গুরুত্বপূর্ণ। কারণ এ সব কাজে একটি জাতির চিন্তাশক্তি ও সৃজনশীল প্রতিভার পরিচয় পাওয়া যায়। এগুলোকে আমরা বলি শিল্পকলা।



পহেলা বৈশাখ

বাংলা নববর্ষের প্রথম দিন পহেলা বৈশাখ, ১৪ এপ্রিল। এটি বাঙ্গালিদের প্রাচীন এবং প্রধান সামাজিক উৎসব। এ উপলক্ষে বিভিন্ন গান-বাজনা এবং বৈশাখী মেলার আয়োজন করা হয়।

MCQ Solution

১. সংস্কৃতি বলতে নিচের কোনটি বোঝায়? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (নাটক ও নাট্যতত্ত্ব) : ১৩-১৪/স্বাস্থ্য অধিদপ্তরের স্বাস্থ্য সহকারী : ১০]

ক সিনেমা খ নাচ ও গান

গ প্রতিটি মানুষের ব্যক্তিগত আচরণ সমষ্টি

উত্তর: গ

২. বাংলাদেশের সংস্কৃতির অন্যতম অংশ বিভিন্ন জাতীয় দিবস উদযাপন। নিচের কোনটি সর্বজন স্বীকৃত প্রাচীন সংস্কৃতির ধারক? [আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সহকারী সচিব : ০৬]

ক বৈশাখী মেলা খ একুশে ফেব্রুয়ারি

গ স্বাধীনতা দিবস ঘ ঈদ উৎসব

উত্তর: ক

৩. কোনটি বিদেশী সংস্কৃতি- [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৩-০৪]

ক শহীদ দিবস খ বিজয় দিবস

গ স্বাধীনতা দিবস ঘ ভালোবাসা দিবস

উত্তর: ঘ

৪. কোন শব্দটি অন্যগুলো থেকে পৃথক? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (নাটক ও নাট্যতত্ত্ব) : ১৩-১৪]

ক মঞ্চ খ অভিনয়

গ নাটক ঘ পাঠক

উত্তর: ঘ

৫. নিচের কোনগুলো বাংলাদেশের নাট্য-আঙ্গিক? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (নাটক ও নাট্যতত্ত্ব) : ১৩-১৪]

ক হাস্তর, মাদারগান, গম্ভীর, ভাওনা

খ গাজীরগান, জারিগান, গীতিকা পালা, পুতুলনাচ

গ হাস্তর, রাম যাত্রা, যক্ষগান, গবরা

ঘ গাজীরগান. জারিগান, পুতুল নাচ, ভাওনা

উত্তর:

Scanned by CamScanner

সঙ্গীতশিল্প

সঙ্গীত মানব চিত্তে বিনোদন সৃষ্টি করতে সক্ষম এক ধরনের শ্রবণযোগ্য কলা। সঙ্গীতের সৃষ্টি হয় স্বর ও ধ্বনির সংমিশ্রণে। তবে সকল ক্ষেত্রে ধ্বনির প্রধান বাহন সুর। মূলত গীত, বাদ্য, নৃত্য এই তিনটি বিষয়ের সমাহারকেই সঙ্গীত বোঝায়।

ত্রিতাল : একটি তাল কয়েকটি ছন্দোবদ্ধ মাত্রার সমষ্টি। শাস্ত্রীয় সঙ্গীতে বহুল ব্যবহৃত তালের মধ্যে একটি হচ্ছে ত্রিতাল। তিনটি তালি ও একটি ফাঁক এর কারণে এটি তিনতাল বা ত্রিতাল। এটি ১৬ মাত্রার সমপদী একটি তাল।

বাদ্যযন্ত্র : বাংলাদেশের সঙ্গীত বাণীপ্রধান, এখানে বাদ্যযন্ত্রের ভূমিকা সামান্য। আমাদের দেশীয় সঙ্গীতের সাথে বাদ্যযন্ত্র হিসেবে সাধারণত হারমোনিয়াম, একতারা, দোতারা, ঢোল, বাশি, ডুগডুগি, সারিন্দা ইত্যাদি ব্যবহার করা হয়ে থাকে। এছাড়া ও খোল, মাদল, করতাল, মন্দিরা, খঞ্জনী ইত্যাদি ও লোকজ বাদ্যযন্ত্র হিসেবে ব্যবহৃত হয়। তবে আধুনিক সঙ্গীতকাররা বিদেশি বাদ্যযন্ত্র যেমন- কীবোর্ড, ড্রামস, গীটার ইত্যাদির ব্যবহার করেন।



দেশীয় বাদ্যযন্ত্র

তানপুরা : তানপুরা বাদ্যযন্ত্র হিসেবে পরিচিত এক ধরনের তারযন্ত্র। তানপুরা তৈরি করা হয় সেতারের মতো দেখতে লাউয়ের তুম্বার উপর একটি ডান্ডি যুক্ত করে এবং তাতে চারটি তার লাগিয়ে। এ অঞ্চলে তানপুরা মূলত উচ্চাঙ্গ সঙ্গীতের যন্ত্র হিসেবে ব্যবহৃত হয়ে থাকে। দক্ষিণ ভারতে তাম্বুরা এবং অন্যান্য অঞ্চল ও বাংলাদেশে এটি তানপুরা নামে পরিচিত।

স্বর : সঙ্গীতে, সা রে গা মা পা ধা নি সা এই কয়টিকেই স্বর বলা হয়। স্বর দুই প্রকার। যথা- প্রকৃত (শুদ্ধ) এবং বিকৃত (কোমল ও তিব্র)। প্রকৃত স্বর ৭টি এবং বিকৃত স্বর ৫টি। এই দুই প্রকার স্বর মিলিয়ে মোট স্বর ১২টি। শুদ্ধ স্বর :- সা রে গা মা পা ধা নি। বিকৃত স্বর:- (কোমল) রে গা মা (কড়ি) (কোমল) ধা (কোমল) নি।

লোক সঙ্গীত

আবহমান কাল থেকে বাংলার গ্রাম-গঞ্জ মুখর হয়েছে জারি, সারি, বাউল, ভাটিয়ালি, ভাওয়াইয়া, গম্ভীরা ইত্যাদি সুরে। এগুলোই আমাদের প্রধান লোকগান। গ্রামের মেলায় যাত্রাগান, পালাগান, কবিগান, কীর্তনগান, মুর্শিদিগান ইত্যাদির আসর বসে।

ব'বাউল' শব্দটি এসেছে বাউর' শব্দ থেকে যার অর্থ হচ্ছে বাতুল অথবা পাগল। বাউল একটি বিশেষ লোকাচার এবং ধর্মমত। এই মতের সৃষ্টি হয়েছে বাংলার মাটিতে। বাউলদের সাদামাটা কৃচ্ছসাধনার জীবন এবং একতারা বাজিয়ে গান গেয়ে গ্রামে গ্রামে ঘুরে বেড়ানোই তাদের অভ্যাস। বাউলেরা উদার ও অসাম্প্রদায়িক ধর্মসাধক। বাউলরা কখনো রীতিবন্ধনের মধ্যে আবদ্ধ থাকতে চান না। তারা সংসারত্যাগী মুক্ত পুরুষ। তারা মানবতার বাণী প্রচার করে। বাউল মতে বৈষ্ণবধর্ম এবং সুফীদের প্রভাব লক্ষ্য করা যায়। বাউলরা সবচেয়ে বেশি গুরুত্ব দেয় আত্মাকে। তাদের মতে আত্মাকে জানলেই পরমাত্মা বা সৃষ্টিকর্তাকে জানা যায়। আত্মা দেহে বাস করে বলে তারা দেহকে পবিত্র জ্ঞান করে।

BCS Spotlight

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

২০০৫ সালের ২৭ নভেম্বর UNESCO বাউল গানকে Heritage of Humanity (মানবত্তার ধারক) বলে স্বীকৃতি দিয়েছে।

জারি (Jaari)	ঢাকা ও ময়মনসিংহ অঞ্চলের গান। দুইপক্ষের গানের প্রতিযোগিতা।
গম্ভীরা (Gombhira)	চাঁপাইনবাবগঞ্জ (বৃহত্তর রাজশাহী) অঞ্চলের গান।
চটকা (Chatka)	রংপুর অঞ্চলের গান।
ভাওয়াইয়া (Bhawaiya)	রংপুর অঞ্চলের গরুর গাড়ী চালকদের।
গাজীর গীত (Gajir geet)	রংপুর অঞ্চলের গান
ভাটিয়ালী (Bhatiali)	ময়মনসিংহ অঞ্চলের জেলে-মাঝিদের গান।
ভাণ্ডারী (Bhandari)	চট্টগ্রাম অঞ্চলের গান
সারি (Shaari)	নৌকাবাইস প্রতিযোগিতার সময় পরিবেশিত গান
কীর্তন (Kirtan)	রাধাকৃষ্ণের প্রশংসাসূচক গান।
পালা (Pala)	সিলেট, কিশোরগঞ্জ, নেত্রকোণার হাওড় অঞ্চলের গান।
মুর্শিয়া (Mursiya)	শিয়া মতাবলম্বীদের পশ্চিমা ভাবধারার গান
লেটোস গান (Letto's song)	ময়মনসিংহ অঞ্চলের গান

বাংলা গানের কলি

গানের কলি	গীতিকার	শিল্পী
কারা ঐ লৌহ কপাট, ভেঙ্গে ফেল কররে লোপাট.....	কাজী নজরুল ইসলাম	
ধন ধান্য পুষ্পে ভরা, আমাদের এই বসুন্ধরা, তাহার মাঝে আছে দেশ এক সকল দেশের সেরা	দ্বিজেন্দ্র লাল রায় (ডি. এল. রায়)	সমবেত কণ্ঠ
সালাম সালাম হাজার সালাম	ফজলে খোদা	
সব কটি জানালা খুলে দাও না	নজরুল ইসলাম বাবু	সাবিনা ইয়াসমিন
ওরা আমার মুখের ভাষা কাইরা নিতে চায়, ওরা কথায় কথায় শিকল পড়ায় মোদের হাতে পায়ে	আবদুল লতিফ	
আমাদের সংগ্রাম চলবেই, জনতার সংগ্রাম চলবেই	সিকানদার আবু জাফর	
মোরা একটি ফুলকে বাঁচাবো বলে যুদ্ধ করি	গোবিন্দ হালদার	
পূর্ব দিগন্তে সূর্য উঠেছে, ...		
এক সাগর রক্তের বিনিময়ে বাংলার স্বাধীনতা আনলো যারা	গোবিন্দ হালদার	প্রথমে স্বপ্না রায় পরে রেবেকা সুলতানা
এক নদী রক্ত পেরিয়ে.....	খান আতাউর রহমান	শাহনাজ রহমতউল্লাহ

BCS Spotlight

Scanned by CamScanner

গানের কলি	গীতিকার	শিল্পী
জয় বাংলা বাংলার জয়	গাজী মাযহারুল আনোয়ার	
একতারা তুই দেশের কথা বলরে এবার বল.....		শাহনাজ রহমতুল্লাহ
কফি হাউজের সেই আড্ডাটা আজ আর নেই.....	মান্না দে (ভারত)	সুপর্ণ কান্তি ঘোষ
ভাল আছি ভাল থেকো, আকাশের ঠিকানায় চিঠি লিখো।	রুদ্র মুহাম্মদ শহিদুল্লাহ	
এই পদ্মা এই মেঘনা এই যমুনা সুরমা নদীর তটে....	আবু জাফর	ফরিদা পারভীন
তুমি কি দেখেছ কভু জীবনের পরাজয়...	মোহাম্মদ মনিরুজ্জামান	আবদুল জব্বার
আমার দেশের মাটির গন্ধে ভরে আছে সারা মন		
মন আমার দেহঘড়ি সন্ধান করি কোন মিস্তরি		আবদুর রহমান বয়াতি
প্রাণের বান্ধব রে বুড়ি হইলাম তোর কারণে।	শেখ ওয়াহিদ	
আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি *	আবদুল গাফ্ফার চৌধুরী	আব্দুল লতিফ

* এটি প্রথমে ছিল আবদুল গাফ্ফার চৌধুরীর একটি কবিতা যা পরে গান হিসাবে সংকলিত হয়। হাসান হাফিজুর রহমান সম্পাদিত 'একুশে ফেব্রুয়ারি' গ্রন্থে প্রথম প্রকাশিত হয়।

নৃত্য

নৃত্যের নাম	অঞ্চল	নৃত্যের নাম	অঞ্চল
মণিপুরী (Manipuri)	সিলেট	ধুপ	খুলনা, ফরিদপুর ও যশোর
ঝুমুর (Jhumur)	রংপুর, রাজশাহী	বল (Bolan)	যশোর

MCQ Solution

১. সঙ্গীত বলতে কোন তিনটি বিষয়ের সমাহারকে বোঝায়? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৪ - ১৫]
ক তাল, বাদ্য, নৃত্য খ গীত, বাদ্য, নৃত্য
গ যন্ত্র, নৃত্য, বাদ্য ঘ লয়, ছন্দ, নৃত্য
উত্তর: খ

২. ত্রিতাল তালটিতে মোট মাত্রা সংখ্যা কত? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৪ - ১৫]
ক ১২ মাত্রা খ ১০ মাত্রা
গ ১৬ মাত্রা ঘ ৮ মাত্রা
উত্তর: গ

৩. শুদ্ধ ও বিকৃত মিলে সপ্তকে স্বর কতটি? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৪ - ১৫]
ক ৫টি খ ১২টি
গ ৭টি ঘ ২২টি
উত্তর: খ

৪. নিচের কোনটি দেশীয় বাদ্যযন্ত্র নয়? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (নৃবিজ্ঞান) : ১৩-১৪]
ক ক্রামা খ সরিন্দ
গ ডুগডুগি ঘ লাবা
উত্তর: ঘ

৫. খোল, মাদল, করতাল, মন্দিরা, খঞ্জনী এগুলো হলো- [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (কলা ও মানবিক অনুষদ) : ১২-১৩]
ক রাগ-রাগিনী খ লোকজ বাদ্যযন্ত্র
গ লোকসঙ্গীত ঘ লোকজ অলংকার
উত্তর: খ

BCS Spotlight

Scanned by CamScanner

৬. 'তানপুরা' যন্ত্রের কয়টি তার থাকে? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৪ - ১৫]
ক ২টি খ ৬টি
গ ৪টি ঘ একটিও নয় উত্তর: গ

৭. "আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি" রচনাটি- [জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো উপসহকারী পরিচালক : ০১]
ক আবুল হাসানের একটি কবিতা ও গান
খ সাংবাদিক আবদুল গাফফার চৌধুরী রচিত কবিতা পরে গান
গ আল মাহমুদের একটি কবিতা
ঘ আলতাফ মাহমুদ রচিত কবিতা ও গান উত্তর: খ

৮. "আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি" রচয়িতা- [১৯তম বিসিএস/ ১০তম বিসিএস / জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (কলা ও মানবিক অনুষদ) : ১২-১৩ / পরিকল্পনা মন্ত্রণালয় ডাটা প্রসেসিং অপারেটর : ০২]
ক শামসুর রাহমান খ আলতাফ মাহমুদ
গ হাসান হাফিজুর রহমান ঘ আবদুল গাফফার চৌধুরী উত্তর: ঘ

৯. "আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি" গানটির সুরকার কে? [১৩তম বিসিএস / প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীনে প্রশাসনিক কর্মকর্তা ও ব্যক্তিগত কর্মকর্তা : ০৬ / ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৪-০৫]
ক আব্দুল আহাদ খ আব্দুল আলীম
গ আলতাফ মাহমুদ ঘ বুলবুল চৌধুরী উত্তর: গ

১০. 'ওরা আমার মুখের ভাষা কাইরা নিতে চায়' গানটির রচয়িতা ও সুরকার হলেন শিল্পী - [প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী পরিচালক : ০৬]
ক আবদুল লতিফ খ আবদুল করিম
গ লুৎফর রহমান ঘ হাসান আলী
ঙ আবদুল আলীম উত্তর: ক

১১. "সব ক'টি জানালা খুলে দাও না"- এর গীতিকার কে? [১৬তম বিসিএস / পররাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনে প্রশাসনিক কর্মকর্তা : ০১]
ক মরহুম আলতাফ মাহমুদ খ মরহুম নজরুল ইসলাম বাবু
গ ড. মনিরুজ্জামান ঘ মরহুম ড : আবু হেনা মোস্তফা কামাল উত্তর: খ

১২. 'সব কটি জানালা খুলে দাও না' গানটির সুরকার কে? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাষ্ট্রবিজ্ঞান বিভাগ) : ০৮-০৯]
ক সত্য সাহা খ আজাদ রহমান
গ ইমতিয়াজ বুলবুল ঘ আলতাফ মাহমুদ উত্তর: গ

১৩. এক সাগর রক্তের বিনিময়ে বাংলার স্বাধীনতা আনলো যারা - গানটির রচয়িতা কে? [সহকারী থানা শিক্ষা অফিসার : ১৫]
ক আপেল মাহমুদ খ আব্দুল জব্বার
গ গোবিন্দ হালদার ঘ হাছন রাজা উত্তর: গ

১৪. "ধন ধান্য পুষ্পে ভরা, আমাদের এই বসুন্ধরা,
তাহার মাঝে আছে দেশ এক সকল দেশের সেরা" গানটির রচয়িতা কে? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (নাটক ও নাট্যতত্ত্ব) : ১৩-১৪ / রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৮-০৯ / বাংলাদেশ কৃষি ব্যাংক সহকারী অফিসার : ০৭]
ক রবীন্দ্রনাথ ঠাকুর খ দ্বিজেন্দ্রলাল রায়
গ অতুল প্রসাদ ঘ নজরুল ইসলাম উত্তর: খ

BCS Spotlight

Scanned by CamScanner

১৫. কোন চরণটি সঠিক? [৩৩তম বিসিএস]
ক) ধন ধান্য পুষ্প ভরা খ) ধন্য ধান্যে পুষ্পে ভরা
গ) ধণ্যে ধান্যে পুষ্পে ভরা ঘ) ধন্যে ধান্য পুষ্পে ভরা
উত্তর : ক

১৬. 'ধন-ধান্য-পুষ্প-ভরা আমাদের এই বসুন্ধরা' – চরণটির পরের চরণ-[ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১০-১১]
ক) এমন দশেটি কোথাও খুঁজে পাবে নাকো তুমি
খ) ভায়ের মায়ের এত স্নেহ কোথায় গেলে পাবে কেহ?
গ) তারা ফুলের ওপর ঘুমিয়ে পড়ে ফুলের মধু খেয়ে
ঘ) তাহার মাঝে আছে দেশ এক সকল দেশের সেরা
উত্তর: ঘ

১৭. 'দুর্গম গিরি কান্তার মরু দুস্তর পারাপার' গানটির রচয়িতা কে? [সোনালী, জনতা, অগ্রণী ব্যাংক লি: সিনিয়র অফিসার : ৯৯]
ক) আনিসুজ্জামান খ) সুকান্ত ভট্টাচার্য
গ) জীবনানন্দ দাশ ঘ) কাজী নজরুল ইসলাম
উত্তর: ঘ

১৮. 'আমি বাংলার গান গাই'-এর প্রথম গায়ক- [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৫-০৬]
ক) সুবীর নন্দী খ) প্রতুল বন্দ্যোপাধ্যায়
গ) মাহমুদজ্জামান বাবু ঘ) আবদুল জব্বার
উত্তর: খ

১৯. 'একটি ফুলকে বাঁচাব বলে যুদ্ধ করি'-গানটির গীতিকার কে? [সহকারী থানা শিক্ষা অফিসার : ১৫ / রাজশাহী বিশ্ববিদ্যালয় (লাইব্রেরি লাইন্স) : ০৮-০৯]
ক) গোবিন্দ হালদার খ) দ্বিজেন্দ্রলাল রায়
গ) গাফফার চৌধুরী ঘ) আপেল মাহমুদ
উত্তর: ক

২০. 'মোরা একটি ফুলকে বাঁচাবো বলে যুদ্ধ করি' গানটির শিল্পী কে? [মেডিকেল ভর্তি পরীক্ষা : ০৫-০৬]
ক) সৈয়দ আব্দুল হাদী খ) খান আতাউর রহমান
গ) রুনা লায়লা ঘ) আপেল মাহমুদ
উত্তর: ঘ

২১. 'আমার দেশের মাটির গন্ধে ভরে আছে সারা মন' গানটির রচয়িতা-[ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৮-০৯]
ক) গাজী মাজহারুল আনোয়ার খ) খান আতাউর রহমান
গ) মোহাম্মদ মনিরুজ্জামান ঘ) মোহাম্মদ রফিকুজ্জামান
উত্তর: গ

২২. 'জয় বাংলা বাংলার জয়' গানটির গীতিকার কে? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১০ - ১১/ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা : ১০]
ক) আনোয়ার পারভেজ খ) আব্দুল গাফফার চৌধুরী
গ) বেগম সুফিয়া কামাল ঘ) গাজী মাজহারুল আনোয়ার
উত্তর: ঘ

২৩. 'কফি হাউজের সেই আড্ডাটা আজ আর নেই'– মান্না দের গাওয়া এই গানটির কফি হাউজটি কোথায়? [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৩-১৪]
ক) কলকাতায় খ) মুম্বাইয়ে
গ) ঢাকায় ঘ) বাঙ্গালোরে
উত্তর: ক

২৪. "প্রাণের বান্ধব রে বুড়ি হইলাম তোর কারণে।"—— গানটির গীতিকার কে? [৩৫তম বিসিএস]
ক) শাহ আবদুল করিম গ) শেখ ওয়াহিদ
খ) রাধারমন ঘ) কুদ্দুস বয়াতি
উত্তর: খ

২৫. UNESCO বাংলাদেশের কোন ধরনের গানকে Heritage of Humanity (মানবতার ধারক) হিসেবে আখ্যায়িত করেছে? [৩য় বিজেএস (সহকারী জজ) : ০৭ / চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঙ ইউনিট) : ০৫-০৬]
ক) কবি গান খ) বাউল গান
গ) লালনগীতি ঘ) ভাওয়াই
উত্তর: খ

BCS Spotlight

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

২৬. জাতিসংঘের ইউনেস্কো বাউল গানকে A Masterpieces of the Oral and Intangible Heritage of Humanity হিসেবে ঘোষণা করেছে : [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ফেকাল্টির বিজ্ঞান) : ০৮-০৯]

ক ২০০৪ সালে খ ২০০৫ সালে
গ ২০০৮ সালে ঘ ২০০৭ সালে
উত্তর: খ

২৭. বাউল গানকে কি সাহিত্য বলে? [শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীনে মেডিকেল অফিসার : ০৩]

ক বজ্রযান সাহিত্য খ তত্ত্ব সাহিত্য
গ মৌল সাহিত্য ঘ গৌণ সাহিত্য
উত্তর: গ

২৮. বাউল গানের বিশেষত্ব কি? [জাতীয় সংসদ সচিবালয়ের সহকারী পরিচালক : ০৬]

ক মরমীবাদ খ মারেফাত
গ আধ্যাত্ম্য বিষয়ক ঘ প্রেম বিষয়ক
উত্তর: গ

২৯. 'মন আমার দেহঘড়ি' গানটির শিল্পী কে? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ডি ইউনিট) : ১৩-১৪]

ক দিলরুবা খান খ কিরণ চন্দ্র রায়
গ আবদুর রহমান বয়াতি ঘ কুদ্দুস বয়াতি
উত্তর: গ

৩০. 'ভাটিয়ালী' বাংলাদেশের কোন অঞ্চলের গান? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (শিউলি) : ০৯]

ক রংপুর খ ময়মনসিংহ
গ দিনাজপুর ঘ জামালপুর
উত্তর: খ

৩১. ভাটিয়ালি গান কোন পেশার সাথে সম্পৃক্ত? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (নৃবিজ্ঞান) : ১৩-১৪]

ক গাড়োয়ান খ দারোয়ান
গ মাঝি-মাল্লা ঘ শাঁখারি
'উত্তর: গ

৩২. 'ভাওয়াইয়া' কোন অঞ্চলের লোকসঙ্গীত? [বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক : ১৪/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (ফেকাল্টির) : ০৭-০৮ / কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তরের সহকারী পরিদর্শক (প্রকৌশল) : ০৫]

ক রাজশাহী খ রংপুর
গ কুষ্টিয়া ঘ ময়মনসিংহ
উত্তর: খ

৩৩. 'গম্ভীরা' বাংলাদেশের কোন অঞ্চলের লোকসঙ্গীত? [১২তম বিসিএস / জাতীয় রাজস্ব বোর্ডের সহকারী রাজস্ব কর্মকর্তা : ১৫ / পল্লী উন্নয়ন বোর্ডের হিসাব সহকারী : ১৪/ ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১০ -১১ / শ্রম পরিদপ্তরের সহকারী শ্রম পরিচালক : ০৬]

ক পার্বত্য চট্টগ্রাম খ সিলেট
গ রাজশাহী ঘ রংপুর
উত্তর: গ

৩৪. 'গম্ভীরা' বাংলাদেশের কোন অঞ্চলের লোকসঙ্গীত? [৩১তম বিসিএস/ ১২তম বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১৫]

ক চট্টগ্রাম খ রাঙ্গামাটি
গ জামালপুর ঘ চাঁপাইনবাবগঞ্জ
উত্তর: ঘ

৩৫. গম্ভীরা গানের উৎপত্তি কোথায়? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক : ১৫]

ক রংপুর খ মালদহ
গ চাঁপাইনবাবগঞ্জ ঘ দিনাজপুর

ব্যাখ্যা: গম্ভীরা চাঁপাইনবাবগঞ্জ (বৃহত্তর রাজশাহী) অঞ্চলের গান হলেও এই গানের উৎপত্তি ভারতের পশ্চিমবঙ্গের মালদহে। [সূত্র: বাংলাপিডিয়া, খণ্ড-৪, পৃষ্ঠা-২০]

৩৬. নিচের কোনটি বাংলাদেশের লোকসঙ্গীতের একটি ধরন নয়? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৭-০৮]

ক ভাটিয়ালী খ গম্ভীরা
গ ঠুংরি ঘ জারি সারি
উত্তর: গ

BCS Spotlight

Scanned by CamScanner

৩৭. মাইজভাণ্ডারী বাংলাদেশে কোন অঞ্চলের গান- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ফোকলোর বিভাগ) : ০৮-০৯]
ক সিলেট খ রংপুর
গ ময়মনসিংহ ঘ চট্টগ্রাম
উত্তর: ঘ

৩৮. নৌকাবাইস প্রতিযোগিতার সময় পরিবেশিত গানের নাম? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (নাটক ও নাট্যতত্ত্ব বিভাগ) : ০৯-১০]
ক সারিগান খ জারিগান
গ ভাটিয়ালী গান ঘ যাত্রাগান
উত্তর: ক

৩৯. পালাগান বা কিস্‌সা প্রধানত কোন অঞ্চলের? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (নাটক ও নাট্যতত্ত্ব বিভাগ): ০৯-১০]
ক ময়মনসিংহ খ কুমিল্লা
গ চট্টগ্রাম ঘ খুলনা
উত্তর: ক

৪০. বাংলাদেশের বিখ্যাত মণিপুরী নাচ কোন অঞ্চলের? [২২তম বিসিএস / প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (মেঘনা) : ১৩ / পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সহকারী পরিকল্পনা কর্মকর্তা : ১২/ সমাজসেবা অধিদপ্তরের উপজেলা সমাজসেবা অফিসার : ০৬]
ক রাঙামাটি খ রংপুর
গ কুমিল্লা ঘ সিলেট
উত্তর: ঘ

৪১. ঝুমুর কোন অঞ্চলের নাচ হিসেবে স্বীকৃত? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সরকার ও রাজনীতি বিভাগ) : ০৯-১০]
ক রংপুর ও রজশাহী খ দিনাজপুর ও পঞ্চগড়
গ বরিশাল ও পটুয়াখালী ঘ ময়মসসিংহ ও কিশোরগঞ্জ
উত্তর: ক

৪২. ঢাকা-ময়মনসিংহ অঞ্চলের ঐতিহ্যবাহী নৃত্যের নাম নিচের কোনটি? [স্বাস্থ্য অধিদপ্তরের স্বাস্থ্য সহকারী : ১০]
ক ঝুমুর খ ধূপ
গ জারি
উত্তর: গ

৪৩. ও কি গাড়িয়াল ভাই কত রব আমি পন্থের দিকে চাইয়া রে- কোন ধরনের গান? [বাংলাদেশ ব্যাংক সহকারি পরিচালক : ১৬]
ক চটকা গান খ ভাটিয়ালি
গ ভাওয়াইয়া ঘ ঝুমুর গান
উত্তর: গ

BCS Spotlight

প্রতিষ্ঠান

বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি (Bangladesh Asiatic Society)

১৭৮৪ সালের ১৫ জুলাই স্যার উইলিয়াম জোন্স কলকাতার ফোর্ট উইলিয়ামে এশিয়াটিক সোসাইটি প্রতিষ্ঠা করেন। ভারত বিভাগের পর ১৯৫২ সালের ৩ জানুয়ারি প্রতিষ্ঠিত হয় 'পাকিস্তান এশিয়াটিক সোসাইটি'। স্বাধীনতার পর এর নামকরণ করা হয় 'বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি'। উদ্দেশ্য উন্নততর গবেষণা, মানুষ ও প্রকৃতি সম্বন্ধে গভীর জ্ঞান ইত্যাদি অনুসন্ধান। ২০০৩ সালে 'বাংলাপিডিয়া' নামে দশখণ্ডের একটি 'এনসাইক্লোপিডিয়া' বের করে। এতে সুদূর অতীতকাল হতে বর্তমান পর্যন্ত বাংলাদেশের ইতিহাস, ঐতিহ্য, সমাজ, দর্শন, অর্থনীতি প্রভৃতি বিষয় স্থান পেয়েছে। 'বাংলাপিডিয়া' এর সম্পাদক সিরাজুল ইসলাম।



স্যার উইলিয়াম জোন্স

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

উদীচী

বাংলাদেশ উদীচী শিল্পীগোষ্ঠী (সংক্ষেপে উদীচী) হচ্ছে বাংলাদেশের অন্যতম বৃহত্তম সাংস্কৃতিক সংগঠন। ১৯৬৮ সালে বিপ্লবী কথাশিল্পী সত্যেন সেন উদীচী গঠন করেন। জন্মলগ্ন থেকে উদীচী অধিকার, স্বাধীনতা ও সাম্যের সমাজ নির্মাণে সংগ্রাম করে আসছে। উদীচী ৬৮, ৬৯, ৭০, ৭১ সালে বাঙালির সার্বিক মুক্তির চেতনাকে ধারণ করে গড়ে তোলে সাংস্কৃতিক সংগ্রাম।

বাংলাদেশ শিল্পকলা একাডেমি

১৯৭৪ সালে বাংলাদেশের জাতীয় সাংস্কৃতিক কেন্দ্র 'বাংলাদেশ শিল্পকলা একাডেমি' প্রতিষ্ঠিত হয়। এটি সংস্কৃতি মন্ত্রলায়ের অধীনে কার্যক্রম পরিচালনা করে। ঢাকার সেগুনবাগিচায় এর প্রধান কার্যালয় অবস্থিত।



বাংলাদেশ শিশু একাডেমি

১৯৭৬ সালে শিশুদের সাংস্কৃতিক প্রচার, উন্নয়ন এবং পৃষ্ঠপোষকতার জন্য প্রতিষ্ঠিত হয় 'বাংলাদেশ শিশু একাডেমি' এটি মহিলা এবং শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধীন। শিশু একাডেমি প্রাঙ্গনে 'দুরন্ত' নামক ভাস্কর্য রয়েছে।

বিশ্ব সাহিত্য কেন্দ্র

বাংলাদেশের একটি সামাজিক সংগঠন যার মূল লক্ষ্য কিশোর এবং যুব সমাজকে আলোকিত মানুষ হিসেবে গড়ে তোলা। এই সংগঠনের মূল কৌশল গ্রন্থ পাঠের মাধ্যমে তরুণদের সঠিক পথে পরিচালিত করা। এর মূল কার্যালয় ঢাকার বাংলা মটর এলাকায় অবস্থিত। তবে দেশব্যাপী এর শাখা আছে। আবদুল্লাহ আবু সায়ীদের উদ্যোগে ১৯৭৮ সালে এই সংগঠন প্রতিষ্ঠিত হয়।



আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (International Mother's language Institute)

বাংলা সহ বিশ্বের সব ভাষার গবেষণা, উন্নয়ন, সংরক্ষণ ও সমন্বয় সাধনের জন্য ঢাকার সেগুন বাগিচায় প্রতিষ্ঠিত হয়েছে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট। ২০০১ সালের ১৫ মার্চ জাতিসংঘের সপ্তম মহাসচিব কফি আনানের উপস্থিতিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এর ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। ২১ ফেব্রুয়ারি, ২০১০ প্রধানমন্ত্রী শেখ হাসিনা উদ্বোধন করেন।

বাংলাদেশ জাতীয় আর্কাইভ (NAB)

ঐতিহাসিক গুরুত্বপূর্ণ সরকারি ও বেসরকারি দলিলপত্র সংগ্রহ ও তত্ত্বাবধানের জন্য ১৯৭৩ সালে বাংলাদেশ জাতীয় আর্কাইভ প্রতিষ্ঠিত হয়। জাতীয় আর্কাইভের নিজস্ব ভবন ঢাকার আগারগাঁওতে অবস্থিত।

বেঙ্গল ফাউন্ডেশন

আশির দশকে আবুল খায়ের 'বেঙ্গল ফাউন্ডেশন' নামে একটি ট্রাস্ট প্রতিষ্ঠা করেন। শিল্পচর্চায় বাংলাদেশের শিল্পীদের অবদান তুলে ধরতে এবং একই সঙ্গে বিশ্ব মানচিত্রে পেশাদারী মনোভাব নিয়ে এই এলাকার শিল্পীদের হাজির করতে বেঙ্গল ফাউন্ডেশন ২০০০ সালে ঢাকার ধানমণ্ডিতে প্রতিষ্ঠা করে 'বেঙ্গল গ্যালারি অব ফাইন আর্টস' বা বেঙ্গল শিল্পালয়।

PCS spotlight

Scanned by CamScanner

গ্রুপ থিয়েটার ফেডারেশন বাংলাদেশের পেশাদারি নাট্য সংগঠনগুলোর একটি ফোরাম। বাংলাদেশের নাটকের দল গুলোর মধ্যে থিয়েটার, আরণ্যক, ঢাকা থিয়েটার, নাট্যকেন্দ্র প্রধান।

MCQ Solution

১. বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি প্রতিষ্ঠিত হয়- [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১০ - ১১ / ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৭-০৮/ তুলা উন্নয়ন বোর্ডের কর্মকর্তা : ৯৭]

ক ১৯৫০ খ ১৯৫২
গ ১৯৫৪ ঘ ১৯৫৬ **উত্তর: খ**

২. **Banglapedia is -** [Jahangirnagar University Admission Test (Public Adminstration) : 13-14]

a a Bangla dictionary b name of a book
c National Encyclopedia d a search engine of Bangladesh **Ans. c**

৩. **'*Bangla Pedia*' was published from -** [Jahangirnagar University Admission Test (International Affairs) : 13-14 / National Bank Ltd. Probationary Officer: 13/ MTBL Probationary Officer: 12]

Or,

কোন প্রতিষ্ঠানের উদ্যোগে 'বাংলাপিডিয়া' প্রকাশিত হয়েছিল? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৩-১৪/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ই ইউনিট) : ১৩-১৪/ সমাজসেবা অধিদপ্তরের প্রবেশন অফিসার : ১৩ / জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১২-১৩]

a Dhaka University b Asiatic Society
c Shilpakola Academy d Bangla Academy
e None of them **Ans. b**

৪. **'বাংলাপিডিয়া'র প্রধান সম্পাদক কে?** [প্রধানমন্ত্রীর কার্যালয়ে পার্সোনাল অফিসার : ০৪]

ক আবদুল মুনীর চৌধুরী খ ওয়াকিল আহম্মেদ
গ আব্দুল মান্নান ঘ সিরাজুল ইসলাম **উত্তর: ঘ**

৫. **সাংস্কৃতিক সংগঠন 'উদীচীর' প্রতিষ্ঠাতা কে?** [মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধীনে উপজেলা মহিলা কর্মকর্তা : ০৭]

ক সত্যেন সেন খ সৈয়দ শামসুল হক
গ ওয়াহিদুল হক ঘ সানজিদা বেগম **উত্তর: ক**

৬. **বাংলাদেশ শিল্পকলা একাডেমি কত সালে প্রতিষ্ঠিত হয়?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৪ -১৫]

ক ১৯৭৪ খ ১৯৭১
গ ১৯৮০ ঘ ২০০০ **উত্তর: ক**

৭. **'আলোকিত মানুষ চাই' কোন প্রতিষ্ঠানের শ্লোগান?** [৩২তম বিসিএস/ পল্লী উনয়ন বোর্ডের হিসাব সহকারী : ১৪]

ক জাতীয় গ্রন্থ কেন্দ্র খ বিশ্ব সাহিত্য কেন্দ্র
গ সুশাসনের জন্য নাগরিক ঘ পাবলিক লাইব্রেরি **উত্তর: খ**

৮. **কোন সংগঠনের কর্মসূচি আলোকিত মানুষ তৈরি?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৪ -১৫ / জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৪ - ১৫ / পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাইফার অফিসার : ১২]

ক ব্র্যাক খ এশিয়াটিক সোসাইটি
গ বিশ্ব সাহিত্য কেন্দ্র ঘ গ্রামীণ ব্যাংক **উত্তর: গ**

৯. **আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট কোথায় অবস্থিত?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ঙ ইউনিট) : ১৩-১৪]

ক সেগুন বাগিচায় খ জাতিসংঘ ভবনে
গ মতিঝিলে ঘ বাংলা একাডেমি **উত্তর: ক**

BCS Spotlight

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

১০. **আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের নির্মাণ কাজের উদ্বোধন হয় কখন?** [তথ্য মন্ত্রণালয়ের অধীনে সহকারী পরিচালক : ০৪]

ক ১৫ মার্চ, ১৯৯৯ খ ১৫ মার্চ, ২০০০
গ ১৫ মার্চ, ২০০১ ঘ ২১ ফেব্রুয়ারি, ২০০২ **উত্তর: গ**

১১. **আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট প্রতিষ্ঠিত হয় কবে?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (গণযোগাযোগ ও সাংবাদিকতা) : ০৫-০৬]

ক ১৯৯৮ সালে খ ১৯৯৯ সালে
গ ২০০০ সালে ঘ ২০০১ সালে **উত্তর: ঘ**

১২. **নিচের কোনগুলি নাটকের দলের নাম?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (নাটক ও নাট্যতত্ত্ব) : ১৩-১৪]

ক থিয়েটার, নাট্যচক্র, দেশাল, প্রাচ্য
খ নাগরিক নাট্যসম্প্রদায়, নাট্যকেন্দ, ছায়ানট, সময়
গ থিয়েটার, আরণ্যক, ঢাকা থিয়েটার, নাট্যকেন্দ্র
ঘ নাগরিক নাট্যসম্প্রদায়, বহুবচন, খেলাঘর, তির্যক **উত্তর: গ**

১৩. **জাতীয় নাট্যশালা অবস্থিত ঢাকা –** [সহকারী থানা শিক্ষা অফিসার : ১৫ / জাবি (নাটক ও নাট্যতত্ত্ব) : ১৩-১৪]

ক গুলিস্তানে খ মতিঝিলে
গ সেগুনবাগিচা ঘ শাহবাগ **উত্তর: গ**

১৪. **বাংলাদেশের জাতীয় নাট্যশালা কোথায় অবস্থিত?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (নাট্যকলা ও সঙ্গীত বিভাগ) : ০৮-০৯]

ক নাটক সরণিতে খ ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসিতে
গ শাহবাগে ঘ বাংলাদেশ শিল্পকলা একাডেমি ভবনে **উত্তর: ঘ**

১৫. **'গ্রুপ থিয়েটার ফেডারেশন' কি?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (নাটক ও নাট্যতত্ত্ব) : ১৩-১৪]

ক গ্রুপ ভিত্তিক নাটকের একটি রীতি খ বাংলাদেশের পেশাদারি নাট্য সংগঠনগুলোর একটি ফোরাম
গ আমেরিকার একটি নাট্যদলের নাম ঘ বাংলাদেশের প্রথম নাট্যদলের নাম **উত্তর: খ**

১৬. **'নজরুল মঞ্চ' কোথায় অবস্থিত?** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১১-১২ / ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৯-১০]

ক এশিয়াটিক সোসাইটিতে খ কবি নজরুল বিশ্ববিদ্যালয়ে
গ বাংলা একাডেমিতে ঘ ঢাকা বিশ্ববিদ্যালয় **উত্তর: গ**

